# সাধুসাধ্বীর পর্বচক্র

# বিশেষ ব্যবস্থা

## জানুয়ারী

২রা জানুয়ারী

**মহাপ্রাণ সাধু বাসিল ও নাজিয়াঞ্জুসের সাধু গ্রেগরি**

**বিশপ ও মণ্ডলীর আচার্য**

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি বিশপ সাধু বাসিল ও গ্রেগরির জীবনাদর্শ ও ধর্মশিক্ষায় তোমার ভক্তমণ্ডলীকে আলোকিত করেছ। আশীর্বাদ কর : আমরা যেন তোমার সত্যবাণী নম্রচিত্তে শিখে নিতে পারি ও ভ্রাতৃপ্রেমে তা বিশ্বস্তভাবে সার্থক করে তুলতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : যাঁরা * ঐশশিক্ষালাভে প্রীত ছিলেন,
তাঁরা গগনতলের মতই দীপ্তিমান হয়ে উঠবেন।
যাঁরা ধর্মশিক্ষাদানে রত ছিলেন,
তাঁরা তারকারাজির মতই জাজ্বল্যমান হবেন চিরকাল।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আমি, * স্বয়ং প্রভুই,
সিয়োনের মধ্যে তোমাদের চালিত করব ;
তোমাদের আমার হৃদয়ের মত পালকদের দেব,
তারা সদ্‌জ্ঞানে ও সুবুদ্ধিতে তোমাদের চরাবে।

৩রা জানুয়ারী

**'যীশু' পবিত্রতম নাম**

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, মানবজাতির পরিত্রাণ তুমি তোমার বাণীর দেহধারণেই স্থাপন করেছ। অনুনয় করি : যারা তোমার দয়া প্রার্থনা করে, তোমার সেই জনগণকে সেই দয়া মঞ্জুর কর, যাতে সকলে একথা জানতে পারে যে, তোমার একমাত্র পুত্রের নাম ছাড়া আর অন্য কোনো নাম নেই, যে-নাম ক'রে মানুষ পরিত্রাণ পেতে পারে।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : তিনি * নিজেকে উৎসর্গ করলেন
যাতে আপন জনগণকে মুক্ত করতে পারেন
ও নিজের জন্য গৌরবময় এক নাম অর্জন করতে পারেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : তাঁর নাম * তুমি যীশু রাখবে,
কারণ তিনিই নিজ জনগণকে তাদের পাপ থেকে ত্রাণ করবেন।

৭ই জানুয়ারী

## সাধু রেমন্ড দ্য পেনাফর্ট, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, পুরোহিত সাধু রেমন্ডকে তুমি পাপী ও বন্দিদের প্রতি অপূর্ব দয়া ও করুণার গুণাবলিতে অলঙ্কৃত করেছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : পাপের দাসত্ব থেকে রেহাই পেয়ে আমরা যেন মুক্ত অন্তরে তোমার মঙ্গল-ইচ্ছা পূর্ণ করতে পারি।

১০ই জানুয়ারী

## নিস্যার সাধু গ্রেগরি, বিশপ

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, বিশপ সাধু গ্রেগরি নিজের জীবন ও শিক্ষার উজ্জ্বল আদর্শ রেখে অতুলনীয়ভাবে তোমার মাহাত্ম্যের প্রশংসাগান করেছিলেন। আশীর্বাদ কর, নিম্ন বস্তু ভুলে গিয়ে উর্ধ্বের দিকেই ধাবিত হয়ে আমরা যেন আনন্দের সঙ্গে ঐশআহ্বানের পূর্ণতা লাভ করি।

১৩ই জানুয়ারী

## সাধু হিলারি, বিশপ ও মন্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মন্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, বিশপ সাধু হিলারি নিষ্ঠার সঙ্গে তোমার পুত্রের ঈশ্বরত্ব সমর্থন করেছিলেন। আশীর্বাদ কর : আমরাও যেন এই মর্মসত্য যথার্থভাবে হৃদয়ঙ্গম করি ও বিশ্বস্তভাবে তা স্বীকার করি।

১৫ই জানুয়ারী

## সাধু মাউরুস ও প্লাচিদুস

**আমাদের পুণ্য পিতা বেনেডিক্টের শিষ্য**

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সাধু মাউরুস ও প্লাচিদুসের মধ্য দিয়ে তুমি তুলে ধরেছ সন্ন্যাসজীবনের এক উজ্জ্বল আদর্শ। আশীর্বাদ কর : আমরা যারা তাঁদের জীবনাদর্শ অনুসরণ করি, যেন তাঁদের পুরস্কারেরও অংশভাগী হতে পারি।

**আহ্বান সঙ্গীত**

ধুয়ো : সাধু মাউরুস ও প্লাচিদুসের পর্বদিনে,
এসো, আমাদের প্রভুর চরণে প্রণিপাত করি। সাম ৯৫

## জাগরণী

**স্তোত্র**

১। মাউরুস-প্লাচিদুসের কথা,
ওগো ঈশ্বর, করি স্মরণ ;
তাঁদের মত মোরাও, প্রভু,
সন্ন্যাসব্রতী হে।

২। পিতৃপ্রাসাদের অপেক্ষা
মাউরুস ভাবলেন, মঠই উত্তম ;
সংসার মায়া ! বরণ করব
খ্রীষ্টের জোয়াল হে।

৩। সন্ন্যাসজীবনের আদর্শ
তাঁরই মধ্যে প্রকাশিত :
পুণ্য পিতার উজ্জ্বল ভক্তির
তিনিই দর্পণ হে।

৪। পুণ্য পিতার আদেশ শুনে
মাউরুস পিতরেরই মত
জলের উপর দিয়ে ছুটে
ভাইকে করেন ত্রাণ।

৫। ভ্রাতার পুণ্য জীবন দে'খে
ছোট প্লাচিদুস উদ্দীপ্ত ;
তাঁরই সঙ্গে তিনি এখন
স্বর্গবাসী হে।

৬। সন্ন্যাস-নিয়ম ক'রে পালন
মোরাও যেন লাভি স্বর্গ।
পরম ত্রিত্ব, তব স্তুতি
গাইব চিরকাল।

(প্রাচীন সন্ন্যাস-প্রাহরিক উপাসনা)

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : সম্ভ্রান্ত বংশের সাধু মাউরুস * বাল্যকাল থেকে
সংসারের ঐশ্বর্যের চেয়ে খ্রীষ্ট প্রভুর সঙ্গে বিনম্রতাই ভালবাসলেন।

২য় ধুয়ো : বাধ্যতার পাখায় ভর ক'রে
তিনি জলের উপর দিয়ে হেঁটে চলেন ;
ঈশ্বরের আত্মা যাকে বহন করেন,
উন্মত্ত ঊর্মিমালা তাকে নিমজ্জিত করতে পারে না।

৩য় ধুয়ো : ধন্য প্লাচিদুসকে * বাল্যকাল থেকেই
পবিত্র বলিরূপে ঈশ্বরের কাছে উৎসর্গ করা হয়।

৪র্থ ধুয়ো : প্রভুভক্ত বেনেডিক্ট
বালক প্লাচিদুসের সঙ্গে পর্বতচূড়ায় গিয়ে
দীর্ঘ সময় প্রার্থনা করলেন,
আর দেখ, সহসা ভাইদের জন্য প্রবাহিত হতে লাগল জল।

৫ম ধুয়ো : প্রভু * তাঁদের মনোনীত করলেন,
আমরা যেন তাঁদের সন্ন্যাসজীবন ও বাধ্যতার আদর্শ পালন করি।

### জাখারিয়ার গীতিকা

ধুয়ো : হে পুণ্যবান সন্ন্যাসী, * বাল্যকাল থেকে তোমরা সংসার তুচ্ছ ক'রে
পুণ্য নিয়মের জোয়াল করেছ বহন :
খ্রীষ্টের যন্ত্রণাভোগের সহভাগী হয়েছ ব'লে
এখন তোমরা তাঁর আনন্দরাজ্যে বিরাজ করছ। আল্লেলুইয়া।

## পূর্বাহ্ণ, মধ্যাহ্ন ও অপরাহ্ণ প্রহর

ধুয়ো : প্রভাতী বন্দনার ১ম, ৩য় ও ৫ম ধুয়ো।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো : সম্ভ্রান্ত বংশের সাধু মাউরুস * বাল্যকাল থেকে
সংসারের ঐশ্বর্যের চেয়ে খ্রীষ্ট প্রভুর সঙ্গে বিনম্রতাই ভালবাসলেন। সাম ১১০

২য় ধুয়ো : বাধ্যতার পাখায় ভর ক'রে
তিনি জলের উপর দিয়ে হেঁটে চলেন ;
ঈশ্বরের আত্মা যাকে বহন করেন,
উন্মত্ত ঊর্মিমালা তাকে নিমজ্জিত করতে পারে না। সাম ১১২

৩য় ধুয়ো : ধন্য প্লাচিদুসকে * বাল্যকাল থেকেই
পবিত্র বলিরূপে ঈশ্বরের কাছে উৎসর্গ করা হয়। সাম ১১৩
৪র্থ ধুয়ো : প্রভুভক্ত বেনেডিক্ট
বালক প্লাচিদুসের সঙ্গে পর্বতচূড়ায় গিয়ে
দীর্ঘ সময় প্রার্থনা করলেন,
আর দেখ, সহসা ভাইদের জন্য প্রবাহিত হতে লাগল জল। সাম ১১৬ খ
৫ম ধুয়ো : প্রভু * তাঁদের মনোনীত করলেন,
আমরা যেন তাঁদের সন্ন্যাসজীবন ও বাধ্যতার আদর্শ পালন করি।
গীতিকা প্রত্যা ৪

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : তোমরা * যারা সবকিছু ত্যাগ করে আমাকে অনুসরণ করেছ,
তোমরা এর শতগুণ পাবে ও অনন্ত জীবনের অধিকারী হবে।

১৭ই জানুয়ারী

## সাধু আন্তনি, মঠাধ্যক্ষ

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার প্রেরণায় মঠাধ্যক্ষ সাধু আন্তনি প্রান্তরে বাস ক'রে আদর্শ সন্ন্যাসজীবন পালনে তোমার সেবা করেছিলেন। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : আত্মত্যাগ করে আমরাও যেন সবকিছুর ঊর্ধ্বে তোমাকেই ভালবাসি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : তোমরা কী খাবে * বা কী পান করবে,
এই বিষয়ের তত অন্বেষা করো না, ব্যস্তও হয়ো না।
তোমাদের পিতা তো জানেন যে,
তোমাদের এ সবকিছুর প্রয়োজন আছে।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : ভ্রাতৃগণ, * তোমরা যদি সত্যিকারে ধনবান হতে চাও,
তাহলে অবিনশ্বর ঐশ্বর্যই ভালবাস।

২০শে জানুয়ারী

## সাধু ফাবিয়ান, পোপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমিই তোমার যাজকদের গৌরব! আশীর্বাদ কর : তোমার সাক্ষ্যমর সাধু ফাবিয়ানের প্রার্থনায় উদ্দীপিত হয়ে আমরা যেন এক-বিশ্বাসের সহভাগিতায় ও যথার্থ সেবা অর্পণে খ্রীষ্টীয় জীবনে অগ্রসর হতে পারি।

একই দিন ২০শে জানুয়ারী

## সাধু সেবাস্তিন, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, তোমার কৃপায় আমাদের অন্তরে দৃঢ়তার আত্মিক প্রেরণা সঞ্চার কর, তোমার সাক্ষ্যমর সাধু

সেবাস্তিনের উজ্জ্বল আদর্শে উদ্বুদ্ধ হয়ে আমরা যেন মানুষের চেয়ে তোমারই প্রতি বাধ্যতা দেখাতে শিখি।

২১শে জানুয়ারী

## সাধ্বী আগ্নেস, চিরকুমারী ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা চিরকুমারী, পৃঃ ১০২১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, জগতের যা দুর্বল, তুমি তো তা-ই বেছে নাও, যা শক্তিশালী, তা লজ্জা দেবার জন্য। তাই আশীর্বাদ কর: আমরা যারা সাক্ষ্যমর সাধ্বী আগ্নেসের স্বর্গীয় জন্মতিথি পালন করি, যেন বিশ্বাস-রক্ষায় তাঁর নিষ্ঠতা অনুসরণ করতে পারি।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : আমার প্রভু যীশুখ্রীষ্ট * তাঁর বিশ্বস্ততার আঙটি দানে আমাকে বেছে নিলেন;
তিনি কনে-মুকুটে আমার মাথা ভূষিত করলেন।

২য় ধুয়ো : যিনি স্বর্গমর্তের প্রভু, * যিনি সূর্য ও চন্দ্রের চেয়েও সুন্দরতম,
আমি সেই খ্রীষ্টেরই বাগ্‌দত্তা কনে।

৩য় ধুয়ো : খ্রীষ্ট * আমার ওষ্ঠ সীল করলেন,
আমি যেন অন্য কোন প্রেমিককে গ্রহণ না করি।

৪র্থ ধুয়ো : আমি * খ্রীষ্টের মুখ থেকে মধু ও দুধ গ্রহণ করেছি;
তাঁরই রক্তে আমার অঙ্গপ্রত্যঙ্গ হল অলঙ্কৃত।

৫ম ধুয়ো : আনন্দ কর, * আমার সঙ্গে তোমরা সকলে মেতে ওঠ;
আমি যে এখন খ্রীষ্টের পাশে জীবনযাপন করছি পুণ্যজনদের গৌরবধামে।

**বাণী পাঠ** **২ করি ১:৩-৫**

ধন্য আমাদের প্রভু যীশুখ্রীষ্টের ঈশ্বর ও পিতা, করুণাধারার সেই পিতা, সমস্ত সান্ত্বনার সেই পরমেশ্বর, যিনি আমাদের সমস্ত ক্লেশের মধ্যে আমাদের সান্ত্বনা দিয়ে থাকেন, যে সান্ত্বনায় আমরা নিজেরা ঈশ্বর দ্বারা সান্ত্বনাপ্রাপ্ত হয়েছি, তা দ্বারা যেন তাদেরই সান্ত্বনা দিতে পারি, যারা কোন ক্লেশের মধ্যে রয়েছে; কেননা খ্রীষ্টের যন্ত্রণা যেমন আমাদের প্রতি উপচে পড়ে, তেমনি খ্রীষ্ট দ্বারা আমাদের সান্ত্বনাও উপচে পড়ে।

**শ্লোক**

℣ তোমার বিষয়ে আমার অন্তর বলে, * তাঁর শ্রীমুখ অন্বেষণ কর তোমরা।
℟ তোমার বিষয়ে আমার অন্তর বলে, * তাঁর শ্রীমুখ অন্বেষণ কর তোমরা।
℣ আমি তোমার শ্রীমুখ অন্বেষণ করি, প্রভু।
℟ তাঁর শ্রীমুখ অন্বেষণ কর তোমরা।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ তোমার বিষয়ে আমার অন্তর বলে, * তাঁর শ্রীমুখ অন্বেষণ কর তোমরা।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : যা বাসনা করেছি, * আমি এখন তা দেখতে পাচ্ছি;
যা আশা করেছি, আমি এখন তা পেয়ে গেছি,
আমি এখন স্বর্গে তাঁরই সঙ্গে মিলিতা,
জীবনকালে যাঁকে গভীর ভক্তির সঙ্গে ভালবেসেছি।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো : তারা * তাঁকে সেই পাপের ঘরে নিয়ে যাচ্ছে,
এমন সময় আগ্নেস দেখলেন,
তাঁকে রক্ষা করতে সেখানে দাঁড়িয়ে আছেন প্রভুর এক দূত। সাম ১১০
২য় ধুয়ো : আমি * ভয় করি না।
আমার দেহের রক্ষাকর্তা ব'লে আমার সঙ্গে আছেন প্রভুর দূত। সাম ১১২
৩য় ধুয়ো : আমার বর সেই খ্রীষ্টের প্রতি * আমি বিশ্বস্ত থাকব।
প্রেমপূর্ণ অন্তরেই আমি তাঁর কাছে নিজেকে অর্পণ করি। সাম ১১৩
৪র্থ ধুয়ো : হে পিতা, * আমি তোমাকে ধন্যবাদ জানাই :
তোমার পুত্র আমার বর সেই খ্রীষ্ট দ্বারা
আমি সাক্ষ্যমরণলগ্নে জয়ী হলাম। সাম ১১৬ থ
৫ম ধুয়ো : আনন্দ কর, * আমার সঙ্গে তোমরা সকলে মেতে ওঠ ;
আমি যে এখন খ্রীষ্টের পাশে জীবনযাপন করছি পুণ্যজনদের গৌরবধামে।
গীতিকা এফে কিংবা প্রত্যা ৪

**বাণী পাঠ** ১ পি ৪:১৩-১৪

প্রিয়জনেরা, যতখানি তোমরা খ্রীষ্টের দুঃখযন্ত্রণার সহভাগী হচ্ছ, ততখানি আনন্দিত হও, যেন তাঁর গৌরবপ্রকাশের সময়ে আনন্দিত ও উল্লসিত হতে পার। খ্রীষ্টের নামের জন্য যদি তোমাদের অপমান করা হয়, তাহলে তোমরা সুখী, কারণ তখন ঈশ্বরেরই আত্মা, গৌরবের সেই আত্মা তোমাদের উপরে অধিষ্ঠিত।

**শ্লোক**

℣ প্রভু তাঁকে বেছে নিলেন ; * তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন।
℟ প্রভু তাঁকে বেছে নিলেন ; * তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন।
℣ আপন কুটিরেই তাঁকে আসন দিলেন ;
℟ তাঁকে আদি থেকেই মনোনীত করলেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু তাঁকে বেছে নিলেন ; * তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আগুনের মধ্যে দাঁড়িয়ে
আগ্নেস দু'হাত তুলে পিতার কাছে এভাবে প্রার্থনা করছিলেন,
আমি এবার তোমার কাছে আসছি, আমাকে গ্রহণ কর।
আমি শুধু তোমাকেই ভালবেসেছি, শুধু তোমারই অন্বেষণ করেছি।

২২শে জানুয়ারী

## সাধু ভিনসেণ্ট, পরিসেবক ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, করুণাবিষ্ট হয়ে আমাদের উপর তোমার ঐশআত্মাকে বর্ষণ কর, যেন আমাদের অন্তরে সেই বলীয়ান ভক্তি জেগে ওঠে, যা দ্বারা তোমার সাক্ষ্যমর সাধু ভিনসেণ্ট দৈহিক সকল নিপীড়নের উপর জয়ী হলেন।

২৪শে জানুয়ারী

## সাধু ফ্রান্সিস দ্য সাল, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার বিশপ সাধু ফ্রান্সিসের অন্তর তুমি এমন উদ্দীপনায় উদ্দীপিত করেছিলে যে, আত্মাদের পরিত্রাণের জন্য তিনি সকলের কাছে সবকিছু হয়েছিলেন। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : তাঁর আদর্শে আমরাও যেন ভাইবোনদের সেবা করায় তোমার ভালবাসার নম্রতা সর্বদাই দেখাতে পারি।

২৫শে জানুয়ারী

## প্রেরিতদূত সাধু পলের অন্তরে খ্রীষ্টবিশ্বাস-জাগরণ

সাধারণ ব্যবস্থা : প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, প্রেরিতদূত সাধু পলের বাণীপ্রচারে তুমি সারা জগৎকে আলোকিত করেছ। আশীর্বাদ কর : আজ যাঁর খ্রীষ্টবিশ্বাস গ্রহণের কথা স্মরণ করি, তাঁর আদর্শ অনুকরণে তোমার অধিকতর নিকটে অগ্রসর হয়ে আমরা যেন জগতের সামনে তোমার সত্যের সাক্ষী হতে পারি।

**আহ্বান সঙ্গীত**

ধুয়ো : যিনি সাধু পলের অন্তরে খ্রীষ্টবিশ্বাস জাগিয়ে তুলেছেন,
এসো, আমাদের সেই পরমেশ্বরের চরণে প্রণিপাত করি। সাম ৯৫

## জাগরণী

### ১ম পর্ব

১ম ধুয়ো : আমি সেই খ্রীষ্ট, * যাঁকে তুমি নির্যাতন করছ। সাম ১৯
২য় ধুয়ো : আনানিয়াস, যাও !
সৌল নামে মানুষের সন্ধান কর।
আমি তাকে মনোনীত করেছি
সে যেন সর্বজাতির কাছে আমার নাম প্রচার করে। সাম ৪৭
৩য় ধুয়ো : যত সমাজগৃহে
পল যীশুকে খ্রীষ্ট ব'লেই প্রচার করতেন। সাম ৬৪
℣ প্রভু দয়াবান, স্নেহশীল,
℟ ক্রোধে ধীর, কৃপায় মহান।

### ২য় পর্ব

১ম ধুয়ো : সৌল ওরফে পল * মহাপ্রচারক হয়ে উঠলেন।
ঈশ্বরের সহায়তায় তিনি ইহুদীদের দিশেহারা করে দিতেন। সাম ৭৫
২য় ধুয়ো : আমি যা আছি, * তা ঈশ্বরের অনুগ্রহেই আছি ;
আমার প্রতি তাঁর সেই অনুগ্রহ ব্যর্থ হয়নি। সাম ৯৯
৩য় ধুয়ো : পল, * আমার অনুগ্রহ তোমার পক্ষে যথেষ্ট !
আমার পরাক্রম দুর্বলতায় সিদ্ধিলাভ করে। সাম ১০১
℣ একসময় যিনি আমাদের নির্যাতন করতেন,
℟ তিনি এখন খ্রীষ্টবিশ্বাস প্রচার করেন।

## ৩য় পর্ব

ধুয়ো : আনন্দ কর, * উল্লাস কর তোমরা,
তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

℣ নিজের বিষয়ে গর্ব করব না ;
℟ শুধু নিজের সমস্ত দুর্বলতা নিয়েই গর্ব করব।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** মথি ২৮:১৬-২০।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।
১ম ধুয়ো : আমি পুঁতে দিলাম, * আপল্লোস জল দিলেন,
কিন্তু ঈশ্বরই বৃদ্ধি ঘটালেন।
২য় ধুয়ো : আমি * আমার সমস্ত দুর্বলতা নিয়েই সানন্দে গর্ব করব,
যেন খ্রীষ্টের পরাক্রম আমার উপর অধিষ্ঠান করতে পারে।
৩য় ধুয়ো : আমার প্রতি * ঐশঅনুগ্রহ ব্যর্থ হয়নি ;
বরং সেই অনুগ্রহ ছিল আমার নিত্যসহায়।
৪র্থ ধুয়ো : দামাস্কাসে থাকাকালে
আরেতাস রাজার নিযুক্ত শাসনকর্তা আমাকে ধরার চেষ্টা করেছিলেন।
তখন ধর্মভাইয়েরা আমাকে একটা ঝুড়িতে বসিয়ে
নগরপ্রাচীরের একটা জানালা দিয়ে বাইরে নামিয়ে দিল।
এতে আমি প্রভুর নামে রাজার হাত এড়াতে পারলাম।
৫ম ধুয়ো : প্রভুর নামের খাতিরে
আমি তিনবার বেত্রাঘাত,
একবার পাথর ছুড়ে মারা,
তিনবার নৌকাডুবি সহ্য করেছি।

**বাণী পাঠ** **শিষ্য ২৬:১৬খ-১৮**

তোমাকে আমার সেবক ও সাক্ষীরূপে নিযুক্ত করার উদ্দেশ্যেই তো আমি আজ তোমাকে দেখা দিয়েছি : তুমি যে আমার এই দেখা পেলে এবং পরেও আমি যে আবার তোমাকে দেখা দেব, এরই বিষয়ে তোমাকে সাক্ষী হতে হবে। আমি তোমাকে উদ্ধার করব এই জাতির মানুষের হাত থেকে আর সেই বিজাতিদেরও হাত থেকে, যাদের কাছে তোমাকে প্রেরণ করছি তুমি যেন তাদের চোখ খুলে দাও, ফলে তারা যেন অন্ধকার থেকে আলোর দিকে, শয়তানের আধিপত্য থেকে ঈশ্বরের দিকে ফিরতে পারে, আমাতে বিশ্বাস রেখে তারা যেন পাপমোচন পেতে পারে এবং পবিত্রিতজনদের মধ্যে উত্তরাধিকার পেতে পারে।

**শ্লোক**
℣ তুমি মনোনীত পাত্র, * হে প্রেরিতদূত পল।
℟ তুমি মনোনীত পাত্র, * হে প্রেরিতদূত পল।
℣ সমগ্র জগৎ জুড়ে তুমি সত্যবাণীর প্রচারক,
℟ হে প্রেরিতদূত পল।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ তুমি মনোনীত পাত্র, * হে প্রেরিতদূত পল।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: ধন্য প্রভু! * যে পল ছিলেন খ্রীষ্টের শত্রু
তিনি তাঁকে খ্রীষ্টের প্রেরিতদূত হতে আহ্বান করলেন।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: আমি পুঁতে দিলাম, * আপল্লোস জল দিলেন,
কিন্তু ঈশ্বরই বৃদ্ধি ঘটালেন।

**বাণী পাঠ** ১ তি ১:১২-১৩

আমাকে শক্তি দিয়েছেন যিনি, আমাদের প্রভু সেই খ্রীষ্টযীশুকে আমি ধন্যবাদ জানাচ্ছি, কারণ আমাকে বিশ্বাসযোগ্য মনে করে তিনি তাঁর সেবাকর্মের জন্য আমাকে নিযুক্ত করেছেন। অথচ আগে আমি তাঁকে নিন্দা, নির্যাতন ও অপমান করতাম! আমি কিন্তু দয়া পেয়েছি, কেননা বিশ্বাসের অভাবে অজ্ঞ হয়েই সেইসব করতাম।

℣ প্রভু একথা বলছেন, আনন্দ কর, উল্লাস কর তোমরা,
℟ তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: আমি * আমার সমস্ত দুর্বলতা নিয়েই সানন্দে গর্ব করব,
যেন খ্রীষ্টের পরাক্রম আমার উপর অধিষ্ঠান করতে পারে।

**বাণী পাঠ** ১ তি ১:১৪-১৫

খ্রীষ্টযীশুতে নিহিত বিশ্বাস ও ভালবাসার সঙ্গে আমাদের প্রভুর অনুগ্রহও অজস্রভাবে উপচে পড়েছে। একথা বিশ্বাস্য ও সম্পূর্ণ গ্রহণযোগ্য যে, খ্রীষ্টযীশু এই জগতে এলেন পাপীদের পরিত্রাণ করতে; আর তাদের মধ্যে আমিই সবচেয়ে বড়!

℣ তুমিই, প্রভু, আমার প্রদীপ আলোময় করে রাখ,
℟ আমার পরমেশ্বর আমার অন্ধকার উজ্জ্বল করে তোলেন।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: আমার প্রতি * ঐশঅনুগ্রহ ব্যর্থ হয়নি;
বরং সেই অনুগ্রহ ছিল আমার নিত্যসহায়।

**বাণী পাঠ** ১ তি ১:১৬

এজন্যই আমাকে দয়া করা হয়েছে, যেন খ্রীষ্টযীশু প্রথমে আমারই মধ্য দিয়ে তাঁর চরম সহিষ্ণুতা দেখাতে পারেন, এবং এর ফলে আমি তাদের আদর্শ হতে পারি যারা অনন্ত জীবন পাবার জন্য তাঁর প্রতি বিশ্বাস রাখবে।

℣ হে প্রভু, আমি তোমার নাম গৌরবান্বিত করব চিরকাল ধরে,
℟ আমার প্রতি তোমার কৃপা যে সত্যি মহান।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো: আমি পুঁতে দিলাম, * আপল্লোস জল দিলেন,
কিন্তু ঈশ্বরই বৃদ্ধি ঘটালেন। সাম ১১০
২য় ধুয়ো: আমি * আমার সমস্ত দুর্বলতা নিয়েই সানন্দে গর্ব করব,
যেন খ্রীষ্টের পরাক্রম আমার উপর অধিষ্ঠান করতে পারে। সাম ১১৩

৩য় ধুয়ো : আমার প্রতি * ঐশঅনুগ্রহ ব্যর্থ হয়নি ;
বরং সেই অনুগ্রহ ছিল আমার নিত্যসহায়।সাম ১১৬ খ
৪র্থ ধুয়ো : দামাস্কাসে থাকাকালে
আরেতাস রাজার নিযুক্ত শাসনকর্তা আমাকে ধরার চেষ্টা করেছিলেন।
তখন ধর্মভাইয়েরা আমাকে একটা ঝুড়িতে বসিয়ে
নগরপ্রাচীরের একটা জানালা দিয়ে বাইরে নামিয়ে দিল।
তাই আমি প্রভুর নামে রাজার হাত এড়াতে পারলাম। সাম ১২৬
৫ম ধুয়ো : প্রভুর নামের খাতিরে
আমি তিনবার বেত্রাঘাত,
একবার পাথর ছুড়ে মারা,
তিনবার নৌকাডুবি সহ্য করেছি। গীতিকা এফে

**বাণী পাঠ** **১ করি ১৫:৯-১০**

সত্যিই প্রেরিতদূতদের মধ্যে আমি সবচেয়ে নগণ্য; এমনকি প্রেরিতদূত নামেরও যোগ্য নই, কারণ আমি ঈশ্বরের মণ্ডলীকে নির্যাতন করেছি। কিন্তু আমি যা আছি, তা ঈশ্বরের অনুগ্রহেই আছি; আমার প্রতি তাঁর সেই অনুগ্রহ ব্যর্থ হয়নি, বরং তাঁদের সকলের চেয়ে আমি বেশি পরিশ্রম করেছি—আসলে আমি নয়, বরং ঈশ্বরের সেই অনুগ্রহ যা আমার সঙ্গে আছে।

**শ্লোক**

℣ আমি প্রভুর স্তুতিবাদ করব * সমস্ত হৃদয় দিয়ে।
℟ আমি প্রভুর স্তুতিবাদ করব * সমস্ত হৃদয় দিয়ে।
℣ তোমার নাম গৌরবান্বিত করব সর্বজাতির মাঝে,
℟ সমস্ত হৃদয় দিয়ে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমি প্রভুর স্তুতিবাদ করব * সমস্ত হৃদয় দিয়ে।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে প্রেরিতদূত সাধু পল,
হে সত্যবাণীর প্রচারক ও সর্বজাতির ধর্মগুরু,
যিনি তোমাকে মনোনীত করলেন,
আমাদের হয়ে তুমি তাঁর কাছে প্রার্থনা কর।

২৬শে জানুয়ারী

## সাধু রবার্ট, আলবারিক ও স্তেফান

**সিতোর মঠাধ্যক্ষ**

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি আমাদের সামনে তোমার সাধুদের জীবনকে তোমার কাছে নিবেদিত জীবনাদর্শ বলে তুলে ধর। আশীর্বাদ কর: সেই আদর্শে উদ্বুদ্ধ হয়ে আমরাও যেন একই বিশ্বাসের সঙ্গে সৎকর্ম সাধনেই আমাদের ভক্তি দেখাতে পারি।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : দেখ, * ভাইদের একত্রে বাস করা
কতই না ভাল, কতই না সুন্দর!

২৭শে জানুয়ারী

## সাধু তিমথি ও তীত, বিশপ

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি সাধু তিমথি ও তীতকে প্রৈরিতিক গুণাবলিতে ভূষিত করেছিলে। উভয়েরই প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : ইহলোকে পবিত্রতা ও ধর্মময়তার সঙ্গে জীবনযাপন ক'রে আমরা যেন স্বর্গীয় মাতৃভূমিতে পৌঁছবার যোগ্য হয়ে উঠি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : তাঁরা * পবিত্রতা ও ধর্মময়তার সঙ্গে প্রভুর সেবা করলেন তাঁদের সমস্ত দিন ;
তাই প্রভু, ইস্রায়েলের পরমেশ্বর, গৌরব-বসনে তাঁদের পরিবৃত করলেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : এসো, * ধর্মময় ও ভক্তিময় জীবন যাপন করি,
সেই সুখময় আশার প্রতীক্ষায়, প্রভুর আগমনের প্রতীক্ষায় থাকি।

একই দিন ২৭শে জানুয়ারী

## সাধ্বী আঞ্জেলা মেরিচি, চিরকুমারী

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১ অথবা সাধ্বী (শিক্ষাব্রতিনী), পৃঃ ১০৪৩।

### সমাপন প্রার্থনা

হে প্রভু, চিরকুমারী সাধ্বী আঞ্জেলা তোমার কাছে নিয়তই আমাদের মঙ্গল প্রার্থনা করুন, তাঁর ভ্রাতৃপ্রেম ও দূরদর্শিতার আদর্শ অনুকরণে আমরাও যেন তোমার ঐশবাণী অন্তরে গেঁথে রেখে নিজেদের জীবনে তা সার্থক করে তুলতে পারি।

২৮শে জানুয়ারী

## আকুইনোর সাধু টমাস, পুরোহিত ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমার মঙ্গলবিধানে তুমি সাধু টমাসকে পুণ্য জীবনধারণ ও ঐশতত্ত্ব গবেষণার এক উজ্জ্বল আদর্শ করে তুলেছিলে। আশীর্বাদ কর : তিনি যা শিখিয়েছিলেন আমরা যেন তা উপলব্ধি করতে পারি, যা সাধন করেছিলেন তা যেন অনুকরণ করতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : টমাস * সারা জীবন ধরে ঐশসত্যগুলি গবেষণা করলেন।
তিনি ঐশসত্য ও প্রেমের জল পান করার জন্য সদাই ব্যাকুল ছিলেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : পরমেশ্বর * তোমাকে দান করলেন মহাপ্রজ্ঞা :
তুমি নিষ্ঠার সঙ্গে তা গ্রহণ করলে, মুক্তহস্তে তা সম্প্রদান করলে।

বিকল্প

ধুয়ো : হে মহাচার্য সাধু টমাস,
তুমি যে মণ্ডলীর পুণ্য জ্যোতি,
তুমি যে ঐশসত্যের করেছ অন্বেষণ,
আমাদের হয়ে খ্রীষ্ট প্রভুর চরণে প্রার্থনা কর।

৩১শে জানুয়ারী

## সাধু জন বস্কো, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (শিক্ষাব্রতী), পৃঃ ১০৩১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার প্রেরণা গুণেই পুরোহিত সাধু জন তরুণদের পিতা ও গুরু হয়ে উঠেছিলেন। আশীর্বাদ কর : তাঁর মত একই প্রেমাগ্নিতে উদ্দীপ্ত হয়ে আমরাও যেন আত্মাদের মঙ্গল অন্বেষণ করি ও কেবল তোমারই সেবা করি।

# ফেব্রুয়ারী

২রা ফেব্রুয়ারী

## মন্দিরে প্রভুকে উপস্থাপন

পর্ব

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, বিনীত কণ্ঠে তোমাকে অনুনয় করি : তোমার একমাত্র পুত্রকে যেমন এইদিনে আমাদের মানবস্বরূপ নিয়েই মন্দিরে উপস্থাপন করা হয়েছিল, তেমনি আমরাও যেন তোমার অনুগ্রহগুণে শুচীকৃত অন্তরে তোমার সাক্ষাতে উপস্থাপিত হতে পারি।

## ১ম সন্ধ্যারতি

১ম সন্ধ্যারতি তখনই পালিত হবে, যখন পর্বটি রবিবার দিনে পড়ে। নিম্নের অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ৭৪১।

১ম ধুয়ো : ধার্মিক ভক্তপ্রাণ সিমেয়োন * ইস্রায়েলের সান্ত্বনার প্রতীক্ষায় ছিলেন।
পবিত্র আত্মা তাঁর উপর ছিলেন। সাম ১১০

২য় ধুয়ো : পবিত্র আত্মা * সিমেয়োনকে এই কথা জানিয়েছিলেন যে,
প্রভুকে না দেখা পর্যন্ত তিনি মৃত্যু দেখবেন না। সাম ১১১

৩য় ধুয়ো : সিমেয়োন * শিশুকে কোলে নিলেন
এবং ঈশ্বরের স্তুতিবাদ করে বলে উঠলেন, ধন্য প্রভু। সাম ১১২

৪র্থ ধুয়ো : ঐশপ্রকাশে * বিজাতীয়দের উদ্বুদ্ধ করার আলো
ও তোমার আপন জনগণ ইস্রায়েলের গৌরব। সাম ১১৩

৫ম ধুয়ো : বিধানের নির্দেশমত * তাঁরা প্রভুর কাছে
একজোড়া ঘুঘু বলিরূপে উৎসর্গ করলেন। গীতিকা ফিলি

**বাণী পাঠ** **হিব্রু ১০:৫-৭**

এই জগতে প্রবেশ করার সময়ে খ্রীষ্ট এই কথা বলেন: 'যজ্ঞ ও নৈবেদ্য তুমি ইচ্ছা করনি, বরং আমার জন্য একটি দেহ গড়ে তুলেছ; আহুতি ও পাপার্থে বলিদানে তুমি প্রসন্ন হওনি, তাই আমি বলেছি: এই যে, আমি এসেছি, —শাস্ত্রগ্রন্থে আমার বিষয়ে লেখা আছে—হে ঈশ্বর, তোমার ইচ্ছা পূর্ণ করতে।'

**শ্লোক**

℣ প্রভু জ্ঞাত করেছেন * তাঁর সেই পরিত্রাণ।
℟ প্রভু জ্ঞাত করেছেন * তাঁর সেই পরিত্রাণ,
℣ যা তিনি প্রস্তুত করেছিলেন সকল জাতির সামনে,
℟ তাঁর সেই পরিত্রাণ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু জ্ঞাত করেছেন * তাঁর সেই পরিত্রাণ।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : প্রাচীন সিমেয়োন * শিশুকে হাতে ক'রে বহন করছিলেন,
শিশুই কিন্তু প্রাচীনের অবলম্বন।
নিত্যকুমারী মারীয়া যে পুত্রকে প্রসব করলেন,
তিনি তাঁকে পূজা করেন।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো :** শাসনকর্তা প্রভু আপন পবিত্র মন্দিরে আসছেন;
সিয়োন, আনন্দোল্লাসের সঙ্গে তোমার ঈশ্বরকে বরণ করতে যাও। সাম ৯৫

## জাগরণী

### স্তোত্র

১। পরম বাণী, পুণ্য পিতার
বক্ষস্থলবহির্ভূত,
মানুষ হয়ে হলে তুমি
কালের নিয়ম-বশীভূত।

২। মোদের মন উদ্বুদ্ধ কর,
তব প্রেমে অন্তর জ্বলুক,
ক্ষয়প্রাপ্ত সংসার ত্যাগে
স্বর্গের বাঞ্ছায় হৃদি ভরুক।

৩। শেষ বিচারে বিচারপতি
পাপীর দন্ড দেবেন যখন,
তোমার কাছে মোদের ডাকতে
যেন কণ্ঠ শুনি তখন।

৪। অগ্নিকুণ্ডের শাস্তি হতে
তব কৃপায় পাব মুক্তি,
ঈশ্বরের সম্মুখে মোরা
দিব্য সুখে পাব তৃপ্তি।

৫। পিতা, পুত্র, পবিত্রাত্মা
এক অভিন্ন ঈশ্বরত্ব,
যুগযুগব্যাপী গাইব মোরা:
ধন্য ধন্য পরম ত্রিত্ব। (১০ম শতাব্দী)

### ১ম পর্ব

১ম ধুয়ো : হে নব-সিয়োন, * উল্লাস কর, আনন্দে মেতে ওঠ;
দেখ, তোমার রাজা আসছেন, তিনি কোমলপ্রাণ, ত্রাণকর্তা তিনি। সাম ২

২য় ধুয়ো : চল, * আমরা গিয়ে উঠি প্রভুর পর্বতে,
যাকোবের পরমেশ্বরের গৃহে,
কারণ সিয়োন থেকেই বেরিয়ে আসবে নির্দেশবাণী,
যেরুসালেম থেকেই প্রভুর বাণী। সাম ১৯
৩য় ধুয়ো : তিনি নিজেই * প্রভুর জন্য একটি মন্দির নির্মাণ করবেন ;
সগৌরবে এসে তিনি যাজক হবেন তাঁর সিংহাসনে আসীন হয়ে। সাম ৪৫
℣ দেখ, আমি তোমার অন্তঃস্থলেই বাস করতে আসছি ;
℟ তখন তুমি জানবে যে, সেনাবাহিনীর প্রভু আমাকে তোমার কাছে প্রেরণ করেছেন।

## ২য় পর্ব

১ম ধুয়ো : এই জগতে * প্রবেশ করার সময়ে
খ্রীষ্ট এই কথা বলেন :
যজ্ঞ ও নৈবেদ্য তুমি ইচ্ছা করনি,
বরং আমার জন্য একটি দেহ গড়ে তুলেছ। সাম ৪৮
২য় ধুয়ো : এ শিশু, * ইস্রায়েলের মধ্যে
অনেকের পতন ও উত্থানের জন্য নিরূপিত। সাম ৭২
৩য় ধুয়ো : সিমেয়োন * মারীয়াকে বললেন,
তোমার নিজের প্রাণ এক খড়্গের আঘাতে বিদীর্ণ হবে। সাম ৯৮
℣ সেই বিগত দিন, সেই প্রাচীনকালেরই মত
℟ প্রভু যুদা ও যেরুসালেমের বলিদানে আবার প্রীত হবেন।

## ৩য় পর্ব

ধুয়ো : সানন্দে চিৎকার কর, * মেতে ওঠ, সিয়োন কন্যা,
দেখ, আমি তোমার অন্তঃস্থলেই বাস করতে আসছি—একথা বলছেন প্রভু।

**প্রভুর আগমন** **গীতিকা ইসা ৯:১-৬**

যে জাতি অন্ধকারে পথ চলত,
তারা মহান এক আলো দেখতে পেল ;
যারা মৃত্যু-ছায়ার দেশে বসে ছিল,
তাদের উপর আলো জ্বলে উঠল।

তুমি বাড়িয়েছ পুলক,
আনন্দ করেছ মহান,
তোমার সম্মুখে তারা আনন্দ করে, †
যেইভাবে শস্য কেটে লোকে আনন্দ করে,
যেইভাবে লুটের মাল ভাগ ক'রে লোকে পুলকিত হয়।

কারণ সেই যে জোয়াল তাদের উপর চেপে ছিল, †
তাদের কাঁধে সেই বাঁক, তাদের অত্যাচারীর সেই দণ্ড
তুমি ভেঙে ফেলেছ মিদিয়ানের সেদিনের মত।
তুমুল যুদ্ধে পরা যত সৈন্যের পাদুকা, রক্তমাখা যত পোশাক
পুড়িয়ে দেওয়া হবে, হবে আগুনের ইন্ধন।

কারণ এক শিশু জন্ম নিয়েছেন আমাদের জন্য,

এক পুত্রসন্তানকে দেওয়া হয়েছে আমাদের,
তাঁর কাঁধে থাকবে আধিপত্য-ভার,
তাঁর নাম রাখা হল ‘আশ্চর্য মন্ত্রণাদাতা, শক্তিশালী ঈশ্বর, সনাতন পিতা, শান্তিরাজ’।

সীমাহীন শান্তিতে তিনি আধিপত্য প্রসারিত করবেন
দাউদের সিংহাসন ও রাজ্যের উপর,
ন্যায় ও ধর্মময়তায় তা দৃঢ়প্রতিষ্ঠিত ও সুদৃঢ় করার জন্য
এখন থেকে চিরকাল ধরে।

এসব কিছু সাধন করবে
সেনাবাহিনীর প্রভুর উত্তপ্ত প্রেম।

**খ্রীষ্টই আমাদের শান্তি** **গীতিকা ইসা ২৬:১-৪,৭-৯,১২**

আমাদের শক্তিশালী এক নগরী আছে,
ত্রাণস্বরূপ তিনি প্রাচীর ও প্রাকার-বেষ্টনী দিলেন।
খুলে দাও নগরদ্বার,
প্রবেশ করুক সেই ধর্মময় জাতি যে বিশ্বস্ততা বজায় রাখে।

যার মন সুস্থির, তুমি তাকে পূর্ণ শান্তিতেই পালন করবে,
কারণ সে তোমাতেই ভরসা রাখে,
তোমরা প্রভুতে ভরসা রেখ চিরকাল ধরে,
প্রভুই তো শাশ্বত শৈল।

ধার্মিকের পথ সমতল পথ,
ধার্মিকের রাস্তা তুমি কর সরল-সোজা।
সত্যি, তোমার বিচারগুলির পথে আমরা তোমার প্রত্যাশায় রয়েছি, প্রভু,
তোমার নাম, তোমার স্মৃতিই আমাদের প্রাণের অভিলাষ।

রাতে তোমাকেই আকাঙ্ক্ষা করে আমার প্রাণ,
প্রভাতে আমার আত্মা তোমার অন্বেষণ করে,
কারণ যখন তোমার বিচারগুলি পৃথিবীতে আসে,
তখন জগতের অধিবাসীরা ধর্মময়তায় উদ্বুদ্ধ হয়।

প্রভু, তুমি আমাদের মঞ্জুর করবে শান্তি,
কারণ তুমিই তো সম্পন্ন কর আমাদের সকল কাজ।

**স্বর্গীয় সুখ** **গীতিকা ইসা ৬৬:১০-১৪ক**

যেরুসালেমের সঙ্গে আনন্দ কর,
তার জন্য মেতে ওঠ তোমরা সবাই, যারা তাকে ভালবাস।
তার সঙ্গে মহোল্লাসে উল্লসিত হও তোমরা সবাই,
যারা তার উপর বিলাপ করেছিলে।

তবেই তার সান্ত্বনার বুক চুষে খেয়ে তোমরা পরিতৃপ্ত হবে,
তার অফুরন্ত প্রাচুর্য চুষে পান ক’রে তোমরা উৎফুল্ল হবে।
কারণ প্রভু একথা বলছেন: †
দেখ, আমি তার উপর প্রবাহিত করব নদীর মতই শান্তি,
প্লাবিনী স্রোতস্বতীর মতই জাতি-বিজাতির গৌরব।

তোমরা চুষে খাবে, বাহুতে করে তোমাদের বহন করা হবে,
কোলের উপরে তোমাদের নাচানো হবে।
মা যেমন নিজের ছেলেকে সান্ত্বনা দেয়, †
আমি তেমনি তোমাদের সান্ত্বনা দেব ;
যেরুসালেমেই তোমরা সান্ত্বনা পাবে।

এসব-কিছু দেখে উল্লসিত হবে তোমাদের হৃদয়,
তোমাদের সর্বাঙ্গ নবীন ঘাসের মত তেজময় হয়ে উঠবে।

ধুয়ো : সানন্দে চিৎকার কর, মেতে ওঠ, সিয়োন কন্যা,
দেখ, আমি তোমার অন্তঃস্থলেই বাস করতে আসছি—একথা বলছেন প্রভু।

℣ তোমার মন্দিরে, পরমেশ্বর,
℟ আমরা তোমার কৃপার কথা ধ্যান করি।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** যোহন ১:১-১৮ কিংবা যোহন ৩:১৬-২১।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। ওগো সিয়োন, মিলনকক্ষ
করে তোল অলঙ্কৃত ;
দেখ ! আসছেন তব রাজা,
কর তাঁকে সমাদর।

২। মরিয়মকে আলিঙ্গন কর,
স্বর্গের তোরণদ্বার যে তিনি :
তাঁরই দ্বারা নবজ্যোতির
গৌরব-রাজারই প্রবেশ।

৩। সর্বযুগের পূর্বে যিনি
পিতা থেকে ছিলেন জাত,
সুকুমারী প্রভুর গৃহে
করেন তাঁকে নিবেদন।

৪। সিমেয়োন নিজ কোলে তাঁকে
তুলে নিয়ে করলেন প্রচার :
জীবন-মৃত্যুর তিনিই প্রভু,
তিনিই বিশ্বের পরিত্রাণ।

৫। আজই হলে উপস্থাপিত,
তব, খ্রীষ্ট, করি স্তুতি,
পরম পিতা ও পবিত্রাত্মার
সমস্তুতি করব হে। (পিতর আবেলার্দুস † ১০৪১)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : ধার্মিক ভক্তপ্রাণ সিমেয়োন * ইস্রায়েলের সান্ত্বনার প্রতীক্ষায় ছিলেন।
পবিত্র আত্মা তাঁর উপর ছিলেন।

২য় ধুয়ো : পবিত্র আত্মা * সিমেয়োনকে এই কথা জানিয়েছিলেন যে,
প্রভুকে না দেখা পর্যন্ত তিনি মৃত্যু দেখবেন না।

৩য় ধুয়ো : সিমেয়োন * শিশুকে কোলে নিলেন
এবং ঈশ্বরের স্তুতিবাদ করে বলে উঠলেন, ধন্য প্রভু।

৪র্থ ধুয়ো : ঐশপ্রকাশে * বিজাতীয়দের উদ্বুদ্ধ করার আলো
ও তোমার আপন জনগণ ইস্রায়েলের গৌরব।

৫ম ধুয়ো : বিধানের নির্দেশমত * তাঁরা প্রভুর কাছে
একজোড়া ঘুঘু বলিরূপে উৎসর্গ করলেন।

**বাণী পাঠ** **মালাখি ৩:১**

দেখ! আমি আমার দূত প্রেরণ করব, তিনি আমার সম্মুখে পথ প্রস্তুত করবেন। তখন সেই যে প্রভুকে তোমরা অন্বেষণ করছ, তিনি হঠাৎ আপন মন্দিরে আসবেন; সেই যে সন্ধির দূতকে তোমরা আকাঙ্ক্ষা করছ, দেখ! তিনি আসছেন।

**শ্লোক**

℣ প্রভুর চরণে কর প্রণিপাত * তাঁর পবিত্র মন্দির মাঝে।
℟ প্রভুর চরণে কর প্রণিপাত * তাঁর পবিত্র মন্দির মাঝে।
℣ প্রভুতে আরোপ কর গৌরব ও শক্তি,
℟ তাঁর পবিত্র মন্দির মাঝে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভুর চরণে কর প্রণিপাত * তাঁর পবিত্র মন্দির মাঝে।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : তাঁরা * যীশুকে মন্দিরে নিয়ে গেলেন।
তখন সিমেয়োন শিশুটিকে কোলে নিয়ে বলে উঠলেন, ধন্য প্রভু।

**মিনতি নিবেদন**

মারীয়া ও যোসেফ যাঁকে আজ মন্দিরে উপস্থিত করিয়েছিলেন, আসুন, এই প্রাতঃকালীন উপাসনালগ্নে আমাদের সেই ত্রাণকর্তাকে পূজা করে অনুনয় করি :

*হে সর্বজাতির আলো, তোমার জনগণকে আলোকিত কর।*

-হে প্রভু, তুমি চেয়েছিলে, বিধানের নির্দেশমত তোমার পিতামাতা তোমাকে যেরুসালেমের মন্দিরে পরম পিতার কাছে উপস্থিত করাবেন। তোমার মণ্ডলীর আত্মোৎসর্গদানে তোমার সঙ্গে নিজেদের উৎসর্গ করতে আমাদের শেখাও।

-হে আমাদের আনন্দ ও ত্রাণকর্তা যীশুখ্রীষ্ট, ধর্মপ্রাণ সিমেয়োন তোমার পিতার গৃহেই তোমার দর্শন পেয়েছিলেন। সাহায্য দান কর, আমরাও যেন তোমার জনমণ্ডলীর দুঃখক্লিষ্ট সদস্যদের মধ্যে তোমাকে চিনতে পারি।

-হে সর্বজাতির প্রতীক্ষিত মুক্তিদাতা, যারা ইস্রায়েলের মুক্তিকর্মের প্রতীক্ষায় ছিল, সেই আন্না তাদের কাছে তোমার কথা বলছিলেন। প্রেরণা দান কর, আমরা যেন তোমার শুভসংবাদ যোগ্যরূপে প্রচার করতে পারি।

-হে প্রভু যীশু, তুমিই ঐশরাজ্যের সেই সংযোগপ্রস্তর যা অস্বীকৃত এক ঐশচিহ্নরূপে স্থাপিত হল। কৃপা দান কর, মানুষ যেন বিশ্বাস ও প্রেমের জীবন যাপন ক'রে তোমাতেই পুনরুত্থান ও জীবন খুঁজে পেতে পারে।

## পূর্বাহ্ন প্রহর

ধুয়ো : ধার্মিক ভক্তপ্রাণ সিমেয়োন * ইস্রায়েলের সান্ত্বনার প্রতীক্ষায় ছিলেন।
পবিত্র আত্মা তাঁর উপর ছিলেন।

**বাণী পাঠ** **ইসা ৮:১৩ক,১৪**

সেনাবাহিনীর প্রভু, কেবল তাঁকেই তোমরা পবিত্র বলে মান। ইস্রায়েলের উভয় কুলের জন্য তিনি হবেন এমন প্রস্তর যা পদস্খলন ঘটাবে, এমন পাথর যাতে লোকে হোঁচট খাবে; যেরুসালেম-বাসীদের জন্য একটা ফাঁদ, একটা ফাঁস।

℣ ইস্রায়েলকুলের প্রতি তাঁর কৃপা, তাঁর বিশ্বস্ততা
℟ প্রভু করেছেন স্মরণ।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: পবিত্র আত্মা * সিমেয়োনকে এই কথা জানিয়েছিলেন যে,
প্রভুকে না দেখা পর্যন্ত তিনি মৃত্যু দেখবেন না।

**বাণী পাঠ** **ইসা ৪৯:৬**

প্রভু আমাকে বললেন: 'যাকোবের সমস্ত গোষ্ঠী পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য, ইস্রায়েলের অবশিষ্টাংশ ফিরিয়ে আনার জন্যই যে তুমি আমার দাস, তা তোমার পক্ষে যথেষ্ট নয়। তাই আমি তোমাকে দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করব, তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।'

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে আমাদের পরমেশ্বরের পরিত্রাণ,
℟ সমগ্র পৃথিবী, প্রভুর উদ্দেশে জাগিয়ে তোল জয়ধ্বনি।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: সিমেয়োন * শিশুকে কোলে নিলেন
এবং ঈশ্বরের স্তুতিবাদ করে বলে উঠলেন, ধন্য প্রভু।

**বাণী পাঠ** **ইসা ১২:৫-৬**

প্রভুর স্তবগান কর, তিনি যে সাধন করেছেন মহিমময় কাজ, সারা পৃথিবী জুড়ে একথা জ্ঞাত হোক। সানন্দে চিৎকার কর, জাগাও হর্ষধ্বনি, সিয়োন অধিবাসী, কারণ তোমাদের মধ্যে মহানই ইস্রায়েলের সেই পবিত্রজন।

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন,
℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন।

## (২য়) সন্ধ্যারতি

### স্তোত্র

১। সকলের মুক্তিদাতা, জগতের পরিত্রাতা,
তোমাকে, যীশু, প্রেরণ করেছেন পিতা;
জ্যোতিরও সৃষ্টির পূর্বে পরম জ্যোতি তুমি,
পিতারই ঐশগৌরব তোমারও বিভা।

২। পিতারই তুমি জ্যোতি, পিতারই তুমি দীপ্তি,
সকলের তুমি আশা, সকলের কান্তি;
জগতের চারিপ্রান্তে ডাকি যে কাতর কণ্ঠে,
দাস-দাসী তব মোরা: দান কর শান্তি।

৩। সর্বোত্তম নিখিল স্রষ্টা শ্রীযীশু, কর স্মরণ
কুমারীর গর্ভে নেমে তোমার কী হল:
মোদেরই মরদেহ করেছ তুমি ধারণ,
মোদেরই আপন করে করেছ বরণ।

৪। তোমারই পুণ্য রক্ত-তরঙ্গ যাদের প্রাণ
করেছে সিঞ্চন, সায়ংসন্ধ্যার এ লগ্নে
জয়রব তুলি মোরা তব এ পর্বোৎসবে,
তুমি যে নিবেদিত হলে এদিনে।

৫। শ্রীযীশু, তব জয় গাইছি স্ফূর্তির সঙ্গে
তুমি যে জন্ম নিলে কুমারীর ক্রোড়ে;

পরম পিতার এবং পরম আত্মার সঙ্গে
তব হোক জয়ধ্বনি চিরকাল ধরে। (৬ষ্ঠ শতাব্দী)

১ম ধুয়ো : ধার্মিক ভক্তপ্রাণ সিমেয়োন * ইস্রায়েলের সান্ত্বনার প্রতীক্ষায় ছিলেন।
পবিত্র আত্মা তাঁর উপর ছিলেন। সাম ১১০
২য় ধুয়ো : পবিত্র আত্মা * সিমেয়োনকে এই কথা জানিয়েছিলেন যে,
প্রভুকে না দেখা পর্যন্ত তিনি মৃত্যু দেখবেন না। সাম ১১১
৩য় ধুয়ো : সিমেয়োন * শিশুকে কোলে নিলেন
এবং ঈশ্বরের স্তুতিবাদ করে বলে উঠলেন, ধন্য প্রভু। সাম ১১২
৪র্থ ধুয়ো : ঐশপ্রকাশে * বিজাতীয়দের উদ্বুদ্ধ করার আলো
ও তোমার আপন জনগণ ইস্রায়েলের গৌরব। সাম ১৩০
৫ম ধুয়ো : বিধানের নির্দেশমত * তাঁরা প্রভুর কাছে
একজোড়া ঘুঘু বলিরূপে উৎসর্গ করলেন। গীতিকা কল

**বাণী পাঠ** **হিব্রু ৪:১৫-১৬**

আমরা এমন মহাযাজককে পাইনি, যিনি আমাদের দুর্বলতার সমব্যথী হতে অক্ষম, তিনি বরং পাপ ছাড়া আমাদের মতই সবদিক দিয়ে পরীক্ষিত হয়েছেন। সুতরাং এসো, সাহসভরে আমরা অনুগ্রহের সিংহাসনের কাছে এগিয়ে যাই, যেন দয়া লাভ করি এবং প্রয়োজনের দিনে সহায়তার সঙ্গে অনুগ্রহ পাই।

**শ্লোক**

℣ প্রভু জ্ঞাত করেছেন * তাঁর সেই পরিত্রাণ।
℟ প্রভু জ্ঞাত করেছেন * তাঁর সেই পরিত্রাণ,
℣ যা তিনি প্রস্তুত করেছিলেন সকল জাতির সামনে,
℟ তাঁর সেই পরিত্রাণ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু জ্ঞাত করেছেন * তাঁর সেই পরিত্রাণ।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আজ * ধন্যা কুমারী মারীয়া
শিশু যীশুকে মন্দিরে করেন নিবেদন।
আজ সিমেয়োন পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়ে
শিশুটিকে কোলে নিয়ে ঈশ্বরের করেন স্তুতিবাদ।

**মিনতি নিবেদন**

আজ যাঁকে মন্দিরে উপস্থাপন করা হয়েছিল, আসুন, আমরা আমাদের সেই ত্রাণকর্তাকে পূজা করে বিশ্বাসের সঙ্গে অনুনয় করি :

*হে প্রভু, আমরা যেন তোমার পরিত্রাণের দর্শন পাই।*

-হে পরিত্রাতা খ্রীষ্ট, তুমিই সেই আলো যা সর্বজাতির মানুষকে আলোকিত করে। যারা এখনও তোমাকে চেনে না, তুমি তাদের আলোকিত কর, তারাও যেন বিশ্বাস করতে পারে যে তুমিই একমাত্র জীবনময় ও সত্যকার ঈশ্বর।

-তুমিই তোমার আপন জাতির গৌরব! তোমার আশীর্বাদে তোমার মণ্ডলীর আলো যেন সারা পৃথিবী জুড়ে বিকশিত হতে পারে।

-হে সর্বজাতির প্রতীক্ষিত পরিত্রাতা, তুমি যেমন একদিন সেই প্রাচীন ধর্মপ্রাণ সিমেয়োনের কাছে নিজেকে প্রকাশ করেছিলে, তেমনি আজও সকল মানুষ তোমাকে চিনে যেন মুক্তি পায়।

-সিমেয়োন ভবিষ্যদ্বাণী দিয়ে বলেছিলেন, তোমার মায়ের হৃদয় দুঃখের খড়্গ দ্বারা বিদীর্ণ হবে। যারা তোমার জন্য নির্যাতন ভোগ করেন, তাদের সান্ত্বনা ও শক্তি দান কর।

-হে নিখিল সাধুসাধ্বীর আনন্দ খ্রীষ্ট, মরবার আগেই সিমেয়োন তোমাকে দেখবার সুযোগ পেয়েছিলেন। যাঁরা স্বর্গীয় যেরুসালেমে পৌঁছে তোমার শ্রীমুখের দর্শন পেতে আকাঙ্ক্ষিত, সেই সকল পরলোকগত ভক্তকে সেই চির আনন্দের দর্শন দান কর।

৩রা ফেব্রুয়ারী

## সাধু ব্লেস, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, সাক্ষ্যমর সাধু ব্লেসের প্রতিপালনের উপর নির্ভর ক'রে তোমার জনগণ তোমার কাছে যে মিনতি জানায়, তা তুমি পূরণ কর : এ পার্থিব জীবনে আমাদের শান্তি মঞ্জুর কর, অনন্ত জীবন লাভের জন্য সহায়তা দান কর।

একই দিন ৩রা ফেব্রুয়ারী

## সাধু আঁসগার, বিশপ

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, বহু জাতির মানুষকে উদ্বুদ্ধ করার জন্য তুমি বিশপ সাধু আঁসগারকে প্রেরণ করেছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর, আমরাও যেন সর্বদা তোমার সত্যের আলোতে পথ চলতে পারি।

৫ই ফেব্রুয়ারী

## সাধ্বী আগাথা, চিরকুমারী ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা চিরকুমারী, পৃঃ ১০২১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, নিজের নির্ভীক সাক্ষ্যমরণ ও উজ্জ্বল কুমারীত্বের গুণে যিনি তোমার অনুগ্রহের পাত্রী হয়েছিলেন, ধর্মশহীদ ও চিরকুমারী সেই সাধ্বী আগাথা আমাদের হয়ে তোমার কাছে করুণা প্রার্থনা করুন।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : আগাথা * আনন্দ ও গর্বের সঙ্গে
যেন বিবাহভোজেই কারাবাসের দিকে এগিয়ে যাচ্ছিলেন।
আসন্ন সংগ্রামের জন্য তিনি কেবল ঈশ্বরের উপর নির্ভর করছিলেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : ধন্যা আগাথা * কারাবাসের মধ্যে দাঁড়িয়ে দু'হাত প্রসারিত ক'রে
একমন হয়ে প্রভুর কাছে এইভাবে প্রার্থনা করছিলেন :
হে প্রভু যীশুখ্রীষ্ট, হে সদ্‌গুরু, আমি তোমাকে ধন্যবাদ জানাই,
কারণ তুমি নিপীড়কদের উপর আমাকে জয়ী করেছ।
আশীর্বাদ কর, প্রভু,
আমি যেন তোমার অম্লান গৌরবধামে নিরাপদে পৌঁছতে পারি।

৬ই ফেব্রুয়ারী

## সাধু পল মিকি ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে নিখিল সাধুসাধ্বীর শক্তি পরমেশ্বর, তোমার প্রসন্নতায় তুমি সাক্ষ্যমর সাধু পল মিকি ও তাঁর সঙ্গীদের ক্রুশের পথ ধরেই জীবনে আহ্বান করেছিলে। তাঁদের প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর : আমরা যে বিশ্বাস স্বীকার করি, তা যেন সৎসাহসের সঙ্গে প্রাণপণেই অক্ষুণ্ন রাখতে পারি।

৮ই ফেব্রুয়ারী

## সাধু যেরোম এমিলিয়ান

সাধারণ ব্যবস্থা : সাধু (শিক্ষাব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে সমস্ত দয়ার পিতা ঈশ্বর, তুমি সাধু যেরোমকে অনাথের সহায়ক ও পিতা হতে বেছে নিয়েছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর : যে আত্মা দ্বারা আমরা শুধু নামে নয়, সত্যিই তোমার সন্তান, সেই দত্তকপুত্রত্বের আত্মা যেন বিশ্বস্তভাবে রক্ষা করি।

একই দিন ৮ই ফেব্রুয়ারী

## সাধ্বী যোসেফিন বাখিতা, চিরকুমারী

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধ্বী যোসেফিনকে ক্রীতদাসীর নিম্নতম অবস্থা থেকে তোমার আপন কন্যা ও খ্রীষ্টের কনে-মর্যাদায় উন্নীত করেছিলে। আশীর্বাদ কর, তাঁর আদর্শ পালন ক'রে আমরাও যেন বিশ্বস্ত ভালবাসার সঙ্গে ক্রুশবিদ্ধ প্রভু যীশুর অনুসরণ করি এবং দয়াকর্ম সাধনে আত্মনিয়োজিত থেকে ভ্রাতৃসেবায় নিষ্ঠাবান থাকি।

১০ই ফেব্রুয়ারী

## সাধ্বী স্কলাস্তিকা, চিরকুমারী

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি চিরকুমারী স্কলাস্তিকাকে উজ্জ্বল পবিত্রতায় ভূষিত করেছ। অনুনয় করি তোমায়, তাঁরই মত আমরাও যেন সন্ন্যাসজীবনের দৈনন্দিন বিশ্বস্ততা পালনে তোমার কাছে গ্রহণীয় হতে পারি, যাতে একদিন নিখিল সন্ন্যাসী-সন্ন্যাসিনীর স্বর্গীয় সভায় যোগদান ক'রে তোমার সান্নিধ্য লাভে মুখর হতে পারি।

## ১ম সন্ধ্যারতি

পর্বটি মহাপর্ব বলে উদ্‌যাপন করলে, তবে ১ম সন্ধ্যারতি অনুষ্ঠান অবশ্যপালনীয়। নিম্নের অংশ ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ৭৪৮।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : সাধ্বী স্কলাস্তিকার পর্বদিনে * ভক্তবৃন্দ আনন্দে মেতে উঠুক,
আনন্দগানে মুখরিত হোক চিরকুমারীর দল ;
তাঁর অশ্রু দেখে প্রভু যাঁর মনোবাঞ্ছা করেছিলেন পূর্ণ,
তিনি অধিক পেয়েছিলেন, অধিক ভালবেসেছিলেন ব'লে।

**আহ্বান সঙ্গীত** **সাম ৯৫**

**ধুয়ো : খ্রীষ্টই চিরকুমারীদের স্বর্গীয় বর ;**
**এসো, প্রণিপাত করি।**

বিকল্প

**ধুয়ো :** যাঁকে ঘিরে চিরকুমারীর দল উল্লসিত,

এসো, সেই মেষশাবক খ্রীষ্টের চরণে প্রণিপাত করি।

## জাগরণী

### ১ম পর্ব

১ম ধুয়ো : আহা, * কী মহিমময় প্রভুর নাম! তাঁরই শক্তিগুণেই
চিরকুমারী স্কলাস্তিকা গৌরব ও সম্মানের মুকুট লাভ করলেন। সাম ৮
২য় ধুয়ো : খ্রীষ্টের চিরকুমারীর দল, * আনন্দে মেতে ওঠ ;
তোমরা যে অবিচ্ছেদ্য বন্ধনে খ্রীষ্টের সঙ্গে মিলিত। সাম ২৪
৩য় ধুয়ো : তুমি * ধর্মময়তা ভালবাস কিন্তু অধর্ম ঘৃণা কর ;
পরমেশ্বর তোমাকে আনন্দ-তেলে অভিষিক্ত করলেন। সাম ৪৫

প্রঃ রাতের প্রহরে প্রহরে আমি করি তোমার ধ্যান,
উঃ তুমিই যে হলে আমার সহায়।

### ২য় পর্ব

১ম ধুয়ো : নদীর স্রোত * আনন্দিত করে তোলে স্কলাস্তিকার অন্তর,
স্বয়ং পরমেশ্বরই তাঁকে পবিত্রতায় ভূষিতা করেন। সাম ৪৬
২য় ধুয়ো : হে ধন্যা স্কলাস্তিকা, * তোমাতে সকলে
নেচে নেচে করবে তাদের আপন আবাস। সাম ৮৭
৩য় ধুয়ো : স্কলাস্তিকা * প্রভুকে ডাকতেন,
আর তিনি সাড়া দিতেন। সাম ৯৯

প্রঃ পরমেশ্বরের কাছে থাকাই আমার মঙ্গল,
উঃ আমার প্রভুতেই নিয়েছি আশ্রয়।

### ৩য় পর্ব

ধুয়ো : প্রভু * স্কলাস্তিকাকে কনেই যেন মুকুটভূষিতা করলেন,
তাঁকে রত্ন-অলঙ্কৃতা করলেন।

প্রঃ কে আমাকে দিতে পারবে কপোতের মত ডানা
উঃ আমি যেন উড়ে চলে গিয়ে বিশ্রাম পেতে পারি?

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** লুক ১০:৩৮-৪২।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। শুভ্র পুষ্প স্কলাস্তিকা
তুমি পবিত্রতার দর্পণ ;
জীবনস্বামী প্রভুর হাতে
নিজেকে করেছ অর্পণ।

২। মোদের পিতা ও স্থাপনকর্তার
তুমি ছিলে সমতুল্যা :

৩। জীবনকালে তুমি ছিলে
খ্রীষ্টপ্রেমে আকর্ষিতা ;
জীবনশেষে খ্রীষ্ট নিজে
তোমায় করলেন স্বর্গোন্নীতা।

৪। জিহ্বা, চিন্তা, সর্বগুণে
তুমি যা বাসনা করলে,

একই কবর, একই গৌরব,
প্রেমে কিন্তু তুমিই অতুল্যা।

মৃত্যুলগ্নে কপোত যেনই
সে-ই স্বর্গে গমন করলে।

৫। মোদের মঙ্গল যাচনা কর,
তবে আত্মার শিশিরলাভে
মেষশাবকের শোভাযাত্রায়
পিতার স্তুতি গাইব সবে। (২০শ শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো: ভাই, * এখন তুমি যাও তো দেখি কি করে যাও;
আমাকে ছেড়ে যাও, ফিরে যাও মঠে!

২য় ধুয়ো: সর্বশক্তিমান ঈশ্বর * তোমাকে ক্ষমা করুন, বোন!
তুমি কী করেছ?

৩য় ধুয়ো: দেখ, * আমি তোমাকে অনুরোধ করেছিলাম,
তুমি কিন্তু আমাকে শুনতে চাওনি।
আমার ঈশ্বরকে অনুরোধ করলাম
আর তিনি আমার ডাকে সাড়া দিলেন।

৪র্থ ধুয়ো: এসো, * সকাল পর্যন্ত আমরা আধ্যাত্মিক জীবনের পুণ্য সংলাপে
স্বর্গের কথা বলতে থাকি।

৫ম ধুয়ো: তিন দিন পরে * নিজ কক্ষে বসে
প্রভুভক্ত বেনেডিক্ট আকাশের দিকে চোখ তুলে দেখতে পান,
বোনের আত্মা দেহ ছেড়ে কপোতের আকারে
স্বর্গের মহিমায় প্রবেশ করছে।

**বাণী পাঠ** **১ যোহন ৩:২১-২৩**

প্রিয়জনেরা, হৃদয় যদি আমাদের দোষী সাব্যস্ত না করে, তাহলে ঈশ্বরের সামনে আমরা সৎসাহসের সঙ্গেই দাঁড়াতে পারি, আর যা কিছু যাচনা করি, তাঁর কাছ থেকে তাই পাই, কারণ আমরা তাঁর আজ্ঞাগুলি পালন করি ও তাঁর মনোমত কাজ সাধন করি। আর এই তো তাঁর আজ্ঞা: আমরা যেন তাঁর পুত্র যীশুখ্রীষ্টের নামে বিশ্বাস রাখি ও পরস্পরকে ভালবাসি, তিনি যেমন আমাদের আজ্ঞা দিয়েছেন।

**শ্লোক**

℣ দেখ, ভাইদের একত্রে বাস করা * কতই না ভাল, কতই না সুন্দর।
℟ দেখ, ভাইদের একত্রে বাস করা * কতই না ভাল, কতই না সুন্দর।
℣ সেইখানে তো প্রভু জারি করেন আশীর্বাদ;
℟ কতই না ভাল, কতই না সুন্দর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ দেখ, ভাইদের একত্রে বাস করা * কতই না ভাল, কতই না সুন্দর।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: আহা, * কত মহান ধন্যা স্কলাস্তিকার শতগুণ!
আহা, তাঁর অশ্রুধারার কী প্রভাব!
অশ্রু দ্বারাই তো তিনি পরিষ্কার আকাশ
মুষলধারায় বৃষ্টিতে পরিণত করলেন।

**মিনতি নিবেদন**

বিশ্বজুড়ে যাঁরা আজ সাধ্বী স্কলাস্তিকার পর্ব উদ্‌যাপন করছেন, আসুন, তাঁদের সকলের সঙ্গে একাত্ম হয়ে প্রভুর কাছে মিনতি নিবেদন করি :

*হে প্রভু, আমাদের মাঝে রাজত্ব কর।*

-হে প্রভু, তুমি যে মানবজাতির কাছে তোমার পুত্রের কনে সেই পবিত্র মণ্ডলীকে দান করেছ, তার জন্য আমরা তোমাকে ধন্যবাদ জানাই। প্রেরণা দান কর, আমরা যেন সেই মণ্ডলীকে ভালবাসি এবং সন্ন্যাস-আহ্বানের প্রতি বিশ্বস্ততার মধ্য দিয়ে তার উন্নয়নে সহযোগিতা দিতে পারি।

-তুমি দরিদ্র, নম্রচিত্ত, বাধ্য ও প্রার্থনারত যীশুকে অনুসরণ করতে আমাদের আহ্বান করেছ। উদ্দীপনা দান কর, আমাদের জীবন যেন তোমার কাছে গ্রহণীয় স্তুতিযজ্ঞ হতে পারে।

-পবিত্র আত্মার অনুপ্রেরণায় তুমি তো ভালোর দিকে আমাদের অনুক্ষণ আকর্ষণ করে থাক। সহায়তা দান কর, দৈনন্দিন সন্ন্যাস-সাধনা পালন করে আমরা যেন উন্মুক্ত হৃদয়ে প্রেমের অনির্বচনীয় মাধুর্যে প্লাবিত অন্তরে তোমার আজ্ঞাগুলির পথে দ্রুত পদে এগিয়ে চলতে পারি।

-যীশুতে তুমি আমাদের আলোর দিকে আহ্বান করেছ। আশীর্বাদ কর, আমরা যেন জগতের পরিত্রাণের জন্য তোমার আলোর প্রতিবিম্ব হতে পারি।

-যারা আনন্দচিত্তে দান করে, তুমি তাদের ভালবাস। ধন্যা কুমারী মারীয়ার মত আমরাও যেন বিনা শর্তেই তোমার ইচ্ছায় সায় দিয়ে তোমার গৌরবার্থে ও মানবজাতির পরিত্রাণার্থে প্রাণ উৎসর্গ করতে পারি।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : দেখ, * আমি তোমাকে অনুরোধ করেছিলাম,
তুমি কিন্তু আমাকে শুনতে চাওনি।
আমার ঈশ্বরকে অনুরোধ করলাম
আর তিনি আমার ডাকে সাড়া দিলেন।

**বাণী পাঠ** **১ যোহন ৪:১৮**

ভালবাসায় কোন ভয় নেই, বরং সিদ্ধ ভালবাসা ভয়কে দূরে সরিয়ে দেয়, কারণ ভয় বলতে শাস্তি বোঝায়, আর যে ভয় করে, ভালবাসায় সে এখনও সিদ্ধতা-প্রাপ্ত হয়নি।

℣ তিনি অধিক পেয়েছিলেন,
℟ অধিক ভালবেসেছিলেন ব'লে।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : এসো, * সকাল পর্যন্ত আমরা আধ্যাত্মিক জীবনের পুণ্য সংলাপে
স্বর্গের কথা বলতে থাকি।

**বাণী পাঠ** **ইসা ২৬:৮ক,৯**

সত্যি, তোমার বিচারগুলির পথে আমরা তোমার প্রত্যাশায় রয়েছি, প্রভু! রাতে তোমাকেই আকাঙ্ক্ষা করে আমার প্রাণ, প্রভাতে আমার আত্মা তোমার অন্বেষণ করে।

℣ আমার অন্তর তোমাকে বলে :
℟ আমি তোমার শ্রীমুখ অন্বেষণ করেছি, প্রভু।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: তিন দিন পরে * নিজ কক্ষে বসে
প্রভুভক্ত বেনেডিক্ট আকাশের দিকে চোখ তুলে দেখতে পান,
বোনের আত্মা দেহ ছেড়ে কপোতের আকারে
স্বর্গের মহিমায় প্রবেশ করছে।

**বাণী পাঠ** **সিরা ২:১৭**

যারা প্রভুকে ভয় করে, তারা নিজেদের অন্তর প্রস্তুত করে রাখে, তাঁর সামনে নিজেদের প্রাণ নত করে রাখে।

℟ শুদ্ধহৃদয় যারা, তারাই সুখী;
℣ তারাই ঈশ্বরকে দেখতে পাবে।

## (২য়) সন্ধ্যারতি

### স্তোত্র

১। খ্রীষ্টের পুণ্যবতী কনে,
অদ্য স্বর্গ উল্লসিত;
গ্রহণ কর মোদের স্তুতি,
মোরা আজ মুখর-নন্দিত।

২। তুমি সংসার ক'রে তুচ্ছ
ভ্রাতার নিয়ম করলে পালন:
খ্রীষ্টের অনুসরণ করলে
সন্ন্যাসজীবন ক'রে ধারণ।

৩। স্বর্গের কথায় রাত কাটাতে
ভ্রাতাকে করলে মিনতি;
অশ্রুগুণে এল বর্ষা:
অধিক প্রেম, অধিক শকতি।

৪। এখন তুমি তারাই যেন
গগনতলে জ্যোতিপ্রভা;
দিব্য বরের প্রেমের শিখায়
তব অন্তর জ্বলে সদা।

৫। তব যাচনার ফলে যেন
মনের মেঘ হোক বিতাড়িত,
হৃদে সূর্য করলে প্রবেশ
মোরা হব মুখরিত।

৬। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
পরম ত্রিত্ব, এক মহেশ্বর;
শোন যাচনা, কর কৃপা,
জীবনময় পরমেশ্বর। (সন্ন্যাস-প্রাহরিক উপাসনা)

১ম ধুয়ো: শীতকাল পার হয়েই গেছে, * বর্ষা থেমে গেছে:
ওঠ, আমার সখী, কাছে চলে এসো। সাম ১১০
২য় ধুয়ো: এসো, * আমার মনোনীতা!
তোমার অন্তরে আমার সিংহাসন স্থাপন করব। সাম ১১৩
৩য় ধুয়ো: ওঠ, * কাছে এসো, আমার সখী,
আমার কপোতী, আমার সুন্দরী।
এসো, গ্রহণ কর সেই মুকুট যা স্বয়ং প্রভু
তোমারই জন্য সঞ্চিত করে রেখেছেন চিরকালের মত। সাম ১২২
৪র্থ ধুয়ো: প্রভু * আমাকে দিলেন কপোতের মত ডানা:
এবার উড়ে চলে গিয়ে বিশ্রাম পাব। সাম ১২৭
৫ম ধুয়ো: সানন্দে চিৎকার কর, * মেতে ওঠ, সিয়োন কন্যা;
দেখ, দেখ, আমি তোমার অন্তঃস্থলেই বাস করতে আসছি। গীতিকা এফে

**বাণী পাঠ** **পরম গীত ২:১৩-১৪**

ওঠ, আমার সখী, আমার সুন্দরী, কাছে চলে এসো! হে কপোতী আমার, শৈলের ফাটলে, খাড়া পর্বতের নিভৃত কোণেই যার বাস, আমাকে দেখাও তোমার শ্রীমুখ, আমাকে শোনাও তোমার কণ্ঠস্বর! তোমার কণ্ঠস্বর যে সত্যি মধুর, তোমার শ্রীমুখ যে সত্যি মনোরম।

**শ্লোক**

প্র কপোতের আকারে * স্কলাস্তিকার আত্মা স্বর্গে গেল।

উ কপোতের আকারে * স্কলাস্তিকার আত্মা স্বর্গে গেল।

প্র ভ্রাতা অন্তরে আনন্দিত হলেন ;

উ স্কলাস্তিকার আত্মা স্বর্গে গেল।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ কপোতের আকারে * স্কলাস্তিকার আত্মা স্বর্গে গেল।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আজ * ধন্যা কুমারী স্কলাস্তিকা
কপোতের মত স্বর্গধামে প্রবেশ করলেন।
আজ তিনি ভ্রাতার সঙ্গে
স্বর্গীয় আনন্দের সহভাগিতা করছেন চিরকালের মত।

**মিনতি নিবেদন**

যিনি চান, আমরা তাঁর গৌরবার্থে ও মানবজাতির পরিত্রাণার্থে নিজেদের উৎসর্গ করব, আসুন, সেই পিতা ঈশ্বরের পুত্র আমাদের প্রভু যীশুখ্রীষ্টের কাছে মিনতি জানাই :

*হে প্রভু, আমাদের প্রার্থনা শোন।*

-তোমার ইচ্ছা, মণ্ডলী তোমার প্রেমের আশ্রয়ে অধিক পবিত্র ও নিষ্কলঙ্ক হয়ে উঠবে। সহায়তা কর, যাঁদের তুমি সন্ন্যাসজীবনে আহ্বান করেছ, তাঁরা যেন অকপট ও বিনীত ভালবাসায় নিষ্ঠাবান হয়ে তোমার কাছে নিজেদের উৎসর্গ করতে পারেন।

-সাধ্বী স্কলাস্তিকার প্রার্থনা পূরণ করায় তুমি দেখিয়েছিলে, পিতার কাছে স্বর্গের অন্বেষী মানুষের প্রার্থনা কতই না গ্রহণযোগ্য। আশীর্বাদ কর, সন্ন্যাসীদের প্রার্থনা যেন অধিকতর ভাবে মণ্ডলীর প্রাণশক্তি হতে পারে।

-নীরব মঠ-প্রান্তরে তোমার সঙ্গে প্রেমপূর্ণ সম্পর্ক স্থাপন করার জন্যই তুমি আমাদের আহ্বান করেছ। সাধ্বী স্কলাস্তিকার প্রার্থনাফলে, তোমার বাণীশ্রবণেই দিন কাটিয়ে আমরা যেন তোমার গৌরবের জন্য ও বিশ্বপরিত্রাণের উদ্দেশ্যে আমাদের জীবন ধন্য করতে পারি।

-সর্বকালে তুমি শর্তহীন অনুসরণের জন্য মানুষকে আহ্বান কর। সাধ্বী স্কলাস্তিকার প্রার্থনার পুণ্যফলে আমাদের ভক্তিপূর্ণ আচরণের মধ্য দিয়ে অনেক খ্রীষ্টভক্ত যেন সন্ন্যাসজীবনে আকর্ষিত হতে পারে।

-পিতার গৌরবপ্রকাশে ও মানুষের মঙ্গলসাধনেই তুমি প্রীত। যাঁরা তোমার প্রশংসাগানে রত হয়ে জীবনযাপন করেছিলেন, সেই সকল মৃত সন্ন্যাসী-সন্ন্যাসিনীকে তোমার আনন্দধামে গ্রহণ কর, তাঁরা যেন চিরকালের মতই তোমার অবিরত প্রশংসা করে যেতে পারেন।

১১ই ফেব্রুয়ারী

## আনিয়ানের সাধু বেনেডিক্ট, মঠাধ্যক্ষ

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু বেনেডিক্টের ধর্মশিক্ষা ও জীবনাদর্শের মধ্য দিয়ে সন্ন্যাসজীবনের পুনঃসংস্কার করেছিলে। অনুনয় করি তোমায় : তাঁর প্রার্থনার পুণ্যফলে আমাদের জীবন যেন তোমার পুত্র যীশুখ্রীষ্টের শিক্ষা অনুসারে হতে পারে।

একই দিন ১১ই ফেব্রুয়ারী

## লুর্দ তীর্থের ধন্যা মারীয়া

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২।

### সমাপন প্রার্থনা

হে দয়াবান ঈশ্বর, আমাদের ভঙ্গুরতায় তুমিই আমাদের রক্ষাকর্তা। আশীর্বাদ কর: আমরা যারা আজ অমলোদ্ভবা ঈশ্বরজননীর কথা স্মরণ করি যেন তাঁর প্রবল প্রার্থনার পুণ্যফলে আমাদের সমস্ত অপরাধ থেকে পুনরুত্থিত হতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : পরিত্রাণের দীপ্তিময়ী উষা, * হে কুমারী মারীয়া,
তোমা থেকে বেরিয়েছেন ধর্মময়তার সেই সূর্য,
যিনি ঊর্ধ্ব থেকে উদীয়মান হয়ে
আমাদের দেখতে এলেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : স্বর্গে দেখা গেল, * এক নারী, সূর্য যাঁর বসন,
চন্দ্র যাঁর পদতলে, যাঁর মাথায় বারোটা তারার মুকুট।

১৪ই ফেব্রুয়ারী

## মঠাশ্রমী সাধু সিরিল ও বিশপ সাধু মেথোদিউস

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি সাধু সিরিল ও মেথোদিউস এই দুই ভাইয়ের প্রচারকর্মের মাধ্যমে স্লাভ জাতির মানুষকে আলোকিত করেছিলে। অনুনয় করি : আমরা যেন তোমার শিক্ষাবাণী হৃদয়ঙ্গম করি, ও তোমার আশীর্বাদে এমন জনগণ হয়ে উঠি যারা সত্য নির্ভুল বিশ্বাস এককণ্ঠে স্বীকার করে।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : পবিত্রতা ও ধর্মময়তার সঙ্গে * তাঁরা প্রভুকে সেবা করলেন
তাঁদের জীবনের সমস্ত দিন ধরে।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে ঈশ্বরের সাধু বন্ধুগণ, * তোমাদের জয় হোক!
তোমরা যে সত্যবাণী করেছ প্রচার।

১৭ই ফেব্রুয়ারী

## মারীয়াসেবক সঙ্ঘের সপ্ত সাধু প্রতিষ্ঠাতা

সাধারণ ব্যবস্থা : সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১।

### সমাপন প্রার্থনা

হে প্রভু, প্রসন্ন হয়ে আমাদের অন্তরে সঞ্চার কর সেই সন্তানসুলভ ভক্তি, যে ভক্তি দ্বারা সপ্ত সাধু প্রতিষ্ঠাতা ঈশ্বরজননীকে অপূর্বভাবে শ্রদ্ধা করেছিলেন ও তোমার জনগণকে তোমার কাছে ফিরিয়ে এনেছিলেন। হে দয়াময়, আমাদের অন্তরেও সেই ভক্তি সঞ্চার কর।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : দেখ, ভাইদের একত্রে বাস করা
কতই না ভাল, কতই না সুন্দর।

২১শে ফেব্রুয়ারী

## সাধু পিতর দামিয়ান, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর, আমরা যেন বিশপ সাধু পিতরের শিক্ষা ও জীবনাদর্শ এমনভাবে অনুসরণ করতে পারি, যার ফলে খ্রীষ্টের আগে কিছুই স্থান না দিয়ে ও মনপ্রাণ দিয়ে তোমার মণ্ডলীর সেবায় নিত্য নিয়োজিত থেকে আমরা তোমার আনন্দময় জ্যোতির্লোকে উপনীত হতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : যাঁরা * ঐশশিক্ষালাভে প্রীত ছিলেন,
তাঁরা গগনতলের মতই দীপ্তিমান হয়ে উঠবেন।
যাঁরা ধর্মশিক্ষাদানে রত ছিলেন,
তাঁরা তারকারাজির মতই জাজ্বল্যমান হবেন চিরকাল।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে মহাচার্য সাধু পিতর,
তুমি যে মণ্ডলীর পুণ্য জ্যোতি,
তুমি যে ঐশসত্যের করেছ অন্বেষণ,
আমাদের হয়ে খ্রীষ্ট প্রভুর চরণে প্রার্থনা কর।

২২শে ফেব্রুয়ারী

## প্রেরিতদূত সাধু পিতরের ধর্মাসন

সাধারণ ব্যবস্থা : প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, অনুনয় করি : যখন তুমি প্রৈরিতিক বিশ্বাস-স্বীকারোক্তির শৈলের উপরে আমাদের দৃঢ়মূল করেছ, তখন তোমার আশীর্বাদে আমরা যেন কোন ঝড়ঝঞ্ঝা দ্বারা আলোড়িত না হই।

## জাগরণী

### স্তোত্র

১। ওগো দয়াল পালক পিতর,
স্বর্গের দ্বার উন্মুক্ত কর
—অধিকার তুমি তো পেলে—
পাপের বাঁধন খুলে ফেলে।

২। পরম ত্রিত্বের হোক প্রশংসা,
হোক স্তবস্তুতি, সম্মান, গৌরব :
ধন্য সনাতন একেশ্বর,
চিরকালীন জীবনেশ্বর। (আকুইলেয়ার ২য় পাউলিনুস)

### ১ম পর্ব

১ম ধুয়ো : যীশু * সিমোনকে বললেন, ভয় করো না,
এখন থেকে তুমি মানুষই ধরবে। সাম ১৯
২য় ধুয়ো : আপনি সেই খ্রীষ্ট, * জীবনময় ঈশ্বরের পুত্র।
হে সিমোন পিতর, তুমি সুখী। সাম ৪৭
৩য় ধুয়ো : পিতর, * তুমি কি আমাকে ভালবাস?
প্রভু, আপনি জানেন যে, আমি আপনাকে ভালবাসি।
আমার মেষগুলি পালন কর। সাম ৬৪

℣ তুমি মেষগুলির পালক, তুমি প্রেরিতদূতদের প্রধান;
℟ ঈশ্বর তোমারই হাতে তুলে দিয়েছেন স্বর্গরাজ্যের চাবিকাঠি।

**২য় পর্ব**

১ম ধুয়ো: সিমোন পিতর,
নৌকা থেকে তোমাকে ডাকবার আগেও আমি তোমাকে চিনতাম।
তোমাকে করেছি আমার জাতির অগ্রনায়ক। সাম ৭৫
২য় ধুয়ো: পিতর * কারাবাসে বন্দি অবস্থায় ছিলেন,
মণ্ডলী তাঁর জন্য ঈশ্বরের কাছে বিরামহীন প্রার্থনা করত। সাম ৯৯
৩য় ধুয়ো: প্রভু * তাঁর আপন দূত পাঠিয়ে
হেরোদের হাত থেকে আমাকে উদ্ধার করলেন। সাম ১০১

℣ যোহনের ছেলে সিমোন, তুমি কি আমাকে ওদের চেয়ে বেশি ভালবাস?
℟ আমার মেষগুলি পালন কর।

**৩য় পর্ব**

ধুয়ো: আনন্দ কর, * উল্লাস কর তোমরা,
তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

℣ প্রভু, আমরা আর কার্ কাছেই বা যাব?
℟ অনন্ত জীবনের বাণী আপনার কাছেই রয়েছে।

**স্তোত্র:** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা**
**স্তোত্র:** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।
১ম ধুয়ো: তুমি * মেষগুলির পালক, তুমি প্রেরিতদূতদের প্রধান।
ঈশ্বর তোমারই হাতে তুলে দিয়েছেন স্বর্গরাজ্যের চাবিকাঠি।
২য় ধুয়ো: তোমরা * যারা আমার অনুগামী হয়েছ,
তোমরাও ইস্রায়েলের বারোটা গোষ্ঠীর বিচার করার জন্য
বারোটা সিংহাসনে আসন নেবে।
৩য় ধুয়ো: পিতর * কারাবাসে বন্দি অবস্থায় ছিলেন,
মণ্ডলী তাঁর জন্য ঈশ্বরের কাছে বিরামহীন প্রার্থনা করত।
৪র্থ ধুয়ো: কেউ * যদি আমার সেবা করে, সে আমার অনুসরণ করুক;
যেখানে আমি আছি, আমার সেবকও সেখানে থাকবে।
৫ম ধুয়ো: তুমি পিতর,
আর এই শৈলের উপরে আমি আমার জনমণ্ডলী গেঁথে তুলব।

**বাণী পাঠ** **শিষ্য ১৫:৭খ-৯**

ঈশ্বর তোমাদের মধ্যে এমনটি বেছে নিয়েছিলেন যেন বিজাতীয়রা আমার মুখ থেকে শুভসংবাদের বাণী শুনে বিশ্বাসী হয়। অন্তর্যামী পরমেশ্বর, যেমন আমাদের কাছে, তেমনি তাদেরও কাছে পবিত্র আত্মাকে দান ক'রে তাদের পক্ষে সাক্ষ্য দিয়েছেন; তাদের ও আমাদের মধ্যে কোন পার্থক্যও রাখেননি, বিশ্বাসগুণেই তাদের অন্তর শুচিশুদ্ধ করেছেন।

**শ্লোক**

℣ তুমি তাঁদের করে তুলবে জনপ্রধান * সারা পৃথিবীর উপর।

℟ তুমি তাঁদের করে তুলবে জনপ্রধান * সারা পৃথিবীর উপর।

℣ তাঁরা চিরস্মরণীয় করবেন তোমার নাম

℟ সারা পৃথিবীর উপর।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ তুমি তাঁদের করে তুলবে জনপ্রধান * সারা পৃথিবীর উপর।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: পৃথিবীতে * তুমি যা বেঁধে দেবে,
স্বর্গে তা বাঁধা হবে;
পৃথিবীতে তুমি যা মুক্ত করবে,
তা স্বর্গে মুক্ত হবে।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: তুমি * মেষগুলির পালক, তুমি প্রেরিতদূতদের প্রধান।
ঈশ্বর তোমারই হাতে তুলে দিয়েছেন স্বর্গরাজ্যের চাবিকাঠি।

**বাণী পাঠ** **ইসা ২২:২২**

আমি দাউদকুলের চাবিকাঠি তাঁর কাঁধে রেখে দেব: সে যা খুলে দেবে, কেউই তা বন্ধ করতে পারবে না; সে যা বন্ধ করবে, কেউই তা খুলে দিতে পারবে না।

℣ সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়ে তাঁদের কণ্ঠ,

℟ বিশ্বের প্রান্তসীমায় তাঁদের বচন।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: পিতর * কারাবাসে বন্দি অবস্থায় ছিলেন,
মণ্ডলী তাঁর জন্য ঈশ্বরের কাছে বিরামহীন প্রার্থনা করত।

**বাণী পাঠ** **১ পি ৫:১-২ক**

তোমাদের মধ্যে যারা প্রবীণবর্গ, তাদের আমি অনুরোধ করছি—যেহেতু আমি নিজে একজন প্রবীণ, ও খ্রীষ্টের যন্ত্রণাভোগের একজন সাক্ষী এবং সেই গৌরবের সহভাগী যা প্রকাশিত হওয়ার কথা: ঈশ্বরের যে মেষপাল তোমাদের তত্ত্বাবধানে আছে, তাদের পালন কর।

℣ তাঁরা প্রভুর নির্দেশগুলি

℟ ও তাঁর বিধান মেনে চলতেন।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: তুমি পিতর,
আর এই শৈলের উপরে আমি আমার জনমণ্ডলী গেঁথে তুলব।

**বাণী পাঠ** **২ পি ১:১৬**

নিপুণভাবে কল্পিত রূপকথার অনুসারী হয়ে আমরা আমাদের প্রভু যীশুখ্রীষ্টের পরাক্রম ও আগমনের কথা তোমাদের জানিয়েছিলাম এমন নয়; আমরা বরং নিজেদের চোখেই তাঁর মাহাত্ম্য প্রত্যক্ষ করেছিলাম।

℣ প্রভু একথা বলছেন, আনন্দ কর, উল্লাস কর তোমরা,

ট্‌ তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো : তুমি * মেষগুলির পালক, তুমি প্রেরিতদূতদের প্রধান।
ঈশ্বর তোমারই হাতে তুলে দিয়েছেন স্বর্গরাজ্যের চাবিকাঠি। সাম ১১০
২য় ধুয়ো : তোমরা * যারা আমার অনুগামী হয়েছ,
তোমরাও ইস্রায়েলের বারোটা গোষ্ঠীর বিচার করার জন্য
বারোটা সিংহাসনে আসন নেবে। সাম ১১৩
৩য় ধুয়ো : পিতর * কারাবাসে বন্দি অবস্থায় ছিলেন,
মণ্ডলী তাঁর জন্য ঈশ্বরের কাছে বিরামহীন প্রার্থনা করত। সাম ১১৬ খ
৪র্থ ধুয়ো : কেউ * যদি আমার সেবা করে, সে আমার অনুসরণ করুক ;
যেখানে আমি আছি, আমার সেবকও সেখানে থাকবে। সাম ১২৬
৫ম ধুয়ো : তুমি পিতর,
আর এই শৈলের উপরে আমি আমার জনমণ্ডলী গেঁথে তুলব। গীতিকা এফে

**বাণী পাঠ** **১ পি ১:৩-৫**

ধন্য আমাদের প্রভু যীশুখ্রীষ্টের ঈশ্বর ও পিতা, আপন মহাকরুণাগুণে যিনি মৃতদের মধ্য থেকে যীশুখ্রীষ্টের পুনরুত্থান দ্বারা এক জীবন্ত আশার উদ্দেশে, অক্ষয়শীল, অকলঙ্ক ও অম্লান এক উত্তরাধিকারের উদ্দেশেই আমাদের নবজন্ম দান করেছেন। সেই উত্তরাধিকার স্বর্গে তোমাদেরই জন্য সঞ্চিত রয়েছে, যারা ঈশ্বরের পরাক্রমে বিশ্বাসগুণে সংরক্ষিত রয়েছ সেই পরিত্রাণের উদ্দেশে যা অন্তিমকালে প্রকাশিত হবার জন্য প্রস্তুত।

**শ্লোক**

প্‌ বিজাতিদের মাঝে বর্ণনা কর * প্রভুর গৌরব।
ট্‌ বিজাতিদের মাঝে বর্ণনা কর * প্রভুর গৌরব।
প্‌ সর্বজাতির মাঝে তাঁর সমস্ত আশ্চর্য কাজ ;
ট্‌ প্রভুর গৌরব।
প্‌ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
ট্‌ বিজাতিদের মাঝে বর্ণনা কর * প্রভুর গৌরব।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : তুমি * মেষগুলির পালক, তুমি প্রেরিতদূতদের প্রধান।
ঈশ্বর তোমারই হাতে তুলে দিয়েছেন স্বর্গরাজ্যের চাবিকাঠি।

২৩শে ফেব্রুয়ারী

## সাধু পলিকার্প, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে নিখিল সৃষ্টির পরমেশ্বর, তুমি বিশপ সাধু পলিকার্পকে সাক্ষ্যমরবৃন্দের গৌরবময় সংখ্যায় যুক্ত করতে প্রীত হয়েছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : তাঁর সঙ্গে খ্রীষ্টের পানপাত্রের অংশী হয়ে আমরা যেন পবিত্র আত্মার দ্বারা অনন্ত জীবনে পুনরুত্থান করতে পারি।

জাখারিয়ার গীতিকা
ধুয়ো : ছিয়াশি বছর ধরে
আমি খ্রীষ্টের সেবা করে আসছি ;
আর তিনি তো একদিনও আমার প্রতি কোন দুর্ব্যবহার করেননি,
তাহলে আমি কেন আমার রাজা, আমার মুক্তিদাতার নিন্দা করব?

**কুমারী মারীয়ার গীতিকা**
ধুয়ো : হে সর্বশক্তিমান পরমেশ্বর প্রভু,
আমি তোমাকে ধন্য বলি,
কারণ তুমি সকল সাক্ষ্যমরের সঙ্গে
আমাকেও তোমার খ্রীষ্টের পানপাত্রের অংশভাগী হবার যোগ্য করে তুলেছ।

# মার্চ

৪ঠা মার্চ

## সাধু কাসিমির

সাধারণ ব্যবস্থা : সাধু, পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, তোমার সেবা করা-ই প্রকৃত রাজ্যশাসন। আশীর্বাদ কর, সাধু কাসিমির আমাদের হয়ে প্রার্থনা করলে আমরা যেন পবিত্রতা ও ধর্মময়তার সঙ্গে তোমার অবিরত সেবা করতে পারি।

৭ই মার্চ

## সাধ্বী পার্পেতুয়া ও ফেলিসিতা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমারই ভালবাসা দ্বারা উদ্দীপিতা হয়ে সাধ্বী পার্পেতুয়া ও ফেলিসিতা নির্যাতককে তুচ্ছ ক'রে মরণযন্ত্রণার উপরে জয়ী হয়েছিলেন। তাঁদের প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর, আমরা যেন তোমার ভালবাসায় দিনে দিনে বৃদ্ধিশীল হয়ে উঠি।

জাখারিয়ার গীতিকা
ধুয়ো : সাক্ষ্যমরদের বিজয়ের দিন উদিত হল :
তাঁরা কারাবাস থেকে রঙ্গভূমির দিকে যেন স্বর্গেরই দিকে এগিয়ে গেলেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : দৃঢ়বিশ্বাসী হও, * একে অপরকে ভালবাস ;
আমাদের দুঃখকষ্টের জন্য যেন তোমাদের পদস্খলন না হয়!

৮ই মার্চ

## দেবদাস সাধু যোহন, ধর্মব্রতী

সাধারণ ব্যবস্থা : সাধু (ধর্মব্রতী অথবা সেবাব্রতী), পৃঃ ১০৩১।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি সাধু যোহনকে দয়া-মমতার আত্মায় মন্ডিত করেছিলে। আশীর্বাদ কর : দয়াকর্ম অনুশীলনে নিয়োজিত থেকে আমরা যেন তোমার রাজ্যে মনোনীতদের মধ্যে স্থান পাবার যোগ্য হয়ে উঠি।

৯ই মার্চ

## সাধ্বী ফ্রান্সিস্কা রোমানা, ধর্মব্রতিনী

সাধারণ ব্যবস্থা : সাধ্বী (ধর্মব্রতিনী), পৃঃ ১০৪৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি সাধ্বী ফ্রান্সিস্কাতে যেমন দাম্পত্য জীবনের তেমনি সন্ন্যাসজীবনেরও অপূর্ব আদর্শ তুলে ধরেছিলে। আশীর্বাদ কর : নিষ্ঠার সঙ্গে তোমার সেবায় রত থেকে আমরা যেন জীবনের যে কোন পরিস্থিতিতে তোমার অন্বেষণ করতে পারি, অনুসরণও করতে পারি।

১৭ই মার্চ

## সাধু পাট্রিক, বিশপ

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি বিশপ সাধু পাট্রিককে আয়ারল্যান্ডের মানুষের কাছে তোমার গৌরবের কথা প্রচার করতে পাঠিয়েছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর : খ্রীষ্টান নামে পরিচিতি যাদের গৌরব, তারা যেন সকল মানুষের কাছে তোমার আশ্চর্য কর্মকীর্তির কথা ঘোষণা করে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : সুতরাং তোমরা যাও, * সকল জাতিকে আমার শিষ্য কর ;
পিতা ও পুত্র ও পবিত্র আত্মা-নামের উদ্দেশে তাদের দীক্ষাস্নাত কর।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : অনেকে * পুব ও পশ্চিম থেকে এসে
আব্রাহাম, ইসায়াক ও যাকোবের সঙ্গে স্বর্গরাজ্যের ভোজে আসন পাবে।

১৮ই মার্চ

## যেরুসালেমের সাধু সিরিল, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, বিশপ সাধু সিরিলের মধ্য দিয়ে তুমি তোমার মণ্ডলীকে অধিক গভীরতার সঙ্গে পরিত্রাণ-রহস্যসকল উপলব্ধি করতে আশ্চর্যভাবে আকর্ষণ করেছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : আমরা যেন তোমার পুত্রকে এমনভাবে চিনতে পারি, যার ফলে পূর্ণতরভাবে ঐশজীবনের অধিকারী হতে পারি।

জাখারিয়ার গীতিকা
ধুয়ো : যাঁরা * ঐশশিক্ষালাভে প্রীত ছিলেন,
তাঁরা গগনতলের মতই দীপ্তিমান হয়ে উঠবেন।
যাঁরা ধর্মশিক্ষাদানে রত ছিলেন,
তাঁরা তারকারাজির মতই জাজ্বল্যমান হবেন চিরকাল।

কুমারী মারীয়ার গীতিকা
ধুয়ো : হে মহাচার্য সাধু সিরিল,
তুমি যে মণ্ডলীর পুণ্য জ্যোতি,
তুমি যে ঐশসত্যের করেছ অন্বেষণ,
আমাদের হয়ে খ্রীষ্ট প্রভুর চরণে প্রার্থনা কর।

১৯শে মার্চ

## সাধু যোসেফ, ধন্যা কুমারী মারীয়ার স্বামী

সাধারণ ব্যবস্থা : সাধু, পৃঃ ১০৩১। মহাপর্ব

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, মানবপরিত্রাণ-রহস্যের সূচনা তুমি সাধু যোসেফের বিশ্বস্ত প্রতিপালনেই ন্যস্ত করেছিলে। আশীর্বাদ কর, তাঁর প্রার্থনার পুণ্যফলে তোমার মণ্ডলী যেন সেই মানবপরিত্রাণ সাধনে নিত্য নিয়োজিত থাকে।

## ১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ৭৬৩।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : যোসেফ ঘুম থেকে জেগে উঠে
প্রভুর দূত তাঁকে যেমন আদেশ করেছিলেন, সেইমত করলেন :
তিনি নিজ স্ত্রীকে গ্রহণ করে নিলেন (আল্লেলুইয়া)।

**আহ্বান সঙ্গীত** **সাম ৯৫**

**ধুয়ো :** যিনি যোসেফকে আপন পালক-পিতা বলে মনোনীত করলেন,
এসো, ঈশ্বরপুত্র সেই খ্রীষ্টের চরণে প্রণিপাত করি (আল্লেলুইয়া)।

বিকল্প
ধুয়ো : সাধু যোসেফের মহাপর্বদিনে,
এসো, খ্রীষ্ট প্রভুর চরণে প্রণিপাত করি (আল্লেলুইয়া)।

## জাগরণী

### স্তোত্র

কত মধুর মোদের লাগে, পৃঃ ১০৮ অথবা :

১। ধন্য যোসেফের পর্ব
স্ফূর্তির সঙ্গে পালন করি :
সাধু ব্যক্তি আজ লাভ করলেন
স্বর্গীয় পুরস্কার।

২। বালক যীশু ও সুকুমারীর
তিনি করলেন প্রতিপালন :

৩। পুণ্যময় তাঁর জীবনধারণ,
তিনি সত্যি ধর্মপ্রাণ :
অদ্য সেথায় গমন করলেন
যেথায় চিরসুখ।

৪। তবেই মোরা তাঁর প্রশংসা
বিশ্ব জুড়ে করি প্রচার ;

সদাই ব্যস্ত, সদাই তৎপর,
সদাই কর্মশীল।

তাঁর পুণ্যে মোরা যেন
শান্তি করি লাভ।

৫। ধর্মপ্রাণকে যিনি করেন
স্বর্গীয় মালাতে ভূষিত,
সেই ত্রিব্যক্তি একেশ্বরের
জয় জয় হোক। (যেরোম কাসানাতে † ১৭০০)

### ১ম পর্ব

১ম ধুয়ো: লোকগণনার সেই বছরে * যোসেফ ও মারীয়া নাজারেথ থেকে
গেলেন সেই দাউদ-নগরীতে যার নাম বেথলেহেম (আল্লেলুইয়া)। সাম ১
২য় ধুয়ো: রাখালেরা ইতস্তত না করেই সেখানে গিয়ে
মারীয়া ও যোসেফ ও জাবপাত্রে শোয়ানো শিশুটিকে
খুঁজে পেল (আল্লেলুইয়া)। সাম ৪
৩য় ধুয়ো: যোসেফ * শিশুটিকে ও তাঁর মাকে সঙ্গে নিয়ে
ইস্রায়েল দেশে ফিরে গেলেন (আল্লেলুইয়া)। সাম ১১

℣ ঈশ্বর তাঁকে করে তুললেন আপন গৃহের প্রভু (আল্লেলুইয়া),
℟ তাঁর সমস্ত ধনসম্পদের কর্তা (আল্লেলুইয়া)।

### ২য় পর্ব

১ম ধুয়ো: বিধান অনুসারে * যোসেফ ও মারীয়া
শিশুটিকে মন্দিরে নিয়ে গেলেন (আল্লেলুইয়া)। সাম ১৫
২য় ধুয়ো: শিশুটি সম্বন্ধে * এই সমস্ত কথা শুনে তাঁর পিতামাতা আশ্চর্য হলেন।
সিমেয়োন তাঁদের আশীর্বাদ করলেন (আল্লেলুইয়া)। সাম ২৪
৩য় ধুয়ো: যীশুর মধুর বাণী শুনে * সকলে আশ্চর্য হয়ে যেত;
তারা বলত, এ কি যোসেফের ছেলেটি নয়? (আল্লেলুইয়া)। সাম ৯৮

℣ তোমার পরিত্রাণে তাঁর গৌরব মহান (আল্লেলুইয়া),
℟ প্রভা ও মহিমায় তাঁকে করেছ শ্রীমন্ডিত (আল্লেলুইয়া)।

### ৩য় পর্ব

ধুয়ো: বিশ্বস্ত মানুষ * হবে মহাপ্রশংসার পাত্র,
আপন প্রভুকে যে প্রতিপালন করে, সে গৌরবমন্ডিত হবে (আল্লেলুইয়া)।

℣ ধার্মিক মানুষ ফুটে উঠবে লিলিফুলের মত (আল্লেলুইয়া):
℟ প্রভুর সামনে বিকশিত হবে চিরকাল (আল্লেলুইয়া)।

**স্তোত্র:** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা:** এমন সুসমাচার বেছে নিতে হয় যা মিসায় পাঠ করা হয় না:
-মথি ১:১৬,১৮-২১,২৪ক কিংবা লুক ২:৪১-৫১ক।
**স্তোত্র:** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

কত মধুর মোদের লাগে, পৃঃ ১০৮ অথবা:

১। স্বর্গের ভূষণ ধন্য যোসেফ,
পুণ্য জীবনের দিশারী,
শোন গো মোদের মিনতি,
গ্রহণ কর মোদের স্তুতি।

২। স্রষ্টার ইচ্ছায় তুমি ছিলে
বালক যীশুর পালক-পিতা,
কুমারীর পুণ্যবান স্বামী,
ত্রাণের সার্থক মঙ্গলকামী।

৩। মুক্তিদাতার জন্মলগ্নে
ধন্যা সুকুমারীর সঙ্গে
তাঁরই পূজায় হয়ে নত
প্রথম তুমিই থাকলে রত।

৪। যিনি সনাতন রাজেশ্বর,
যাঁরই কথায় পাতাল কাঁপে,
বিশ্বের অধিপতি যিনি,
তোমায় বাধ্য ছিলেন তিনি।

৫। জয় হোক সেই পরম ত্রিত্বের
যিনি তোমায় দিলেন গৌরব;
তব পুণ্যে রেখে আশা
করি স্বর্গেরই প্রত্যাশা। (যেরোম কাসানাতে † ১৭০০)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো: প্রতি বছর * যীশুর পিতামাতা
পাস্কাপর্ব উপলক্ষে যেরুসালেমে যেতেন (আল্লেলুইয়া)।

২য় ধুয়ো: তাঁরা * বাড়ির দিকে রওনা হলেন আর যীশু যেরুসালেমে রয়ে গেলেন,
কিন্তু তাঁর পিতামাতা তা জানতেন না (আল্লেলুইয়া)।

৩য় ধুয়ো: তাঁকে না পেয়ে * তাঁরা খুঁজতে খুঁজতে যেরুসালেমে ফিরে গেলেন।
তিন দিন পর তাঁরা মন্দিরেই তাঁর খোঁজ পেলেন;
তিনি শাস্ত্রগুরুদের মধ্যে বসে তাঁদের কথা শুনছিলেন
এবং তাঁদের প্রশ্ন করছিলেন (আল্লেলুইয়া)।

৪র্থ ধুয়ো: বৎস, * আমাদের প্রতি এ তোমার কেমন ব্যবহার?
দেখ, তোমার পিতা ও আমি ব্যাকুল হয়েই তোমাকে খুঁজছিলাম (আল্লেলুইয়া)।

৫ম ধুয়ো: যীশু * তাঁদের সঙ্গে নাজারেথে ফিরে গেলেন;
তিনি তাঁদের প্রতি বাধ্য হয়ে থাকলেন (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **২ সামু ৭:২৮-২৯**

হে প্রভু ঈশ্বর, তুমিই তো পরমেশ্বর! তোমার বাণীসকল সত্য এবং এ যে সমস্ত কথা তুমি তোমার এই দাসকে বলছ, তা মঙ্গলকর। এখন অনুগ্রহ করে তুমি তোমার এই দাসের কুলকে আশীর্বাদ কর, তা যেন চিরকাল ধরে তোমার সম্মুখে থাকতে পারে। কারণ তুমি, হে প্রভু পরমেশ্বর, তুমি তো কথা বলেছ, এবং তোমার আশীর্বাদ গুণে তোমার এই দাসের কুল আশিসমন্ডিত হবে চিরকাল।

**শ্লোক**

℣ ঈশ্বর তাঁকে করে তুললেন * আপন গৃহের প্রভু;
℟ ঈশ্বর তাঁকে করে তুললেন * আপন গৃহের প্রভু;
℣ এবং তাঁর সমস্ত ধনসম্পদের কর্তা,
℟ আপন গৃহের প্রভু।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ ঈশ্বর তাঁকে করে তুললেন * আপন গৃহের প্রভু।

পাস্কাকাল

℣ ঈশ্বর তাঁকে করে তুললেন আপন গৃহের প্রভু। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ ঈশ্বর তাঁকে করে তুললেন আপন গৃহের প্রভু। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ এবং তাঁর সমস্ত ধনসম্পদের কর্তা।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ ঈশ্বর তাঁকে করে তুললেন আপন গৃহের প্রভু। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : যীশু * যখন প্রচারকর্ম শুরু করেন,
তখন তাঁর বয়স ত্রিশ বছর।
তিনি—লোকদের ধারণায়—যোসেফের সন্তান (আল্লেলুইয়া)।

**মিনতি নিবেদন**

যিনি যত মঙ্গলদান ও পবিত্রতার উৎস, আসুন, সেই প্রভুকে মিনতি জানাই :

*হে প্রভু, তোমার জনগণকে পরিত্রাণ কর।*

-হে প্রভু ঈশ্বর, তুমি আমাদের পিতৃপুরুষদের ধর্মবিশ্বাসে আহ্বান করেছিলে তাঁরা যেন বিশ্বস্ততা ও ধর্মময়তার সঙ্গেই তোমার সম্মুখে চলেন। সহায়তা কর, আমরা যেন সুসমাচারের আদর্শ অনুসারে চলতে পারি।

-তুমি বালক যীশুর প্রতিপালক ও পরিচালক হিসাবে সাধু যোসেফকেই মনোনীত করেছিলে। তোমার কৃপায় আমরাও যেন প্রতিবেশীর সেবা ক'রে খ্রীষ্টেরই সেবা করতে পারি।

-তুমি এই পৃথিবী মানুষেরই হাতে তুলে দিয়েছিলে, মানুষ যেন যথোচিত মর্যাদার সঙ্গে জীবন যাপন করতে পারে। আশীর্বাদ কর, আমরা যেন তোমার নামের গৌরবার্থে সার্বিক ন্যায় ও শান্তির জন্য কাজ করি।

-হে পিতা, তোমার হাতের রচনা এই মানবজাতিকে স্মরণে রাখ। কৃপা কর, প্রতিটি মানুষ একটা স্থায়ী কাজ পেয়ে যেন প্রকৃত স্বাধীন মানুষেরই মত জীবনধারণ করতে পারে।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : প্রতি বছর * যীশুর পিতামাতা
পাস্কাপর্ব উপলক্ষে যেরুসালেমে যেতেন (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **প্রবচন ২:৭-৮**

প্রভু ন্যায়বানদের জন্য তাঁর রক্ষা গচ্ছিত রাখেন, যারা সততায় চলে, তিনি তাদের ঢাল। কেননা যারা ন্যায়পথে চলে, তিনি তাদের রক্ষা করেন, তাঁর ভক্তদের সমস্ত পথের উপর দৃষ্টি রাখেন।

℣ ঈশ্বর তাঁকে করে তুললেন আপন গৃহের প্রভু (আল্লেলুইয়া),
℟ এবং তাঁর সমস্ত ধনসম্পদের কর্তা (আল্লেলুইয়া)।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : তাঁরা * বাড়ির দিকে রওনা হলেন আর যীশু যেরুসালেমে রয়ে গেলেন,
কিন্তু তাঁর পিতামাতা তা জানতেন না (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **প্রজ্ঞা ১০:১০**

প্রজ্ঞা প্রবাসী ধার্মিক মানুষকে ন্যায় পথে চালনা করল, তাকে দেখাল ঈশ্বরের রাজ্য, তাকে দিল পবিত্র যত বিষয়ের জ্ঞান, তার পরিশ্রমে তাকে সফলতা দিল, বাড়িয়ে দিল তার শ্রমের ফল।

℣ তার ঘরে কত ঐশ্বর্য, কত ধন (আল্লেলুইয়া),
℟ তার ধর্মময়তা চিরস্থায়ী (আল্লেলুইয়া)।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : যীশু * তাঁদের সঙ্গে নাজারেথে ফিরে গেলেন ;
তিনি তাঁদের প্রতি বাধ্য হয়ে থাকলেন (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **সিরা ২:১৫-১৬**

যারা প্রভুকে ভয় করে, তারা তাঁর কোন বাণী অমান্য করে না, আর যারা তাঁকে ভালবাসে, তারা তাঁর পথসকল পালন করে। যারা প্রভুকে ভয় করে, তারা তাঁর মঙ্গল-ইচ্ছার অন্বেষণ করে, আর যারা তাঁকে ভালবাসে, তারা ঐশবিধানে তৃপ্তি পাবে।

℣ তোমার পরিত্রাণে তাঁর গৌরব মহান (আল্লেলুইয়া),
℟ প্রভা ও মহিমায় তাঁকে করেছ শ্রীমন্ডিত (আল্লেলুইয়া)।

## ২য় সন্ধ্যারতি

### স্তোত্র

কত মধুর মোদের লাগে, পৃঃ ১০৮ অথবা :

১। জয় জয়, ধন্য যোসেফ,
কুমারীর পুণ্যবান স্বামী !
তব স্তুতি স্বর্গের ওষ্ঠে,
তব স্তবগান মর্তের কণ্ঠে।

২। পরমাত্মারই প্রভাবে
কুমারী গর্ভস্থা হলে
সেই দূত তোমায় নিদ্রাগত
সবই করান অবগত।

৩। স্মরণ করি : তব স্নেহে
শিশু সেই প্রভুকে পালন,
সঙ্কটে মিশরে যাত্রা,
মন্দিরে নেই খোঁজের মাত্রা।

৪। যত সাধুসাধ্বীর চেয়ে
স্বর্গে তব গৌরব মহৎ :
যীশুর পাশেই তব আসন,
অধিক উজ্জ্বল তব ভূষণ।

৫। ওগো ত্রিত্ব পরমেশ্বর,
তাঁরই পুণ্যে কর মঞ্জুর,
মোরাও যেন স্বর্গধামে
রত থাকি স্তুতিগানে। (যেরোম কাসানাতে † ১৭০০)

১ম ধুয়ো : প্রতি বছর * যীশুর পিতামাতা
পাস্কাপর্ব উপলক্ষে যেরুসালেমে যেতেন (আল্লেলুইয়া)। সাম ১১০
২য় ধুয়ো : তাঁরা * বাড়ির দিকে রওনা হলেন আর যীশু যেরুসালেমে রয়ে গেলেন,
কিন্তু তাঁর পিতামাতা তা জানতেন না (আল্লেলুইয়া)। সাম ১১১
৩য় ধুয়ো : তাঁকে না পেয়ে * তাঁরা খুঁজতে খুঁজতে যেরুসালেমে ফিরে গেলেন।
তিন দিন পর তাঁরা মন্দিরেই তাঁর খোঁজ পেলেন ;
তিনি শাস্ত্রগুরুদের মধ্যে বসে তাঁদের কথা শুনছিলেন
এবং তাঁদের প্রশ্ন করছিলেন (আল্লেলুইয়া)। সাম ১১২
৪র্থ ধুয়ো : বৎস, * আমাদের প্রতি এ তোমার কেমন ব্যবহার ?
দেখ, তোমার পিতা ও আমি ব্যাকুল হয়েই তোমাকে খুঁজছিলাম (আল্লেলুইয়া)। সাম ১১৩
৫ম ধুয়ো : যীশু * তাঁদের সঙ্গে নাজারেথে ফিরে গেলেন ;
তিনি তাঁদের প্রতি বাধ্য হয়ে থাকলেন (আল্লেলুইয়া)। গীতিকা—১ম সন্ধ্যাঃ এফে
২য় সন্ধ্যাঃ প্রত্যা ১৫

**বাণী পাঠ** **কল ৩:২৩-২৪**

তোমরা যা কিছু কর না কেন, মনপ্রাণ দিয়ে প্রভুরই জন্য তা কর, মানুষের জন্য নয়, একথা জেনে যে, প্রভুর কাছ থেকে তোমরা মজুরি হিসাবে সেই উত্তরাধিকার পাবে। খ্রীষ্টই সেই প্রভু যাঁর সেবায় তোমরা নিযুক্ত।

**শ্লোক**

℣ ধার্মিক মানুষ ফুটে উঠবে * লিলিফুলের মত।

℟ ধার্মিক মানুষ ফুটে উঠবে * লিলিফুলের মত।

℣ প্রভুর সামনে বিকশিত হবে চিরকাল

℟ লিলিফুলের মত।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ ধার্মিক মানুষ ফুটে উঠবে * লিলিফুলের মত।

পাস্কাকাল

℣ ধার্মিক মানুষ ফুটে উঠবে লিলিফুলের মত। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ ধার্মিক মানুষ ফুটে উঠবে লিলিফুলের মত। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ প্রভুর সামনে বিকশিত হবে চিরকাল।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ ধার্মিক মানুষ ফুটে উঠবে লিলিফুলের মত। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: তিনি * সেই বিশ্বস্ত ও বুদ্ধিমান গৃহাধ্যক্ষ,
যাঁকে তাঁর প্রভু নিজ পরিবার-পরিজনদের উপরে নিযুক্ত করলেন (আল্লেলুইয়া)।

**মিনতি নিবেদন**

যিনি স্বর্গমর্তের নিখিল সৃষ্টজীবদেরই পিতা, আসুন, সেই ঈশ্বরের কাছে সমবেত কণ্ঠে মিনতি জানাই:

*হে আমাদের স্বর্গস্থ পিতা, আমাদের প্রার্থনা শোন।*

-তুমি খ্রীষ্টের রহস্যাবৃত মর্মসত্য সাধু যোসেফকেই প্রকাশ করেছিলে। সহায়তা কর, যিনি আমাদের পরিত্রাণের জন্য মানুষ হলেন, আমরা যেন তোমার সেই পুত্রকে অধিক জানতে ও ভালবাসতে পারি।

-তুমি তো আকাশের পাখিদের জন্য আহার যোগাও, তুমি তো মাঠের ফুল অলঙ্কৃত কর। সকল মানুষকে দৈনিক খাদ্য দান কর।

-তোমার সৃষ্টিকার্য তুমি মানুষেরই হাতে তুলে দিয়েছ। সকল শ্রমিক, সকল কৃষককে দান কর তাদের শ্রমের উপযুক্ত পুরস্কার।

-তুমি পবিত্রতার উৎস, তুমি সকল মানুষকে তোমার মত পবিত্র হতে ডাক। কৃপা কর, সাধু যোসেফের প্রার্থনার পুণ্যফলে আমরা যেন জীবনের সকল দিন পবিত্রতা ও ধর্মময়তার সঙ্গে তোমার পথে চলতে পারি।

-মরণাপন্ন ও পরলোকগত ব্যক্তিদের উপর সদয় দৃষ্টিপাত কর। তাঁরা যীশু, যোসেফ ও মারীয়ার সঙ্গে চির সুখ লাভ করুন।

২১শে মার্চ

## আমাদের পুণ্য পিতা বেনেডিক্টের উত্তরণ

সাধারণ ব্যবস্থা: সন্ন্যাসী, পৃঃ ১০১০। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার মঙ্গলবিধানে ধন্য আব্বা বেনেডিক্ট তোমার পুত্রের আত্মিক প্রেরণায় পরিপূর্ণ হয়ে

সন্ন্যাসজীবনের উজ্জ্বল আদর্শগুরু হয়ে উঠেছিলেন। অনুনয় করি তোমায়: আমরা যারা আজ স্বর্গে তাঁর উত্তরণের কথা স্মরণ করি, যেন ভালবাসা ও গৌরবের শীর্ষস্থানের দিকে ধাবিত হতে পারি।

## ১ম সন্ধ্যারতি

পর্বটি মহাপর্ব বলে উদ্‌যাপন করলে, তবে ১ম সন্ধ্যারতি অনুষ্ঠান অবশ্যপালনীয়। নিম্নের অংশ ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ৭৭১।

১ম ধুয়ো: বেনেডিক্ট * পুণ্য জীবনের এমন একটি মানুষ ছিলেন,
যিনি অনুগ্রহে ও নামেও সত্যি আশিসধন্য (আল্লেলুইয়া)। সাম ১১০
২য় ধুয়ো: বাল্যকাল থেকে * তিনি প্রবীণেরই যোগ্য মন দেখিয়ে
নিজের আত্মাকে যত কামনা-বাসনা থেকে বিরত রাখলেন (আল্লেলুইয়া)। সাম ১১২
৩য় ধুয়ো: সম্ভ্রান্ত বংশের বেনেডিক্টকে * উচ্চশিক্ষা লাভের জন্য
নুর্সিয়া থেকে রোমে পাঠানো হল (আল্লেলুইয়া)। সাম ১১৩
৪র্থ ধুয়ো: সংসারের ঐশ্বর্য * ভোগ করতে পারলেও
তিনি সংসারকে নীরস বস্তুই যেন তুচ্ছ করলেন (আল্লেলুইয়া)। সাম ১১৬ খ
৫ম ধুয়ো: পিতৃগৃহ * ও পৈতৃক সম্পদ ত্যাগ করে
কেবল ঈশ্বরের কাছে গ্রহণীয় হবার বাসনায়
তিনি সন্ন্যাস-জীবন ধারণ করলেন (আল্লেলুইয়া)। গীতিকা প্রত্যা ১৫
(পাস্কাকালে) প্রত্যা ১৯

**বাণী পাঠ** সিরা ৫০:৬-৭

দেখ, ইনিই মহান প্রভুভক্ত: মেঘপুঞ্জের মধ্যে প্রভাতী তারার মত, পূর্ণিমার রাতে জ্যোৎস্নার মত, পরাৎপরের মন্দিরের উপরে জাজ্বল্যমান সূর্যের মত।

**শ্লোক**

℣ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।
℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।
℣ আমরা যেন খ্রীষ্টের অঙ্গীকারের যোগ্য হয়ে উঠি,
℟ আমাদের হয়ে প্রার্থনা কর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।

পাস্কাকাল

℣ হে পুণ্য পিতা বেনেডিক্ট, আমাদের হয়ে প্রার্থনা কর। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, আমাদের হয়ে প্রার্থনা কর। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আমরা যেন খ্রীষ্টের অঙ্গীকারের যোগ্য হয়ে উঠি।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, আমাদের হয়ে প্রার্থনা কর। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: মহাপ্রাণ পিতা বেনেডিক্টের গৌরবের জন্য
ভক্তবৃন্দ আনন্দ করুক, সন্ন্যাসীর অসংখ্য দল আনন্দে মেতে উঠুক:
মর্তবাসীরা যাঁর পর্ব পালনে উল্লসিত,
স্বর্গবাসীরা তাঁর উপস্থিতিতে মহা মুখরিত (আল্লেলুইয়া)।

**আহ্বান সঙ্গীত** **সাম ৯৫**

**ধুয়ো :** আমাদের পুণ্য পিতা বেনেডিক্টের পর্বদিনে,
এসো, আমাদের পরমেশ্বরের প্রশংসাবাদ করি (আল্লেলুইয়া)।

বিকল্প

**ধুয়ো :** যিনি আমাদের পুণ্য পিতা বেনেডিক্টকে ঐশঅনুগ্রহে পরিপূর্ণ করেছেন,
এসো, সেই প্রভুর চরণে প্রণিপাত করি (আল্লেলুইয়া)।

## জাগরণী

### স্তোত্র

১। ওঠ, হে বেনেডিক্ট, ওঠ,
গুহা ছেড়ে এবার এসো :
মানবসংসার তোমায় ডাকে,
সর্বজ্ঞাতই তব গুণ।

২। এসো ভক্তি করতে উজ্জ্বল,
এসো নীতি করতে সংস্কার ;
তব পুণ্যে আকর্ষিত
তব সকল শিষ্য হে।

৩। সেই কাসিনো পর্বতশীর্ষে
গড় নব এক মঠাশ্রম ;
সবে খ্রীষ্টভক্ত হবে :
প্রচার কর যীশুনাম।

৪। পর্বতশীর্ষে স্বয়ং ঈশ্বর
তব অন্তর করলেন স্পর্শ ;
তিনি নব এক সমাজের
তোমায় পিতা করলেন হে।

৫। তুমি লিখলে এমন নিয়ম
দিব্য জীবনের যা দর্পণ :
সেথায় পিতার মন বিরাজে,
মেনে চলব তাঁর আদেশ।

৬। যাঁদের বিভা তব জীবন
করে তুলল আলোকিত,
সে-ই পিতা, পুত্র, আত্মা
হোন পূজিত চিরকাল। (হাঙ্গেরীর সন্ন্যাস-প্রাহরিক উপাসনা)

### ১ম পর্ব

১ম ধুয়ো : প্রভু * তাঁর পুণ্য জীবন ও পরিপক্ক ধর্মশিক্ষার জন্যই তাঁকে বেছে নিলেন,
তিনি যেন হন সন্ন্যাসীদের পরিচালক ও বিধানকর্তা (আল্লেলুইয়া)। সাম ১

২য় ধুয়ো : যত মঙ্গল, * যত পুণ্য,
তা বেনেডিক্ট কথার চেয়ে কাজেই প্রকাশ করলেন (আল্লেলুইয়া)। সাম ১৫

৩য় ধুয়ো : পিতা বেনেডিক্ট * আমাদের জন্য
প্রভুসেবার একটা শিক্ষালয় প্রতিষ্ঠা করলেন,
আমরা যেন সন্ন্যাসজীবন ও বিশ্বাসে অগ্রসর হতে হতে
ঐশ আজ্ঞাবলির পথে দৌড়িয়েই চলি (আল্লেলুইয়া)। সাম ২৪

℣ প্রভু তাঁকে ভালবেসেছেন, তাঁকে অলঙ্কৃত করেছেন (আল্লেলুইয়া) ;
℟ গৌরব-বসনে তাঁকে পরিবৃত করেছেন (আল্লেলুইয়া)।

### ২য় পর্ব

১ম ধুয়ো : পূর্ণ সচেতনতার সঙ্গে * নিজেকে অজ্ঞ ক'রে কিন্তু প্রজ্ঞায়ই দীক্ষাপ্রাপ্ত হয়ে
তিনি সংসার ত্যাগ করলেন (আল্লেলুইয়া)। সাম ৬৫

২য় ধুয়ো : বেনেডিক্টের অন্তরে
ঐশঅনুগ্রহ বৃদ্ধি পেত দিনের পর দিন (আল্লেলুইয়া)। সাম ৮৪

৩য় ধুয়ো : ঐশপ্রেরণা
তাঁর অন্তরে এমন অনুগ্রহ সঞ্চার করছিল যে
তিনি যেন সূর্যের একটিমাত্র কিরণের আলোতেই
সমগ্র জগৎকে দেখতে পেতেন (আল্লেলুইয়া)। সাম ৯২

℣ ধার্মিকের মুখ ব্যক্ত করে প্রজ্ঞার বাণী (আল্লেলুইয়া),
℟ তার জিহ্বা বলে ন্যায়ের কথা (আল্লেলুইয়া)।

### ৩য় পর্ব

ধুয়ো : যিনি ছিলেন * বিখ্যাত নবী, যিনি ছিলেন আদর্শ গুরু,
এসো, সেই ধন্য বেনেডিক্টের গুণগান করি (আল্লেলুইয়া)।

℣ প্রভু ধার্মিক মানুষকে ন্যায় পথে চালনা করলেন (আল্লেলুইয়া),
℟ তাকে দেখালেন ঈশ্বরের রাজ্য (আল্লেলুইয়া)।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** এমন সুসমাচার বেছে নিতে হয় যা মিসায় পাঠ করা হয় না :
লুক ৯:৫৭-৬২ কিংবা যোহন ১৭:২০-২৬।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। সূর্যের জ্যোতি কত উজ্জ্বল!
আজ যে তব পর্বদিবস,
ওগো বেনেডিক্ট, কী গৌরব!
তব পুণ্যেরই কী সৌরভ।

২। স্বর্গদূতগণ আনন্দিত,
কুলপতি, নবীসকল,
প্রেরিতদূতগণ বলেন সবে :
এসো সনাতন গৌরবে।

৩। তুমি মোদের পিতা ও গুরু,
মোদের উপর দৃষ্টি রেখ,
পূর্ণ কর মোদের অন্তর
খ্রীষ্টভক্তিতে নিরন্তর।

৪। তুমি মোদের পরিচালক,
সন্ন্যাসজীবনের আদর্শ ;
গ্রহণ কর মোদের স্তুতি ;
এসো, সবে মেতে উঠি।

৫। তব যাচনা শুনে, খ্রীষ্ট
যত পাপ করুন ক্ষমা,
তোমার সাথে স্বর্গে ঢুকে
অংশী হব ঐশসুখে। (আল্ফানুস সালের্নিতানুস)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।
১ম ধুয়ো : বেনেডিক্ট * পুণ্য জীবনের একটি মানুষ ছিলেন,
যিনি অনুগ্রহে ও নামেও সত্যি আশিসধন্য (আল্লেলুইয়া)।
২য় ধুয়ো : ধন্য বেনেডিক্ট * সংসারের প্রশংসার চেয়ে
তার নিপীড়নের অন্বেষণ করলেন ;
মানুষের দ্বারা কীর্তিত হওয়ার চেয়ে
ঈশ্বরের জন্য কঠোর পরিশ্রম করতে ভালবাসলেন (আল্লেলুইয়া)।
৩য় ধুয়ো : প্রভুর ধন্য সন্ন্যাসী বেনেডিক্ট * স্বর্গদূতেরই মত জীবনযাপন ক'রে
জগতের কাছে হলেন পুণ্যকর্মের দর্পণ :
এজন্য তিনি এখন খ্রীষ্টের সঙ্গে
স্বর্গধামে আনন্দ করেন চিরকালের মত (আল্লেলুইয়া)।

৪র্থ ধুয়ো : প্রভুভক্ত বেনেডিক্টের মুখমণ্ডলে * প্রকাশ পেত শান্তি ;
তাঁর আচরণ ছিল স্বর্গদূতেরই মত ;
তাঁর চারদিকে এমন বিভা প্রস্ফুটিত ছিল
তিনি ঠিক যেন মর্তলোকে থেকেও স্বর্গলোকেই বাস করতেন (আল্লেলুইয়া)।
৫ম ধুয়ো : প্রভুভক্ত বেনেডিক্ট * সকল ধার্মিকদের প্রেরণায় পরিপূর্ণ ছিলেন :
তিনি সকল সন্ন্যাসী-সন্ন্যাসিনীর হয়ে প্রার্থনা করুন (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** রো ১২:১-২

ভাই, ঈশ্বরের শত করুণার খাতিরেই আমি তোমাদের অনুরোধ করছি, তোমরা নিজেদের দেহ উৎসর্গ কর এক জীবন্ত, পবিত্র, ঈশ্বরের গ্রহণীয় যজ্ঞরূপে—এই তো তোমাদের চেতনাপূর্ণ উপাসনা। তোমরা এই যুগধর্মের অনুরূপ হয়ো না, বরং মনের নবীকরণ দ্বারা নিজেদের রূপান্তরিত কর, যেন নির্ণয় করতে পার ঈশ্বরের ইচ্ছা কী—কীইবা শ্রেয়, গ্রহণীয় ও নিখুঁত।

**শ্লোক**

℣ প্রভু তাঁকে ভালবেসেছেন, * তাঁকে অলঙ্কৃত করেছেন।
℟ প্রভু তাঁকে ভালবেসেছেন, * তাঁকে অলঙ্কৃত করেছেন।
℣ গৌরব-বসনে তাঁকে পরিবৃত করেছেন ;
℟ তাঁকে অলঙ্কৃত করেছেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু তাঁকে ভালবেসেছেন, * তাঁকে অলঙ্কৃত করেছেন।

পাস্কাকাল

℣ প্রভু তাঁকে ভালবেসেছেন, তাঁকে অলঙ্কৃত করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু তাঁকে ভালবেসেছেন, তাঁকে অলঙ্কৃত করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ গৌরব-বসনে তাঁকে পরিবৃত করেছেন ;
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু তাঁকে ভালবেসেছেন, তাঁকে অলঙ্কৃত করেছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : হে প্রভুর ধন্য সাক্ষ্যদাতা, * হে সন্ন্যাসীদের পিতা ও পরিচালক বেনেডিক্ট,
আমাদের ও সকলের পরিত্রাণের জন্য প্রার্থনা কর (আল্লেলুইয়া)।

**মিনতি নিবেদন**

যিনি আমাদের সত্যকার রাজা ও সদ্‌গুরু, মঠবাসী হয়ে আমরা আমরণ যাঁর অধীনে সেবা করতে আগ্রহী, আসুন, বিনম্রচিত্তে সেই খ্রীষ্ট প্রভুর কাছে আবেদন জানাই :

*হে প্রভু, কেবল তোমাতেই আরাম পায় আমাদের অন্তর।*

-তোমার ইচ্ছা, তোমার শিষ্যেরা ঐশবাণী শ্রবণে রত থাকবে। সহায়তা কর, হৃদয় দিয়ে তোমার বাণী কান পেতে শুনে আমরা যেন পুঙ্খানুপুঙ্খ রূপে তোমার সেবা করতে পারি।

-অবাধ্যতার অলসতার দরুন আমরা পিতা থেকে দূরে সরে গেছিলাম। কৃপা কর, নিজেদের যত কামনা-বাসনা পরিত্যাগ ক'রে সুসমাচারের পরিচালনায় ও বাধ্যতার পরিশ্রমের মধ্য দিয়ে আমরা যেন পিতার কাছে ফিরে যেতে পারি।

*হে প্রভু, কেবল তোমাতেই আরাম পায় আমাদের অন্তর।*

-তোমার পথ সরু ও সঙ্কীর্ণ। সাহায্য কর, সন্ন্যাসজীবনে ও বিশ্বাসে অগ্রসর হতে হতে আমরা যেন ঐশপ্রেমের অনির্বচনীয় মাধুর্যে প্লাবিত অন্তরে তোমার আজ্ঞাবলির পথে ধাবিত হতে পারি।

-আমাদের চোখ দিব্য আলোর দিকে খুলে দাও, আমাদের কান উন্মুক্ত কর, আমরা যেন তোমার দৈনন্দিন বাণীতে সাড়া দিতে পারি।

-তুমি আমাদের পরম অবলম্বন। আশীর্বাদ কর, তোমার ঊর্ধ্বে কিছুকে স্থান না দিয়ে আমরা যেন সানন্দে তোমার অবিরত প্রশংসা গান করতে পারি।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : বেনেডিক্ট * পুণ্য জীবনের একটি মানুষ ছিলেন,
যিনি অনুগ্রহে ও নামেও সত্যি আশিসধন্য (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **গা ৬:৭খ-৮**

মানুষ যেমন বীজ বুনবে, ঠিক তেমন ফসলই পাবে। নিজ মাংসে যে বোনে, সে মাংস থেকে ক্ষয়ের ফসল পাবে; তেমনি আত্মায় যে বোনে, সে আত্মা থেকে পাবে অনন্ত জীবনের ফসল।

℣ প্রভু ন্যায়মার্গে বিনম্রদের চালনা করেন (আল্লেলুইয়া),
℟ বিনম্রদের শিখিয়ে দেন তাঁর আপন পথ (আল্লেলুইয়া)।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : ধন্য বেনেডিক্ট * সংসারের প্রশংসার চেয়ে
তার নিপীড়নের অন্বেষণ করলেন;
মানুষের দ্বারা কীর্তিত হওয়ার চেয়ে
ঈশ্বরের জন্য কঠোর পরিশ্রম করতে ভালবাসলেন (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **১ করি ৯:২৬-২৭**

আমি তো দৌড়োই বটে, কিন্তু লক্ষ্যহীন ভাবে নয়! মুষ্টিযুদ্ধ করি, কিন্তু শূন্যে আঘাত ক'রে নয়! আমি বরং আমার দেহ কঠোরভাবে শাসন ক'রে নিয়ন্ত্রণেই রাখি।

℣ সুখী সেই মানুষ, যাকে তুমি শাসন কর, প্রভু (আল্লেলুইয়া);
℟ যাকে তোমার বিধানের কথা শেখাও (আল্লেলুইয়া)।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : প্রভুভক্ত বেনেডিক্ট * সকল ধার্মিকদের প্রেরণায় পরিপূর্ণ ছিলেন:
তিনি সকল সন্ন্যাসী-সন্ন্যাসিনীর হয়ে প্রার্থনা করুন (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **ফিলি ৪:৮,৯খ**

ভাই, যা কিছু সত্য, শ্রদ্ধার যোগ্য, ধর্মসম্মত ও পুণ্যময়, প্রীতিকর, শুভদায়ক, সদ্‌গুণমণ্ডিত ও প্রশংসনীয়, তোমরা তারই অনুধ্যান কর। তাহলে শান্তিবিধাতা ঈশ্বর তোমাদের সঙ্গে থাকবেন।

℣ যারা তোমাতে ভরসা রাখে, তারা আনন্দে মেতে উঠুক (আল্লেলুইয়া),
℟ তারা চিরকাল আনন্দ করবে আর তুমি তাদের মাঝে বাস করবে (আল্লেলুইয়া)।

# (২য়) সন্ধ্যারতি

## স্তোত্র

১। হে বেনেডিক্ট, মোদের পিতা,
হে সন্ন্যাসীদের আদর্শ,
হে শ্রীযীশুর উজ্জ্বল মুক্তা,
সংসার থেকে কর রক্ষা।

২। হে তপস্বী ধন্য পিতা,
ভক্তি-সাধনার আদর্শ,
কঠোর পরিশ্রমের দর্পণ,
মোদের শক্তি কর অর্পণ।

৩। আকাশ পানে চক্ষু তুলে
তুমি একদিন দেখতে পেলে:
ভগ্নীর আত্মা সংসার ছেড়ে
কপোত যেনই স্বর্গে ওড়ে।

৪। তেমন দৃশ্য পেয়ে তুমি
স্বর্গধাম অন্বেষণ করলে।
উজ্জ্বল প্রভা, দিব্য জ্যোতি,
স্বর্গে বাজে তব স্তুতি।

৫। তবে তব নিয়ম-পথে
যারা স্বর্গধাম অন্বেষে,
যাদের সন্ধান দিব্য কান্তি,
তারা যেন লাভে শান্তি।

৬। স্বর্গমর্তের যিনি স্রষ্টা,
বিশ্বের গতি যাঁরই হাতে,
সেই মহেশ্বর হোন বন্দিত,
বিশ্বজুড়ে হোন কীর্তিত।

১ম ধুয়ো: মৃত্যুর ছয় দিন আগে * বেনেডিক্ট নির্দেশ দিলেন (পূজনীয় পিতর † ১১৫৬)
তাঁর সমাধিমন্দির যেন খোলা হয় (আল্লেলুইয়া)। সাম ১১০

২য় ধুয়ো: ছয় দিন পরে * তাঁকে প্রার্থনাগৃহে আনা হল।
তিনি পাথেয়রূপে খ্রীষ্টের দেহরক্ত গ্রহণ করলেন (আল্লেলুইয়া)। সাম ১১২

৩য় ধুয়ো: সন্ন্যাসী ভাইদের উপর * দুর্বল শরীর ভর দিয়ে
দু'হাত বাড়িয়ে সকলের স্তুতিবন্দনায় যোগ দিতে দিতে
তিনি প্রাণত্যাগ করলেন (আল্লেলুইয়া)। সাম ১১৩

৪র্থ ধুয়ো: আশিসধন্য বেনেডিক্ট
নিখিল সন্ন্যাসী-সন্ন্যাসিনীর হয়ে প্রার্থনা করুন (আল্লেলুইয়া) সাম ১১৬ খ

৫ম ধুয়ো: সংসারের মায়া তুচ্ছ ক'রে * প্রভুভক্ত বেনেডিক্ট জীবন-সংগ্রামে জয়ী হলেন,
কথায় কর্মে তিনি আপন সম্পদ স্বর্গেই সঞ্চয় করলেন (আল্লেলুইয়া)। গীতিকা প্রত্যা ৪

**বাণী পাঠ** **রো ৮:২৮-৩০**

আমরা তো জানি, যারা ঈশ্বরকে ভালবাসে, তাঁর সঙ্কল্প অনুসারে যারা আহূত, সবকিছুই তাদের মঙ্গলের উদ্দেশে কার্যকর হয়ে ওঠে, কেননা আগে থেকে যাদের জানতেন, তাদের তিনি তাঁর আপন পুত্রের প্রতিমূর্তির অনুরূপ হবার জন্য আগে থেকে নিরূপণও করেছিলেন, তিনি যেন বহু ভ্রাতার মধ্যে প্রথমজাত হতে পারেন। আর আগে থেকে যাদের তিনি নিরূপণ করেছিলেন, তাদের আহ্বানও করেছেন; এবং যাদের আহ্বান করেছেন, তাদের ধর্মময় বলেও সাব্যস্ত করেছেন; এবং যাদের ধর্মময় বলে সাব্যস্ত করেছেন, তাদের গৌরবান্বিতও করেছেন।

**শ্লোক**

℣ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।
℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।
℣ আমরা যেন খ্রীষ্টের অঙ্গীকারের যোগ্য হয়ে উঠি,
℟ আমাদের হয়ে প্রার্থনা কর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।

পাস্কাকাল

℣ হে পুণ্য পিতা বেনেডিক্ট, আমাদের হয়ে প্রার্থনা কর। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, আমাদের হয়ে প্রার্থনা কর। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আমরা যেন খ্রীষ্টের অঙ্গীকারের যোগ্য হয়ে উঠি।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, আমাদের হয়ে প্রার্থনা কর। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

### কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: আজ * ধন্য বেনেডিক্ট শিষ্যদের চোখের সামনে স্বর্গে আরোহণ করলেন;
আজ দু'হাত তুলে তিনি প্রার্থনা করতে করতে প্রাণত্যাগ করলেন:
আজ স্বর্গদূতদের দ্বারা
তিনি ঐশগৌরবে উন্নীত হলেন (আল্লেলুইয়া, আল্লেলুইয়া)।

### মিনতি নিবেদন

আমাদের পুণ্য পিতা বেনেডিক্টের এই উত্তরণ-পর্বদিনে, আসুন, ভক্তিভরে পরম পিতার প্রতিমূর্তি সেই যীশুখ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি।

*হে প্রভু, জগৎকে শান্তি দান কর।*

-তুমি আমাদের আহ্বান করেছ, আমরা যেন দিব্য আলোর দিকে চোখ উন্মুক্ত ক'রে ও তোমার কণ্ঠ কান পেতে শুনে তোমার সম্মুখে জীবন যাপন করি। আশীর্বাদ কর, সকল সঙ্ঘে সন্ন্যাসজীবনের প্রকৃত ঐতিহ্য যেন সর্বদা সুরক্ষিত হয়।

-সন্ন্যাস সঙ্ঘে যাঁরা পরিচালনার ভারপ্রাপ্ত হয়ে তোমার স্থান দখল করেন, তুমি তাঁদের আলো ও প্রেরণা দান কর, তাঁরা যেন তাঁদের সেবাকর্ম উত্তমরূপে পালন করতে পারেন।

-প্রাচীন সন্ন্যাস সঙ্ঘগুলিতে প্রৈরিতিক উৎসাহ সঞ্চার কর, তাদের সহায়তায় যেন নতুন মণ্ডলীগুলোতেও সন্ন্যাসজীবন বিস্তার লাভ করতে পারে।

-যাঁরা ইহলোকে বিশ্বস্ত ভাবে তোমার অন্বেষণ করেছিলেন, সেই সকল পরলোকগত সন্ন্যাসী-সন্ন্যাসিনী যেন তোমার কৃপায় তোমার শ্রীমুখের গৌরব চিরকালের মত দর্শন করতে পারেন।

২৩শে মার্চ

## সাধু তুরিবিয়াস দ্য মন্গ্রভেজো, বিশপ

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, বিশপ সাধু তুরিবিয়াস প্রৈরিতিক দায়িত্ব পালনে ও সত্যের সমর্থনে বহু কষ্ট ও শ্রম স্বীকার করেছিলেন। আশীর্বাদ কর: তোমার উদ্দেশে উৎসর্গীকৃত জনগণ যেন বিশ্বাস ও পবিত্রতায় সদা-বৃদ্ধিশীল হয়ে জীবনের নবীনতায় অগ্রসর হতে পারে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: হে ঈশ্বরের পুরোহিত, * পুণ্য জীবনের আদর্শ, উত্তম পালক,
আমাদের হয়ে প্রভুর কাছে প্রার্থনা কর (আল্লেলুইয়া)।

কুমারী মারীয়ার গীতিকা
ধুয়ো: আহা, * কত না সুন্দর পাহাড়পর্বতের উপর তারই চরণ,
যে শুভসংবাদ প্রচার করে, শান্তি ঘোষণা করে,
মঙ্গলের শুভসংবাদ প্রচার করে, ঘোষণা করে পরিত্রাণ,
সিয়োনকে বলে, তোমার পরমেশ্বর রাজত্ব করেন! (আল্লেলুইয়া)।

২৫শে মার্চ

## প্রভুর আগমন সংবাদ

মহাপর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার মঙ্গলবিধানে তুমি চেয়েছিলে, তোমার বাণী কুমারী মারীয়ার গর্ভে সত্যকার মানবদেহ ধারণ করবেন। অনুনয় করি: আমাদের সেই মুক্তিসাধককে মানবেশ্বর বলে স্বীকার ক'রে আমরা যেন তাঁর ঐশস্বরূপেরও সহভাগী হতে পারি।

## ১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ৭৮১।

### স্তোত্র

১। জেনে নিক সব জাতির মানুষ,
এসে গেছে ঐশজীবন;
নিষ্ঠুর শত্রুর জোয়াল গেল,
মানবমুক্তি এবার এল।

২। নবী একদিন যা বলেছেন,
তা কুমারীতে যে সিদ্ধ!
সেই দূত সংবাদ দিলেন যাঁকে,
আত্মা পূর্ণ করলেন তাঁকে।

৩। মরিয়ম গর্ভে ধারণ করেন
সেই সনাতন সত্যবাণী;
বিশ্ব যাঁকে ধরতে অক্ষম,
কন্যার গর্ভ তাঁরই কক্ষ।

৪। প্রাচীন আদম গর্বের ফলে
যা করেছিলেন বিনষ্ট,
নব আদম নতুন ক'রে
গড়লেন তা নম্রতার জোরে।

৫। জনকেশ্বরেরই পুত্র,
আত্মার কনে-সুকুমারীর
গর্ভে যিনি আজ প্রবিষ্ট,
ধন্য ধন্য সেই শ্রীখ্রীষ্ট। (৭ম শতাব্দী)

১ম ধুয়ো: যেসের মূলকাণ্ড থেকে
এক পল্লব উৎপন্ন হবেন;
পৃথিবী পূর্ণ হবে প্রভুর গৌরবে;
সকল প্রাণী দেখতে পাবে পরমেশ্বরের পরিত্রাণ (আল্লেলুইয়া)। সাম ১১০
২য় ধুয়ো: প্রভু * তাঁকে দান করবেন তাঁর পিতৃপুরুষ দাউদের সিংহাসন;
তিনি রাজত্ব করবেন চিরকাল (আল্লেলুইয়া)। সাম ১১১
৩য় ধুয়ো: প্রভুর দূত * মারীয়াকে সংবাদ দিলেন,
আর তিনি পবিত্র আত্মার প্রভাবে গর্ভস্থা হলেন (আল্লেলুইয়া)। সাম ১১২
৪র্থ ধুয়ো: ভয় করো না, মারীয়া।
তুমি তো ঈশ্বরের কাছে অনুগ্রহই পেয়েছ।
গর্ভধারণ করে তুমি একটি পুত্রসন্তান প্রসব করবে (আল্লেলুইয়া)। সাম ১১৩

৫ম ধুয়ো: আমি * প্রভুর দাসী,
আপনি যা বলেছেন, আমার তাই হোক (আল্লেলুইয়া)। গীতিকা ফিলি

**বাণী পাঠ** **১ যোহন ১:১-৩**

যা আদি থেকে ছিল, যা আমরা শুনেছি, যা নিজেদের চোখেই দেখেছি, যা আমরা চোখ নিবদ্ধ রেখেই দেখেছি ও আমাদের হাত সেই জীবনবাণীর যা স্পর্শ করেছে, আমরা তারই বিষয়ে কথা বলছি। কেননা সেই জীবন সত্যিই আত্মপ্রকাশ করেছিল; আমরা তা দেখেছি, তার বিষয়ে সাক্ষ্য দিচ্ছি আর তোমাদের কাছে সেই অনন্ত জীবনেরই সংবাদ জানাচ্ছি যা পিতামুখী ছিল ও আমাদের কাছে আত্মপ্রকাশ করেছে—যা আমরা দেখেছি ও শুনেছি, তোমাদের কাছে তারই সংবাদ জানাচ্ছি, তোমরাও যেন আমাদের জীবনের সহভাগী হতে পার; পিতার সঙ্গে ও তাঁর পুত্র যীশুখ্রীষ্টের সঙ্গেই আমাদের এই জীবন-সহভাগিতা।

**শ্লোক**

℣ যেসের মূলকান্ডের পল্লবটি উৎপন্ন হলেন, * যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন।
℟ যেসের মূলকান্ডের পল্লবটি উৎপন্ন হলেন, * যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন।
℣ কুমারী পরিত্রাতাকে প্রসব করলেন।
℟ যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ যেসের মূলকান্ডের পল্লবটি উৎপন্ন হলেন, * যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন।

পাস্কাকাল

℣ যেসের মূলকান্ডের পল্লবটি উৎপন্ন হলেন, যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন।
* আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ যেসের মূলকান্ডের পল্লবটি উৎপন্ন হলেন, যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন।
* আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ কুমারী পরিত্রাতাকে প্রসব করলেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ যেসের মূলকান্ডের পল্লবটি উৎপন্ন হলেন, যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন।
* আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: হে ধন্যা মারীয়া, * পবিত্র আত্মা তোমার উপর নেমে আসবেন,
পরাৎপরের পরাক্রম তোমার উপর নিজের ছায়া বিস্তার করবে (আল্লেলুইয়া)।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো:** বাণী হলেন মাংস;
এসো, প্রণিপাত করি (আল্লেলুইয়া)। সাম ৯৫

## জাগরণী

### স্তোত্র

১। সাপের কথা শোনার ফলে
আদমসন্তানদের কী দশা!
স্রষ্টার স্থানে সৃষ্টজীবদের
মানুষ হল পূজারি!

৩। মানবদেহ ধারণ করলেন
সনাতন সেই পিতার পুত্র:
‘করব ছিন্ন মৃত্যুর শৃঙ্খল,
করব মুক্ত মানুষকে।’

২। তেমন দশা লক্ষ ক'রে
ঐশবাণী দুঃখ করলেন :
'মম পিতার সৃষ্টির গৌরব
কেমন অধঃপতিত !'

৪। এই সেইদিন যেদিনে বাণী
মাংসের সঙ্গে যুক্ত হলেন :
সুকুমারীর গর্ভ হল
পরমেশ্বরের আবাস।

৫। সুকুমারীর যিনি সন্তান,
সেই শ্রীযীশু হোন কীর্তিত,
পিতা ও পবিত্রাত্মার সঙ্গে
তিনি সদা হোন পূজিত। (প্রুদেন্তিউস † ৪০৫)

## ১ম পর্ব

১ম ধুয়ো : যখন সময়ের পূর্ণতা এল, * তখন ঈশ্বর তাঁর আপন পুত্রকে প্রেরণ করলেন,
যিনি নারীগর্ভে জন্ম নিলেন, যেন আমরা দত্তকপুত্রত্ব লাভ করতে পারি
(আল্লেলুইয়া)। সাম ২

২য় ধুয়ো : পরমেশ্বর * তাঁবু গাড়লেন সূর্যের মধ্যে ;
বাসর থেকে বেরিয়ে আসা বরেরই মত তিনি (আল্লেলুইয়া)। সাম ১৯

৩য় ধুয়ো : আদমসন্তানদের মধ্যে * তুমি সুন্দরতম ;
তোমার ওষ্ঠ প্রসাদে উচ্ছ্বসিত (আল্লেলুইয়া)। সাম ৪৫

℣ আদিতে ছিলেন বাণী : বাণী ছিলেন ঈশ্বরমুখী (আল্লেলুইয়া),
℟ বাণী ছিলেন ঈশ্বর (আল্লেলুইয়া)।

## ২য় পর্ব

১ম ধুয়ো : তোমার মন্দিরে আমরা
তোমার কৃপার কথা ধ্যান করি, পরমেশ্বর (আল্লেলুইয়া)। সাম ৪৮

২য় ধুয়ো : তাঁর জীবনকালে * মহাশান্তি হবে প্রস্ফুটিত,
তিনি পৃথিবী জুড়ে আধিপত্য করবেন (আল্লেলুইয়া)। সাম ৭২

৩য় ধুয়ো : হে আকাশমন্ডল, * ঊর্ধ্ব থেকে শিশিরপাত কর,
মেঘমালা সেই ধর্মাত্মাকে বর্ষণ করুক ;
উন্মোচিত হোক মর্তের মুখ,
পরিত্রাতাকে করুক অঙ্কুরিত (আল্লেলুইয়া)। সাম ৯৮

℣ আমরা তাঁর গৌরব প্রত্যক্ষ করলাম (আল্লেলুইয়া),
℟ অনুগ্রহ ও সত্যে পরিপূর্ণ পুত্রেরই যে গৌরব (আল্লেলুইয়া)।

## ৩য় পর্ব

ধুয়ো : সানন্দে চিৎকার কর, * মেতে ওঠ, সিয়োন কন্যা,
দেখ, আমি তোমার অন্তঃস্থলেই বাস করতে আসছি—একথা বলছেন প্রভু (আল্লেলুইয়া)।

**প্রভুর আগমন** **গীতিকা ইসা ৯:১-৬**

যে জাতি অন্ধকারে পথ চলত,
তারা মহান এক আলো দেখতে পেল ;
যারা মৃত্যু-ছায়ার দেশে বসে ছিল,
তাদের উপর আলো জ্বলে উঠল।

তুমি বাড়িয়েছ পুলক,

আনন্দ করেছ মহান,
তোমার সম্মুখে তারা আনন্দ করে, †
যেইভাবে শস্য কেটে লোকে আনন্দ করে,
যেইভাবে লুটের মাল ভাগ ক'রে লোকে পুলকিত হয়।

কারণ সেই যে জোয়াল তাদের উপর চেপে ছিল, †
তাদের কাঁধে সেই বাঁক, তাদের অত্যাচারীর সেই দণ্ড
তুমি ভেঙে ফেলেছ মিদিয়ানের সেদিনের মত।
তুমুল যুদ্ধে পরা যত সৈন্যের পাদুকা, রক্তমাখা যত পোশাক
পুড়িয়ে দেওয়া হবে, হবে আগুনের ইন্ধন।

কারণ এক শিশু জন্ম নিয়েছেন আমাদের জন্য,
এক পুত্রসন্তানকে দেওয়া হয়েছে আমাদের,
তাঁর কাঁধে থাকবে আধিপত্য-ভার,
তাঁর নাম রাখা হল 'আশ্চর্য মন্ত্রণাদাতা, শক্তিশালী ঈশ্বর, সনাতন পিতা, শান্তিরাজ'।

সীমাহীন শান্তিতে তিনি আধিপত্য প্রসারিত করবেন
দাউদের সিংহাসন ও রাজ্যের উপর,
ন্যায় ও ধর্মময়তায় তা দৃঢ়প্রতিষ্ঠিত ও সুদৃঢ় করার জন্য
এখন থেকে চিরকাল ধরে।

এসব কিছু সাধন করবে
সেনাবাহিনীর প্রভুর উত্তপ্ত প্রেম।

**খ্রীষ্টই আমাদের শান্তি** **গীতিকা ইসা ২৬:১-৪,৭-৯,১২**

আমাদের শক্তিশালী এক নগরী আছে,
ত্রাণস্বরূপ তিনি প্রাচীর ও প্রাকার-বেষ্টনী দিলেন।
খুলে দাও নগরদ্বার,
প্রবেশ করুক সেই ধর্মময় জাতি যে বিশ্বস্ততা বজায় রাখে।

যার মন সুস্থির, তুমি তাকে পূর্ণ শান্তিতেই পালন করবে,
কারণ সে তোমাতেই ভরসা রাখে,
তোমরা প্রভুতে ভরসা রেখ চিরকাল ধরে,
প্রভুই তো শাশ্বত শৈল।

ধার্মিকের পথ সমতল পথ,
ধার্মিকের রাস্তা তুমি কর সরল-সোজা।
সত্যি, তোমার বিচারগুলির পথে আমরা তোমার প্রত্যাশায় রয়েছি, প্রভু,
তোমার নাম, তোমার স্মৃতিই আমাদের প্রাণের অভিলাষ।

রাতে তোমাকেই আকাঙ্ক্ষা করে আমার প্রাণ,
প্রভাতে আমার আত্মা তোমার অন্বেষণ করে,
কারণ যখন তোমার বিচারগুলি পৃথিবীতে আসে,
তখন জগতের অধিবাসীরা ধর্মময়তায় উদ্বুদ্ধ হয়।

প্রভু, তুমি আমাদের মঞ্জুর করবে শান্তি,
কারণ তুমিই তো সম্পন্ন কর আমাদের সকল কাজ।

যেরুসালেমের সঙ্গে আনন্দ কর,
তার জন্য মেতে ওঠ তোমরা সবাই, যারা তাকে ভালবাস।
তার সঙ্গে মহোল্লাসে উল্লসিত হও তোমরা সবাই,
যারা তার উপর বিলাপ করেছিলে।

তবেই তার সান্ত্বনার বুক চুষে খেয়ে তোমরা পরিতৃপ্ত হবে,
তার অফুরন্ত প্রাচুর্য চুষে পান ক'রে তোমরা উৎফুল্ল হবে।
কারণ প্রভু একথা বলছেন : †
দেখ, আমি তার উপর প্রবাহিত করব নদীর মতই শান্তি,
প্লাবিনী স্রোতস্বতীর মতই জাতি-বিজাতির গৌরব।

তোমরা চুষে খাবে, বাহুতে করে তোমাদের বহন করা হবে,
কোলের উপরে তোমাদের নাচানো হবে।
মা যেমন নিজের ছেলেকে সান্ত্বনা দেয়, †
আমি তেমনি তোমাদের সান্ত্বনা দেব ;
যেরুসালেমেই তোমরা সান্ত্বনা পাবে।

এসব-কিছু দেখে উল্লসিত হবে তোমাদের হৃদয়,
তোমাদের সর্বাঙ্গ নবীন ঘাসের মত তেজময় হয়ে উঠবে।

ধুয়ো : সানন্দে চিৎকার কর, মেতে ওঠ, সিয়োন কন্যা,
দেখ, আমি তোমার অন্তঃস্থলেই বাস করতে আসছি—একথা বলছেন প্রভু (আল্লেলুইয়া)।

℣ বাণী হলেন মাংস (আল্লেলুইয়া),
℟ তিনি আমাদের মাঝে তাঁবু খাটালেন (আল্লেলুইয়া)।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** মথি ১:১৮-২৪।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। ওগো নবদিনের আলো,
বহন কর মুক্তির বাণী ;
মেরীর কাছে দূতের কথায়
পূর্ণ সকল নবীর বাণী।

২। আদি থেকে যিনি ছিলেন
অমর পিতার অমর পুত্র ;
তিনি মর মানুষ হলেন,
হলেন মানব-মাতার পুত্র।

৩। মানবদেহ তিনি নিলেন,
এলেন পুণ্য বলিরূপে,
তাঁর অমূল্য রক্তধারায়
পাপীর দণ্ড দিলেন মুছে।

৪। ওগো দেহধারী সত্য,
মাতৃগর্ভে তুমি গুপ্ত,
দিব্য আলো সঞ্চার কর,
মোদের অন্তর তো যে সুপ্ত।

৫। হে বিনম্রা মাতা, তুমি
বললে : আমি প্রভুর দাসী ;
স্বর্গের রানী, চেয়ে দেখ !
মোরা এখনও প্রবাসী।

৬। হে কুমারীর সন্তান, যীশু,
তুমি সদা প্রশংসিত ;
পিতা ও পবিত্রাত্মার সঙ্গে
তুমি চিরকাল পূজিত।

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : গাব্রিয়েল দূত * প্রেরিত হলেন কুমারী মারীয়ার কাছে ;
তিনি যোসেফের বাগ্‌দত্তা বধূ ছিলেন (আল্লেলুইয়া)।

২য় ধুয়ো : আনন্দিতা হও, হে অনুগৃহীতা ! * প্রভু তোমার সঙ্গে আছেন ;
নারীকুলে তুমি ধন্যা (আল্লেলুইয়া)।

৩য় ধুয়ো : নারীকুলে * তুমি ধন্যা
এবং ধন্য তোমার গর্ভফল (আল্লেলুইয়া)।

৪র্থ ধুয়ো : জগৎত্রাতা * সূর্যের মতই উদিত হবেন ;
আবার তিনি নবীন ঘাসের উপর বর্ষার মতই কুমারীর গর্ভে অবতীর্ণ হবেন (আল্লেলুইয়া)।

৫ম ধুয়ো : তিনি * মহান হবেন পৃথিবীর শেষপ্রান্ত পর্যন্ত।
আর তিনি নিজেই হবেন শান্তি (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **ফিলি ২:৬-৮ক**

অবস্থায় ঈশ্বর হয়েও খ্রীষ্ট ঈশ্বরের সঙ্গে তাঁর সমতুল্যতাকে আঁকড়ে ধরার বস্তু মনে করলেন না ; বরং দাসের অবস্থা ধারণ করে ও মানুষের সাদৃশ্য আপন করে তিনি নিজেকে রিক্ত করলেন ; আকারে প্রকারে মানুষের মত আবির্ভূত হয়ে তিনি নিজেকে অবনমিত করলেন।

**শ্লোক**

℣ আনন্দিতা হও, হে অনুগৃহীতা ! * প্রভু তোমার সঙ্গে আছেন।
℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা ! * প্রভু তোমার সঙ্গে আছেন।
℣ নারীকুলে তুমি ধন্যা, এবং ধন্য তোমার গর্ভফল।
℟ প্রভু তোমার সঙ্গে আছেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা ! * প্রভু তোমার সঙ্গে আছেন।

পাস্কাকাল

℣ আনন্দিতা হও, হে অনুগৃহীতা ! প্রভু তোমার সঙ্গে আছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা ! প্রভু তোমার সঙ্গে আছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ নারীকুলে তুমি ধন্যা, এবং ধন্য তোমার গর্ভফল।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা ! প্রভু তোমার সঙ্গে আছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : ঈশ্বর * এমন মহাপ্রেমে আমাদের ভালবেসেছিলেন যে,
তিনি তাঁর আপন পুত্রকে পাপময় মাংসের সাদৃশ্যে প্রেরণ করলেন (আল্লেলুইয়া)।

**মিনতি নিবেদন**

প্রভুর আগমন সংবাদের কথা স্মরণ ক'রে আমরা আজ আমাদের পরিত্রাণের শুভ সূত্রপাত উদ্‌যাপন করছি। আসুন, ঈশ্বরে আস্থা রেখে প্রার্থনা করি :

*পবিত্রতমা ঈশ্বরজননী আমাদের হয়ে প্রার্থনা করুন।*

-ধন্যা কুমারী মারীয়া যেমন বিশ্বাসের সঙ্গে দূতের সংবাদ গ্রহণ করেছিলেন, হে পিতা, আমরাও তেমনি যেন আমাদের ত্রাণকর্তার বাণী আনন্দের সঙ্গে গ্রহণ করি।

-তুমি তোমার দাসীর নিম্নাবস্থার দিকে মুখ তুলে চেয়েছিলে। তোমার সকল সন্তানের কথা মনে রেখ।

-সেই নব-হবা মারীয়া যেমন তোমার বাণীতে বাধ্য হলেন, আমরাও তেমনি যেন প্রেমপূর্ণ বাধ্যতায় তোমার ইচ্ছা পূর্ণ করতে পারি।

-পবিত্রতমা ঈশ্বরজননী অসহায়কে সান্ত্বনা দেন, নিরুপায় দুঃখগ্রস্তকে সাহায্য করুন, জনগণের মঙ্গলপ্রার্থনা করুন, পুরোহিতবর্গকে রক্ষা করুন, সন্ন্যাসিনীদের হয়ে যাচনা করুন।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : গৌরবময় যেসের সেই মূলকান্ড থেকে * এমন চমৎকার পল্লব উৎপন্ন হলেন,
যাঁ থেকে প্রস্ফুটিত হলেন একটি সুগন্ধময় ফুল (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **এফে ১:৯খ-১০**

ঈশ্বর আমাদের জানিয়েছেন তাঁর মঙ্গল-ইচ্ছার রহস্য, যা তাঁর প্রসন্নতা অনুসারে আগে থেকেই তিনি খ্রীষ্টে স্থির করে রেখেছিলেন কাল পূর্ণ হলেই তা রূপায়িত করবেন ব'লে: স্বর্গে ও পৃথিবীতে যা কিছু আছে, সমস্তই তিনি এক মাথায়, সেই খ্রীষ্টে, সম্মিলিত করবেন।

প্র প্রভুর দূত মারীয়াকে সংবাদ দিলেন (আল্লেলুইয়া),
উ আর তিনি পবিত্র আত্মার প্রভাবে গর্ভস্থা হলেন (আল্লেলুইয়া)।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : কুমারীটি * গর্ভবতী হয়ে
একটি পুত্রসন্তান প্রসব করবেন;
তিনি তাঁর নাম রাখবেন ইম্মানুয়েল (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **১ যোহন ৪:১০**

এতেই ভালবাসার অর্থ: আমরা যে ঈশ্বরকে ভালবেসেছিলাম, এমন নয়; বরং তিনি আমাদের ভালবাসলেন এবং আমাদের পাপের প্রায়শ্চিত্তবলিরূপে আপন পুত্রকে প্রেরণ করলেন।

প্র আমি প্রভুর দাসী (আল্লেলুইয়া),
উ আপনি যা বলেছেন, আমার তাই হোক (আল্লেলুইয়া)।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : তিনি * মহান হবেন পৃথিবীর শেষপ্রান্ত পর্যন্ত।
আর তিনি নিজেই হবেন শান্তি (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **১ তি ২:৫**

ঈশ্বর এক, এবং ঈশ্বর ও মানুষের মধ্যে মধ্যস্থ এক—তিনি সেই মানুষ যীশুখ্রীষ্ট যিনি সকলের মুক্তিপণ হিসাবে নিজেকে দান করলেন।

প্র বাণী হলেন মাংস (আল্লেলুইয়া),
উ তিনি আমাদের মাঝে তাঁবু খাটালেন (আল্লেলুইয়া)।

## ২য় সন্ধ্যারতি

### স্তোত্র

১। জেনে নিক সব জাতির মানুষ,
এসে গেছে ঐশজীবন;

৩। মরিয়ম গর্ভে ধারণ করেন
সেই সনাতন সত্যবাণী;

নিষ্ঠুর শত্রুর জোয়াল গেল,
মানবমুক্তি এবার এল।

২। নবী একদিন যা বলেছেন,
তা কুমারীতে যে সিদ্ধ!
সেই দূত সংবাদ দিলেন যাঁকে,
আত্মা পূর্ণ করলেন তাঁকে।

বিশ্ব যাঁকে ধরতে অক্ষম,
কন্যার গর্ভ তাঁরই কক্ষ।

৪। প্রাচীন আদম গর্বের ফলে
যা করেছিলেন বিনষ্ট,
নব আদম নতুন ক'রে
গড়লেন তা নম্রতার জোরে।

৫। জনকেশ্বরেরই পুত্র,
আত্মার কনে-সুকুমারীর
গর্ভে যিনি আজ প্রবিষ্ট,
ধন্য ধন্য সেই শ্রীখ্রীষ্ট। (৭ম শতাব্দী)

১ম ধুয়ো : যেসের মূলকান্ড থেকে
এক পল্লব উৎপন্ন হবেন ;
পৃথিবী পূর্ণ হবে প্রভুর গৌরবে ;
সকল প্রাণী দেখতে পাবে পরমেশ্বরের পরিত্রাণ (আল্লেলুইয়া)। সাম ১১০
২য় ধুয়ো : প্রভু * তাঁকে দান করবেন তাঁর পিতৃপুরুষ দাউদের সিংহাসন ;
তিনি রাজত্ব করবেন চিরকাল (আল্লেলুইয়া)। সাম ১১১
৩য় ধুয়ো : প্রভুর দূত * মারীয়াকে সংবাদ দিলেন,
আর তিনি পবিত্র আত্মার প্রভাবে গর্ভস্থা হলেন (আল্লেলুইয়া)। সাম ১১২
৪র্থ ধুয়ো : ভয় করো না, মারীয়া।
তুমি তো ঈশ্বরের কাছে অনুগ্রহই পেয়েছ।
গর্ভধারণ করে তুমি একটি পুত্রসন্তান প্রসব করবে (আল্লেলুইয়া)। সাম ১৩০
৫ম ধুয়ো : আমি * প্রভুর দাসী,
আপনি যা বলেছেন, আমার তাই হোক (আল্লেলুইয়া)। গীতিকা কল

**বাণী পাঠ** **১ যোহন ১:১-৩**

যা আদি থেকে ছিল, যা আমরা শুনেছি, যা নিজেদের চোখেই দেখেছি, যা আমরা চোখ নিবদ্ধ রেখেই দেখেছি ও আমাদের হাত সেই জীবনবাণীর যা স্পর্শ করেছে, আমরা তারই বিষয়ে কথা বলছি। কেননা সেই জীবন সত্যিই আত্মপ্রকাশ করেছিল ; আমরা তা দেখেছি, তার বিষয়ে সাক্ষ্য দিচ্ছি আর তোমাদের কাছে সেই অনন্ত জীবনেরই সংবাদ জানাচ্ছি যা পিতামুখী ছিল ও আমাদের কাছে আত্মপ্রকাশ করেছে—যা আমরা দেখেছি ও শুনেছি, তোমাদের কাছে তারই সংবাদ জানাচ্ছি, তোমরাও যেন আমাদের জীবনের সহভাগী হতে পার ; পিতার সঙ্গে ও তাঁর পুত্র যীশুখ্রীষ্টের সঙ্গেই আমাদের এই জীবন-সহভাগিতা।

**শ্লোক**

℣ বাণী হলেন মাংস। * তিনি আমাদের মাঝে তাঁবু খাটালেন।
℟ বাণী হলেন মাংস। * তিনি আমাদের মাঝে তাঁবু খাটালেন।
℣ আদিতে তিনি ছিলেন ঈশ্বরের সঙ্গে।
℟ আমাদের মাঝে তাঁবু খাটালেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ বাণী হলেন মাংস। * তিনি আমাদের মাঝে তাঁবু খাটালেন।

প্র বাণী হলেন মাংস, তিনি আমাদের মাঝে তাঁবু খাটালেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ বাণী হলেন মাংস, তিনি আমাদের মাঝে তাঁবু খাটালেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র আদিতে তিনি ছিলেন ঈশ্বরের সঙ্গে।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ বাণী হলেন মাংস, তিনি আমাদের মাঝে তাঁবু খাটালেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন :
আনন্দিতা হও, হে অনুগৃহীতা !
প্রভু তোমার সঙ্গে আছেন।
নারীকুলে তুমি ধন্যা (আল্লেলুইয়া)।

**মিনতি নিবেদন**

যিনি আজ দূতের মাধ্যমে ধন্যা মারীয়াকে মানবপরিত্রাণের শুভসংবাদ জানিয়ে দিয়েছেন, আসুন, আশ্বাস নিয়ে সেই পিতা ঈশ্বরের কাছে মিনতি নিবেদন করি :

*হে প্রভু, অনুগ্রহ দান কর।*

-তুমি কুমারী মারীয়াকে তোমার পুত্রের মাতা হবার জন্য মনোনীত করেছিলে। যারা এখনও তোমার পরিত্রাণের অপেক্ষায় আছে, তাদের সকলের প্রতি সদয় দৃষ্টিপাত কর।

-দূতের মাধ্যমে তুমি ধন্যা মারীয়ার কাছে শান্তি ও আনন্দের বাণী বহন করেছিলে। মানবজাতিকে তোমার রাজ্যের শান্তি ও আনন্দ দান কর।

-তোমার দাসীর বাধ্যতাগুণে এবং পবিত্র আত্মার প্রভাবেই তোমার ঐশবাণী আমাদের মাঝে তাঁবু স্থাপন করতে পেরেছিলেন। ধন্যা মারীয়া যেইভাবে খ্রীষ্টকে সাদরে গ্রহণ করেছিলেন, আমরাও যেন সেইভাবে তাঁকে গ্রহণ করতে পারি, সেইজন্য তুমি আমাদের হৃদয়দুয়ার খুলে দাও।

-তুমি তো বিনম্রদের উন্নীত কর, ক্ষুধার্তদের মঙ্গলদানে পরিতৃপ্ত কর। দুর্বলকে সাহায্য, দিশেহারাকে আশা, মরণাপন্নকে সান্ত্বনা দান কর।

-হে মহান ও দয়াল প্রভু, তোমার পক্ষে অসাধ্য কিছু নেই। পাপ ও মৃত্যুর কবল থেকে আমাদের ত্রাণ কর। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার সান্নিধ্যে শাশ্বত পুরস্কার দান কর।

# এপ্রিল

২রা এপ্রিল

## পাওলার সাধু ফ্রান্সিস, বিজনাশ্রমী

সাধারণ ব্যবস্থা : সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমিই নম্রচিত্তের গৌরব! তুমি সাধু ফ্রান্সিসকে তোমার সাধুদের গৌরবলাভে উন্নীত করেছ। আশীর্বাদ কর : তাঁর আদর্শ ও প্রার্থনার পুণ্যফলে আমরা যেন নম্রচিত্তদের জন্য অঙ্গীকৃত পুরস্কার আনন্দের সঙ্গে লাভ করতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : দেখ, দরজায় দাঁড়িয়ে আমি ঘা দিচ্ছি!
আমার গলা শুনে কেউ যদি দরজাটা খুলে দেয়,
তাহলে আমি তার কাছে প্রবেশ করব ;
তার সঙ্গে ভোজে বসব আর সেও বসবে আমার সঙ্গে (আল্লেলুইয়া)।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : ঐশপ্রেম * লাভ করার জন্য তিনি
তার সর্বস্ব তুচ্ছ মনে ক'রে বিক্রি করে দিলেন (আল্লেলুইয়া)।

৪ঠা এপ্রিল

## সাধু ইসিদোর, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, সাধু ইসিদোরের স্মরণদিবস পালন ক'রে আমরা যে মিনতি তোমার কাছে নিবেদন করছি, তা তুমি গ্রহণ কর : তোমার মণ্ডলী তাঁর স্বর্গীয় ধর্মশিক্ষা লাভে উদ্বুদ্ধ হয়ে উঠে যেন তাঁর প্রার্থনার পুণ্যফলে সহায়তা পায়।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : যাঁরা * ঐশশিক্ষালাভে প্রীত ছিলেন,
তাঁরা গগনতলের মতই দীপ্তিমান হয়ে উঠবেন।
যাঁরা ধর্মশিক্ষাদানে রত ছিলেন,
তাঁরা তারকারাজির মতই জাজ্বল্যমান হবেন চিরকাল (আল্লেলুইয়া)।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে মহাচার্য সাধু ইসিদোর,
তুমি যে মণ্ডলীর পুণ্য জ্যোতি,
তুমি যে ঐশসত্যের করেছ অন্বেষণ,
আমাদের হয়ে খ্রীষ্ট প্রভুর চরণে প্রার্থনা কর (আল্লেলুইয়া)।

৫ই এপ্রিল

## সাধু ভিনসেণ্ট ফেরের, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক (ধর্মপ্রচারক), পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, তুমি পুরোহিত সাধু ভিনসেণ্টকে সুসমাচার-প্রচারের সেবাকর্মী করে তুলেছিলে। আশীর্বাদ কর : পৃথিবীতে তিনি যাঁকে আসন্ন বিচারকরূপে প্রচার করেছিলেন, আমরা যেন স্বর্গে রাজারূপে তাঁকে দেখতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : তোমরা কথা বলবে এমন নয়,
তোমাদের পিতার সেই আত্মাই তোমাদের অন্তরে কথা বলবেন (আল্লেলুইয়া)।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : সকলে * যেন আমার দ্বারা পরিত্রাণ পেতে পারে,
তার জন্য আমি সকলের কাছে হয়েছি সবকিছু।

৭ই এপ্রিল

## সাধু জন বাপ্তিস্ট দ্য লা সাল, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (শিক্ষাব্রতী), পৃঃ ১০৩১।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি সাধু জন-বাপ্তিস্টকে তরুণ-তরুণীদের গুরু হবার জন্য মনোনীত করেছিলে। তোমার মণ্ডলীর মধ্যে এমন প্রবুদ্ধ মানুষের উদ্ভব ঘটাও, যারা মনে প্রাণে তরুণ-তরুণীদের মানব ও খ্রীষ্টীয় শিক্ষাদানে আত্মনিয়োজিত থাকে।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : পালক * যেমন আপন পালকে পালন করে,
তেমনি যে ভালবাসে, সে-ই মানুষকে শিক্ষা দান করতে পারে (আল্লেলুইয়া)।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : শিশুদের * আমার কাছে আসতে দাও,
কেননা যারা এদের মত, স্বর্গরাজ্য তাদেরই (আল্লেলুইয়া)।

১১ই এপ্রিল

## সাধু স্তানিস্লাস, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, বিশপ সাধু স্তানিস্লাস তোমার গৌরবার্থে অত্যাচারীদের খড়্গের আঘাতে সাক্ষ্যমরণ বরণ করেছিলেন। আশীর্বাদ কর : আমরাও যেন দৃঢ়বিশ্বাসী হয়ে মৃত্যু পর্যন্তও নিষ্ঠাবান থাকি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : এই জগতে * নিজের প্রাণকে যে ঘৃণা করে,
সে অনন্ত জীবনের উদ্দেশে তা রক্ষা করবে (আল্লেলুইয়া)।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : স্বর্গরাজ্যেই * পুণ্যজনদের আবাস ;
তাঁদের শান্তি চিরস্থায়ী (আল্লেলুইয়া)।

১৩ই এপ্রিল

## পোপ সাধু প্রথম মার্টিন, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর : তোমার অনুগ্রহে যেমন সাক্ষ্যমর পোপ সাধু মার্টিন পার্থিব শাসানি ও যন্ত্রণা তুচ্ছ করে জয়ী হতে পেরেছিলেন, তেমনি আমরাও যেন জগতের হুমকির সামনে অপরাজেয় মনোবল নিয়ে দাঁড়াতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : এই জগতে * নিজের প্রাণকে যে ঘৃণা করে,
সে অনন্ত জীবনের উদ্দেশে তা রক্ষা করবে (আল্লেলুইয়া)।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : স্বর্গরাজ্যেই * পুণ্যজনদের আবাস ;
তাঁদের শান্তি চিরস্থায়ী (আল্লেলুইয়া)।

২১শে এপ্রিল

## সাধু আনসেলমো, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি বিশপ সাধু আনসেলমোকে তোমার প্রজ্ঞার অতলান্ত রহস্য গবেষণা করতে ও সেই বিষয়ে শিক্ষাদান করতে চালিত করেছিলে। আশীর্বাদ কর : বিশ্বাস দানে আমাদের বুদ্ধির সহায়তায় এসো, তুমি আমাদের যা বিশ্বাস করতে আজ্ঞা করেছ, তা যেন আমাদের অন্তরে মধুর লাগতে পারে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : ধন্য আনসেলমো * খ্রীষ্টমণ্ডলীর স্বাধীনতার সমর্থনে ক্ষমতাশালীদের বলতেন :
খ্রীষ্টের কনে ক্রীতদাসী নয়, বরং স্বাধীন (আল্লেলুইয়া)।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : হে মহাচার্য সাধু আনসেলমো,
তুমি যে মণ্ডলীর পুণ্য জ্যোতি,
তুমি যে ঐশসত্যের করেছ অন্বেষণ,
আমাদের হয়ে খ্রীষ্ট প্রভুর চরণে প্রার্থনা কর (আল্লেলুইয়া)।

২৩শে এপ্রিল

## সাধু আদালবার্ট, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, মানবপরিত্রাণের আগ্রহে উদ্দীপ্ত বিশপ সাধু আদালবার্টকে তুমি সাক্ষ্যমরণের মর্যাদায় ভূষিত করেছ। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর : মেষপাল হোক পালকদের প্রতি বাধ্য, পালকগণ হোক মেষপালের প্রতি যত্নশীল।

একই দিন ২৩শে এপ্রিল

## সাধু জর্জ, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫।

### সমাপন প্রার্থনা

হে প্রভু, তোমার শক্তির গুণকীর্তন ক'রে আমরা তোমাকে অনুনয় করি : সাধু জর্জ যেমন প্রভুর মরণযন্ত্রণার অনুকারী হয়েছিলেন, তিনি তেমনি হোন আমাদের দুর্বলতায় তৎপর সহায়ক।

২৪শে এপ্রিল

## সিগমারিঙ্গেনের সাধু ফিদেলিস, পুরোহিত ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমার প্রেমাগ্নিতে উদ্দীপ্ত হয়ে যিনি খ্রীষ্টবিশ্বাস বিস্তার করেছিলেন, তুমি সেই সাধু ফিদেলিসকে

সাক্ষ্যমরণের মর্যাদায় ভূষিত করেছিলেন। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: খ্রীষ্টপ্রেমে স্থিতমূল হয়ে আমরা যেন তাঁর সঙ্গে খ্রীষ্টের পুনরুত্থানের শক্তি উপলব্ধি করতে পারি।

২৫শে এপ্রিল

## সাধু মার্ক, সুসমাচার-রচয়িতা

সাধারণ ব্যবস্থা: প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সুসমাচার-রচয়িতা সাধু মার্ককে সুসমাচার-প্রচারের অনুগ্রহদানে ধন্য করেছিলে। আশীর্বাদ কর: তাঁর শিক্ষাদানে অনুপ্রাণিত হয়ে আমরা যেন বিশ্বস্তভাবে খ্রীষ্টের পদাঙ্ক অনুসরণ করতে পারি।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো:** যিনি সুসমাচারের মধ্য দিয়ে কথা বলেন,
এসো, সেই প্রভুর চরণে প্রণিপাত করি। আল্লেলুইয়া। **সাম ৯৫**

## জাগরণী

### ৩য় পর্ব

ধুয়ো: আমি দেখলাম * নগরীর পুব দিকের তোরণদ্বার;
তার উপর লেখা ছিল মেষশাবক ও প্রেরিতদূতদের নাম। আল্লেলুইয়া।

℣ যাঁরা সুসমাচার প্রচার করেন, আল্লেলুইয়া,
℟ প্রভু আপন মহাপরাক্রমে তাঁদের ঘিরে রাখেন। আল্লেলুইয়া।

**স্তোত্র:** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা:** মথি ২৮:১৬-২০।
**স্তোত্র:** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো: নবীদের * সমস্ত বাণী
খ্রীষ্টের শুভসংবাদে পূর্ণতা লাভ করল। আল্লেলুইয়া।

২য় ধুয়ো: সত্যের প্রতি বিশ্বাসের মাধ্যমে
ঈশ্বর আমাদের প্রভু যীশুখ্রীষ্টের গৌরবলাভের উদ্দেশ্যে
আমাদের সুসমাচারের মাধ্যমে
তোমাদের আহ্বানও করেছেন। আল্লেলুইয়া।

৩য় ধুয়ো: অনেকেই * তাঁর জ্ঞানের প্রশংসা করবে;
তিনি কখনও বিস্মৃত হবেন না। আল্লেলুইয়া।

৪র্থ ধুয়ো: স্বর্গরাজ্যেই * পুণ্যজনদের আবাস;
তাঁদের শান্তি চিরস্থায়ী। আল্লেলুইয়া।

৫ম ধুয়ো: ধার্মিকেরা * ঈশ্বরের সম্মুখে
সূর্যের মত দীপ্তিমান হয়ে উঠবে। আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **১ করি ১৫:১-২ক,৩-৪**

ভাই, আমি যে সুসমাচার তোমাদের কাছে প্রচার করেছি, যা তোমরা গ্রহণ করে নিয়েছ, যার উপর সুস্থির হয়ে দাঁড়িয়ে আছ, যা দ্বারা পরিত্রাণও পাচ্ছ, তারই কথা আমি তোমাদের মনে করিয়ে দিতে চাই। তোমাদের কাছে আমি সর্বপ্রথমে তা-ই সম্প্রদান করেছি, যা আমার নিজেরই কাছে সম্প্রদান করা হয়েছিল, তথা: খ্রীষ্ট আমাদের

পাপের জন্য, শাস্ত্র অনুযায়ী, মৃত্যুবরণ করলেন, তাঁকে সমাধি দেওয়া হল ; এবং শাস্ত্র অনুযায়ী তিনি তৃতীয় দিনে পুনরুত্থিত হলেন।

**শ্লোক**

℣ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, তাঁর পরাক্রম। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, তাঁর পরাক্রম। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ সেই সব আশ্চর্য কাজ যা তিনি সাধন করলেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, তাঁর পরাক্রম। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : প্রেরিতদূতেরা * বেরিয়ে পড়লেন ও সর্বত্র প্রচার করলেন ;
আর একইসময় প্রভু তাঁদের সঙ্গে সঙ্গে সক্রিয় ছিলেন
ও বাণীর সহগামী চিহ্নগুলো দ্বারা
সেই বাণী সুপ্রতিষ্ঠিত করতেন। আল্লেলুইয়া।

**মিনতি নিবেদন**

যিনি সুসমাচারের মাধ্যমে অনন্ত জীবন এবং অমরত্বের কথা প্রকাশ করেছেন, আসুন, সেই মৃত্যুঞ্জয়ী খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি :

*হে প্রভু, আমাদের বিশ্বাস দৃঢ় করে তোল।*

-তুমি তো সুসমাচারের আলোতে জগৎকে আলোকিত কর। সাহায্য কর, আমরা যেন তোমার শিক্ষা বিশ্বস্তভাবে পালন করতে পারি।

-তুমি প্রেরিতদূতদের আজ্ঞা দিয়েছিলে, তাঁরা যেন জগতের সর্বত্র গিয়ে সুসমাচার প্রচার করেন। তোমার মণ্ডলীতে বাণীপ্রচারের উদ্দীপনা অনুক্ষণ জাগিয়ে তোল।

-তুমি তোমার বাণী সম্প্রদান করার দায়িত্ব মণ্ডলীর হাতে তুলে দিয়েছিলে। আশীর্বাদ কর, আমরা যেন প্রৈরিতিক পরম্পরা রক্ষা করি।

-তুমি চেয়েছ, স্বর্গরাজ্য হবে মানবজাতির পরিত্রাণের জন্য খামিরেরই মত। আজও আমাদের মধ্যে তোমার প্রথম শিষ্যদের সেই উজ্জ্বল প্রৈরিতিক প্রেরণা জাগিয়ে রেখ।

## পূর্বাহ্ন প্রহর

ধুয়ো : নবীদের * সমস্ত বাণী
খ্রীষ্টের শুভসংবাদে পূর্ণতা লাভ করল। আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **রো ১:১৬-১৭**

সুসমাচার নিয়ে আমি লজ্জা বোধ করি না, কারণ প্রথমে ইহুদী এবং তারপরে গ্রীক—যে কেউ বিশ্বাস করে, তার পরিত্রাণের জন্য এ সুসমাচার হল স্বয়ং ঈশ্বরের পরাক্রম, কারণ সুসমাচারেই প্রকাশিত আছে ঈশ্বরের ধর্মময়তা যা বিশ্বাসমূলক ও বিশ্বাসজনক, যেমনটি লেখা আছে : 'বিশ্বাসগুণে যে ধার্মিক, সে বাঁচবে।'

℣ সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়ে তাঁদের কণ্ঠ, আল্লেলুইয়া,

℟ বিশ্বের প্রান্তসীমায় তাঁদের বচন। আল্লেলুইয়া।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : স্বর্গরাজ্যেই * পুণ্যজনদের আবাস ;
তাঁদের শান্তি চিরস্থায়ী। আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **১ থে ২:২খ-৪**

আমরা আমাদের ঈশ্বরেই সাহস পেয়ে বহু বাধাবিপত্তি সত্ত্বেও তোমাদের কাছে ঈশ্বরের সুসমাচার প্রচার করেছিলাম। আমাদের আবেদন ভ্রান্তি বা অসৎ উদ্দেশ্য-প্রণোদিত নয়, ছলনায় আশ্রিতও নয়। কিন্তু ঈশ্বর নিজেই আমাদের যোগ্য বলে বিচার-বিবেচনা করে যেমন আমাদের উপর সুসমাচার প্রচারের ভার দিয়েছেন, তেমনি আমরা প্রচার করি ; মানুষকে নয়, যিনি আমাদের হৃদয় যাচাই করেন, সেই ঈশ্বরকেই বরং সন্তুষ্ট করার জন্য আমরা প্রচার করি।

℟ তাঁরা প্রভুর নির্দেশগুলি, আল্লেলুইয়া,
℣ ও তাঁর বিধান মেনে চলতেন। আল্লেলুইয়া।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : ধার্মিকেরা * ঈশ্বরের সম্মুখে
সূর্যের মত দীপ্তিমান হয়ে উঠবে। আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **২ তি ১:৮খ-৯**

ঈশ্বরের পরাক্রমের উপরে নির্ভর ক'রে আমার সঙ্গে তুমিও সুসমাচারের জন্য দুঃখকষ্ট বরণ কর। তিনি আমাদের পরিত্রাণ করেছেন এবং পবিত্র আহ্বানে আহ্বানও করেছেন—আমাদের কোন সৎকর্ম দেখে নয়, বরং তাঁর সঙ্কল্প ও তাঁর সেই অনুগ্রহ অনুসারে, যে অনুগ্রহ অনাদিকাল থেকেই খ্রীষ্টযীশুতে আমাদের দেওয়া হয়েছিল।

℟ প্রভু একথা বলছেন, আনন্দ কর, উল্লাস কর তোমরা, আল্লেলুইয়া,
℣ তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে। আল্লেলুইয়া।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো : ঈশ্বরের * অনুগ্রহদান অনুসারে
আমাকে সুসমাচারের সেবাকর্মী করে তোলা হয়েছে। আল্লেলুইয়া। সাম ১১০
২য় ধুয়ো : সুসমাচারের জন্য * আমি সবই করি,
যেন তার সহভাগী হতে পারি। আল্লেলুইয়া। সাম ১১৩
৩য় ধুয়ো : বিজাতীয়দের কাছে * খ্রীষ্টের সন্ধানাতীত ঐশ্বর্যের কথা প্রচার করার অনুগ্রহ
আমাকে দেওয়া হয়েছে। আল্লেলুইয়া। সাম ১১৬ খ
৪র্থ ধুয়ো : প্রেরিতদূতেরা * মহাশক্তিতে উদ্দীপিত হয়ে
প্রভু যীশুর পুনরুত্থানের বিষয়ে সাক্ষ্য দিতেন। আল্লেলুইয়া। সাম ১২৬
৫ম ধুয়ো : তাঁর হৃদয়ে * প্রজ্ঞা বসবাস করে,
তাঁর ওষ্ঠে সদ্বিবেচনা বিরাজিত। গীতিকা এফে

**বাণী পাঠ** **কল ১:৩-৬**

তোমাদের জন্য যখন আমরা প্রার্থনা করি, তখন আমাদের প্রভু যীশুখ্রীষ্টের পিতা ঈশ্বরকে অবিরত ধন্যবাদ জানাই, কারণ আমরা শুনেছি খ্রীষ্টযীশুর প্রতি তোমাদের বিশ্বাস ও সকল পবিত্রজনের প্রতি তোমাদের ভালবাসার কথা, কেননা এর মূল হল তোমাদের জন্য স্বর্গে সঞ্চিত সেই প্রত্যাশা যার কথা তোমরা তখনই শুনেছিলে, যখন সুসমাচারের সত্যের বাণী তোমাদের কাছে এসে পৌঁছেছিল—সেই যে সুসমাচার সারা জগতেও ফলশালী হয়ে উঠছে ও বৃদ্ধিলাভ করছে।

**শ্লোক**

প্র বিজাতিদের মাঝে বর্ণনা কর প্রভুর গৌরব। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ বিজাতিদের মাঝে বর্ণনা কর প্রভুর গৌরব। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র সর্বজাতির মাঝে তাঁর সমস্ত আশ্চর্য কাজ;

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ বিজাতিদের মাঝে বর্ণনা কর প্রভুর গৌরব। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: নবসৃষ্টি-কালে * যখন মানবপুত্র নিজের গৌরবের সিংহাসনে আসীন হবেন,
তখন তোমরাও ইস্রায়েলের বারোটা গোষ্ঠীর বিচার করার জন্য
বারোটা সিংহাসনে আসন নেবে। আল্লেলুইয়া।

বিকল্প

ধুয়ো: ঈশ্বরের * অনুগ্রহদান অনুসারে
আমাকে সুসমাচারের সেবাকর্মী করে তোলা হয়েছে। আল্লেলুইয়া।

**মিনতি নিবেদন**

যিনি সুসমাচার প্রচারের মাধ্যমে আমাদের অন্তরে খ্রীষ্টবিশ্বাস সঞ্চার করেছেন, আসুন, সেই পরম পিতার প্রশংসাবাদ করে বলি:

*হে প্রভু, তোমার মন্ডলীকে সত্যে সুপ্রতিষ্ঠিত কর।*

-হে জীবনেশ্বর, তুমি যে মৃতদের মধ্য থেকে মন্ডলীর শীর্ষপতি সেই খ্রীষ্টকে পুনরুত্থিত করেছ, সুসমাচার-জনিত নবজীবনের সাক্ষী হতে আমাদের সহায়তা কর।

-তুমি তোমার পুত্রকে দীনদরিদ্রদের কাছে শুভসংবাদ প্রচার করতে পাঠিয়েছিলে। আমাদের অন্তর বিনম্র কর, আমরা যেন সুসমাচারের আনন্দদায়ী বাণী উপলব্ধি করতে পারি।

-তোমার প্রেরিত মসীহ সেই খ্রীষ্ট ঐশবাণীর বীজ বপন করেছিলেন। সকল বাণীপ্রচারকের কাজ আশীর্বাদ কর, যেন তাঁদের কষ্ট প্রচুর ফসলে ফলশালী হতে পারে।

-তুমি খ্রীষ্টে জগৎকে তোমার সঙ্গে পুনর্মিলিত করেছ। পুনর্মিলন-সাক্রামেন্তের সেবকদের অন্তর করুণা ও পবিত্রতায় ভূষিত কর।

-কৃপা দান কর, আমরা যেন তোমার পুত্রের পুনরুত্থান ও গৌরবলাভের কথায় দৃঢ় বিশ্বাস স্থাপন করতে পারি। আমাদের পরলোকগত ভাইবোনদের গৌরবময় ঐশজীবনে পুনরুত্থিত করে তোল।

২৮শে এপ্রিল

## সাধু পিতর শানেল, পুরোহিত ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক (ধর্মপ্রচারক), পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, খ্রীষ্টমন্ডলীর বিস্তার-কাজের জন্য তুমি সাধু পিতরকে সাক্ষ্যমরণের মর্যাদায় ভূষিত করেছিলে। আশীর্বাদ কর: এই আনন্দময় পাস্কাকালে আমরা যেন খ্রীষ্টের মৃত্যু ও পুনরুত্থান-রহস্য এমনভাবে উদ্‌যাপন করি, যাতে জীবনের নবীনতার সাক্ষী হয়ে উঠতে পারি।

একই দিন ২৮শে এপ্রিল

## সাধু লুইস মারীয়া গ্রিনিওঁ দ্য মন্টফোর্ট, পুরোহিত

সাধারণ ব্যবস্থা: পালক (ধর্মপ্রচারক), পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পুরোহিত সাধু লুইস মারীয়ার পদক্ষেপ ধন্য কুমারীর সাহচর্যে পরিত্রাণ ও খ্রীষ্টভক্তির পথে চালিত করতে ইচ্ছা করেছ। আশীর্বাদ কর, তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে আমরা যেন তোমার প্রেম-রহস্যের কথা অনুধ্যান করতে করতে অক্লান্ত ভাবে তোমার মণ্ডলীকে গেঁথে তোলার জন্য সচেষ্ট থাকি।

২৯শে এপ্রিল

## সিয়েনার সাধ্বী কাথারিনা, চিরকুমারী ও মণ্ডলীর আচার্যা

সাধারণ ব্যবস্থা: চিরকুমারী, পৃঃ ১০২১ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার অনুগ্রহে সাধ্বী কাথারিনা প্রভুর যন্ত্রণাভোগের কথা ধ্যানে ও তোমার মণ্ডলীর সেবায় দিব্য প্রেমে উদ্দীপ্তা থাকতেন। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: খ্রীষ্ট-রহস্যের সহভাগী হয়ে তোমার জনগণ যেন তাঁর স্বর্গীয় গৌরব দর্শনে চির আনন্দিত হতে পারে।

জাখারিয়ার গীতিকা

**ধুয়ো:** খ্রীষ্টের কুমারী সেবিকা কাথারিনা * খ্রীষ্টের কাছে সনির্বন্ধ আবেদন জানাতেন,
তিনি যেন মণ্ডলীকে শান্তি দান করেন। আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

**ধুয়ো:** সর্বদাই * ঈশ্বর-অন্বেষায় রতা থেকে
কাথারিনা তাঁর সঙ্গে দিব্য প্রেমের বন্ধনে আবদ্ধ হয়ে জীবন কাটাতেন। আল্লেলুইয়া।

৩০শে এপ্রিল

## পোপ সাধু পঞ্চম পিউস

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পোপ সাধু পিউসকে তোমার মণ্ডলীর মধ্যে মনোনীত করেছিলে, তিনি যেন খ্রীষ্টবিশ্বাস রক্ষা করেন ও তোমার উদ্দেশে যেন যোগ্যতর উপাসনার অর্ঘ্য নিবেদিত হয়। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: আমরা যেন উজ্জ্বল বিশ্বাস ও ফলশালী ভালবাসায় তোমার মহারহস্যে যোগদান করতে পারি।

# মে

১লা মে

## আদর্শ কর্মী সাধু যোসেফ

এ ঐচ্ছিক স্মরণদিবস যখন স্মরণ বা পর্ব পর্যায়ে পালিত হয়, তখন ১৯শে মার্চ এর ব্যবস্থা থেকেই প্রয়োজনীয় অংশগুলি নেওয়া হবে, পৃঃ ৭৯৫।

**সমাপন প্রার্থনা**

হে সর্বস্রষ্টা ঈশ্বর, মানবজাতির জন্য তুমিই শ্রম-বিধান নির্ধারণ করেছ। আশীর্বাদ কর: সাধু যোসেফের আদর্শ অনুকরণে ও তাঁর সহায়তা লাভে আমরা যেন তোমার আদিষ্ট কর্ম সুসম্পন্ন করতে পারি ও তোমার প্রতিশ্রুত পুরস্কার অর্জন করতে পারি।

**আহ্বান সঙ্গীত**

ধুয়ো: যিনি কর্মী যোসেফের সন্তান বলে পরিচিত ছিলেন,
এসো, সেই খ্রীষ্ট প্রভুর চরণে প্রণিপাত করি। আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: হে আদর্শ কর্মী সাধু যোসেফ,
আমাদের যত কাজের উপর দৃষ্টিপাত কর। আল্লেলুইয়া।

বিকল্প

ধুয়ো: সাধু যোসেফ * ছুতোরশীল্প বিশ্বস্ত ভাবে পালন করেছেন,
তিনি শ্রমিকদের উজ্জ্বল আদর্শ। আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: খ্রীষ্ট প্রভু * ছুতোর মিস্ত্রির সন্তান বলে
পরিচিত হতে চাইলেন। আল্লেলুইয়া।

২রা মে

## সাধু আথানাসিউস, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি বিশপ সাধু আথানাসিউসকে তোমার পুত্রের ঐশস্বরূপের নিপুণ সমর্থক হবার জন্য মনোনীত করেছিলে। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: তাঁর ধর্মশিক্ষা ও সহায়তা লাভে আমরা যেন আরও গভীরতর ভাবে তোমাকে জানতে পারি, তোমার প্রতি ভালবাসায়ও যেন উত্তরোত্তর বেড়ে উঠতে পারি।

৩রা মে

## সাধু ফিলিপ ও যাকোব, প্রেরিতদূত

সাধারণ ব্যবস্থা: প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, প্রতিবছর তোমার প্রেরিতদূত ফিলিপ ও যাকোবের পর্বদিবসে তুমি আমাদের অন্তর আনন্দিত করে তোল। অনুনয় করি: তাঁদের প্রার্থনার পুণ্যফলে আমরা যেন তোমার একমাত্র পুত্রের মৃত্যু ও পুনরুত্থানের সহভাগী হতে পারি, যাতে তোমার চিরকালীন দর্শনলাভে উপনীত হতে পারি।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো: প্রভু, * পিতাকে আমাদের দেখিয়ে দিন,
তাতে আমরা তুষ্ট হব। আল্লেলুইয়া।

২য় ধুয়ো :   ফিলিপ, *  যে আমাকে দেখেছে,
সে পিতাকেও দেখেছে। আল্লেলুইয়া।
৩য় ধুয়ো :   এতদিন *  আমি তোমাদের সঙ্গে আছি আর তুমি আমাকে জান না?
আমি পিতাতে আছি আর পিতা আমাতে আছেন। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো :   তোমরা *  যদি আমাকে জানতে,
তাহলে আমার পিতাকেও জানতে।
তোমরা তো তাঁকে এখন জান,
দেখতেও পেয়েছ তাঁকে। আল্লেলুইয়া।
৫ম ধুয়ো :   তোমরা *  যদি আমাকে ভালবাস,
তবে আমার আজ্ঞাগুলো মেনে চল। আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো :  আমিই *  সেই পথ, সেই সত্য, সেই জীবন।
পিতার কাছে কেউই যেতে পারে না,
যদি না সে আমার মধ্য দিয়ে যায়। আল্লেলুইয়া।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো :   প্রভু, *  পিতাকে আমাদের দেখিয়ে দিন,
তাতে আমরা তুষ্ট হব। আল্লেলুইয়া।   সাম  ১১০
২য় ধুয়ো :   ফিলিপ, *  যে আমাকে দেখেছে,
সে পিতাকেও দেখেছে। আল্লেলুইয়া।   সাম  ১১৩
৩য় ধুয়ো :   এতদিন *  আমি তোমাদের সঙ্গে আছি আর তুমি আমাকে জান না?
আমি পিতাতে আছি আর পিতা আমাতে আছেন। আল্লেলুইয়া।   সাম  ১১৬ খ
৪র্থ ধুয়ো :   তোমরা *  যদি আমাকে জানতে,
তাহলে আমার পিতাকেও জানতে।
তোমরা তো তাঁকে এখন জান,
দেখতেও পেয়েছ তাঁকে। আল্লেলুইয়া।   সাম  ১২৬
৫ম ধুয়ো :   তোমরা *  যদি আমাকে ভালবাস,
তাহলে আমার আজ্ঞা সকল মেনে চল। আল্লেলুইয়া।   গীতিকা  এফে

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো :  তোমরা *  যদি আমাতে থাক
ও আমার সমস্ত কথা তোমাদের অন্তরে থাকে,
তাহলে তোমাদের যা ইচ্ছা তোমরা যাচনা কর,
তোমাদের জন্য তাই করা হবে। আল্লেলুইয়া।

১১ই মে

## সাধু অদো, মাইওলুস, অদিলো, হুগো ও মাননীয় পিতর

**ক্লুনির মঠাধ্যক্ষ**

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০।   স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার দৃষ্টিতে যাদের আচরণ পুণ্য, তুমি নিজে হও তাদের আশ্রয়, তাদের পুরস্কার। অনুনয় করি তোমায় : আমাদের অন্তরে জাগাও এমন দিব্য প্রেরণা, যেন ক্লুনির সাধু মঠাধ্যক্ষদের আদর্শ ও প্রার্থনার পুণ্যফলে

আমরা মুক্ত অন্তরে প্রেমাজ্ঞার পথে দ্রুত পদক্ষেপে এগিয়ে চলতে পারি।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো: তোমার পুণ্যজনেরা, প্রভু,
হিমের চেয়েও নির্মল। আল্লেলুইয়া।

২য় ধুয়ো: ধার্মিকেরাই * করবে তোমার নামের স্তুতি,
ন্যায়নিষ্ঠরাই আসন পাবে তোমার সামনে। আল্লেলুইয়া।

৩য় ধুয়ো: তোমরা * যারা ইহলোকে আমার জন্য সংগ্রাম করলে,
আমিই হব তোমাদের পুরস্কার। আল্লেলুইয়া।

৪র্থ ধুয়ো: প্রভুর মনোনীতজন সবাই, * বল: প্রভু ধন্য;
কর তাঁর স্তুতিগান। আল্লেলুইয়া।

৫ম ধুয়ো: প্রভু একথা বলছেন, * পবিত্র হও,
তবে আমি ঘটাব তোমাদের বংশবৃদ্ধি,
তোমরা যেন আমার জনগণের জন্য
এই গৃহে প্রার্থনা কর। আল্লেলুইয়া।

**বাণী পাঠ** সিরা ১৭:৭

ঈশ্বর সদ্‌জ্ঞান ও সুবুদ্ধি দানে তাদের অন্তর পূর্ণ করলেন; তাদের দেখালেন কি ভাল আর কি মন্দ।

**শ্লোক**

℣ যারা প্রভুকে ভয় করে, তারা তাঁর সহভাগিতা পাবে। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ যারা প্রভুকে ভয় করে, তারা তাঁর সহভাগিতা পাবে। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ প্রভু তাদের জানান তাঁর সন্ধির কথা।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ যারা প্রভুকে ভয় করে, তারা তাঁর সহভাগিতা পাবে। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: ধার্মিকেরা * আলোতে দীপ্তিমান হয়ে উঠবে,
খড়ের মধ্যকার স্ফুলিঙ্গই যেন তারা ছুটাছুটি করবে।
তারা বিজাতীয়দের বিচার করবে,
জাতিসকলের উপর প্রভুত্ব করবে। আল্লেলুইয়া।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো: আব্বা অদো * ছিলেন পবিত্র আত্মায় পরিপূর্ণ ব্যক্তি।
তিনি হলেন বেনেডিক্ট-অনুগামীদের ভূষণ। আল্লেলুইয়া। সাম ১১০

২য় ধুয়ো: আব্বা মাইওলুস
ছিলেন ভক্তি ও অনুগ্রহে পরিপূর্ণ ব্যক্তি।
স্বর্গদূতেরই মত ছিল তাঁর আচরণ,
মানবসমাজে তিনি হলেন পুণ্যের আধার। আল্লেলুইয়া। সাম ১১২

৩য় ধুয়ো: আব্বা অদিলোর অন্তর
মানবদয়ায় পরিপূর্ণ ছিল। আল্লেলুইয়া। সাম ১১৩

৪র্থ ধুয়ো : পুণ্য শনিবারে ধ্যানমগ্ন হয়ে
আব্বা হুগো নব জ্যোতির স্তম্ভের দর্শন পেলেন ;
তখন তিনি ভক্তিভরে প্রার্থনা করলেন,
যেন প্রতিশ্রুত দেশে গিয়ে পৌঁছতে পারেন। আল্লেলুইয়া। সাম ১১৬ খ
৫ম ধুয়ো : আমার পবিত্রজনদের * আমি শাশ্বত একটি নাম দেব,
তারা পরম আনন্দ পাবে চিরকাল ধরে। আল্লেলুইয়া। গীতিকা প্রত্যা ৪

**বাণী পাঠ** ১ পি ৫:১-৪

তোমাদের মধ্যে যারা প্রবীণবর্গ, তাদের আমি অনুরোধ করছি—যেহেতু আমি নিজে একজন প্রবীণ, ও খ্রীস্টের যন্ত্রণাভোগের একজন সাক্ষী এবং সেই গৌরবের সহভাগী যা প্রকাশিত হওয়ার কথা: ঈশ্বরের যে মেষপাল তোমাদের তত্ত্বাবধানে আছে, তাদের পালন কর ; তাদের উপরে লক্ষ রাখ, বাধ্য হয়ে নয়, স্ব-ইচ্ছায়, ঈশ্বরের মন অনুসারে ; হীন লাভের জন্যও নয়, বরং আগ্রহের সঙ্গে, তোমাদের দায়িত্বে ন্যস্ত লোকদের উপর প্রভুত্ব চালিয়েও নয়, কিন্তু পালের আদর্শবান হয়ে দাঁড়িয়ে। তাহলে প্রধান মেষপালক আবির্ভূত হলে তোমরা অম্লান গৌরবমুকুট পাবে।

**শ্লোক**

℣ হে যেরুসালেম, তোমার প্রাচীরের উপর আমি প্রহরী মোতায়েন রাখলাম। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ হে যেরুসালেম, তোমার প্রাচীরের উপর আমি প্রহরী মোতায়েন রাখলাম। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ প্রভুর নাম প্রচার ক'রে দিনরাত তারা কখনও নীরব হয়ে থাকবে না।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে যেরুসালেম, তোমার প্রাচীরের উপর আমি প্রহরী মোতায়েন রাখলাম। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে ঈশ্বরের পুণ্যজন সকল, * তোমরা ধন্য !
তোমরা যে স্বর্গীয় শক্তির অংশীদার হয়ে উঠলে,
জ্যোতির্ময় গৌরব লাভ করলে। আল্লেলুইয়া।

১২ই মে

## সাধু নেরেউস ও আখিলেউস, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, গৌরবময় সাক্ষ্যমর নেরেউস ও আখিলেউসের দৃঢ় বিশ্বাস-স্বীকৃতির কথা শুনে আমরা তোমার আশীর্বাদে যেন তাঁদের নিত্য সহায়তা উপলব্ধি করতে পারি।

একই দিন ১২ই মে

## সাধু পানক্রাস, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সাক্ষ্যমর সাধু পানক্রাসের পর্বদিবস পালনে তোমার মন্ডলী আনন্দে মেতে উঠুক। তাঁর গৌরবময় প্রার্থনার পুণ্যফলে সে যেন তোমার রক্ষায় নিরাপদ হয়ে নিষ্ঠার সঙ্গে তোমার সেবা করতে পারে।

১৩ই মে

## ফাতিমা তীর্থের ধন্যা কুমারী মারীয়া

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি চেয়েছিলে, তোমার পুত্রের মাতা আমাদেরও মাতা হবেন। আশীর্বাদ কর, জগতের পরিত্রাণের জন্য তপস্যায় ও প্রার্থনায় রত থেকে আমরা যেন দিনে দিনে খ্রীষ্টের রাজ্য-বিস্তারে সচেষ্ট থাকি।

১৪ই মে

## সাধু মাথিয়াস, প্রেরিতদূত

সাধারণ ব্যবস্থা: প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু মাথিয়াসকে প্রেরিতদূতদের পরিষদের সদস্য হতে বেছে নিয়েছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর, আমরা যারা তোমার করুণার পাত্র হওয়ায় আনন্দিত, যেন তোমার মনোনীতদের স্বর্গসভায় তালিকাভুক্ত হতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: যীশুর সঙ্গে * যাঁরা জীবন কাটিয়েছিলেন,
তাঁদেরই একজনকে আমাদের সঙ্গে তাঁর পুনরুত্থানের সাক্ষী হতে হবে (আল্লেলুইয়া)।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: তোমরা * যে আমাকে বেছে নিয়েছ এমন নয়,
আমিই তোমাদের বেছে নিয়েছি, তোমাদের নিযুক্তও করেছি:
যেন তোমরা গিয়ে ফলশালী হয়ে ওঠ
ও তোমাদের ফল স্থায়ী হতে পারে (আল্লেলুইয়া)।

১৫ই মে

## সাধু পাখমিওস, মঠাধ্যক্ষ

সাধারণ ব্যবস্থা: সন্ন্যাসী, পৃঃ ১০১০। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার অনুগ্রহ গুণে ধন্য আব্বা পাখমিওস ধর্মবিশ্বাস ও পবিত্রতার শীর্ষস্থানে পৌঁছেছিলেন। আশীর্বাদ কর: তাঁর আদর্শে উদ্বুদ্ধ হয়ে আমরা যেন খাদ্যরূপে সর্বপ্রথমে তোমার বাণীর অন্বেষণ করি, যাতে আমাদের অন্তর তোমার ঐশআলো ও পরম শক্তিতে পূর্ণ হতে পারে।

১৮ই মে

## পোপ সাধু প্রথম যোহন, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

ভক্তজনদের পুরস্কার হে পরমেশ্বর, তুমি এ দিনটিকে পোপ সাধু যোহনের সাক্ষ্যমরণ দ্বারা পবিত্র করে তুলেছ। তোমার জনগণের মিনতিতে সাড়া দিয়ে আশীর্বাদ কর: আমরা যারা তাঁর পুণ্য জীবনের কথা স্মরণ করি, যেন বিশ্বাস-রক্ষায় তাঁর নিষ্ঠতা অনুকরণ করতে পারি।

১৯শে মে

## সাধু পিতর চেলেস্তিনুস, পোপ ও বিজনাশ্রমী

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা সন্ন্যাসী, পৃঃ ১০১০।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমিই সাধুসাধ্বীদের পুরস্কার, তুমিই বিনম্রদের বিজয়মালা। তোমার প্রেরণায় সাধু চেলেস্তিনুস মণ্ডলীর শীর্ষপদে আবার বিজনাশ্রমের গুপ্তস্থানে সর্বত্রই নম্রচিত্ত হয়েই তোমার সেবা করতে পেরেছিলেন। আশীর্বাদ কর: আমরাও যেন সুসমাচারের সরু পথ ধরেই সনাতন জীবনরাজ্যে পৌঁছতে পারি।

২০শে মে

## সিয়েনার সাধু বার্নাডিন, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক (ধর্মপ্রচারক), পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পুরোহিত সাধু বার্নাডিনের হৃদয়ে 'যীশু' পবিত্র নামের প্রতি অপূর্ব ভক্তি সঞ্চার করেছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর, আমরাও যেন তোমার প্রেমাগ্নিতে অনুক্ষণ উদ্দীপ্ত থাকি।

২১শে মে

## সাধু খ্রীষ্টফার মাগালানেস, পুরোহিত ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি পুরোহিত সাধু খ্রীষ্টফার ও তাঁর সঙ্গীদের রক্তদান পর্যন্তই খ্রীষ্টরাজার বিশ্বস্ত সাক্ষী করেছ। অনুনয় করি, তাঁদের প্রার্থনার পুণ্যফলে আমরা যেন প্রকৃত বিশ্বাস-স্বীকারে নিষ্ঠাবান থেকে তোমার প্রেমের আজ্ঞাগুলি সর্বদাই পালন করি।

২২শে মে

## কাশার সাধ্বী রীতা, ধর্মব্রতিনী

সাধারণ ব্যবস্থা : সাধ্বী (ধর্মব্রতিনী), পৃঃ ১০৪৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, আমাদের দান কর সেই ক্রুশ-রহস্যের জ্ঞান ও শক্তি যা দিয়ে তুমি সাধ্বী রীতাকে অলঙ্কৃত করেছিল, যাতে সঙ্কটের দিনে খ্রীষ্টের সঙ্গে কষ্টভোগ ক'রে গভীরতরভাবে তাঁর পাস্কা-রহস্যের অংশী হতে পারি।

২৫শে মে

## সাধু বীড, পুরোহিত ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩ অথবা সন্ন্যাসী, পৃঃ ১০১০। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, পুরোহিত সাধু বীডের উজ্জ্বল ধর্মশিক্ষা দ্বারা তুমি তোমার মণ্ডলীকে উদ্বুদ্ধ করে থাক। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : তোমার সন্তানেরা যেন তাঁর প্রজ্ঞা লাভে উদ্দীপিত হতে পারে ও তাঁর প্রার্থনার পুণ্যফলে সহায়তা পেতে পারে।

একই দিন ২৫শে মে

## পোপ সাধু সপ্তম গ্রেগরি

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, পোপ সাধু গ্রেগরিকে তুমি যে ন্যায়নিষ্ঠা ও দৃঢ়তার আত্মায় ভূষিত করেছিলে, তোমার মণ্ডলীকেও সেই আত্মায় ভূষিত কর, সে যেন অন্যায়ের বিরুদ্ধে দাঁড়িয়ে, যা ন্যায়, উন্মুক্ত ভ্রাতৃসেবায় তা-ই সাধন করতে পারে।

একই দিন ২৫শে মে

## সাধ্বী মারীয়া মাগদালেনা দ্য পাজ্জি, চিরকুমারী

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১ অথবা সাধ্বী (ধর্মব্রতিনী), পৃঃ ১০৪৩।

**সমাপন প্রার্থনা**

চিরকুমারীদের পবিত্রতম প্রেমিক হে পরমেশ্বর, তুমি চিরকুমারী সাধ্বী মারীয়া মাগদালেনার অন্তর তোমার প্রেমাগ্নিতে উদ্দীপ্ত করে নানা স্বর্গীয় দানে ভূষিত করেছিলে। আশীর্বাদ কর : তাঁর স্মৃতি পালন ক'রে আমরা যেন তাঁর শুচিতা ও ভক্তির আদর্শ অনুকরণ করতে পারি।

২৬শে মে

## সাধু ফিলিপ নেরি, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি যুগে যুগে পবিত্রতার গৌরবে তোমার সাধুসাধ্বীদের বিভাসিত করে থাক। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : পবিত্র আত্মা যে প্রেমাগ্নিতে সাধু ফিলিপের অন্তর অপূর্বভাবে পূর্ণ করেছিলেন, সেই একই প্রেমাগ্নি আমাদের অন্তরে জ্বালিয়ে তুলুন।

২৭শে মে

## ক্যাণ্টারবেরির সাধু আগস্তিন, বিশপ

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, বিশপ সাধু আগস্তিনের বাণীপ্রচার দ্বারা তুমি ইংরাজ জাতিকে সুসমাচারের আলোতে চালিত করেছিলে। আশীর্বাদ কর : তাঁর শ্রমের ফল যেন আজ ও চিরকাল তোমার মন্ডলীতে বৃদ্ধি পেতে পারে।

৩১শে মে

## ধন্যা কুমারী মারীয়া শুভসাক্ষাৎ

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তোমার পুত্র মাতৃগর্ভে থাকাকালে তুমি ধন্যা কুমারী মারীয়াকে এলিজাবেথের কাছে যেতে অনুপ্রাণিত করেছিলে। আশীর্বাদ কর : পবিত্র আত্মার অনুপ্রেরণার প্রতি অনুগত হয়ে আমরা যেন অবিরতই ধন্যা মাতার সঙ্গে তোমার মহিমাকীর্তন করতে পারি।

**আহ্বান সঙ্গীত**

ধুয়ো : এসো, ধন্যা কুমারী মারীয়ার শুভ সাক্ষাৎ পর্ব উদ্‌যাপন করি ;
এসো, তাঁর সন্তান যীশুখ্রীষ্টের উদ্দেশে হর্ষধ্বনি তুলি (আল্লেলুইয়া)। সাম ৯৫

## জাগরণী

### ৩য় পর্ব

ধুয়ো : হে কুমারী মারীয়া,
নিত্যই কর উল্লাস,
তুমি যে স্বর্গমর্তের স্রষ্টা সেই বিশ্বত্রাতাকে
জন্ম দিতে যোগ্য হলে (আল্লেলুইয়া)।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : মারীয়া * রওনা হয়ে
পার্বত্য অঞ্চলে যুদার একটা শহরের দিকে যাত্রা করলেন (আল্লেলুইয়া)।

২য় ধুয়ো : এলিজাবেথ * মারীয়ার অভিবাদন শোনামাত্র
তাঁর গর্ভের শিশুটি লাফিয়ে উঠল
এলিজাবেথ পবিত্র আত্মায় পূর্ণ হলেন (আল্লেলুইয়া)।

৩য় ধুয়ো : হে মারীয়া, * তুমি সুখী ; তুমি যে বিশ্বাস করেছ ;
তোমাতেই সিদ্ধিলাভ করল প্রভুর প্রতিশ্রুতি (আল্লেলুইয়া)।

৪র্থ ধুয়ো : প্রভুর মহিমাকীর্তন * করে আমার প্রাণ ;
কারণ তাঁর দাসীর বিনম্রতার দিকে মুখ তুলে চেয়েছেন তিনি (আল্লেলুইয়া)।
৫ম ধুয়ো : এখন থেকে * যুগে যুগে সকলে আমাকে সুখী বলবে,
কারণ আমার জন্য মহা মহা কাজ করেছেন সেই শক্তিমান (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **যোয়েল ২:২৭–৩:১ক**

তোমরা জানবে যে আমি ইস্রায়েলের মাঝে আছি: আমিই প্রভু তোমাদের সেই পরমেশ্বর, অন্য কেউ নয়। আমার আপন জনগণের জন্য আর লজ্জা নয়! এরপর আমি সমস্ত মর্তদেহের উপর আমার আত্মা বর্ষণ করব ; তোমাদের ছেলেমেয়ে সকলেই নবী হয়ে উঠবে।

**শ্লোক**

℣ প্রভু তাঁকে বেছে নিলেন ; * তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন।
℟ প্রভু তাঁকে বেছে নিলেন ; * তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন।
℣ আপন কুটিরেই তাঁকে আসন দিলেন ;
℟ তাঁকে আদি থেকেই মনোনীত করলেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু তাঁকে বেছে নিলেন ; * তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন।

পাস্কাকাল

℣ প্রভু তাঁকে বেছে নিলেন, তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু তাঁকে বেছে নিলেন, তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আপন কুটিরেই তাঁকে আসন দিলেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু তাঁকে বেছে নিলেন, তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : এলিজাবেথ * মারীয়ার অভিবাদন শোনামাত্র
উচ্চকণ্ঠে বলে উঠলেন,
আমি কে যে আমার প্রভুর মা আমার কাছে আসবে? (আল্লেলুইয়া)।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : হে মারীয়া, * তুমি সুখী ; তুমি যে বিশ্বাস করেছ ;
তোমাতেই সিদ্ধিলাভ করল প্রভুর প্রতিশ্রুতি (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **যুদিথ ১৩:৩১**

যাকোবের তাঁবুতে তাঁবুতে ঈশ্বর তোমাকে ধন্য করেছেন ; কারণ যত জাতি তোমার নাম শুনবে, সেই সমস্ত জাতির মাঝে ইস্রায়েলের ঈশ্বর তোমার খাতিরে গৌরবান্বিত হবেন।

℣ সুখী তারা (আল্লেলুইয়া),
℟ যারা ঈশ্বরের বাণী শোনে ও পালন করে (আল্লেলুইয়া)।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : প্রভুর মহিমাকীর্তন * করে আমার প্রাণ ;
কারণ তাঁর দাসীর বিনম্রতার দিকে মুখ তুলে চেয়েছেন তিনি (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **তোবিত ১২:৬**

ঈশ্বরকে ধন্য বল, তোমাদের প্রতি তিনি যে মঙ্গল সাধন করেছেন, সকল জীবিতের সামনে তা ঘোষণা কর। ধন্য কর তাঁর নাম, কর তাঁর নামগান! সর্বজাতির সামনে ঈশ্বরের কর্মকীর্তি যোগ্যরূপে ঘোষণা কর, তাঁকে ধন্যবাদ জানাতে কখনও ক্ষান্ত হয়ো না।

℣ ধন্য কুমারী মারীয়ার গর্ভ (আল্লেলুইয়া),

℟ যে গর্ভ সনাতন পিতার পুত্রকে বরণ করল (আল্লেলুইয়া)।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: এখন থেকে * যুগে যুগে সকলে আমাকে সুখী বলবে,
কারণ আমার জন্য মহা মহা কাজ করেছেন সেই শক্তিমান (আল্লেলুইয়া)।

**বাণী পাঠ** **প্রজ্ঞা ৭:২৭-২৮**

নিজে অভিন্ন হয়ে থেকেও প্রজ্ঞা সবকিছু নবীন করে তোলে, ও যুগের পর যুগ পুণ্যবানদের প্রাণে প্রবেশ ক'রে সে তাদের করে তোলে ঈশ্বরের বন্ধু, তাদের করে তোলে নবী। কেননা ঈশ্বর তাকেই মাত্র ভালবাসেন, প্রজ্ঞার সঙ্গে যে বাস করে।

℣ নারীকুলে তুমি ধন্যা (আল্লেলুইয়া),

℟ এবং ধন্য তোমার গর্ভফল (আল্লেলুইয়া)।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো: জাখারিয়ার বাড়িতে প্রবেশ করে
মারীয়া এলিজাবেথকে অভিবাদন জানালেন (আল্লেলুইয়া)। সাম ১১০
২য় ধুয়ো: তোমার অভিবাদন * শোনামাত্র
আমার গর্ভে শিশুটি লাফিয়ে উঠল (আল্লেলুইয়া)। সাম ১১৩
৩য় ধুয়ো: নারীকুলে * তুমি ধন্যা,
এবং ধন্য তোমার গর্ভফল (আল্লেলুইয়া)। সাম ১২২
৪র্থ ধুয়ো: আমার বিনম্রতার জন্য * পরাৎপর আমাতে হলেন প্রীত;
আমি মানবেশ্বরকে প্রসব করলাম (আল্লেলুইয়া)। সাম ১২৭
৫ম ধুয়ো: হে কন্যা, * প্রভুর আশিসপাত্র তুমি।
তুমিই আমাদের দান করেছ জীবনের ফল (আল্লেলুইয়া)। গীতিকা এফে

**বাণী পাঠ** **১ পি ৫:৫খ-৭**

তোমরা সবাই পরস্পরের সেবায় বিনম্রতায় পরিবৃত হও, কারণ ঈশ্বর অহঙ্কারীদের প্রতিরোধ করেন, বিনম্রদের কিন্তু অনুগ্রহ দান করেন। তাই ঈশ্বরের পরাক্রান্ত বাহুর অধীনে নিজেদের নমিত রাখ, যেন যথাসময় তিনি তোমাদের উন্নীত করেন। তোমাদের সমস্ত ভাবনা-চিন্তার ভার তাঁর উপরেই ছেড়ে দাও, কারণ তিনি তোমাদের জন্য চিন্তা করেন।

**শ্লোক**

℣ আনন্দিতা হও, হে অনুগৃহীতা! * প্রভু তোমার সঙ্গে আছেন।

℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা! * প্রভু তোমার সঙ্গে আছেন।

℣ নারীকুলে তুমি ধন্যা, এবং ধন্য তোমার গর্ভফল।

℟ প্রভু তোমার সঙ্গে আছেন।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা! * প্রভু তোমার সঙ্গে আছেন।

পাস্কাকাল

℣ আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ নারীকুলে তুমি ধন্যা, এবং ধন্য তোমার গর্ভফল।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা! প্রভু তোমার সঙ্গে আছেন। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

### কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: যুগে যুগে * সকলে আমাকে সুখী বলবে,
কারণ এ বিনম্র দাসীর দিকে মুখ তুলে চেয়েছেন পরমেশ্বর (আল্লেলুইয়া)।

পঞ্চাশত্তমীর পরবর্তী দ্বিতীয় রবিবারের পরবর্তী শনিবার

## নির্মলহৃদয়া ধন্যা কুমারী মারীয়া

সাধারণ ব্যবস্থা: ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি ধন্যা কুমারী মারীয়ার হৃদয়ে পবিত্র আত্মার জন্য উপযুক্ত এক আবাসগৃহ প্রস্তুত করেছিলে। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: ধন্যা মাতার প্রার্থনার পুণ্যফলে আমরা যেন তোমার গৌরবের যোগ্য মন্দির হতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: জীবনময় ঈশ্বরের জন্য * আনন্দচিৎকারে ফেটে পড়ে
আমার হৃদয়, আমার দেহ।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: আমার বিনম্রতার জন্য * পরাৎপর আমাতে হলেন প্রীত;
আমি মানবেশ্বরকে প্রসব করলাম।

# জুন

১লা জুন

## সাধু জাষ্টিন, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি অপূর্বভাবে সাক্ষ্যমর সাধু জাষ্টিনকে ক্রুশ-নির্বুদ্ধিতার মধ্য দিয়ে খ্রীষ্টজ্ঞানে উদ্বুদ্ধ করেছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর, আমরা যেন ভুলভ্রান্তির প্রতারণা দূর করে দিয়ে স্থিতমূল বিশ্বাস লাভ করতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : যতবার * কিছু অর্পণ করি,
ততবার আমরা তাঁর পুত্র যীশুখ্রীষ্ট ও পবিত্র আত্মা দ্বারা
নিখিল সৃষ্টির স্রষ্টার প্রশংসাবাদ করি (আল্লেলুইয়া)।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আমার অন্তরে * হঠাৎ আগুন জ্বলে উঠল।
আমার হৃদয়ে নবীদের ও খ্রীষ্টের বন্ধুদের প্রতি ভক্তি স্থান পেল (আল্লেলুইয়া)।

২রা জুন

## সাধু মার্সেলিন ও পিতর, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সাক্ষ্যমর সাধু মার্সেলিন ও পিতরের গৌরবময় সাক্ষ্যদান দ্বারা তুমি আমাদের রক্ষা ও প্রতিপালন করে থাক। আশীর্বাদ কর : তাঁদের আদর্শ অনুসরণে আমাদের জীবনাচরণ যেন সিদ্ধতর হয়ে ওঠে, তাঁদের প্রার্থনার পুণ্যফলে আমরা যেন সহায়তা পেতে পারি।

৩রা জুন

## সাধু চার্লস লুয়াঙ্গা ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাক্ষ্যমরদের রক্তকে খ্রীষ্টবিশ্বাসের বীজ করে তুলেছ। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : সাধু চার্লস ও তাঁর সঙ্গীদের রক্তক্ষরণে সিক্ত তোমার মণ্ডলী-ক্ষেত্র যেন সুপ্রচুর ফসল দানে উর্বর হয়ে ওঠে।

৫ই জুন

## সাধু বনিফাস, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, সাক্ষ্যমর সাধু বনিফাস যে বিশ্বাস মুখে ঘোষণা করেছিলেন ও আপন রক্তের স্বাক্ষরে সমর্থন করেছিলেন, আমরা যেন তাঁর সহায়তার উপর নির্ভর করে সেই বিশ্বাস দৃঢ়তার সঙ্গে রক্ষা করি ও জীবনাচরণে তা সৎসাহসের সঙ্গে স্বীকার করি।

জাখারিয়ার গীতিকা
ধুয়ো: বেনেডিক্ট-পন্থী সাক্ষ্যমর ও বিশপ বনিফাস
পোপের প্রতিনিধি হয়ে
জার্মান দেশ সুসমাচারের আলোতে আলোকিত করলেন,
ফ্রান্সের মণ্ডলীকেও সাহায্য করলেন (আল্লেলুইয়া)।

কুমারী মারীয়ার গীতিকা
ধুয়ো: বর্বরদের রোষ * খড়্গ দ্বারা পবিত্র সুসমাচারের পুস্তক ভেদ করল,
যাতে করে সাক্ষ্যমরের বুকও বিদ্ধ হয়।
খড়্গ সাক্ষ্যমরকে মেরে ফেলতে পারল,
পারেনি কিন্তু তাঁকে পরাজিত করতে (আল্লেলুইয়া)।

৬ই জুন

## সাধু নরবার্ট, বিশপ

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি বিশপ সাধু নরবার্টকে তাঁর প্রার্থনা-ধ্যান ও পালকীয় দায়িত্ব-পালনের জন্য তোমার মণ্ডলীর এক আদর্শ সেবক করে তুলেছ। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: তোমার মেষপাল যেন তোমার মনোমত পালক পেতে পারে, পরিত্রাণদায়ী চারণভূমিও যেন সর্বদা পেতে পারে।

৯ই জুন

## সাধু এফ্রেম, পরিসেবক ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

### সমাপন প্রার্থনা

হে প্রভু, তোমার প্রসন্নতায় আমাদের অন্তরে সেই পবিত্র আত্মাকে সঞ্চার কর, যাঁর অনুপ্রেরণায় অনুপ্রাণিত হয়ে পরিসেবক সাধু এফ্রেম তোমার সেবায় নিবিষ্ট থাকলেন ও মুখরিত অন্তরে তোমার দিব্য রহস্যমালার গুণকীর্তন করলেন।

১১ই জুন

## সাধু বার্নাবাস, প্রেরিতদূত

সাধারণ ব্যবস্থা: প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি আদেশ করেছিলে, যেন বিশ্বাস ও পবিত্র আত্মায় পরিপূর্ণ ব্যক্তি সেই সাধু বার্নাবাসকে বিধর্মীদের কাছে ঐশবাণী প্রচার করার জন্য স্বতন্ত্র করে রাখা হয়। আশীর্বাদ কর: খ্রীষ্টের যে সুসমাচার তিনি একাগ্রতার সঙ্গে ঘোষণা করেছেন, তা যেন কথাকর্মে বিশ্বস্ততার সঙ্গে প্রচার করা হয়।

### আহ্বান সঙ্গীত

ধুয়ো: যিনি নবী ও মণ্ডলীর আচার্যদের মুখ দিয়ে আমাদের কাছে কথা বললেন,
এসো, সেই পবিত্র আত্মার উদ্দেশে প্রণিপাত করি (আল্লেলুইয়া)।সাম ৯৫

## প্রভাতী বন্দনা

### বাণী পাঠ — ১ করি ১৫:১-২ক,৩-৪

ভাই, আমি যে সুসমাচার তোমাদের কাছে প্রচার করেছি, যা তোমরা গ্রহণ করে নিয়েছ, যার উপর সুস্থির হয়ে দাঁড়িয়ে আছ, যা দ্বারা পরিত্রাণও পাচ্ছ, তারই কথা আমি তোমাদের মনে করিয়ে দিতে চাই। তোমাদের কাছে আমি সর্বপ্রথমে তা-ই সম্প্রদান করেছি, যা আমার নিজেরই কাছে সম্প্রদান করা হয়েছিল, তথা: খ্রীষ্ট আমাদের

পাপের জন্য, শাস্ত্র অনুযায়ী, মৃত্যুবরণ করলেন, তাঁকে সমাধি দেওয়া হল; এবং শাস্ত্র অনুযায়ী তিনি তৃতীয় দিনে পুনরুত্থিত হলেন।

**শ্লোক**

℣ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, * তাঁর পরাক্রম।

℟ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, * তাঁর পরাক্রম।

℣ সেই সব আশ্চর্য কাজ যা তিনি সাধন করলেন,

℟ তাঁর পরাক্রম।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, * তাঁর পরাক্রম।

পাস্কাকাল

℣ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, তাঁর পরাক্রম। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, তাঁর পরাক্রম। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ সেই সব আশ্চর্য কাজ যা তিনি সাধন করলেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, তাঁর পরাক্রম। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: বার্নাবাস * পলকে আন্তিওখিয়া-মণ্ডলীতে নিয়ে গেলেন।
সেখানে তাঁরা একসঙ্গে ভাইদের কাছে প্রভুর বাণী প্রচার করতেন (আল্লেলুইয়া)।

## পূর্বাহ্ন প্রহর

**বাণী পাঠ** **রো ১:১৬-১৭**

সুসমাচার নিয়ে আমি লজ্জা বোধ করি না, কারণ প্রথমে ইহুদী এবং তারপরে গ্রীক—যে কেউ বিশ্বাস করে, তার পরিত্রাণের জন্য এ সুসমাচার হল স্বয়ং ঈশ্বরের পরাক্রম, কারণ সুসমাচারেই প্রকাশিত আছে ঈশ্বরের ধর্মময়তা যা বিশ্বাসমূলক ও বিশ্বাসজনক, যেমনটি লেখা আছে: 'বিশ্বাসগুণে যে ধার্মিক, সে বাঁচবে।'

℣ সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়ে তাঁদের কণ্ঠ (আল্লেলুইয়া),

℟ বিশ্বের প্রান্তসীমায় তাঁদের বচন (আল্লেলুইয়া)।

## মধ্যাহ্ন প্রহর

**বাণী পাঠ** **১ থে ২:২খ-৪**

আমরা আমাদের ঈশ্বরেই সাহস পেয়ে বহু বাধাবিপত্তি সত্ত্বেও তোমাদের কাছে ঈশ্বরের সুসমাচার প্রচার করেছিলাম। আমাদের আবেদন ভ্রান্তি বা অসৎ উদ্দেশ্য-প্রণোদিত নয়, ছলনায় আশ্রিতও নয়। কিন্তু ঈশ্বর নিজেই আমাদের যোগ্য বলে বিচার-বিবেচনা করে যেমন আমাদের উপর সুসমাচার প্রচারের ভার দিয়েছেন, তেমনি আমরা প্রচার করি; মানুষকে নয়, যিনি আমাদের হৃদয় যাচাই করেন, সেই ঈশ্বরকেই বরং সন্তুষ্ট করার জন্য আমরা প্রচার করি।

℣ তাঁরা প্রভুর নির্দেশগুলি (আল্লেলুইয়া),

℟ ও তাঁর বিধান মেনে চলতেন (আল্লেলুইয়া)।

## অপরাহ্ণ প্রহর

**বাণী পাঠ** **২ তি ১:৮খ-৯**

ঈশ্বরের পরাক্রমের উপরে নির্ভর ক'রে আমার সঙ্গে তুমিও সুসমাচারের জন্য দুঃখকষ্ট বরণ কর। তিনি আমাদের পরিত্রাণ করেছেন এবং পবিত্র আহ্বানে আহ্বানও করেছেন—আমাদের কোন সৎকর্ম দেখে নয়, বরং তাঁর সঙ্কল্প ও তাঁর সেই অনুগ্রহ অনুসারে, যে অনুগ্রহ অনাদিকাল থেকেই খ্রীষ্টযীশুতে আমাদের দেওয়া হয়েছিল।

℣ প্রভু একথা বলছেন, আনন্দ কর, উল্লাস কর তোমরা (আল্লেলুইয়া),

℟ তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে (আল্লেলুইয়া)।

## সন্ধ্যারতি

**বাণী পাঠ** **কল ১:৩-৬**

তোমাদের জন্য যখন আমরা প্রার্থনা করি, তখন আমাদের প্রভু যীশুখ্রীষ্টের পিতা ঈশ্বরকে অবিরত ধন্যবাদ জানাই, কারণ আমরা শুনেছি খ্রীষ্টযীশুর প্রতি তোমাদের বিশ্বাস ও সকল পবিত্রজনের প্রতি তোমাদের ভালবাসার কথা, কেননা এর মূল হল তোমাদের জন্য স্বর্গে সঞ্চিত সেই প্রত্যাশা যার কথা তোমরা তখনই শুনেছিলে, যখন সুসমাচারের সত্যের বাণী তোমাদের কাছে এসে পৌঁছেছিল—সেই যে সুসমাচার সারা জগতেও ফলশালী হয়ে উঠছে ও বৃদ্ধিলাভ করছে।

**শ্লোক**

℣ বিজাতিদের মাঝে বর্ণনা কর * প্রভুর গৌরব।

℟ বিজাতিদের মাঝে বর্ণনা কর * প্রভুর গৌরব।

℣ সর্বজাতির মাঝে তাঁর সমস্ত আশ্চর্য কাজ;

℟ প্রভুর গৌরব।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ বিজাতিদের মাঝে বর্ণনা কর * প্রভুর গৌরব।

পাস্কাকাল

℣ বিজাতিদের মাঝে বর্ণনা কর প্রভুর গৌরব। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ বিজাতিদের মাঝে বর্ণনা কর প্রভুর গৌরব। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ সর্বজাতির মাঝে তাঁর সমস্ত আশ্চর্য কাজ;

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ বিজাতিদের মাঝে বর্ণনা কর প্রভুর গৌরব। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: গোটা জনসমাবেশ * নীরব হয়ে
বার্নাবাস ও পলের মুখে শুনছিল,
তাঁদের মধ্য দিয়ে ঈশ্বর বিজাতীয়দের মধ্যে
কি কি চিহ্ন ও অলৌকিক লক্ষণ দেখিয়েছিলেন (আল্লেলুইয়া)।

১৩ই জুন

## পাদুয়ার সাধু আন্তনি, পুরোহিত ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩ অথবা সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি সাধু আন্তনিতে তোমার মণ্ডলীর কাছে এক অপরূপ প্রচারক ও

অভাবগ্রস্তদের সহায়ক দান করেছিলে। আশীর্বাদ কর: তাঁর প্রার্থনার পুণ্যফলে আমরা যেন খ্রীষ্টীয় জীবনের নির্দেশাবলি পালন ক'রে প্রতিকূল অবস্থায় তোমার নিত্য সহায়তা উপলব্ধি করতে পারি।

১৯শে জুন

## সাধু রমুয়াল্ড, মঠাধ্যক্ষ

সাধারণ ব্যবস্থা: সন্ন্যাসী, পৃঃ ১০১০।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, সাধু রমুয়াল্ডের মধ্য দিয়ে তুমি তোমার মন্ডলীতে প্রান্তরনিবাসী সন্ন্যাসজীবনের নবায়ন সাধন করেছিলে। আশীর্বাদ কর: আত্মত্যাগ ক'রে ও খ্রীষ্টকে অনুসরণ ক'রে আমরাও যেন তোমার গৌরবময় রাজ্যে আরোহণ করতে পারি।

২১শে জুন

## সাধু আলুইস গঞ্জাগা, ধর্মব্রতী

সাধারণ ব্যবস্থা: সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১। স্মরণ

### সমাপন প্রার্থনা

স্বর্গীয় যত মঙ্গলদানের উৎস হে পরমেশ্বর, তুমি সাধু আলুইসে জীবন-নির্মলতা ও ত্যাগ-তপস্যার অপূর্ব এক সমন্বয় ঘটিয়েছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: তাঁর নির্মলতার অনুসারী হতে যদি আমরা অক্ষম, তবু যেন তপস্যার পথেই তাঁর অনুকারী হতে পারি।

২২শে জুন

## নোলার সাধু পাউলিনুস, বিশপ

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, বিশপ সাধু পাউলিনুসের জীবনে তুমি পালকীয় দায়িত্ব ও গরিবদের প্রতি দয়া-মমতার এক উজ্জ্বল আদর্শ তুলে ধরেছ। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: আমরা যাঁর কর্মকীর্তি স্মরণ করি, যেন ভ্রাতৃপ্রেমে তাঁর জীবনাদর্শের অনুকারী হতে পারি।

একই দিন ২২শে জুন

## বিশপ সাধু জন ফিশার ও সাধু টমাস মোর, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, সাক্ষ্যমরণই তো ধর্মবিশ্বাসের চরম প্রমাণ। আশীর্বাদ কর: সাধু জন ও টমাসের প্রার্থনায় বলীয়ান হয়ে উঠে আমরা মুখে যে বিশ্বাস স্বীকার করি, জীবনাচরণেও যেন তার বিষয়ে যথার্থ সাক্ষ্য দিতে পারি।

২৪শে জুন

## দীক্ষাগুরু সাধু যোহনের জন্মতিথি

মহাপর্ব

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, খ্রীষ্ট প্রভুর যোগ্য এক জনগণকে প্রস্তুত করার জন্যই তুমি দীক্ষাগুরু সাধু যোহনের উদ্ভব ঘটিয়েছিলে। মিনতি জানাই: তোমার জনগণের হৃদয়ে আত্মিক আনন্দ সঞ্চার কর ও সকল বিশ্বাসী মানুষকে পরিত্রাণ ও শান্তির পথে চালিত কর।

## ১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ৮১৪।

১ম ধুয়ো : তিনি * এলিয়ের আত্মায় ও পরাক্রমে খ্রীষ্টের অগ্রদূত হয়ে এগিয়ে চলবেন ;
প্রভুর যোগ্য এক জনগণকে প্রস্তুত করবেন। সাম ১১০

২য় ধুয়ো : তাঁর নাম * হবে যোহন।
তাঁর জন্মে অনেকে আনন্দিত হবে। সাম ১১১

৩য় ধুয়ো : বৃদ্ধা ও বন্ধ্যা এলিজাবেথের গর্ভে * জন্ম নিলেন যোহন :
তিনি খ্রীষ্টের অগ্রদূত। সাম ১১২

৪র্থ ধুয়ো : ছেলেটি * প্রভুর সম্মুখে মহান হবেন।
প্রভুর হাত তাঁর সঙ্গে সঙ্গে থাকবে। সাম ১১৩

৫ম ধুয়ো : তোমার অভিবাদন শোনামাত্র
শিশুটি আমার গর্ভে লাফিয়ে উঠল। গীতিকা এফে

### কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : প্রভুর মন্দিরে * জাখারিয়া দেখতে পেলেন,
ধূপ-বেদির ডান পাশে দাঁড়িয়ে আছেন গাব্রিয়েল দূত।

### সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, তোমার আশীর্বাদে তোমার পরিবারভুক্ত ভক্তজন সকল যেন পরিত্রাণের পথে অগ্রসর হয়, এবং অগ্রদূত সাধু যোহনের নির্দেশবাণী অনুসরণ ক'রে, তিনি যাঁর কথা পূর্বঘোষণা করেছিলেন, তারা যেন আমাদের সেই প্রভু যীশুখ্রীষ্টের কাছে নিরাপদে পৌঁছতে পারে।

### আহ্বান সঙ্গীত

**ধুয়ো :** যোহন যাঁর কথা ঘোষণা করলেন,
এসো, ঈশ্বরের মেষশাবক সেই খ্রীষ্টের চরণে প্রণিপাত করি। **সাম ৯৫**

## জাগরণী

### স্তোত্র

১। ছেলেবেলা থেকে তুমি
লোকালয় ছেড়ে দিলে ;
মরুদেশে করলে গমন
করতে আত্মত্যাগ।

২। উঁটের লোম তব বস্ত্র,
বন্য মধু তব খাদ্য ;
তব জীবন সত্যি পুণ্য,
দীক্ষাগুরু হে।

৩। যাঁরই কথা নবীসকল
প্রাচীনকালে বলে দিলেন :
নবী তুমি তাঁকে চিনলে
নদীকূলে হে।

৪। ওগো যোহন, কোন মানব
তোমার চেয়ে নয় ধন্য ;
মোদের হয়ে প্রভুর কাছে
কর প্রার্থনা।

৫। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
এক অভিন্ন ঈশ্বরত্ব ;
যুগযুগব্যাপী গাইব মোরা :
ধন্য ত্রিত্ব হে। (পরিসেবক পল † ৭৯৯)

## ১ম পর্ব

১ম ধুয়ো :   মাতৃগর্ভে *  তোমাকে গড়ার আগেই
আমি তোমাকে জানতাম ;
তুমি জন্ম নেবার আগেই
আমি তোমাকে আমার উদ্দেশে পবিত্রীকৃত করে রেখেছি।   সাম  ১
২য় ধুয়ো :   আমি *  তোমাকে যেইখানে প্রেরণ করব না কেন,
তুমি সেখানে যাবে।
তোমাকে যা বলতে আজ্ঞা করব,
তা-ই বলবে।  সাম  ৪
৩য় ধুয়ো :   তুমি *  তাদের সম্মুখীন হতে ভয় করো না,
কারণ আমি তোমার সঙ্গে সঙ্গে আছি।   সাম  ১৫

℣ ঈশ্বর-প্রেরিত একজন মানুষ আবির্ভূত হলেন ;
℟ তাঁর নাম যোহন।

## ২য় পর্ব

১ম ধুয়ো :   প্রভু *  আমার মুখ তীক্ষ্ণ খড়্গেরই মত করলেন,
আপন হাতের ছায়ায় আমাকে লুকিয়ে রাখলেন।   সাম  ২
২য় ধুয়ো :   প্রভু *  মাতৃগর্ভ থেকে
আপন দাসরূপে আমাকে গড়ে বললেন :
আমি তোমাকে দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করব,
তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।   সাম  ১১
৩য় ধুয়ো :   তিনি *  প্রভুর সম্মুখে মহান হবেন।
প্রভুর হাত তাঁর সঙ্গে সঙ্গে থাকবে।   সাম  ২১

℣ নারী-গর্ভজাতদের মধ্যে
℟ দীক্ষাগুরু যোহনের চেয়ে মহান কেউই কখনও আবির্ভূত হয়নি।

## ৩য় পর্ব

ধুয়ো :   প্রভুর দূত *  জাখারিয়াকে দেখা দিয়ে বললেন,
তোমার স্ত্রী এলিজাবেথ তোমার ঘরে একটি পুত্রসন্তান প্রসব করবে।
তুমি তার নাম যোহন রাখবে।

গীতিকামালা : সাধারণ ব্যবস্থা : একজনমাত্র সাক্ষ্যমর, পৃঃ ৯৮১।

℣ তিনি এলেন সাক্ষ্য দিতে, আলোরই বিষয়ে সাক্ষ্য দিতে ;
℟ যেন তাঁর দ্বারা সকলে বিশ্বাস করতে পারে।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** লুক ১:৫-১৭।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

# প্রভাতী বন্দনা

## স্তোত্র

১।  ধন্য, দীক্ষাগুরু যোহন,
তুমি শুচিতার আদর্শ,
তুমি শহীদ, তুমি নবী,
তুমি তপস্বী।

৩।  তবেই মহান বিশ্বত্রাতা
মোদের হৃদি পুণ্য দে'খে
ক'রে কৃপা, মোদের মাঝে
করবেন আগমন।

২। তব মহাপুণ্যের গুণে
মোদের অন্তর কর কোমল,
মোদের পথ সমতল কর,
হে পথপ্রদর্শক।

৪। পিতা, পুত্র, পবিত্রাত্মা,
এক অভিন্ন ঈশ্বরত্ব,
যুগযুগব্যাপী গাইব মোরা :
ধন্য ত্রিত্ব হে।

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।(পরিসেবক পল † ৭৯৯)

১ম ধুয়ো : এলিজাবেথ ও জাখারিয়ার ঘরে * একটি মহান ব্যক্তি জন্ম নিলেন :
তিনি সেই দীক্ষাগুরু যোহন, যিনি প্রভুর অগ্রদূত।

২য় ধুয়ো : লোকে * শিশুটির পিতাকে
ইশারা করে জিজ্ঞাসা করল, তিনি কী নাম রাখতে চান।
তখন তিনি লিখলেন,
এর নাম যোহন।

৩য় ধুয়ো : তাঁর নাম * যোহন হবে।
তাঁর জন্মে অনেকে আনন্দিত হবে।

৪র্থ ধুয়ো : নারী-গর্ভজাতদের মধ্যে
দীক্ষাগুরু যোহনের চেয়ে মহান কেউই কখনও আবির্ভূত হয়নি।

৫ম ধুয়ো : তুমি, শিশু, * পরাৎপরের নবী বলে অভিহিত হবে।
তুমি প্রভুর আগে আগে চলবে তাঁর পথ প্রস্তুত করতে।

**বাণী পাঠ** **মালাখি ৩:২৩-২৪**

দেখ, প্রভুর সেই মহা ও ভয়ঙ্কর দিন আসবার আগে, আমি তোমাদের কাছে নবী এলিয়কে প্রেরণ করব; সে পিতাদের হৃদয় ছেলেদের প্রতি, এবং ছেলেদের হৃদয় পিতাদের প্রতি ফেরাবে—পাছে আমি এসে পৃথিবীকে বিনাশ-মানতে আঘাত করি।

**শ্লোক**

℣ তিনি প্রভুর সম্মুখে মহান হবেন, * তিনি হবেন পবিত্র আত্মায় পরিপূর্ণ।
℟ তিনি প্রভুর সম্মুখে মহান হবেন, * তিনি হবেন পবিত্র আত্মায় পরিপূর্ণ।
℣ খ্রীষ্টের অগ্রদূতরূপে তিনি এগিয়ে চলবেন প্রভুর যোগ্য এক জনগণকে প্রস্তুত করার জন্য।
℟ তিনি হবেন পবিত্র আত্মায় পরিপূর্ণ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ তিনি প্রভুর সম্মুখে মহান হবেন, * তিনি হবেন পবিত্র আত্মায় পরিপূর্ণ।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : তখন জাখারিয়া * বাক্‌শক্তি ফিরে পেয়ে নবীর মত বলে উঠলেন :
ধন্য প্রভু, ইস্রায়েলের পরমেশ্বর।

**মিনতি নিবেদন**

যিনি আপন পথ প্রস্তুত করার জন্য অগ্রদূতরূপে দীক্ষাগুরু যোহনকে প্রেরণ করেছিলেন, আসুন, আমাদের ত্রাণকর্তা সেই খ্রীষ্টকে অনুনয় করে বলি :

*ঊর্ধ্ব থেকে উদীয়মান জ্যোতি, আমাদের দেখতে এসো।*

-তোমার উপস্থিতিতে যোহন মাতৃগর্ভে নড়ে উঠতে লাগলেন। আশীর্বাদ কর, তোমার আগমনের জন্য আমরা যেন নিত্য আনন্দিত থাকি।

-দীক্ষাগুরু যোহনের প্রচারে ও জীবনাচরণে তুমি আমাদের দেখিয়েছ তপস্যার পথ। কৃপা কর, মনপরিবর্তন করে আমরা যেন তোমার রাজ্যের চাহিদা অনুসারে জীবন যাপন করতে পারি।

-তুমি চেয়েছিলে, মানুষই হবে মানবজাতির কাছে তোমার প্রচারক। পিতার শস্যখেতে আরও বাণীপ্রচারক প্রেরণ কর।

-ঐশপরিকল্পনা যেন পূর্ণতা লাভ করে, সেজন্য তুমি যর্দন নদীর জলে যোহনের কাছে নত হয়ে দীক্ষাস্নান গ্রহণ করেছিলে। বর প্রদান কর, আমরা যেন অক্লান্তভাবে তোমার ন্যায় ও শান্তি-রাজ্য প্রতিষ্ঠায় সহযোগিতা দান করি।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : তিনি * প্রভুর সম্মুখে মহান হবেন ;
মাতৃগর্ভ থেকেই হবেন পবিত্র আত্মায় পরিপূর্ণ।

**বাণী পাঠ** **ইসা ৪৯:১**

শোন, দ্বীপপুঞ্জ ; মনোযোগ দিয়ে শোন, সুদূর জাতিসকল : প্রভু মাতৃগর্ভ থেকে আমাকে ডেকেছেন, মাতৃবক্ষ থেকে তিনি উল্লেখ করেছেন আমার নাম।

℣ আমি দেখেছি, আত্মা স্বর্গ থেকে নেমে এসে খ্রীষ্টের উপরে থাকলেন ;
℟ খ্রীষ্টই মানুষকে পবিত্র আত্মায় দীক্ষাস্নাত করবেন।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : এলিজাবেথ * মারীয়াকে বললেন :
তোমার অভিবাদন শোনামাত্র শিশুটি আমার গর্ভে লাফিয়ে উঠল, আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **ইসা ৪৯:৫-৬**

যিনি মাতৃগর্ভ থেকে আপন দাসরূপে আমাকে গড়েছেন, সেই প্রভু একথা বললেন : আমি তোমাকে দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করব, তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।

℣ প্রভু মাতৃগর্ভ থেকে আমাকে ডেকেছেন ;
℟ মাতৃবক্ষ থেকে তিনি উল্লেখ করেছেন আমার নাম।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : ছেলেটি * প্রভুর সম্মুখে মহান হবেন,
প্রভুর হাত তাঁর সঙ্গে সঙ্গে থাকবে।

**বাণী পাঠ** **ইসা ৪৯:৭খ**

রাজারা দেখে উঠে দাঁড়াবে, নেতৃবৃন্দ দেখে প্রণিপাত করবে, তারা সেই প্রভুরই জন্য তা-ই করবে, বিশ্বস্ত যিনি, তা-ই করবে ইস্রায়েলের সেই পবিত্রজনেরই জন্য, যিনি তোমাকে বেছে নিলেন।

℣ দেখ, আমি আমার বাণী তোমার মুখে রেখে দিলাম ;
℟ সকল দেশ ও সকল রাজ্যের উপরে তোমাকে নিযুক্ত করলাম।

## ২য় সন্ধ্যারতি

### স্তোত্র

১। ওগো দীক্ষাগুরু যোহন,
তব মহা পর্বদিনে
মোদের ওষ্ঠ কর শুচি :
গাইব মোরা তব স্তুতি।

৩। পিতা নাই করলেন বিশ্বাস :
তাঁর বাক্শক্তি হল বন্ধ ;
শুধু তব জন্মের ফলে
তাঁর মুখ আবার গেল খুলে।

২। স্বর্গ থেকে এক দূত এসে
প্রাচীন পিতার কাছে জানান,
হবে তাঁর এক পুত্রসন্তান,
তাঁরই নাম হবে যোহন।

৪। মাতৃগর্ভে থেকে তুমি
নবীই যেন বুঝতে পারলে:
মেরীর গর্ভে যিনি স্থিত,
তিনি বিশ্বের প্রতীক্ষিত।

৫। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমি পুত্র ও আত্মার সঙ্গে
নিত্য বিরাজমান রাজেশ্বর,
চিরকালীন জীবনেশ্বর। (পরিসেবক পল † ৭৯৯)

১ম ধুয়ো: এলিজাবেথ ও জাখারিয়ার ঘরে * একটি মহান ব্যক্তি জন্ম নিলেন:
তিনি সেই দীক্ষাগুরু যোহন, যিনি প্রভুর অগ্রদূত। সাম ১১০
২য় ধুয়ো: লোকে * শিশুটির পিতাকে
ইশারা করে জিজ্ঞাসা করল, তিনি কী নাম রাখতে চান।
তখন তিনি লিখলেন,
এর নাম যোহন। সাম ১১১
৩য় ধুয়ো: তাঁর নাম * যোহন হবে।
তাঁর জন্মে অনেকে আনন্দিত হবে। সাম ১১২
৪র্থ ধুয়ো: নারী-গর্ভজাতদের মধ্যে
দীক্ষাগুরু যোহনের চেয়ে মহান কেউই কখনও আবির্ভূত হয়নি। সাম ১১৩
৫ম ধুয়ো: তুমি, শিশু, * পরাৎপরের নবী বলে অভিহিত হবে।
তুমি প্রভুর আগে আগে চলবে তাঁর পথ প্রস্তুত করতে। গীতিকা প্রত্যা ১৫

**বাণী পাঠ** **শিষ্য ১৩:২৩-২৫**

দাউদের বংশ থেকে ঈশ্বর প্রতিশ্রুতি-মত ইস্রায়েলের ত্রাণকর্তা সেই যীশুর উদ্ভব ঘটিয়েছেন, যাঁর আগমনের আগে যোহন গোটা ইস্রায়েল জাতির কাছে মনপরিবর্তনের দীক্ষাস্নান প্রচার করেছিলেন। জীবনযাত্রার শেষ পর্যায়ে যোহন একথা বলছিলেন: তোমরা আমাকে যাকে ভাব, আমি সে নই। দেখ, আমার পরে এমনই একজন আসছেন, যাঁর জুতোর বাঁধন খুলবার যোগ্য আমি নই।

**শ্লোক**

℣ তোমরা প্রভুর জন্য পথ প্রস্তুত কর, * তাঁর জন্য রাস্তা সমতল কর।
℟ তোমরা প্রভুর জন্য পথ প্রস্তুত কর, * তাঁর জন্য রাস্তা সমতল কর।
℣ যিনি আমার পরে আসছেন, তিনি আমার আগেও ছিলেন।
℟ তাঁর জন্য রাস্তা সমতল কর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ তোমরা প্রভুর জন্য পথ প্রস্তুত কর, * তাঁর জন্য রাস্তা সমতল কর।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: আমাদের জন্য * যে শিশু জন্ম নিয়েছেন, তিনি নবীর চেয়েও মহান।
তাঁরই সম্বন্ধে ত্রাণকর্তা বলেছিলেন:
নারী-গর্ভজাতদের মধ্যে
দীক্ষাগুরু যোহনের চেয়ে মহান কেউই কখনও আবির্ভূত হয়নি।

**মিনতি নিবেদন**

যিনি মানবজাতির কাছে খ্রীষ্টরাজ্যের কথা প্রচার করতে অগ্রদূতরূপে দীক্ষাগুরু যোহনকে মনোনীত করেছিলেন,

আসুন, এ মহাপর্বদিনে সেই পরম পিতার প্রশংসাবাদ ক'রে তাঁর কাছে মনপরিবর্তনের অনুগ্রহ যাচনা করে বলি:

*হে প্রভু, আমাদের চরণ চালিত কর শান্তির পথে।*

-তুমি যোহনকে মাতৃগর্ভ থেকে ডেকেছিলে, তিনি যেন তোমার পুত্রের আসার পথ প্রস্তুত করেন। আশীর্বাদ কর, সেই অগ্রদূতের মত আমরাও যেন নিষ্ঠার সঙ্গে যীশুর অনুসরণ করতে পারি।

-তোমার ইচ্ছা অনুসারে যোহন ইস্রায়েল জাতির কাছে ঈশ্বরের মেষশাবক সেই খ্রীষ্টকে উপস্থিত বলে ঘোষণা করেছিলেন। তোমার সহায়তায় মণ্ডলীও যেন আজকের মানুষের কাছে খ্রীষ্টের কথা উপযুক্তভাবেই উপস্থাপন করতে পারে।

-তোমার সঙ্কল্প অনুসারে তোমার নবী নিজেকে নমিত করছিলেন, যেন তোমার পুত্র সেই খ্রীষ্টেরই বৃদ্ধি হয়। আত্মগর্বের কথা বাতিল ক'রে ঐশসত্যেরই সেবক হতে আমাদের শেখাও।

-তোমার উপর নির্ভর ক'রে সাক্ষ্যমর দীক্ষাগুরু যোহন হয়ে উঠলেন ন্যায় ও সত্যের নির্ভীক নবী। কৃপা কর, আমরাও যেন খ্রীষ্টের বিধানের নির্ভীক সাক্ষী হতে পারি।

-যাঁরা ইহলোক ত্যাগ করেছেন, তুমি তোমার আলো ও শান্তিলোকে তাঁদের গ্রহণ কর।

২৭শে জুন

## আলেকজান্দ্রিয়ার সাধু সিরিল, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি বিশপ সাধু সিরিলকে পবিত্রতমা কুমারী মারীয়ার ঐশমাতৃত্বের অপরাজেয় প্রচারক করে তুলেছিলে। আশীর্বাদ কর: আমরা যারা ধন্যা মারীয়াকে সত্যিই ঈশ্বরজননী বলে বিশ্বাস করি, যেন তোমার পুত্র খ্রীষ্টের দেহধারণ গুণে পরিত্রাণ পেতে পারি।

২৮শে জুন

## সাধু ইরেনেউস, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি বিশপ সাধু ইরেনেউসকে প্রেরণ করেছিলে, তিনি যেন খ্রীষ্টমণ্ডলীর মধ্যে সত্যশিক্ষা ও শান্তি সুস্থির করেন। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর: আমরা যেন বিশ্বাস ও ভালবাসায় নবায়িত হয়ে একতা ও সুসম্পর্ক স্থাপনে নিত্য নিয়োজিত থাকি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: ইরেনেউস * নিজের নামের অর্থ অনুসারে হলেন শান্তির মানুষ;
তিনি মণ্ডলীর একতার জন্য সাহসের সঙ্গে সংগ্রাম করলেন।

২৯শে জুন

## প্রেরিতদূত সাধু পিতর ও পল

সাধারণ ব্যবস্থা: প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। মহাপর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, প্রেরিতদূত পিতর ও পলের মহাপর্বদিবসে তুমিই এদিনের পুণ্য-পবিত্র আনন্দ আমাদের অন্তরে সঞ্চার করেছ। আশীর্বাদ কর: যাঁদের দ্বারা মণ্ডলীতে ঘটেছিল খ্রীষ্টধর্মের সূচনা, তোমার সেই মণ্ডলী যেন সমস্ত কিছুতেই তাঁদের নির্দেশবাণী পালন করে।

## ১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ৮২১।

## স্তোত্র

১। আহা, কেমন উজ্জ্বল জ্যোতি!
জগৎ জুড়ে জ্যোতির উদ্ভাস!
আজ পিতর ও পলের পর্ব:
ক্ষমা পাব, উল্লাস করব।

২। পিতর স্বর্গদ্বারের রক্ষক,
পল বিখ্যাত ধর্মগুরু:
পিতর ক্রুশে পেলেন স্বর্গ,
পল আলিঙ্গন করলেন খড়্গ।

৩। হে রোম নগর, তুমি ধন্য!
এঁদের রক্তে যে সিঞ্চিত:
এঁরাই তব গর্বের কারণ,
এঁদের স্মৃতি কর ধারণ।

৪। পিতর পল দু'জনেই ধন্য!
সমগুণের অধিকারী:
সম বিশ্বাস, সম ভক্তি,
সম সাহস, সম শক্তি।

৫। পরম ত্রিত্বের হোক প্রশংসা,
হোক সঙ্কীর্তন, সম্মান, গৌরব,
তব জয় মোদের গানে,
চিরস্তুতি সর্বস্থানে। (৮ম শতাব্দী)

১ম ধুয়ো: তুমি পিতর, * আর এই শৈলের উপরে
আমি আমার জনমণ্ডলী গেঁথে তুলব। সাম ১১০
২য় ধুয়ো: হে সত্যবাণীর প্রচারক, * হে সর্বজাতির ধর্মগুরু,
যিনি তোমাকে মনোনীত করলেন,
সেই ঈশ্বরের কাছে আমাদের হয়ে প্রার্থনা কর। সাম ১১১
৩য় ধুয়ো: পিতর * কারাবাসে বন্দি অবস্থায় ছিলেন,
মণ্ডলী তাঁর জন্য ঈশ্বরের কাছে বিরামহীন প্রার্থনা করত। সাম ১১২
৪র্থ ধুয়ো: আমি * তিনবার বেত্রাঘাত, একবার পাথর ছুড়ে মারা,
তিনবার নৌকাডুবি সহ্য করেছি। সাম ১১৩
৫ম ধুয়ো: তোমাদেরই তো স্বর্গরাজ্য, * যারা খ্রীষ্টের জন্য প্রাণ উৎসর্গ করেছ:
মেষশাবকের রক্তে স্নাত হয়ে শাশ্বত গৌরব গ্রহণ কর। গীতিকা এফে

### কুমারী মারীয়ার গীতিকা
ধুয়ো: পিতর ও পল
খ্রীষ্টের গৌরবমণ্ডিত প্রেরিতদূত।
তাঁরা জীবনকালে মিলিত ছিলেন,
মৃত্যুও তাঁদের বিচ্ছিন্ন করতে পারেনি।

### সমাপন প্রার্থনা
হে প্রভু, আমাদের পরমেশ্বর, প্রেরিতদূত সাধু পিতর ও পলের প্রার্থনার পুণ্যফলে আমরা যেন সহায়তা পাই: যাঁদের দ্বারা তুমি তোমার মণ্ডলীকে দিয়েছিলে তার স্বর্গীয় ভূমিকার ভিত্তি, আবার তাঁদেরই দ্বারা শাশ্বত পরিত্রাণের পথে তাকে চালনা কর।

### আহ্বান সঙ্গীত
**ধুয়ো:** প্রভুই প্রেরিতদূতদের রাজা;
এসো, প্রণিপাত করি। **সাম ৯৫**

## জাগরণী

### স্তোত্র

১। ধন্য পিতর এবং পলের,
এসো, করি স্মৃতিপালন :
খ্রীষ্টই তাঁদের করলেন শহীদ,
মণ্ডলীর সর্বোচ্চ পালক।

২। এঁরাই বিশ্বপ্রভুর সামনে
সে-ই দু'টো জলপাই বৃক্ষ,
সে-ই দু'টো মহাবাতি :
এঁদের দ্বারাই স্বর্গ উন্মুক্ত।

৩। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
পরম ত্রিত্ব এক মহেশ্বর,
তব জয়, তব গৌরব,
নিত্যকালীন জীবনেশ্বর। (আকুইলেয়ার ২য় পাউলিনুস)

### ১ম পর্ব

১ম ধুয়ো : আপনি সেই খ্রীষ্ট, * জীবনময় ঈশ্বরের পুত্র।
হে সিমোন পিতর, তুমি সুখী। সাম ১৯
২য় ধুয়ো : সিমোন পিতর, * তুমি যদি আমাকে ভালবাস,
তাহলে আমার মেষগুলি পালন কর। সাম ৪৭
৩য় ধুয়ো : হে প্রেরিতদূত পল, * তুমি মনোনীত পাত্র।
সমগ্র জগৎ জুড়ে তুমি সত্যবাণীর প্রচারক। সাম ৬৪

℣ সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়ল তাঁদের কণ্ঠ,
℟ বিশ্বের প্রান্তসীমায় তাঁদের বচন।

### ২য় পর্ব

১ম ধুয়ো : পল, * সাহস ধর! কেননা, আমরা বিষয়ে যেমন যেরুসালেমে সাক্ষ্য দিয়েছ,
তেমনি রোমেও দিতে হবে। সাম ৭৫
২য় ধুয়ো : হে সিমোন, * আমি তোমার জন্য মিনতি করছি,
যেন তোমার বিশ্বাস লোপ না পায়;
এবং তুমিও যখন আবার ফিরবে,
তখন যেন তোমার ভাইদের সুস্থির কর। সাম ৯৯
৩য় ধুয়ো : প্রভু, * আপনার সঙ্গে
আমি কারাগারে যেতে ও মরতেও প্রস্তুত আছি সাম ১০১

℣ আহা, কতই না সুন্দর তারই চরণ,
℟ যে সুসমাচার প্রচার করে, ঘোষণা করে পরিত্রাণ।

### ৩য় পর্ব

ধুয়ো : তাঁরা * মৃত্যু পর্যন্তই একই বিশ্বাস-স্বীকৃতিতে অবিচ্ছিন্ন,
একই পুরস্কার লাভেও মিলিত;
তাঁরা নির্মম মৃত্যু বরণ করায়
আপন ধর্মশিক্ষা সত্য বলে প্রমাণিত করলেন।

℣ প্রভুর বাণী চিরস্থায়ী :
℟ এই তো সেই শুভসংবাদ, যা আমরা তোমাদের কাছে প্রচার করলাম।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** যোহন ২১:১৫-১৯।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

# প্রভাতী বন্দনা

## স্তোত্র

১। প্রেরিতদূতদের শহীদমৃত্যু
এ দিবসকে কর উজ্জ্বল :
সাধু পিতরের ক্রুশমরণ,
সাধু পলের শিরশ্ছেদন।

২। সমকক্ষ দুই বীরপুরুষ
একই গৌরবে মিলিত :
খ্রীষ্টের করলেন অনুকরণ,
মৃত্যু অবধি অনুসরণ।

৩। পিতর, প্রেরিতদূতদের প্রধান,
পল, এক মনোনীত পাত্র :
কর্মকীর্তির সম গৌরব,
অনুগ্রহে সম সৌরভ।

৪। প্রভুর বাণী স্মরণ ক'রে
সিমোন ছোটেন ক্রুশের দিকে :
খ্রীষ্টের মত হয়ে বিদ্ধ
তাঁর আকাঙ্ক্ষা এখন সিদ্ধ।

৫। এটি রোমের আসল গৌরব :
রোম যে তেমন রক্তে সিক্ত,
এমন স্থানের পাবার দর্শন
সবার হৃদে জাগে আকর্ষণ।

৬। বিশ্বের প্রান্তসীমা থেকে
রোমে আসে ভক্তবৃন্দ :
রোমে বিশ্বাস সংরক্ষিত,
সত্যবাণী প্রচারিত।

৭। মুক্তিদাতা, শ্রবণ কর
তোমার ভ্রাতাদের মিনতি :
প্রেরিতদূতদের সংসর্গে
মোরা যেন পৌঁছি স্বর্গে। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : হে প্রভু, * প্রেরিতদূতদের প্রধান পিতর ও সর্বজাতির ধর্মগুরু পল
আমাদের শিখিয়ে দিলেন তোমার বিধান।

২য় ধুয়ো : হে প্রেরিতদূতদের প্রধান, * তুমি তো মেষগুলির পালক ;
তোমারই হাতে তুলে দেওয়া হয়েছে স্বর্গরাজ্যের চাবিকাঠি।

৩য় ধুয়ো : আমার প্রতি * ঐশঅনুগ্রহ ব্যর্থ হয়নি ;
বরং সেই অনুগ্রহ ছিল আমার নিত্যসহায়।

৪র্থ ধুয়ো : স্বয়ং প্রভু * তাঁর আপন দূত পাঠিয়ে
হেরোদের হাত থেকে আমাকে মুক্ত করলেন। আল্লেলুইয়া।

৫ম ধুয়ো : আমি * আমার সমস্ত দুর্বলতা নিয়েই সানন্দে গর্ব করব,
যেন খ্রীষ্টের পরাক্রম আমার উপর অধিষ্ঠান করে।

### বাণী পাঠ ১ পি ৪:১৩-১৪

প্রিয়জনেরা, যতখানি তোমরা খ্রীষ্টের দুঃখযন্ত্রণার সহভাগী হচ্ছ, ততখানি আনন্দিত হও, যেন তাঁর গৌরবপ্রকাশের সময়ে আনন্দিত ও উল্লসিত হতে পার। খ্রীষ্টের নামের জন্য যদি তোমাদের অপমান করা হয়, তাহলে তোমরা সুখী, কারণ তখন ঈশ্বরেরই আত্মা, গৌরবের সেই আত্মা তোমাদের উপরে অধিষ্ঠিত।

### শ্লোক

℟ তাঁরা নিজেদের প্রাণ সঁপে দিলেন * আমাদের প্রভু যীশুখ্রীষ্টের জন্য।
℟ তাঁরা নিজেদের প্রাণ সঁপে দিলেন * আমাদের প্রভু যীশুখ্রীষ্টের জন্য।
℣ তাঁরা আনন্দিতই ছিলেন, তাঁরা যে লাঞ্ছনাভোগ করতে পারবেন
℟ আমাদের প্রভু যীশুখ্রীষ্টের জন্য।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ তাঁরা নিজেদের প্রাণ সঁপে দিলেন * আমাদের প্রভু যীশুখ্রীষ্টের জন্য।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: হে প্রভু, * প্রেরিতদূতদের প্রধান পিতর ও সর্বজাতির ধর্মগুরু পল
আমাদের শিখিয়ে দিলেন তোমার বিধান।

**মিনতি নিবেদন**

খ্রীষ্ট আপন মণ্ডলীকে ভালবাসেন; তাকে প্রেরিতদূত ও নবীদের ভিত্তির উপরে স্থাপন করেছেন। আসুন, বিশ্বাসভরে তাঁর সহায়তা যাচনা করি:

*হে প্রভু, তোমার মণ্ডলীকে আশীর্বাদ কর।*

-তুমি পিতরের জন্য প্রার্থনা করেছিলে, তাঁর বিশ্বাস যেন না ভেঙে পড়ে। তোমার মণ্ডলীর বিশ্বাস সুদৃঢ় করে রেখ।

-পুনরুত্থানের পর তুমি পিতরের কাছে দেখা দিয়েছিলে, দামাস্কাসের পথে পলের কাছেও আত্মপ্রকাশ করেছিলে। আমাদের মন আলোকিত কর, আমরা যেন তোমাকে জীবনময় ঈশ্বরের পুত্র বলে স্বীকার করতে পারি।

-তুমি পলকে মনোনীত করেছিলে, তিনি যেন সর্বজাতির কাছে তোমার নাম প্রচার করেন। আশীর্বাদ কর, আমরা যেন তোমার শুভসংবাদের নির্ভীক সাক্ষী ও উপযুক্ত প্রচারক হতে পারি।

-পিতর তোমাকে তিনবার অস্বীকার করলেও তুমি তাঁকে ক্ষমা করেছিলে। আমাদের সমস্ত অপরাধ মার্জনা কর।

## পূর্বাহ্ন প্রহর

ধুয়ো: হে প্রভু, * প্রেরিতদূতদের প্রধান পিতর ও সর্বজাতির ধর্মগুরু পল
আমাদের শিখিয়ে দিলেন তোমার বিধান।

**বাণী পাঠ** **শিষ্য ১৫:৭-৯**

পিতর উঠে দাঁড়িয়ে বললেন: 'ভাইয়েরা, তোমরা জান, অনেক দিন আগেই ঈশ্বর তোমাদের মধ্যে এমনটি বেছে নিয়েছিলেন যেন বিজাতীয়রা আমার মুখ থেকে শুভসংবাদের বাণী শুনে বিশ্বাসী হয়। অন্তর্যামী পরমেশ্বর, যেমন আমাদের কাছে, তেমনি তাদেরও কাছে পবিত্র আত্মাকে দান ক'রে তাদের পক্ষে সাক্ষ্য দিয়েছেন; তাদের ও আমাদের মধ্যে কোন পার্থক্যও রাখেননি, বিশ্বাসগুণেই তাদের অন্তর শুচিশুদ্ধ করেছেন।'

℣ সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়ল তাঁদের কণ্ঠ,
℟ বিশ্বের প্রান্তসীমায় তাঁদের বচন।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: হে প্রেরিতদূতদের প্রধান, * তুমি তো মেষগুলির পালক;
তোমারই হাতে তুলে দেওয়া হয়েছে স্বর্গরাজ্যের চাবিকাঠি।

**বাণী পাঠ** **গা ১:১৫-১৬ক,১৭খ-১৮ক**

আমি মাতৃগর্ভে থাকতে যিনি আমাকে স্বতন্ত্র করে রেখেছিলেন এবং তাঁরই অনুগ্রহে আমাকে আহ্বান করেছিলেন, তিনি যখন স্থির করলেন তাঁর পুত্রকে আমার অন্তরে প্রকাশ করবেন আমি যেন বিজাতীয়দের কাছে তাঁর কথা প্রচার করি, তখন আমি আরবে চলে গেলাম, এবং পরবর্তীকালে দামাস্কাসে ফিরে গেলাম; এবং তিন বছর পরে কেফাসের সঙ্গে পরিচিত হবার জন্য যেরুসালেমে গেলাম।

℣ তাঁরা প্রভুর নির্দেশগুলি
℟ ও তাঁর বিধান মেনে চলতেন।

## অপরাহ্ন প্রহর

ধুয়ো: আমি * আমার সমস্ত দুর্বলতা নিয়েই সানন্দে গর্ব করব,
যেন খ্রীষ্টের পরাক্রম আমার উপর অধিষ্ঠান করে।

**বাণী পাঠ** **২ করি ৪:১৩-১৪**

আমরা সেই একই বিশ্বাসের প্রেরণায় অনুপ্রাণিত হয়ে, যে বিশ্বাসের বিষয়ে লেখা আছে: আমি বিশ্বাস করেছি, তাই কথা বলেছি, আমরাও বিশ্বাস করি আর তাই কথা বলি, সচেতন হয়ে যে, প্রভু যীশুকে যিনি পুনরুত্থিত করেছেন, তিনি যীশুর সঙ্গে আমাদেরও পুনরুত্থিত করবেন ও তোমাদের সঙ্গে নিজের কাছে স্থান দেবেন।

℣ প্রভু একথা বলছেন, আনন্দ কর, উল্লাস কর তোমরা,
℟ তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

## ২য় সন্ধ্যারতি

### স্তোত্র

১। হে রোম নগর, তুমি ধন্য!
এঁদের রক্তে যে সিঞ্চিত:
এঁরাই তব গর্বের কারণ,
এঁদের স্মৃতি কর ধারণ।

২। ধন্য শহীদ পিতর ও পল!
স্বর্গমর্তের মহাগৌরব
তোমাদের সেই সাক্ষ্যমরণ;
মোদের দশা কর স্মরণ।

৩। পরম ত্রিত্বের হোক প্রশংসা,
হোক সঙ্কীর্তন, সম্মান, গৌরব,
তব জয় মোদের গানে,
চিরস্তুতি সর্বস্থানে। (আকুইলেয়ার ২য় পাউলিনুস)

১ম ধুয়ো: তুমি পিতর, * আর এই শৈলের উপরে
আমি আমার জনমণ্ডলী গেঁথে তুলব। সাম ১১০
২য় ধুয়ো: হে সত্যবাণীর প্রচারক, * হে সর্বজাতির ধর্মগুরু,
যিনি তোমাকে মনোনীত করলেন,
সেই ঈশ্বরের কাছে আমাদের হয়ে প্রার্থনা কর। সাম ১১৩
৩য় ধুয়ো: পিতর * কারাবাসে বন্দি অবস্থায় ছিলেন,
মণ্ডলী তাঁর জন্য ঈশ্বরের কাছে বিরামহীন প্রার্থনা করত। সাম ১১৬ খ
৪র্থ ধুয়ো: আমি * তিনবার বেত্রাঘাত, একবার পাথর ছুড়ে মারা,
তিনবার নৌকাডুবি সহ্য করেছি। সাম ১২৬
৫ম ধুয়ো: তোমাদেরই তো স্বর্গরাজ্য, * যারা খ্রীষ্টের জন্য প্রাণ উৎসর্গ করেছ:
মেষশাবকের রক্তে স্নাত হয়ে শাশ্বত গৌরব গ্রহণ কর। গীতিকা এফে

**বাণী পাঠ** **১ করি ১৫:৩-৫,৮**

তোমাদের কাছে আমি সর্বপ্রথমে তা-ই সম্প্রদান করেছি, যা আমার নিজেরই কাছে সম্প্রদান করা হয়েছিল, তথা: খ্রীষ্ট আমাদের পাপের জন্য, শাস্ত্র অনুযায়ী, মৃত্যুবরণ করলেন, তাঁকে সমাধি দেওয়া হল; এবং শাস্ত্র অনুযায়ী তিনি তৃতীয় দিনে পুনরুত্থিত হলেন; এবং তিনি কেফাসকে এবং পরে সেই বারোজনকে দেখা দিলেন; সবার শেষে তিনি আমাকেও দেখা দিলেন।

**শ্লোক**

℣ প্রেরিতদূতেরা সৎসাহসের সঙ্গে * ঈশ্বরের বাণী প্রচার করতেন।
℟ প্রেরিতদূতেরা সৎসাহসের সঙ্গে * ঈশ্বরের বাণী প্রচার করতেন।
℣ তাঁরা যীশুখ্রীষ্টের পুনরুত্থানের বিষয়ে সাক্ষ্যদান করতেন।
℟ ঈশ্বরের বাণী প্রচার করতেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রেরিতদূতেরা সৎসাহসের সঙ্গে * ঈশ্বরের বাণী প্রচার করতেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আজ * সিমোন পিতর ক্রুশে আরোহণ করেছেন, আল্লেলুইয়া ;
আজ স্বর্গের দ্বাররক্ষক খ্রীষ্টের কাছে জয়যাত্রা করেছেন।
আজ বিশ্বের আলো সেই প্রেরিতদূত পল খড়্গের আঘাতে মাথা পেতে
খ্রীষ্টনামের খাতিরে শহীদমালায় ভূষিত হলেন। আল্লেলুইয়া।

**মিনতি নিবেদন**

খ্রীষ্ট আপন মণ্ডলীকে ভালবাসেন; তাকে প্রেরিতদূত ও নবীদের ভিত্তির উপরে স্থাপন করেছেন। আসুন, বিশ্বাসভরে তাঁর সহায়তা যাচনা করি :

*হে প্রভু, তোমার মণ্ডলীকে আশীর্বাদ কর।*

-তুমি মাছ-ধরা জেলে সিমোনকে ডেকেছিলে, তিনি যেন মানুষ-ধরা জেলে হন। আজও শস্যখেতে সুসমাচারের কর্মী প্রেরণ কর, সকল জাতি যেন পরিত্রাণ পায়।

-তোমার শিষ্যেরা যেন না ডুবে যান, সেই ঝড়ের দিনে তুমি সাগর প্রশমিত করেছিলে। আজও তোমার মণ্ডলীকে যত ভুলভ্রান্তির হাত থেকে নিরাপদে রাখ।

-তোমার পুনরুত্থানের পর তুমি তোমার শিষ্যদের পিতরের কাছে সম্মিলিত করেছিলে। আমাদের পোপ …কে আশীর্বাদ কর, একতা ও শান্তিতে তোমার ভক্তদের একত্রিত কর।

-তুমি পলকে বিধর্মীদের কাছে সুসমাচার প্রচার করতে প্রেরণ করেছিলে। কৃপা কর, তোমার পরিত্রাণের বাণী যেন সকল মানুষের কাছে প্রচারিত হয়।

-তুমি পিতরের হাতে স্বর্গের চাবিকাঠি তুলে দিয়েছ। যাঁরা তোমাতে আশা রেখে পরলোকে গমন করেছেন, তুমি তাঁদের জন্য স্বর্গের দ্বার উন্মুক্ত কর।

৩০শে জুন

## রোম মণ্ডলীর প্রথম সাক্ষ্যমরবৃন্দ

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি রোম মণ্ডলীর প্রথমফসলকে বহু সাক্ষ্যমরদের রক্ত দ্বারা পবিত্রতায় অলঙ্কৃত করেছিলে। আশীর্বাদ কর : তেমন মহাসংগ্রাম স্মরণে বিশ্বাসে বলীয়ান হয়ে উঠে আমরা যেন সেই বিশ্বাসের বিজয়তে নিয়তই আনন্দিত হতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : তোমরা * যারা মর্তলোকে আমার জন্য সংগ্রাম করেছ,
আমিই হব তোমাদের স্বর্গীয় শাশ্বত পুরস্কার। আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : এরা তারা, * যারা মহাক্লেশ পার হয়ে এসেছে ;
এরা মেষশাবকের রক্তে নিজেদের পোশাক ধৌত করে শুভ্র করে তুলেছে।

# জুলাই

৩রা জুলাই

## সাধু টমাস, প্রেরিতদূত

সাধারণ ব্যবস্থা : প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর : প্রেরিতদূত সাধু টমাসের পর্বদিন আনন্দের সঙ্গে পালন ক'রে আমরা যেন সর্বদাই তাঁর সহায়তা লাভ করি। তিনি যাঁকে প্রভু বলে ঘোষণা করেছিলেন, তোমার পুত্র সেই যীশুখ্রীষ্টে বিশ্বাস রেখে আমরা যেন তাঁর নামে জীবন পেতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : টমাস, * আমাকে দেখেছ বলেই তুমি বিশ্বাস করছ।
না দেখেও বিশ্বাস করে যারা, তারাই সুখী। আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : আমি * পেরেকের জায়গায় আমার আঙুল ছুঁইলাম,
তাঁর পাশটির মধ্যে আমার হাত দিলাম।
তখন আমি বলে উঠলাম :
প্রভু আমার, ঈশ্বর আমার ! আল্লেলুইয়া।

৪ঠা জুলাই

## পোর্তুগালের সাধ্বী এলিজাবেথ

সাধারণ ব্যবস্থা : সাধ্বী (সেবাব্রতিনী), পৃঃ ১০৪৩।

**সমাপন প্রার্থনা**

হে শান্তিদাতা ও প্রেমের উৎস পরমেশ্বর, তুমি সাধ্বী এলিজাবেথকে এমন অপূর্ব অনুগ্রহ দানে ভূষিতা করেছিলে, তিনি যেন প্রতিদ্বন্দ্বীদের মধ্যে সুসম্পর্ক পুনঃপ্রতিষ্ঠিত করতে পারেন। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর : শান্তি স্থাপনে সচেষ্ট হওয়ার ফলে আমরা যেন ঈশ্বরসন্তান বলে পরিচিত হতে পারি।

৫ই জুলাই

## সাধু আন্তনি-মেরী জাখারিয়া, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (শিক্ষাব্রতী অথবা ধর্মব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, প্রেরিতদূত পলের আদর্শে অনুপ্রাণিত হয়ে সাধু আন্তনি-মেরী তোমার মন্ডলীতে পরিত্রাণের বাণী নিষ্ঠার সঙ্গে প্রচার করেছিলেন। আশীর্বাদ কর : সাধু পলের সেই প্রেরণায় উদ্দীপিত হয়ে আমরাও যেন যীশুখ্রীষ্টের সেই জ্ঞানাতীত পরিচয় লাভের আকাঙ্ক্ষা করি।

৬ই জুলাই

## সাধ্বী মারীয়া গরেত্তি, চিরকুমারী ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা চিরকুমারী, পৃঃ ১০২১।

**সমাপন প্রার্থনা**

নির্মলহৃদয়দের অবলম্বন ও শুচিতার প্রেমিক হে পরমেশ্বর, তুমি তোমার দাসী মারীয়াকে তরুণ বয়সে সাক্ষ্যমর হওয়ার অনুগ্রহদানে ধন্য করেছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : সংগ্রামের শেষে তাঁকে যেমন কুমারীত্বের মালায় ভূষিতা করেছিলে, তেমনি তোমার বিধান পালনে আমাদের নিষ্ঠাবান করে তোল।

৯ই জুলাই

## সাধু আগস্তিন জাও রং, পুরোহিত ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার আশ্চর্য পরিকল্পনায় তুমি সাক্ষ্যমর সাধু আগস্তিন ও তাঁর সঙ্গীদের সাক্ষ্যদানের মধ্য দিয়ে তোমার মণ্ডলীকে বলবান করেছ। আশীর্বাদ কর, বাণীপ্রচারের দায়িত্বের প্রতি বিশ্বস্ত থেকে তোমার জনগণ যেন নিজেদের ধর্মীয় স্বাধীনতার বৃদ্ধি দেখতে পায় এবং জগতের সামনে সত্যের সাক্ষী হতে পারে।

১১ই জুলাই

## আমাদের পুণ্য পিতা বেনেডিক্ট, মঠাধ্যক্ষ

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০। মহাপর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি মঠাধ্যক্ষ সাধু বেনেডিক্টকে প্রভুসেবার শিক্ষালয়ে আদর্শ গুরু করেছ। আশীর্বাদ কর: খ্রীষ্টপ্রেমের আগে কিছুই স্থান না দিয়ে আমরা যেন সেই প্রেমের মাধুর্যে প্লাবিত অন্তরে তোমার আজ্ঞাবলির পথে দৌড়িয়েই চলতে পারি।

## ১ম সন্ধ্যারতি

নিম্নের অংশ ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ৮২৯।

১ম ধুয়ো : বেনেডিক্ট * পুণ্য জীবনের এমন একটি মানুষ ছিলেন,
যিনি অনুগ্রহে ও নামেও সত্যি আশিসধন্য। সাম ১১০
২য় ধুয়ো : বাল্যকাল থেকে * তিনি প্রবীণেরই যোগ্য মন দেখিয়ে
নিজের আত্মাকে যত কামনা-বাসনা থেকে বিরত রাখলেন। সাম ১১২
৩য় ধুয়ো : সম্ভ্রান্ত বংশের বেনেডিক্টকে * উচ্চশিক্ষা লাভের জন্য
নুর্সিয়া থেকে রোমে পাঠানো হল। সাম ১১৩
৪র্থ ধুয়ো : সংসারের ঐশ্বর্য * ভোগ করতে পারলেও
তিনি সংসারকে নীরস বস্তুই যেন তুচ্ছ করলেন। সাম ১১৬ খ
৫ম ধুয়ো : পিতৃগৃহ * ও পৈতৃক সম্পদ ত্যাগ করে
কেবল ঈশ্বরের কাছে গ্রহণীয় হবার বাসনায়
তিনি সন্ন্যাস-জীবন ধারণ করলেন। গীতিকা প্রত্যা ১৯

**বাণী পাঠ** **সিরা ৫০:৬-৭**

দেখ, ইনিই মহান প্রভুভক্ত : মেঘপুঞ্জের মধ্যে প্রভাতী তারার মত, পূর্ণিমার রাতে জ্যোৎস্নার মত, পরাৎপরের মন্দিরের উপরে জাজ্বল্যমান সূর্যের মত।

**শ্লোক**

℣ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।
℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।
℣ আমরা যেন খ্রীষ্টের অঙ্গীকারের যোগ্য হয়ে উঠি,
℟ আমাদের হয়ে প্রার্থনা কর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : মহাপ্রাণ পিতা বেনেডিক্টের গৌরবের জন্য
ভক্তবৃন্দ আনন্দ করুক, সন্ন্যাসীর অসংখ্য দল আনন্দে মেতে উঠুক :
মর্তবাসীরা যাঁর পর্ব পালনে উল্লসিত,
স্বর্গবাসীরা তাঁর উপস্থিতিতে মহা মুখরিত।

**আহ্বান সঙ্গীত** সাম ৯৫

**ধুয়ো :** আমাদের পুণ্য পিতা বেনেডিক্টের পর্বদিনে,
এসো, আমাদের পরমেশ্বরের প্রশংসাবাদ করি।

বিকল্প

**ধুয়ো :** যিনি আমাদের পুণ্য পিতা বেনেডিক্টকে ঐশঅনুগ্রহে পরিপূর্ণ করেছেন,
এসো, সেই প্রভুর চরণে প্রণিপাত করি।

## জাগরণী

### স্তোত্র

১। এসো, সবে স্ফূর্তির সঙ্গে
গেয়ে উঠি সমস্বরে :
মোদের পুণ্য পিতার পর্বে
করি উল্লাস পুণ্য গর্বে।

২। এসো, ভ্রাতা, করি স্মরণ
মোদের পিতার পুণ্য জীবন :
তিনি ত্যাগ-তপস্যার পরে
এখন ধন্য যুগযুগ ধরে।

৩। তিনি নবীন তারার মত
হলেন বিশ্বে আবির্ভূত :
মানব হল আলোকিত,
যত তমস বিতাড়িত।

৪। মহান ব্যক্তি ও নবীসকল
প্রাচীনকালে যা করেছেন,
সেইসব চমৎকার কৃতিত্ব
সাধন করলেন এ ব্যক্তিত্ব।

৫। সন্ন্যাসীদের জন্য তিনি
উজ্জ্বল খ্যাতির নিয়ম লিখলেন ;
যারা চলে নিয়ম-মতে
তারা ছোটে পুণ্যের পথে।

৬। স্বর্গমর্তের যিনি স্রষ্টা,
বিশ্বের গতি যাঁরই হাতে,
সেই মহেশ্বর হোন বন্দিত,
বিশ্বজুড়ে হোন কীর্তিত। (পরিসেবক পল † ৭৯৯)

### ১ম পর্ব

১ম ধুয়ো : প্রভু * তাঁর পুণ্য জীবন ও পরিপক্ক ধর্মশিক্ষার জন্যই তাঁকে বেছে নিলেন,
তিনি যেন হন সন্ন্যাসীদের পরিচালক ও বিধানকর্তা। সাম ১

২য় ধুয়ো : যত মঙ্গল, * যত পুণ্য,
তা বেনেডিক্ট কথার চেয়ে কাজেই প্রকাশ করলেন। সাম ১৫

৩য় ধুয়ো : পিতা বেনেডিক্ট * আমাদের জন্য
প্রভুসেবার একটা শিক্ষালয় প্রতিষ্ঠা করলেন,
আমরা যেন সন্ন্যাসজীবন ও বিশ্বাসে অগ্রসর হতে হতে
ঐশ আজ্ঞাবলির পথে দৌড়িয়েই চলি। সাম ২৪

℣ প্রভু তাঁকে ভালবেসেছেন, তাঁকে অলঙ্কৃত করেছেন ;
℟ গৌরব-বসনে তাঁকে পরিবৃত করেছেন।

## ২য় পর্ব

১ম ধুয়ো : পূর্ণ সচেতনতার সঙ্গে * নিজেকে অজ্ঞ ক'রে কিন্তু প্রজ্ঞায়ই দীক্ষাপ্রাপ্ত হয়ে
তিনি সংসার ত্যাগ করলেন। সাম ৬৫

২য় ধুয়ো : বেনেডিক্টের অন্তরে
ঐশঅনুগ্রহ বৃদ্ধি পেত দিনের পর দিন। সাম ৮৪

৩য় ধুয়ো : ঐশপ্রেরণা
তাঁর অন্তরে এমন অনুগ্রহ সঞ্চার করছিল যে
তিনি যেন সূর্যের একটিমাত্র কিরণের আলোতেই
সমগ্র জগৎকে দেখতে পেতেন। সাম ৯২

℣ ধার্মিকের মুখ ব্যক্ত করে প্রজ্ঞার বাণী,
℟ তার জিহ্বা বলে ন্যায়ের কথা।

## ৩য় পর্ব

ধুয়ো : যিনি ছিলেন * বিখ্যাত নবী, যিনি ছিলেন আদর্শ গুরু,
এসো, সেই ধন্য বেনেডিক্টের গুণগান করি।

গীতিকামালা : সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৬।

℣ প্রভু ধার্মিক মানুষকে ন্যায় পথে চালিত করলেন ;
℟ তাকে দেখালেন ঈশ্বরের রাজ্য।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** লুক ৯:৫৭-৬২।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

# প্রভাতী বন্দনা

## স্তোত্র

১। হে বেনেডিক্ট বিধানকর্তা,
হে অতুল্য মহাচার্য,
উজ্জ্বল তব গুণের খ্যাতি,
এসো, ছড়াও খ্রীষ্টের জ্যোতি।

২। তোমার দ্বারা বহু জাতি
নব সঙ্ঘে একত্রিত ;
তব মধুর কণ্ঠের সুরে
সবে বাধ্য সঙ্ঘজুড়ে।

৩। ক্রীতদাস কি স্বাধীন মানুষ
একই মর্যাদায় মিলিত ;
একই ভক্তি, একই কর্ম :
এই তো তব সঙ্ঘের ধর্ম।

৪। তব দিশায় আজও যেন
মোরা সবে একপ্রাণ হয়ে
বাণীর পেয়ে দৈনিক স্পর্শ
পেতে পারি শান্তি-দর্শন।

৫। জয় হোক সেই পরম ত্রিত্বের,
যিনি তোমায় দিলেন গৌরব ;
তব পুণ্যে রেখে আশা
করি স্বর্গেরই প্রত্যাশা। (২০শ শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : বেনেডিক্ট * পুণ্য জীবনের এমন একটি মানুষ ছিলেন,
যিনি অনুগ্রহে ও নামেও সত্যি আশিসধন্য।

২য় ধুয়ো : ধন্য বেনেডিক্ট * সংসারের প্রশংসার চেয়ে
তার নিপীড়নের অন্বেষণ করলেন ;
মানুষের দ্বারা কীর্তিত হওয়ার চেয়ে
ঈশ্বরের জন্য কঠোর পরিশ্রম করতে ভালবাসলেন।
৩য় ধুয়ো : প্রভুর ধন্য সন্ন্যাসী বেনেডিক্ট * স্বর্গদূতেরই মত জীবনযাপন ক'রে
জগতের কাছে হলেন পুণ্যকর্মের দর্পণ :
এজন্য তিনি এখন খ্রীষ্টের সঙ্গে
স্বর্গধামে আনন্দ করেন চিরকালের মত।
৪র্থ ধুয়ো : প্রভুভক্ত বেনেডিক্টের মুখমণ্ডলে * প্রকাশ পেত শান্তি ;
তাঁর আচরণ ছিল স্বর্গদূতেরই মত ;
তাঁর চারদিকে এমন বিভা প্রস্ফুটিত ছিল
তিনি ঠিক যেন মর্তলোকে থেকেও স্বর্গলোকেই বাস করতেন।
৫ম ধুয়ো : প্রভুভক্ত বেনেডিক্ট * সকল ধার্মিকদের প্রেরণায় পরিপূর্ণ ছিলেন :
তিনি সকল সন্ন্যাসী-সন্ন্যাসিনীর হয়ে প্রার্থনা করুন।

### বাণী পাঠ — ইসা ৫১:১-২

আমার কথা শোন, তোমরা যারা ধর্মময়তা অনুসরণ কর, যারা প্রভুর অন্বেষণ কর। বিবেচনা করে দেখ সেই শৈলের কথা, যা থেকে তোমাদের কেটে নেওয়া হয়েছে, সেই পাথরখাদের কথা, যা থেকে তোমাদের তুলে নেওয়া হয়েছে। বিবেচনা করে দেখ তোমাদের পিতা আব্রাহামের কথা : আমি যখন তাকে আহ্বান করেছিলাম, সে তখন একাই ছিল ; আমি কিন্তু তাকে আশিসধন্য করেছি ও তার বংশবৃদ্ধি ঘটিয়েছি।

### শ্লোক

℣ প্রভু তাঁকে ভালবেসেছেন, * তাঁকে অলঙ্কৃত করেছেন।
℟ প্রভু তাঁকে ভালবেসেছেন, * তাঁকে অলঙ্কৃত করেছেন।
℣ গৌরব-বসনে তাঁকে পরিবৃত করেছেন ;
℟ তাঁকে অলঙ্কৃত করেছেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু তাঁকে ভালবেসেছেন, * তাঁকে অলঙ্কৃত করেছেন।

### জাখারিয়ার গীতিকা

ধুয়ো : হে প্রভুর ধন্য সাক্ষ্যদাতা, * হে সন্ন্যাসীদের পিতা ও পরিচালক বেনেডিক্ট,
আমাদের ও সকলের পরিত্রাণের জন্য প্রার্থনা কর।

### মিনতি নিবেদন

যিনি সুসমাচার অনুসারে জীবন যাপন ক'রে পুণ্যাচরণের আদর্শ গুরু হয়ে উঠেছেন, আসুন, আমাদের পুণ্য পিতা বেনেডিক্টের প্রার্থনায় আস্থা রেখে ঈশ্বরের কাছে বিনীত প্রার্থনা জানাই :

*হে প্রভু, আমাদের অন্তর নবীকৃত কর।*

-আমাদের পুণ্য পিতা বেনেডিক্ট আপন জীবনের উদ্দেশ্য ও পরম অবলম্বন বলে তোমার অন্বেষণ করেছিলেন। আমরাও যেন তাঁর আদর্শ অনুসরণ করি।

-তোমার মঙ্গলবাণীর আলোতে তিনি ভ্রাতৃপ্রেম ও ন্যায্যতা বজায় রেখে কখনও ভাইদের পক্ষপাতিত্ব করেননি। তোমার সহায়তায় আমরাও যেন সকলকে সমান ভালবাসায় ভালবাসতে পারি।

-তোমার আদর্শ অনুসারে তিনি কখনও প্রার্থনা ও কাজের মধ্যে দ্বন্দ্ব দেখেননি। আমাদের মন উদ্বুদ্ধ কর, আমরাও যেন তেমন উজ্জ্বল আদর্শ অনুসরণ করতে পারি।

-তোমার মহান শিষ্য বেনেডিক্ট তীর্থযাত্রী, গরিব ও অত্যাচারিত মানুষকে দেখে তোমাকেই দেখতে পেতেন। তোমার আশীর্বাদে আমরা যেন তাঁর এ শিক্ষা আমাদের জীবনে বাস্তবায়িত করতে পারি।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : বেনেডিক্ট * পুণ্য জীবনের এমন একটি মানুষ ছিলেন,
যিনি অনুগ্রহে ও নামেও সত্যি আশিসধন্য।

**বাণী পাঠ** **প্রজ্ঞা ১৮:২১**

অনিন্দ্য সেই মানুষ সর্বজাতির পক্ষে মিনতি জানাবার জন্য তৎপর হয়ে আপন সেবাকাজের অস্ত্রস্বরূপ প্রার্থনা তুলে নিলেন, এবং সেই সঙ্গে প্রায়শ্চিত্তকারী ধূপস্বরূপ মিনতিও অর্পণ করলেন; এতে তিনি দেখালেন যে, তিনি তোমার আপন সেবক।

℣ সুখী সেই মানুষ, যাকে তুমি শাসন কর, প্রভু;
℟ যাকে তোমার বিধানের কথা শেখাও।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : ধন্য বেনেডিক্ট * সংসারের প্রশংসার চেয়ে
তার নিপীড়নের অন্বেষণ করলেন;
মানুষের দ্বারা কীর্তিত হওয়ার চেয়ে
ঈশ্বরের জন্য কঠোর পরিশ্রম করতে ভালবাসলেন।

**বাণী পাঠ** **সিরা ৫০:৩-৪**

তাঁর জীবনকালে একটা দিঘি খনন করা হল, বিশাল সাগরের মত বড় এক দিঘি। সর্বনাশ থেকে আপন জনগণকে উদ্ধার করার জন্য তিনি চিন্তিত ছিলেন।

℣ প্রভু আপন দাসকে বেছে নিলেন,
℟ তাঁর আপন জাতি যাকোবকে চরাবার জন্য।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : প্রভুভক্ত বেনেডিক্ট * সকল ধার্মিকদের প্রেরণায় পরিপূর্ণ ছিলেন :
তিনি সকল সন্ন্যাসী-সন্ন্যাসিনীর হয়ে প্রার্থনা করুন।

**বাণী পাঠ** **সিরা ২৪:৩১খ-৩৪**

আর দেখ, আমার নালা নদী হয়ে গেছে, আমার নদী হয়ে গেছে সাগর। আমি আমার শিক্ষাবাণী উষারই মত আবার উজ্জ্বল করে তুলব, তার দীপ্তি বহু দূরে প্রসারিত করব। আমি শিক্ষাবাণী নবীয় বাণীরই মত আবার বর্ষণ করব, ভাবী যুগের মানুষের জন্য তা রেখে যাব। দেখ, আমি শুধু আমার নিজেরই জন্য নয়, বরং শিক্ষাবাণীর অন্বেষীদের জন্যও কাজ করেছি।

℣ তার পরমেশ্বরের বিধান তার অন্তরে বিরাজিত,
℟ টলবে না তার পদক্ষেপ।

## ২য় সন্ধ্যারতি

### স্তোত্র

১। যত স্বর্গীয় মালার মধ্যে
হে বেনেডিক্ট, তবও উজ্জ্বল,

৩। পিতৃগৃহ ছেড়ে তুমি
নির্জন স্থানে নিলে আশ্রয়,

দিব্য জ্যোতিতে মণ্ডিত,
তুমি যে পুণ্যে ভূষিত।

২। বাল্যকাল অবধি তুমি
পুণ্যের তৃষ্ণায় পরিপক্ব;
সংসার ত্যাগে তব অন্তর
রত ধ্যানেতে নিরন্তর।

যেথায় লিখলে এমন বিধি,
যেটা সন্ন্যাসজীবন-বিধি।

৪। আবার এসো, পুণ্য পিতা,
শেখাও গো ঈশ্বর-অন্বেষা,
মোরাও যেন হতে পারি
মঙ্গলালোকের দিশারী।

৫। জয় হোক সেই পরম ত্রিত্বের,
যিনি তোমায় দিলেন গৌরব;
তব পুণ্যে রেখে আশা
করি স্বর্গেরই প্রত্যাশা। (পূজনীয় পিতর † ১১৫৬)

১ম ধুয়ো: বেনেডিক্ট * পুণ্য জীবনের এমন একটি মানুষ ছিলেন,
যিনি অনুগ্রহে ও নামেও সত্যি আশিসধন্য। সাম ১১০
২য় ধুয়ো: বাল্যকাল থেকে * তিনি প্রবীণেরই যোগ্য মন দেখিয়ে
নিজের আত্মাকে যত কামনা-বাসনা থেকে বিরত রাখলেন। সাম ১১২
৩য় ধুয়ো: সম্ভ্রান্ত বংশের বেনেডিক্টকে * উচ্চশিক্ষা লাভের জন্য
নুর্সিয়া থেকে রোমে পাঠানো হল। সাম ১১৩
৪র্থ ধুয়ো: সংসারের ঐশ্বর্য * ভোগ করতে পারলেও
তিনি সংসারকে নীরস বস্তুই যেন তুচ্ছ করলেন। সাম ১১৬ খ
৫ম ধুয়ো: পিতৃগৃহ * ও পৈতৃক সম্পদ ত্যাগ করে
কেবল ঈশ্বরের কাছে গ্রহণীয় হবার বাসনায়
তিনি সন্ন্যাস-জীবন ধারণ করলে। গীতিকা প্রত্যা ৪

**বাণী পাঠ** **সিরা ৫০:১০,১২খ-গ**

তিনি ছিলেন ফলে ভরা জলপাইগাছের মত, আকাশ-চুম্বী দেবদারু বৃক্ষের মত। লেবাননের এরসগাছের শাখার মত ও তাঁর চারদিকে যেন খেজুরগাছের মত ভাইয়েরা মুকুটের মত তাঁকে বেষ্টন করতেন।

**শ্লোক**

℣ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।
℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।
℣ আমরা যেন খ্রীষ্টের অঙ্গীকারের যোগ্য হয়ে উঠি,
℟ আমাদের হয়ে প্রার্থনা কর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে পুণ্য পিতা বেনেডিক্ট, * আমাদের হয়ে প্রার্থনা কর।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: হে স্বর্গীয় জীবনের আদর্শ, * হে সদ্‌গুরু ও পরিচালক বেনেডিক্ট,
স্বর্গধামে তোমার আত্মা খ্রীষ্টের সঙ্গে উল্লসিত।
হে মহান পালক, পালকে রক্ষা কর, পুণ্য প্রার্থনায় তাকে সুপ্রতিষ্ঠিত কর,
উজ্জ্বল পথ দেখিয়ে তাকে স্বর্গলোকে চালিত কর।

**মিনতি নিবেদন**

যিনি দিশেহারা জগতের কাছে সাধু বেনেডিক্ট দ্বারা শান্তি ও পরিত্রাণের বাণী নতুন করে ধ্বনিত করেছিলেন, আসুন, সেই মঙ্গলময় পিতার কাছে মিনতি নিবেদন করে বলি:

*হে প্রভু, সকল জাতিকে শান্তির পথে চালিত কর।*

-যখন মানবকুল নানা নৈতিক ও সামাজিক পরিবর্তনের চাপে পতনোন্মুখ ছিল, তখন তুমি সাধু বেনেডিক্টকে ও তাঁর কাজের ভিত তোমার বাণীর মজবুত ভিত্তির উপরে গেঁথে রেখেছিলে। আশীর্বাদ কর, সকল জাতিও যেন তোমার বাণীতেই নীতি, ন্যায় ও শান্তির স্থিতিশীলতা খুঁজে পায়।

-তোমার দাস বেনেডিক্ট ও তাঁর অনুগামীরা মানবীয় যত উত্তম কৃষ্টি বিশ্বাসের আলোতেই পুনর্জাগরিত করেছিলেন। গোটা মানবসমাজও যেন সেই বিশ্বাসেই মানবাধিকারের শ্রেষ্ঠ উপায় খুঁজে পেতে পারে।

-তুমি সন্ন্যাসজীবনের বিধানকর্তা বেনেডিক্টকে সুবুদ্ধি, সদ্বিবেচনা এবং মানবীয় ও খ্রীষ্টীয় যত সদ্‌গুণের উজ্জ্বল আদর্শ করে তুলেছ। তোমার সহায়তায় আজকের বিধানকর্তারা ও ধর্মীয় পালকেরাও যেন একই গুণাবলি অর্জন করতে পারেন।

-তোমার আশীর্বাদে সাধু বেনেডিক্ট হয়ে উঠেছেন নতুন আব্রাহামের মত অসংখ্য সাধুসাধ্বীর পিতা। কৃপা কর, আমাদের পরলোকগত ভাইবোনেরাও যেন সাধুসন্তের সেই স্বর্গীয় সভায় স্থান পেতে পারেন।

১২ই জুলাই

## সাধু যোহন গুয়ালবের্ট, মঠাধ্যক্ষ

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি শান্তি স্থাপন কর, শান্তি ভালবাস; তোমাকে জেনে মানুষ জীবন পায়, তোমাকে সেবা করে মানুষ রাজত্বই করে। শোন আমাদের মিনতি : তুমি তোমার ভালবাসায় আমাদের স্থিতমূল কর, যেন মঠাধ্যক্ষ সাধু গুয়ালবের্টের আদর্শে আমরাও অনিষ্টের প্রতিদানে মঙ্গল এবং অভিশাপের প্রতিদানে আশীর্বাদ দান করে তোমার কাছ থেকে পেতে পারি পাপের ক্ষমা ও পরম শান্তি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : আমাদের শত্রুদের * ও সকল বিদ্বেষীদের হাত থেকে নিস্তার পেয়ে
আমাদের চরণ যেন চালিত হয় শান্তির পথে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : হে মহান সাধু, * তোমার উপর অধিষ্ঠিত ছিলেন প্রভুর আত্মা।
মণ্ডলীর জন্য মহামুক্তি লাভ ক'রে তুমি এখন প্রভুর পর্বতে পৌঁছে গেছ।

১৩ই জুলাই

## সাধু হেনরি

সাধারণ ব্যবস্থা : সাধু, পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু হেনরিকে তোমার অনুগ্রহের ঐশ্বর্য দানে ধন্য করেছিলে, ও জাগতিক রাজমর্যাদা থেকে স্বর্গীয়ই মুকুট লাভে তাঁকে উন্নীত করেছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : আমরা যেন এই সংসারের চাঞ্চল্যের মধ্যে শুচীকৃত অন্তরে তোমারই দিকে ধাবিত থাকি।

১৪ই জুলাই

## সাধু কামিলুস দ্য লেলিস, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : সাধু (সেবাব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পুরোহিত সাধু কামিলুসকে রোগী মানুষের সেবার এক মহান আদর্শ করেছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে আমাদের অন্তরে তোমার প্রেমাগ্নি সঞ্চার কর, আমরা যেন ভাইবোনদের সেবার মধ্য দিয়ে তোমারই সেবা ক'রে মৃত্যুকালে ভরসা ভরে তোমার কাছে উত্তরণ করতে পারি।

১৫ই জুলাই

## সাধু বনাভেন্তুরা, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর : বিশপ সাধু বনাভেন্তুরার স্বর্গীয় জন্মতিথি পালন ক'রে আমরা যেন তাঁর অতুলনীয় ধর্মশিক্ষা লাভে উপকৃত হতে পারি ও তাঁর উদ্দীপ্ত ভক্তির অবিরত অনুকরণ করতে পারি।

১৬ই জুলাই

## কার্মেল রানী মারীয়া

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, আশীর্বাদ কর : গৌরবময়ী কুমারী মারীয়া আমাদের হয়ে প্রার্থনা করলে আমরা যেন তাঁর সহায়তা পাই, যাতে তাঁর প্রবল সাহায্য হাতিয়ার ক'রে সেই পর্বতচূড়ায় পৌঁছতে পারি স্বয়ং খ্রীষ্টই যে পর্বত।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : আমি * প্রার্থনা করেছি, আর তখন আমাকে দেওয়া হল দূরদর্শিতা,
মিনতি জানিয়েছি, আর তখন আমার মধ্যে এসেছে প্রজ্ঞার আত্মিক প্রেরণা।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : মারীয়া * ঈশ্বরের বাণী শুনতেন,
তা গেঁথে রেখে হৃদয়গভীরে করতেন ধ্যান।

২০শে জুলাই

## সাধু আপল্লিনারিস, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, বিশপ সাধু আপল্লিনারিস শিক্ষাদানে ও সাক্ষ্যমরণের মধ্য দিয়ে যে পথ দেখিয়েছেন, তুমি শাশ্বত পরিত্রাণের সেই পথে তোমার ভক্তদের চালনা কর। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর, আমরা যেন এমন নিষ্ঠার সঙ্গে তোমার আজ্ঞাগুলি পালন করি যাতে তাঁর সঙ্গে গৌরব-মালায় ভূষিত হতে পারি।

২১শে জুলাই

## ব্রিন্দিসির সাধু লরেন্স, পুরোহিত ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার নামের গৌরবার্থে ও মানবের পরিত্রাণার্থে তুমি পুরোহিত সাধু লরেন্সকে প্রজ্ঞা ও শক্তির আত্মিক প্রেরণায় মণ্ডিত করেছিলে। আশীর্বাদ কর : সেই একই প্রেরণায় অনুপ্রাণিত হয়ে আমরা যেন আমাদের

কর্তব্য জানতে পারি, এবং তা জেনে তাঁর সহায়তায় তা সম্পন্নও করতে পারি।

২২শে জুলাই

## সাধ্বী মারীয়া মাগদালেনা

সাধারণ ব্যবস্থা : সাধ্বী, পৃঃ ১০৪৩। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার একমাত্র পুত্র সকলের আগে মারীয়া মাগদালেনাকেই পাস্কার মঙ্গলবার্তা জানাবার দায়িত্ব দিয়েছিলেন। আশীর্বাদ কর : সাধ্বীর প্রার্থনা ও আদর্শের উপর নির্ভর ক'রে আমরা যেন খ্রীষ্টকে জীবন্তই বলে প্রচার করতে পারি এবং তোমার গৌরবধামে তাঁকে রাজাসনে আসীন দেখতে পারি।

## জাগরণী

### স্তোত্র

১। সত্যিই ধন্যা সুখী নারী!
তব স্তুতি করি সবে :
তোমায় খ্রীষ্ট নিজের সঙ্গে
করলেন প্রেমের সন্ধির অংশী।

২। অপদূতদের মারণাস্ত্র
ছিন্নভিন্ন দে'খে তুমি
ভরসা ভরে গ্রহণ করলে
খ্রীষ্ট চিকিৎসকের ঔষধ।

৩। সেসময় থেকে তুমি
গুরুদেবের চরণতলে
জীবন-বাণী শ্রবণ ক'রে
মগ্না থাকলে চিরতরে।

৪। দেখ, ক্রুশে বিদ্ধ প্রভু!
অশ্রুসিক্তা হয়ে তুমি
পুণ্য দেহ লেপন ক'রে
রাখলে গুহায় সমাদরে।

৫। খ্রীষ্টের প্রেমজনিত মোরা
তোমার সঙ্গে একদিন যেন
প্রিয়তমের সঙ্গ লাভে
উল্লাস করি স্বর্গধামে।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। উজ্জ্বল ঊষা বয়ে আনে
মৃত্যুঞ্জয়ী খ্রীষ্টের সংবাদ ;
মাগদালার মারীয়ার ইচ্ছা :
মৃতদেহ করবেন লেপন।

২। তিনি ছুটে এলে, দেখ,
এক দূত এসে তাঁকে বলেন,
যাঁকে তুমি মৃত ভাব,
তিনি ছিঁড়লেন মৃত্যুর শৃঙ্খল।

৩। তব প্রেমের প্রতিদানে
তুমি হবে পুরস্কৃতা :
মালীর কণ্ঠ শোনা মাত্র
গুরুদেবকে চিনবে তুমি।

৪। শকাচ্ছন্না মেরীর সঙ্গে
তুমিও ছিলে ক্রুশের তলায় ;
'পাতাল থেকে উঠলেন খ্রীষ্ট',
প্রথম তুমিই সাক্ষী, ঘোষক।

৫। মাগদালার হে শুভ্র পুষ্প,
ওগো খ্রীষ্টের প্রেম-বিক্ষতা,
মোদের হৃদি করে তোল
ভক্তি প্রেমেতে জ্বলন্ত।

৬। খ্রীষ্ট, তেমন দাসীর ভক্তি
জ্বলতে থাকুক চিরতরে,
মোরাও যেন স্বর্গে একদিন
গাইতে পারি তব স্তুতি।

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো: সাব্বাতের পর দিন
মাগদালার মারীয়া যীশুর সমাধিগুহা দেখতে এলেন। আল্লেলুইয়া।
২য় ধুয়ো: তিনি * দেখতে পেলেন,
পাথরখানা গড়িয়ে সরিয়ে দেওয়া হয়েছে।
অথচ পাথরটা খুবই বড় ছিল! আল্লেলুইয়া।
৩য় ধুয়ো: কাঁদতে কাঁদতে * মারীয়া সমাধিগুহার ভিতরে তাকিয়ে
সাদা পোশাক-পরা দু'জন স্বর্গদূতকে দেখলেন। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো: আমার প্রভুকে * লোকে তুলে নিয়ে গেছে,
আর তাঁকে কোথায় রেখেছে জানি না।
৫ম ধুয়ো: আমার হৃদয়ের কী জ্বালা! * আমি আমার প্রভুকে দেখতে বাসনা করছি!
কিন্তু ওরা তাঁকে কোথায় রেখেছে আমি জানি না। আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **প্রজ্ঞা ১:১-২**

তোমরা প্রভুর সম্বন্ধে সুচিন্তা পোষণ কর, সরল অন্তরে তাঁর অন্বেষণ কর। যারা তাঁকে যাচাই করে না, তাদেরই দ্বারা তিনি নিজেকে অনুসন্ধান পেতে দেন; যারা তাঁকে বিশ্বাস করতে অস্বীকার করে না, তাদেরই কাছে তিনি দেখা দেন।

**শ্লোক**

℣ মারীয়া, কাঁদছ কেন? * প্রভু তো মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন।
℟ মারীয়া, কাঁদছ কেন? * প্রভু তো মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন।
℣ তুমি গিয়ে আমার ভাইদের বল,
℟ প্রভু মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ মারীয়া, কাঁদছ কেন? * প্রভু তো মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: রবিবার দিন, * সকালে পুনরুত্থান করে
যীশু প্রথমে সেই মাগদালার মারীয়াকে দেখা দিলেন,
যাঁর মধ্য থেকে সাতটা অপদূতকে তাড়িয়ে দিয়েছিলেন। আল্লেলুইয়া।

## পূর্বাহ্ন, মধ্যাহ্ন ও অপরাহ্ন প্রহর

ধুয়ো-সহ সামসঙ্গীতমালা: দিনের ব্যবস্থা। বাণী পাঠ ও শ্লোক: সাধারণ ব্যবস্থা, পৃঃ

## সন্ধ্যারতি

স্তোত্র: জাগরণীর স্তোত্র ব্যবহারযোগ্য, পৃঃ ৮৩৩।
১ম ধুয়ো: সাব্বাতের পর দিন
মাগদালার মারীয়া যীশুর সমাধিগুহা দেখতে এলেন। আল্লেলুইয়া। সাম ১১০
২য় ধুয়ো: তিনি * দেখতে পেলেন,
পাথরখানা গড়িয়ে সরিয়ে দেওয়া হয়েছে।
অথচ পাথরটা খুবই বড় ছিল! আল্লেলুইয়া। সাম ১২২
৩য় ধুয়ো: কাঁদতে কাঁদতে * মারীয়া সমাধিগুহার ভিতরে তাকিয়ে
সাদা পোশাক-পরা দু'জন স্বর্গদূতকে দেখলেন। আল্লেলুইয়া। সাম ১২৭
৪র্থ ধুয়ো: আমার প্রভুকে * লোকে তুলে নিয়ে গেছে,
আর তাঁকে কোথায় রেখেছে জানি না। সাম ১৪৭ খ

৫ম ধুয়ো : আমার হৃদয়ের কী জ্বালা ! * আমি আমার প্রভুকে দেখতে বাসনা করছি !
কিন্তু ওরা তাঁকে কোথায় রেখেছে আমি জানি না। আল্লেলুইয়া। গীতিকা এফে

**বাণী পাঠ** **রো ৮:২৮-৩০**

আমরা তো জানি, যারা ঈশ্বরকে ভালবাসে, তাঁর সঙ্কল্প অনুসারে যারা আহূত, সবকিছুই তাদের মঙ্গলের উদ্দেশে কার্যকর হয়ে ওঠে, কেননা আগে থেকে যাদের জানতেন, তাদের তিনি তাঁর আপন পুত্রের প্রতিমূর্তির অনুরূপ হবার জন্য আগে থেকে নিরূপণও করেছিলেন, তিনি যেন বহু ভ্রাতার মধ্যে প্রথমজাত হতে পারেন। আর আগে থেকে যাদের তিনি নিরূপণ করেছিলেন, তাদের আহ্বানও করেছেন; এবং যাদের আহ্বান করেছেন, তাদের ধর্মময় বলেও সাব্যস্ত করেছেন; এবং যাদের ধর্মময় বলে সাব্যস্ত করেছেন, তাদের গৌরবান্বিতও করেছেন।

**শ্লোক**

℣ মারীয়া, কাঁদছ কেন? * প্রভু তো মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন।
℟ মারীয়া, কাঁদছ কেন? * প্রভু তো মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন।
℣ তুমি গিয়ে আমার ভাইদের বল,
℟ প্রভু মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ মারীয়া, কাঁদছ কেন? * প্রভু তো মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : মারীয়া * শিষ্যদের গিয়ে সংবাদ দিলেন,
আমি প্রভুকে দেখেছি। আল্লেলুইয়া।

২৩শে জুলাই

## সাধ্বী ব্রিজিতা, ধর্মব্রতিনী

সাধারণ ব্যবস্থা : সাধ্বী (ধর্মব্রতিনী), পৃঃ ১০৪৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধ্বী ব্রিজিতাকে নানা জীবনাশ্রমে চালিত করেছিলে, ও তিনি তোমার পুত্রের যন্ত্রণাভোগে ধ্যানরত থাকতে তুমি তাঁর কাছে ক্রুশের মাহাত্ম্য অপূর্বভাবে প্রকাশ করেছিলে। আশীর্বাদ কর: তুমি যে জীবনাশ্রমে আমাদের আহ্বান করেছ, আমরা যেন যোগ্যরূপে সেই পথে চলে সবকিছুতেই তোমাকে অন্বেষণ করতে সচেষ্ট থাকি।

২৪শে জুলাই

## সাধু খার্বেল মাখলুফ, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পুরোহিত সাধু খার্বেলকে বিজনাশ্রমের বিশিষ্ট সংগ্রামে আহ্বান ক'রে তাঁকে ভক্তির সমস্ত দানেই পরিপূর্ণ করেছ। আশীর্বাদ কর, প্রভুর যন্ত্রণাভোগের অনুকারী হয়ে উঠে আমরা যেন তাঁর রাজ্যের সহউত্তরাধিকারী হতে পারি।

২৫শে জুলাই

## সাধু যাকোব, প্রেরিতদূত

সাধারণ ব্যবস্থা : প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি প্রেরিতদূতদের প্রথমফসল সাধু যাকোবেরই রক্তে প্রতিষ্ঠা করেছিলে। আশীর্বাদ কর: তোমার ভক্তমণ্ডলী যেন তাঁর সাক্ষ্যদানের ফলে বিশ্বাসে সুস্থির হয়ে ওঠে, ও তাঁর নিত্য সহায়তায় সৎসাহস লাভ করে।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো: যীশু * জেবেদের ছেলে যাকোব
ও তাঁর ভাই যোহনকে দেখে তাঁদের ডাকলেন।

২য় ধুয়ো: তাঁরা তখনই * নৌকা ও নিজেদের পিতাকে ফেলে রেখে
যীশুর অনুসরণ করলেন।

৩য় ধুয়ো: আমি * যে পাত্রে পান করি, তাতে তোমরা পান করবে বটে;
আমি যে দীক্ষাস্নানে দীক্ষিত হই, তাতে তোমরাও দীক্ষিত হবে।

৪র্থ ধুয়ো: যীশু * পিতর, যাকোব ও যোহনকে সঙ্গে নিয়ে গেলেন,
এবং আতঙ্কিত ও উদ্বিগ্ন হতে লাগলেন।

৫ম ধুয়ো: হেরোদ রাজা * মণ্ডলীর কয়েকজন সদস্যকে উৎপীড়ন করতে শুরু করলেন:
তিনি যোহনের ভাই যাকোবকে খড়্গের আঘাতে হত্যা করালেন।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: পিতর, যাকোব ও যাকোবের ভাই যোহনকে সঙ্গে ক'রে
যীশু একটা উঁচু পাহাড়ের উপর তাঁদের নিয়ে গেলেন;
সেখানে তাঁদের সাক্ষাতে রূপান্তরিত হলেন।

## পূর্বাহ্ণ, মধ্যাহ্ন ও অপরাহ্ণ প্রহর

ধুয়ো: প্রভাতী বন্দনার ১ম, ২য় ও ৩য় ধুয়ো।

## সন্ধ্যারতি

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: তোমাদের মধ্যে * যে কেউ বড় হতে চায়,
তাকে তোমাদের সেবক হতে হবে,
আর তোমাদের মধ্যে যে কেউ প্রধান হতে চায়,
তাকে হতে হবে সকলের দাস।

২৬শে জুলাই

## সাধু যোয়াকিম ও সাধ্বী আন্না

**ধন্যা কুমারী মারীয়ার জনক-জননী**

সাধারণ ব্যবস্থা: সাধু, পৃঃ ১০৩১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে আমাদের পূর্বপুরুষদের ঈশ্বর প্রভু, তুমি ধন্য যোয়াকিম ও আন্নাকে এই অনুগ্রহ মঞ্জুর করেছিলে, মানবদেহধারী তোমার পুত্রের জননী তাঁদের ঘরে জন্ম নেবেন। তাঁদের মিলিত প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর, আমরা যেন তোমার জনগণের কাছে প্রতিশ্রুত সেই পরিত্রাণ লাভ করতে পারি।

**আহ্বান সঙ্গীত**

ধুয়ো: যিনি দাউদসন্তান,
এসো, আমাদের রাজা সেই খ্রীষ্টের চরণে প্রণিপাত করি।

# জাগরণী

## স্তোত্র

১। ওগো প্রভু, তুমি ধন্য!
বিশ্বে কত নর-নারী
তব ডাকে দিয়ে সাড়া
পেলেন স্বর্গের সুখ।

২। পিতা, পুত্র, পবিত্রাত্মা,
এক অভিন্ন ঈশ্বরত্ব,
যুগযুগব্যাপী গাইব মোরা :
ধন্য ত্রিত্ব হে।

# প্রভাতী বন্দনা

স্তোত্র : জাগরণীর স্তোত্র ব্যবহারযোগ্য।

**বাণী পাঠ** ইসা ৫৫:৩

কান দাও, আমার কাছে এসো ; শোন, তবেই তোমাদের প্রাণ সঞ্জীবিত হবে। আমি তোমাদের সঙ্গে চিরস্থায়ী এক সন্ধি স্থাপন করব ; হ্যাঁ, দাউদের প্রতি আমার সেই মহাকৃপা স্থির রাখব।

**শ্লোক**

প্র আপন স্নেহময় দয়ায় * প্রভু আমাদের দেখতে এলেন।
উ আপন স্নেহময় দয়ায় * প্রভু আমাদের দেখতে এলেন।
প্র দাউদের কুলে তিনি ঘটিয়েছেন ত্রাণকর্তা যীশুর উদ্ভব।
উ প্রভু আমাদের দেখতে এলেন।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ আপন স্নেহময় দয়ায় * প্রভু আমাদের দেখতে এলেন।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : ধন্য প্রভু! * আপন দাস দাউদের কুলে
তিনি আমাদের জন্য ঘটিয়েছেন এক ত্রাণশক্তির জাগরণ।

# সন্ধ্যারতি

স্তোত্র : জাগরণীর স্তোত্র ব্যবহারযোগ্য।

**বাণী পাঠ** রো ৯:৪-৫

তারা ইস্রায়েলীয় ; সেই দত্তকপুত্রত্ব, সেই গৌরব, সেই বিভিন্ন সন্ধি, সেই বিধান, সেই উপাসনা-রীতি এবং যত প্রতিশ্রুতি, সব তাদেরই, তারাই কুলপতিদের বংশধর, মানবস্বরূপের দিক দিয়ে তাদেরই মধ্য থেকে আগত সেই খ্রীষ্ট, যিনি সবার উপরে, ধন্য পরমেশ্বর, যুগে যুগান্তরে, আমেন।

**শ্লোক**

প্র আপন দয়া স্মরণ ক'রে * তাঁর দাস ইস্রায়েলের সহায়তা করেছেন ঈশ্বর।
উ আপন দয়া স্মরণ ক'রে * তাঁর দাস ইস্রায়েলের সহায়তা করেছেন ঈশ্বর।
প্র যেমনটি বলেছিলেন আমাদের পিতৃপুরুষদের কাছে,
উ তাঁর দাস ইস্রায়েলের সহায়তা করেছেন ঈশ্বর।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ আপন দয়া স্মরণ ক'রে * তাঁর দাস ইস্রায়েলের সহায়তা করেছেন ঈশ্বর।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : গৌরবময় যেসের সেই মূলকাণ্ড থেকে * এমন চমৎকার পল্লব উৎপন্ন হলেন,
যাঁ থেকে প্রস্ফুটিত হলেন একটি সুগন্ধময় ফুল।

২৯শে জুলাই

## সাধ্বী মার্থা, মারীয়া ও সাধু লাজার

### প্রভুর অতিথিসেবক

সাধারণ ব্যবস্থা : সাধ্বী, পৃঃ ১০৪৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, বন্ধু লাজারের গৃহে তোমার পুত্র ভক্তিপূর্ণ সেবা ও একাগ্র বাণীশ্রবণ প্রসঙ্গে শিক্ষা দিয়েছিলেন। আশীর্বাদ কর, আমরা যেন ধ্যানের আগ্রহে ও তৎপর সেবায় সেই সদ্‌গুরুর সঙ্গে একাত্ম হয়ে তাঁরই শাশ্বত আবাসে স্থান পেতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : মার্থা যীশুকে বললেন, * আপনিই সেই খ্রীষ্ট, সেই ঈশ্বরপুত্র,
সেই ব্যক্তি জগতে যিনি আসছেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : যীশু * মার্থাকে ও তাঁর বোন মারীয়াকে
এবং লাজারকে ভালবাসতেন।

৩০শে জুলাই

## সাধু পিতর খ্রীসোলগ, বিশপ ও মন্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মন্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি স্বর্ণভাষী সাধু পিতরকে তোমার দেহধারী ঐশবাণীর অদ্বিতীয় প্রচারক করেছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : তোমার পরিত্রাণ-রহস্যগুলি উত্তরোত্তর হৃদয়ঙ্গম ক'রে আমরা যেন আমাদের জীবনাচরণে তা বিশ্বস্তভাবে ব্যক্ত করতে পারি।

৩১শে জুলাই

## সাধু ইগ্নাস লয়োলা, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার নামের মহত্তর গৌরবের প্রচারক হতে তুমি তোমার মণ্ডলীতে সাধু ইগ্নাসের উদ্ভব ঘটিয়েছিলে। আশীর্বাদ কর : তাঁর সহায়তায় ও তাঁর অনুকরণে আমরা যেন ইহলোকে সুসমাচারের শুভসংগ্রামে সংগ্রামরত থেকে স্বর্গলোকে তাঁর সঙ্গে জয়মালায় ভূষিত হতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : আমি * পৃথিবীতে আগুন আনবার জন্য এসেছি ;
আমার কতই না ইচ্ছে, তা যদি এর মধ্যে জ্বলতে থাকত !

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : মানুষ * যদি সমগ্র জগৎ জয় ক'রে নিজের প্রাণ হারায়,
তাতে তার কী লাভ হবে ?

# আগষ্ট

১লা আগষ্ট

## সাধু আল্ফন্সো-মারীয়া দ্য লিগরি, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি তো তোমার মণ্ডলীতে পবিত্রতার নিত্য নতুন আদর্শ জাগিয়ে তোল। আশীর্বাদ কর : আত্মাদের কল্যাণের আগ্রহে আমরা যেন বিশপ সাধু আল্ফন্সো-মারীয়ার পদক্ষেপ এমনভাবে অনুসরণ করি যাতে তাঁর স্বর্গীয় পুরস্কারের সহভাগী হতে পারি।

২রা আগষ্ট

## ভের্চেলির সাধু এউসেবিউস, বিশপ

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে পরমেশ্বর প্রভু, আশীর্বাদ কর : তোমার পুত্রের ঈশ্বরত্ব সমর্থনে আমরা যেন বিশপ সাধু এউসেবিউসের নিষ্ঠতার অনুকারী হতে পারি, যাতে তাঁর ধর্মশিক্ষা দৃঢ় বিশ্বাসের সঙ্গে রক্ষা ক'রে তোমার পুত্রের ঐশজীবনের সহভাগী হতে পারি।

একই দিনে ২রা আগষ্ট

## সাধু পিতর জুলিয়ান এইমার্ড, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু জুলিয়ানকে তোমার পুত্রের দেহরক্তের পবিত্র রহস্যের প্রতি আশ্চর্য ভক্তিতে অলঙ্কৃত করেছিলে। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর, পবিত্র ভোজ থেকে তিনি যে আত্মিক পুষ্টি লাভ করতেন, আমরাও যেন তাতে পুষ্ট হতে পারি।

৪ঠা আগষ্ট

## সাধু জন-মেরী ভিয়ানে, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান দয়াবান ঈশ্বর, পুরোহিত সাধু জন-মেরীর জীবনে তুমি পালকীয় দায়িত্ব পালনের এক উজ্জ্বল আদর্শ তুলে ধরেছ। আশীর্বাদ কর : তাঁর সহায়তায় ও তাঁর অনুকরণে আমরা যেন ভালবাসা দিয়েই আমাদের ভাইবোনদের খ্রীষ্টের জন্য জয় ক'রে তাদের সঙ্গে চিরন্তন গৌরব লাভ করতে পারি।

৫ই আগষ্ট

## রোমে 'মারীয়া' নামে নিবেদিত
## মহাগির্জার উৎসর্গ-দিবস

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, অনুনয় করি : তোমার সেবকদের অপরাধ মনে রেখো না। আমাদের ত্রুটিপূর্ণ কাজকর্ম যখন তোমার প্রসন্নতা জয় করতে অক্ষম, তখন তোমার পুত্রের জননীর প্রার্থনার পুণ্যফলে আমরা যেন পরিত্রাণ লাভ করতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : হে ঈশ্বরজননী ধন্যা মারীয়া,
হে নিত্যকুমারী,
হে প্রভুর মন্দির, হে পবিত্র আত্মার পবিত্রধাম !
প্রভু যীশু খ্রীষ্ট তোমাতেই হলেন প্রীত। আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : হে ধন্যা কুমারী মারীয়া,
তুমি তো ঐশঅনুগ্রহের মাতা,
তুমি তো জগতের আশা :
তোমার এই সন্তানদের হয়ে প্রার্থনা কর। আল্লেলুইয়া।

৬ই আগস্ট

## প্রভুর দিব্য রূপান্তর

পর্ব

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমার একমাত্র পুত্রের গৌরবময় রূপান্তরে তুমি প্রাক্তন সন্ধিকালের পিতৃপুরুষদের সাক্ষ্যদান দ্বারা ধর্মবিশ্বাসের রহস্যসকল সত্য বলে সপ্রমাণ করেছিলে এবং সুস্পষ্টই এক পূর্বলক্ষণ দিয়েছিলে যে, তুমি আমাদের তোমার আপন সন্তান বলে গ্রহণ করবে। আশীর্বাদ কর : তোমার সেই প্রিয় পুত্রের বাণী শুনে আমরা যেন তাঁর ঐশগৌরবের সহভাগী হতে পারি।

## ১ম সন্ধ্যারতি

১ম সন্ধ্যারতি তখনই পালিত হবে, যখন পর্বটি রবিবার দিনে পড়ে। নিম্নের অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ৮৪৬।

### বাণী পাঠ ফিলি ৩:২০-২১

আমাদের মাতৃভূমি স্বর্গেই রয়েছে, এবং সেই স্বর্গ থেকেই পরিত্রাতারূপে প্রভু যীশুখ্রীষ্টেরই প্রতীক্ষায় রয়েছি আমরা। যে পরাক্রম গুণে তিনি সমস্ত কিছুই নিজের বশীভূত করতে পারেন, তিনি সেই পরাক্রম দ্বারাই আমাদের হীনাবস্থার এই দেহটি রূপান্তরিত ক'রে তাঁর আপন গৌরবময় দেহের সমরূপ করবেন।

### শ্লোক

℣ পিতার সম্মুখে তুমি গৌরবমন্ডিত হয়ে আত্মপ্রকাশ করেছ, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ পিতার সম্মুখে তুমি গৌরবমন্ডিত হয়ে আত্মপ্রকাশ করেছ, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনি তোমাকে গৌরব-বসনে পরিবৃত করেছেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ পিতার সম্মুখে তুমি গৌরবমন্ডিত হয়ে আত্মপ্রকাশ করেছ, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

### কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : যিনি * পিতার জ্যোতি, যিনি পিতার প্রতিবিম্ব,
যিনি বাণী বলে জগৎকে অবিচল রাখেন ও পাপ থেকে মুক্তিদান করেন,
সেই খ্রীষ্ট যীশু আজ উঁচু পর্বতচূড়ায়
গৌরবমন্ডিত হয়ে আত্মপ্রকাশ করেছেন।

আহ্বান সঙ্গীত

**ধুয়ো :** খ্রীষ্টই গৌরবের রাজা ;
এসো, প্রণিপাত করি। **সাম ৯৫**

## জাগরণী

### স্তোত্র

১। দেখ! পর্বতচূড়ায় যীশু
সূর্যই যেন উদ্ভাসিত :
তাঁর এই রূপের সহভাগী
হবে মন্ডলী!

২। তেমন কান্ডের সাক্ষীরূপে,
দেখ, মোশীর সঙ্গে এলিয় :
প্রাচীন বিধান নবীসকল
অদ্য উপস্থিত।

৩। মেঘের ভিতর থেকে তখন
শোনা গেল পিতার কণ্ঠ :
'ইনি মম প্রিয় পুত্র,
শোন বাণী তাঁর।'

৪। লক্ষ কর খ্রীষ্টের শ্রীমুখ :
বিশ্বাস কর, চরমকালে
তব দেহও ধারণ করবে
যীশুর সেই গৌরব।

৫। তেমন দৃশ্যের মর্মসত্যে
ভক্তের অন্তর উল্লসিত,
মোদের কণ্ঠে জেগে উঠুক
যীশুর প্রশংসা।

৬। পিতা, পুত্র, পবিত্রাত্মা
এক অভিন্ন ঈশ্বরত্ব,
যুগযুগব্যাপী গাইব মোরা :
ধন্য ত্রিত্ব হে। (১৩শ শতাব্দী)

### ১ম পর্ব

১ম ধুয়ো : অল্পক্ষণের মত
স্বর্গদূতদের নিচেই যাঁর স্থান দেওয়া হয়েছিল,
সেই খ্রীষ্টকে এখন পরানো হয়েছে গৌরব ও সম্মানের মুকুট,
তাঁকে দেওয়া হয়েছে ঈশ্বরের হাতের কারুকার্যের শাসনভার। সাম ৮
২য় ধুয়ো : প্রভু * অন্ধকারকে আলোকিত করলেন ;
তাঁর মন্দিরে সবাই বলে ওঠে, গৌরব! সাম ২৯
৩য় ধুয়ো : আদমসন্তানদের মধ্যে * তুমি সুন্দরতম,
তোমার ওষ্ঠ প্রসাদে উচ্ছ্বসিত। সাম ৪৫

℣ পিতার সম্মুখে তুমি গৌরবমন্ডিত হয়ে আত্মপ্রকাশ করেছ,
℟ তিনি তোমাকে গৌরব-বসনে পরিবৃত করেছেন।

### ২য় পর্ব

১ম ধুয়ো : হে প্রভু, * তোমার সঙ্গে যাপিত একদিন,
অন্যত্র যাপিত সহস্র দিনের চেয়ে শ্রেয়। সাম ৮৪
২য় ধুয়ো : ধার্মিকের জন্য * এখন আলোর উদয় ;
সরলহৃদয়দের জন্য আনন্দের আবির্ভাব। আল্লেলুইয়া। সাম ৯৭
৩য় ধুয়ো : আমাদের * পরমেশ্বর প্রভুর বন্দনা কর ;
তাঁর পবিত্র পর্বত পানে কর প্রণিপাত। সাম ৯৯

℣ প্রভু, তুমি তাঁকে পরিয়েছ গৌরব ও সম্মানের মুকুট ;
℟ তাঁকে দিয়েছ তোমার হাতের কারুকার্যের শাসনভার।

### ৩য় পর্ব

ধুয়ো : সেই কণ্ঠস্বর শুনে * শিষ্যেরা উপুড় হয়ে পড়লেন ও ভীষণ ভয়ে অভিভূত হলেন।
যীশু কাছে এসে তাঁদের এই বলে স্পর্শ করলেন, ওঠ, ভয় করো না।

**ধন্য পরমেশ্বর !** **গীতিকা ১ বংশ ২৯:১০-১৩**

ধন্য তুমি, প্রভু, আমাদের পিতা ইস্রায়েলের পরমেশ্বর,
অনাদিকাল থেকে চিরকাল ধরে।
তোমারই তো প্রভু, মহত্ত্ব, পরাক্রম, মহিমা, সম্মান ও প্রভা,
কারণ স্বর্গমর্তে যা কিছু আছে, সবই তো তোমার।

তোমারই তো প্রভু, রাজ-অধিকার,
সবকিছুর উপরে তুমি মাথারূপে উত্তোলিত ;
ঐশ্বর্য ও গৌরব তোমা থেকেই আসে,
সবকিছুর উপরে তুমি তো শাসনকর্তা।

তোমার হাতেই প্রতাপ ও পরাক্রম,
তোমার হাতেই সবকিছু মহান ও বলবান করে তোলা।
এখন, হে আমাদের পরমেশ্বর, আমরা তোমাকে জানাই ধন্যবাদ,
তোমার মহিমময় নামের করি প্রশংসাবাদ।

**বিমুক্ত জনগণের আনন্দ** **গীতিকা ইসা ১২:১-৬**

প্রভু, আমি তোমাকে জানাই ধন্যবাদ,
আমার উপর তুমি ক্রুদ্ধ ছিলে,
তোমার ক্রোধ কিন্তু প্রশমিত হয়েছে,
আর তুমি সান্ত্বনা দিয়েছ আমায়।

সত্যি, ঈশ্বরই আমার পরিত্রাণ,
আমি ভরসা রাখব, ভীত হব না ;
কারণ প্রভুই আমার শক্তি, আমার স্তবগান,
তিনি হলেন আমার পরিত্রাণ।

তোমরা আনন্দের সঙ্গে জল তুলে আনবে
পরিত্রাণের উৎসধারা থেকে ;
সেদিন তোমরা বলবে,
'প্রভুর স্তুতিবাদ কর, কর তাঁর নাম ;

জাতিসকলের মাঝে তাঁর কর্মকীর্তির কথা জ্ঞাত কর,
ঘোষণা কর : তাঁর নাম মহীয়ান।
প্রভুর স্তবগান কর, তিনি যে সাধন করেছেন মহিমময় কাজ,
সারা পৃথিবী জুড়ে একথা জ্ঞাত হোক।

সানন্দে চিৎকার কর, জাগাও হর্ষধ্বনি, সিয়োন অধিবাসী,
কারণ তোমাদের মধ্যে মহানই ইস্রায়েলের সেই পবিত্রজন।'

**নব যেরুসালেমের আবির্ভাব** **গীতিকা ইসা ৬১:১০–৬২:৫**

প্রভুতে আমি মহাপুলকে পুলকিত,
আমার পরমেশ্বরে আমার প্রাণ আনন্দে মেতে ওঠে,

কারণ তিনি আমায় ত্রাণবসন পরিয়েছেন, ধর্মময়তার উত্তরীয়ে জড়িয়েছেন, †
হ্যাঁ, তেমন এক বরের মত যে যাজকেরই মত শিরোভূষণে ভূষিত,
তেমন এক কনের মত যে রত্ন-অলঙ্কারে অলঙ্কৃতা।

কেননা মাটি যেমন উৎপন্ন করে নতুন নতুন অঙ্কুর,
উদ্যান যেমন অঙ্কুরিত করে নতুন নতুন বীজ,
প্রভু পরমেশ্বর তেমনি সকল দেশের সামনে
অঙ্কুরিত করবেন ধর্মময়তা ও প্রশংসাবাদ।

সিয়োনের খাতিরে আমি নীরব থাকব না,
যেরুসালেমের খাতিরে আমি শান্ত থাকব না,
যতক্ষণ না তার ধর্মময়তা উদিত হয় জাজ্বল্যমান তারার মত,
মশালের মতই না জ্বলে ওঠে তার পরিত্রাণ।

তখন দেশগুলি তোমার ধর্মময়তা দেখতে পাবে,
সকল রাজা দেখতে পাবে তোমার গৌরব,
তোমায় এক নতুন নামে ডাকা হবে,
যে নাম প্রভুর নিজের মুখই মঞ্জুর করবে।

তুমি হবে প্রভুর হাতে যেন কান্তির মুকুট,
তোমার পরমেশ্বরের করতলে রাজকিরীট যেন।
কেউ তোমায় আর 'পরিত্যক্তা' বলে ডাকবে না,
তোমার দেশকেও কেউ আর 'ধ্বংসিতা' বলবে না;

বরং তোমায় ডাকা হবে 'আমার প্রীতি',
আর তোমার দেশকে 'বিবাহিতা',
কারণ প্রভু তোমাতে প্রীত হবেন
আর তোমার দেশের বিবাহ হবে।

সত্যি, যুবক যেমন কুমারী কন্যাকে বিবাহ করে,
তোমার নির্মাতা তেমনি তোমায় বিবাহ করবেন;
বর যেমন কনেকে নিয়ে পুলকিত হয়,
তোমার পরমেশ্বর তেমনি তোমাকে নিয়ে পুলকিত হবেন।

ধুয়ো: সেই কণ্ঠস্বর শুনে শিষ্যেরা উপুড় হয়ে পড়লেন ও ভীষণ ভয়ে অভিভূত হলেন।
যীশু কাছে এসে তাঁদের এই বলে স্পর্শ করলেন, ওঠ, ভয় করো না।

℣ মেঘস্তম্ভ থেকে প্রভু তাঁদের কাছে কথা বলতেন;
℟ তাঁরা মেনে চলতেন তাঁর নির্দেশগুলি।

**স্তোত্র:** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা: ক**। মার্ক ৯:২-২০; **খ**। লুক ৯:২৮খ-৩৬; **গ**। মথি ১৭:১-৯।
**স্তোত্র:** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। হৃদির কত মধুর লাগে
যীশুর কথা স্মরণ;

৪। তুমি যখন মোদের হৃদে
গ্রহণ কর আসন,

তিনি মোদের কাছে আছেন,
নেব তাঁরই শরণ।

২। 'যীশু' নাম উচ্চারণ ক'রে
প্রাণ উল্লসিত,
মন উৎফুল্ল, ওষ্ঠ মুখর,
অন্তর আনন্দিত।

৩। যীশু, তুমি সত্যের উৎস,
মনের উজ্জ্বল জ্যোতি ;
তুমি অন্তরের মাধুর্য :
করব তব স্তুতি।

তখন অন্তর জ্বলে প্রেমে :
তুমিই প্রাণের ভূষণ।

৫। ওগো দয়াল প্রিয় যীশু,
মোদের জীবনস্বামী ;
দেখি যেন তব গৌরব,
মোদের অন্তর্যামী।

৬। পিতা ও পবিত্রাত্মার জ্যোতি
প্রকাশ কর, যীশু ;
যুগযুগব্যাপী গাইব মোরা :
ধন্য ধন্য যীশু। (১২শ শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : পিতর, * যাকোব ও যাকোবের ভাই যোহনকে সঙ্গে ক'রে
যীশু একটা উঁচু পাহাড়ের উপরে তাঁদের নিয়ে গেলেন,
এবং তাদের সাক্ষাতে রূপান্তরিত হলেন।
২য় ধুয়ো : তাঁর শ্রীমুখ * সূর্যের মত দীপ্তিমান,
ও তাঁর পোশাক আলোর মত নির্মল হয়ে উঠল।
৩য় ধুয়ো : হঠাৎ * মোশী ও এলিয় তাঁদের দেখা দিলেন,
তাঁরা যীশুর সঙ্গে কথা বলছিলেন।
৪র্থ ধুয়ো : পিতর * যীশুকে বললেন,
প্রভু, এখানে আমাদের থাকা উত্তম।
৫ম ধুয়ো : পিতর তখনও কথা বলছেন * সেসময়ে একটি মেঘ এসে
নিজ ছায়ায় তাঁদের ঘিরে রাখল।

### বাণী পাঠ

প্রত্যা ২১:১০,২৩

সেই স্বর্গদূত আমাকে আত্মায় নিয়ে গেলেন উচ্চ একটা মহাপর্বতের উপর, এবং আমাকে দেখালেন, স্বর্গ থেকে, ঈশ্বর থেকেই ঈশ্বরের গৌরবে মন্ডিতা হয়ে নেমে আসছে সেই পবিত্র নগরী যেরুসালেম। তার মধ্যে আলো দেবার জন্য সূর্য বা চাঁদের দরকার হয় না, কেননা স্বয়ং ঈশ্বরের গৌরব নগরীকে উদ্ভাসিত করে রাখে এবং স্বয়ং মেষশাবকই তার প্রদীপ।

### শ্লোক

℣ প্রভু, তুমি তাঁকে পরিয়েছ গৌরব ও সম্মানের মুকুট, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু, তুমি তাঁকে পরিয়েছ গৌরব ও সম্মানের মুকুট, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তাঁকে দিয়েছ তোমার হাতের কারুকার্যের শাসনভার।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু, তুমি তাঁকে পরিয়েছ গৌরব ও সম্মানের মুকুট, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

### জাখারিয়ার গীতিকা

ধুয়ো : সেই মেঘ থেকে * এক কণ্ঠস্বর বলে উঠল :
ইনি আমার প্রিয়তম পুত্র, এঁতে আমি প্রসন্ন ; তাঁর কথা শোন। আল্লেলুইয়া।

### মিনতি নিবেদন

তাবর পর্বতচূড়ায় যিনি শিষ্যদের সামনে আপন দিব্য স্বরূপ প্রকাশ করেছিলেন, আসুন, সেই খ্রীষ্টের নামে পরম

পিতার কাছে মিনতি জানাই:

*হে প্রভু, তোমার আলোতেই আমরা দেখি আলো।*

-হে পিতা, তাবর পর্বতচূড়ায় তুমি তোমার পুত্র যীশু খ্রীষ্টকে আমাদের গুরু ও মুক্তিদাতা বলে প্রকাশ করেছিলে। আশীর্বাদ কর, আমরা যেন বিশ্বাসের সঙ্গেই তাঁর বাণী গ্রহণ করি।

-হে মঙ্গলকর ঈশ্বর, তুমি তো তোমার ভক্তদের তোমার গৃহের প্রাচুর্যে পরিতৃপ্ত কর, তোমার অমৃতধারায় তাদের তৃষ্ণা মিটিয়ে দাও। সহায়তা কর, আমরা যেন সেই খ্রীষ্টেই অনন্ত জলের উৎস খুঁজে পাই।

-তুমি খ্রীষ্টের শ্রীমুখ তোমার আপন গৌরবের আলোতে বিভাসিত করেছিলে। তোমার অনুগ্রহে আমরা যেন সেই জ্যোতির্ময় শ্রীমুখের দর্শন পেতে পারি।

-তুমি তোমার মানবদেহধারী পুত্রে তোমার সার্বজনীন পরিত্রাণের পরিকল্পনা প্রকাশ করেছিলে। কৃপা কর, সমগ্র জগৎ যেন শুভসংবাদের আলোতে আলোকিত হতে পারে।

-তোমার অগাধ প্রেমে তুমি আমাদের করে তুলেছ তোমার আপন সন্তান। তোমার পুত্র খ্রীষ্ট যখন পুনরাগমন করবেন, তখন আমরা যেন তাঁর গৌরবময় সাদৃশ্যে রূপান্তরিত হতে পারি।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: যীশু * মোশী ও এলিয়ের মধ্যে রূপান্তরিত হয়ে দর্শন দিলেন,
বিধান ও নবীরা যেন তাঁর ঈশ্বরত্ব বিষয়ে সাক্ষ্য দিতে পারেন।

**বাণী পাঠ** **যাত্রা ১৯:৯ক**

প্রভু মোশীকে বললেন: দেখ, আমি নিবিড় মেঘে তোমার কাছে আসছি, তোমার সঙ্গে যখন কথা বলব, তখন লোকেরা যেন শুনতে পায়, এবং চিরকাল ধরে তোমাতে বিশ্বাস রাখতে পারে।

℣ আদমসন্তানদের মধ্যে তুমি সুন্দরতম,
℟ তোমার ওষ্ঠ প্রসাদে উচ্ছ্বসিত।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: আমাদের পরিত্রাতা প্রভু ঈশ্বর * সুসমাচারের মাধ্যমে
জীবন ও অমরত্ব উদ্ভাসিত করেছেন।

**বাণী পাঠ** **যাত্রা ৩৩:৯,১১ক**

যখন মোশী তাঁবুতে প্রবেশ করতেন, তখন মেঘস্তম্ভ নেমে এসে তাঁবুর প্রবেশদ্বারে অবস্থান করত: সেসময় প্রভু মোশীর সঙ্গে কথা বলতেন। মোশীর সঙ্গে প্রভু মুখোমুখি কথা বলতেন—একজন লোক বন্ধুর সঙ্গে যেভাবে কথা বলে, ঠিক সেইভাবে।

℣ প্রভুর দিকে চেয়ে দেখ, তোমরা উজ্জ্বল হয়ে উঠবে,
℟ লজ্জায় ঢেকে যাবে না কো তোমাদের মুখ।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: পরম পিতার কণ্ঠস্বর শুনে
শিষ্যেরা উপুড় হয়ে পড়লেন ও ভীষণ ভয়ে অভিভূত হলেন।

**বাণী পাঠ** **২ করি ৩:১৮**

অনাবৃত মুখে আমরা সবাই ঠিক যেন দর্পণেরই মত প্রভুর গৌরব প্রতিফলিত করতে করতে প্রভুর আত্মার কর্মক্রিয়া অনুসারে উজ্জ্বল থেকে উজ্জ্বলতর গৌরবে তাঁর প্রতিমূর্তিতে রূপান্তরিত হয়ে থাকি।

℣ তোমাতেই, প্রভু, জীবনের উৎস;

ট্ট তোমার আলোতেই আমরা দেখি আলো।

## (২য়) সন্ধ্যারতি

### স্তোত্র

১। জ্যোতির্জাত জ্যোতি যীশু,
ওগো বিশ্বপরিত্রাতা,
শোন তুমি মোদের স্তুতি,
মোরা আজ যা গেয়ে উঠি।

২। তব শ্রীমুখ কেমন উজ্জ্বল!
তুষার যেনই তুমি শুভ্র!
তুমি সত্যিই সৃষ্টিকর্তা,
ওগো জগতের ত্রাণকর্তা।

৩। দু'জন সাক্ষীর মাঝে তব
ঈশ্বরত্ব প্রমাণিত:
পরমপিতার পুত্র তুমি,
ভক্তজনদের রাজাও তুমি।

৪। দেহধারণের উদ্দেশ্য
সবার কাছে প্রকাশিত:
নিলে তুমি মানবদেহ,
পাবে মানুষ ঐশদেহ।

৫। ওগো যীশু, দয়াল রাজা,
শোন গো মোদের মিনতি;
পিতা ও পরমাত্মার সঙ্গে
গ্রহণ কর মোদের স্তুতি। (৯ম শতাব্দী)

১ম ধুয়ো: পিতর, * যাকোব ও যাকোবের ভাই যোহনকে সঙ্গে ক'রে
যীশু একটা উঁচু পাহাড়ের উপরে তাঁদের নিয়ে গেলেন,
এবং তাদের সাক্ষাতে রূপান্তরিত হলেন। সাম ১১০
২য় ধুয়ো: প্রভু, * এখানে আমাদের থাকা উত্তম।
আপনি ইচ্ছা করলে আমি এখানে তিনটে কুটির তৈরি করব,
আপনার জন্য একটা, মোশীর জন্য একটা ও এলিয়ের জন্য একটা। সাম ১১১
৩য় ধুয়ো: মোশী দ্বারা * দেওয়া হল বিধান,
কিন্তু যীশুখ্রীষ্ট দ্বারা অনুগ্রহ ও সত্যের আবির্ভাব। সাম ১১২
৪র্থ ধুয়ো: তোমরা * এই দর্শনের কথা কাউকেই বলো না,
যতদিন না মানবপুত্র মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেন। সাম ১১৩
৫ম ধুয়ো: এসো, * আমরা এখানে তিনটে কুটির তৈরি করি,
আপনার জন্য একটা, মোশীর জন্য একটা ও এলিয়ের জন্য একটা।

গীতিকা—১ম সন্ধ্যাঃ প্রত্যা ১৯
২য় সন্ধ্যাঃ ১ তি ৩:১৬

সকল জাতির মানুষ, প্রভুর স্তুতিগান কর। †
খ্রীষ্ট মাংসে হলেন প্রকাশিত,
পরমাত্মায় ধর্মময় হলেন প্রতিপন্ন।

সকল জাতির মানুষ, প্রভুর স্তুতিগান কর। †
খ্রীষ্ট স্বর্গদূতদের দ্বারা হলেন দৃষ্ট,
বিজাতীয়দের মধ্যে হলেন প্রচারিত।

সকল জাতির মানুষ, প্রভুর স্তুতিগান কর। †
খ্রীষ্ট জগতে বিশ্বাস দ্বারা হলেন গৃহীত,
ঐশগৌরবে হলেন উন্নীত।

৫ম ধুয়ো : এসো, আমরা এখানে তিনটে তাঁবুর ব্যবস্থা করি :
আপনার জন্য একটি, মোশীর জন্য একটি, এলিয়ের জন্য একটি।

**বাণী পাঠ** **রো ৮:১৬-১৭**

স্বয়ং [ঐশ] আত্মা আমাদের মানবাত্মার সঙ্গে এই সাক্ষ্য দিচ্ছেন যে, আমরা ঈশ্বরের সন্তান। আর আমরা যখন সন্তান, তখন উত্তরাধিকারীও বটে : ঈশ্বরের উত্তরাধিকারী, খ্রীষ্টের সহউত্তরাধিকারী—অবশ্য, যদি তাঁর দুঃখভোগের অংশীদার হই যেন তাঁর গৌরবেরও অংশীদার হই।

**শ্লোক**

*প্র* প্রভা ও মহিমা তাঁর সম্মুখে, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
*উ* প্রভা ও মহিমা তাঁর সম্মুখে, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
*প্র* শক্তি ও কান্তি তাঁর পবিত্রধামে।
*উ* আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
*প্র* পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
*উ* প্রভা ও মহিমা তাঁর সম্মুখে, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : সেই কণ্ঠস্বর শুনে * শিষ্যেরা উপুড় হয়ে পড়লেন ও ভীষণ ভয়ে অভিভূত হলেন।
যীশু তাঁদের এই বলে স্পর্শ করলেন, ওঠ, ভয় করো না। আল্লেলুইয়া।

**মিনতি নিবেদন**

যিনি তাবর পর্বতচূড়ায় শিষ্যদের কাছে আপন দিব্য গৌরব প্রকাশ করেছিলেন, আসুন, বিনীত ভাবে সেই খ্রীষ্টকে অনুনয় করি :

*হে আলো খ্রীষ্ট, আমাদের অন্ধকার আলোকিত কর।*

-দিব্য রূপান্তরের দিনে তুমি শিষ্যদের বলবান করেছিলে যেন তোমার যন্ত্রণাভোগের সময়ে তাঁরা বিশ্বাস না হারান। আশীর্বাদ কর, তোমার মণ্ডলী যেন বিভিন্ন পরীক্ষা ও নিপীড়নের মধ্য দিয়ে পরিশুদ্ধ হয়ে তোমার বিজয়ের আনন্দ উপভোগ করতে পারে।

-তাবর পর্বতচূড়ায় তুমি তোমার শিষ্যদের কাছে চেয়েছিলে। আমাদের পোপ … , আমাদের বিশপ …কে আশীর্বাদ কর, পুনরুত্থানের আশায় তাঁদের সুস্থির কর, তাঁরা যেন ধ্রুব বিশ্বাসের সঙ্গে তোমার জনগণের সেবা করতে পারেন।

-তোমার দিব্য রূপান্তরের সাক্ষীরূপে তুমি মোশী ও এলিয়কে কাছে চেয়েছিলে। প্রাক্তন সন্ধির জনগণকে আলো দান কর, তাঁরা যেন পূর্ণ মুক্তি লাভ করতে পারেন।

-তুমি বিশ্বজগতের উপর পিতার গৌরব ছড়িয়ে দিয়েছ। তোমার সহায়তায় সর্বজাতি যেন তোমার আলোতে চলতে পারে।

-তুমি একদিন আমাদের এই নশ্বর দেহকে তোমার গৌরবময় দেহেরই মত করে তুলবে। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার গৌরবের সাদৃশ্যে রূপান্তরিত কর।

৭ই আগস্ট

## পোপ সাধু দ্বিতীয় সিক্সতুস ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, তোমার অনুগ্রহে সাধু সিক্সতুস ও তাঁর সঙ্গীদের তোমার বাণীর জন্য ও খ্রীষ্টের পক্ষে সাক্ষ্যদানের খাতিরে প্রাণ বিসর্জন দিয়েছিলেন। আশীর্বাদ কর : পবিত্র আত্মার প্রভাবে আমরা যেন সরল মনে খ্রীষ্টবিশ্বাস গ্রহণ করি ও দৃঢ়তার সঙ্গে সেই বিশ্বাস স্বীকার করি।

একই দিন ৭ই আগষ্ট

## সাধু কাজেতান, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পুরোহিত সাধু কাজেতানকে প্রেরিতদূতদের জীবনাদর্শ অনুকরণ করার অনুগ্রহ দানে ধন্য করেছিলে। আশীর্বাদ কর: তাঁর সহায়তায় ও তাঁর অনুকরণে আমরাও যেন সর্বদা তোমাতেই ভরসা রেখে একাগ্রতার সঙ্গে তোমার ঐশরাজ্যের অন্বেষণ করতে পারি।

৮ই আগষ্ট

## সাধু দমিনিক, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, সাধু দমিনিক নিজের প্রার্থনা ও শিক্ষাবলি দ্বারা তোমার মণ্ডলীকে সহায়তা করুন। তোমার সত্যবাণীর প্রচারক রূপে যিনি ছিলেন অপূর্ব, তিনি আমাদের হয়ে তোমার চরণে অবিরত প্রার্থনা নিবেদন করুন।

৯ই আগষ্ট

## ক্রুশভক্তা সাধ্বী তেরেজা বেনেডিক্টা, চিরকুমারী ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা চিরকুমারী, পৃঃ ১০২১।

**সমাপন প্রার্থনা**

হে আমাদের পিতৃপুরুষদের পরমেশ্বর, তুমি সাক্ষ্যমর সাধ্বী তেরেজা বেনেডিক্টাকে তোমার ক্রুশবিদ্ধ পুত্রের রহস্যময় জ্ঞানলাভে, ও মৃত্যু পর্যন্তই তাঁর অনুকরণে চালনা করেছ। সাধ্বীর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর, যেন সকল মানুষ খ্রীষ্টকে ত্রাণকর্তা বলে চিনতে পারে এবং তাঁর মধ্য দিয়ে চিরকালের মত তোমার শ্রীমুখ দর্শন করতে পারে।

১০ই আগষ্ট

## সাধু লরেন্স, পরিসেবক ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমিই সাধু লরেন্সকে সেই প্রেমাগ্নিতে উদ্দীপ্ত করেছিলে যা দ্বারা তিনি বিশ্বস্ত সেবক ও গৌরবময় সাক্ষ্যমরের উজ্জ্বল পরিচয় দিয়েছিলেন। আশীর্বাদ কর: তিনি যা ভালবাসতেন, আমরা যেন তাই ভালবাসতে পারি; যা শেখাতেন, তাই যেন কাজে প্রতিফলিত করতে পারি।

## জাগরণী

১ম পর্ব ℣ আমি অত্যন্ত আনন্দিত,

℟ কারণ খ্রীষ্টের বলি হবার যোগ্য হয়ে উঠলাম।

২য় পর্ব ℣ আমার নামের জন্য তোমরা হবে সকলের ঘৃণার পাত্র;

℟ শেষ পর্যন্ত যে স্থির থাকবে, সে পরিত্রাণ পাবে।

### ৩য় পর্ব

ধুয়ো : গমের দানা * যদি মাটিতে পড়ে মরে না যায়,
তবে তা মাত্র একটাই হয়ে থাকে।

℣ সঙ্কট, উদ্বেগ ধরেছে আমায়,

℟ তবু তোমার আজ্ঞাবলিই আমার সুখ।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।

**সুসমাচার ঘোষণা :** যোহন ১৫:১৮-২১।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : যাঁরা * রক্তদান পর্যন্তই যীশুর নাম স্বীকার করেছেন,
সেই সাক্ষ্যমর সেনাদলে লরেন্সও যোগ দিয়েছেন।

২য় ধুয়ো : প্রভুর দূত * আগুনের গ্রাস থেকে আমাকে মুক্ত করলেন ;
অগ্নিকুন্ডের মধ্যে আমি তো অক্ষত হয়ে রইলাম।

৩য় ধুয়ো : হে আমার ঈশ্বর, * তোমার জন্য আমার দেহে আগুন দেওয়া হচ্ছে,
তাই তোমাকে আঁকড়ে থাকে আমার প্রাণ।

৪র্থ ধুয়ো : ধন্য লরেন্স * এইভাবে প্রার্থনা করছিলেন,
হে প্রভু, তোমাকে ধন্যবাদ,
আমি যে তোমার তোরণদ্বারে প্রবেশ করার যোগ্য হয়ে উঠেছি।

৫ম ধুয়ো : আমি * অত্যন্ত আনন্দিত,
আমিও যে খ্রীষ্টের সঙ্গে হলাম বলি।

### জাখারিয়ার গীতিকা

ধুয়ো : লরেন্স, * ভয় করো না,
আমি তোমার সঙ্গে আছি।
তুমি আগুন পেরিয়ে যাবে,
আগুন কিন্তু তোমাকে স্পর্শ করবে না।

## সন্ধ্যারতি

### কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : ধন্য লরেন্স বলে উঠলেন : * আমার রাত অন্ধকারময় নয়,
সবকিছু আলোতে উদ্ভাসিত।

১১ই আগস্ট

## সাধ্বী ক্লারা

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি সাধ্বী ক্লারাকে দীনতা ভালবাসতে অনুপ্রাণিত করেছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : আত্মায় দীনহীন হয়ে খ্রীষ্টের অনুসরণ ক'রে আমরা যেন একদিন তোমাকেই দর্শন করার জন্য স্বর্গীয় রাজ্যে উপনীত হতে পারি।

১২ই আগস্ট

## সাধ্বী জেন-ফ্রান্সিস্কা দ্য শাঁতাল, ধর্মব্রতিনী

সাধারণ ব্যবস্থা : সাধ্বী (ধর্মব্রতিনী), পৃঃ ১০৪৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি সাধ্বী জেন-ফ্রান্সিস্কাকে নানা জীবনাশ্রমে পবিত্রতার উজ্জ্বলতম এক আদর্শ করে তুলেছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : নিজ নিজ জীবনাশ্রমে বিশ্বস্তভাবে চ'লে আমরা যেন আদর্শ-জীবনযাপনের আলো ছড়াতে পারি।

১৩ই আগস্ট

## পোপ সাধু পন্তিয়ানুস ও পুরোহিত সাধু হিপলিতুস, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে প্রভু, অনুনয় করি : ধার্মিকদের অপূর্ব সহনশীলতার পুণ্যফলে আমাদের ভক্তি উজ্জ্বলতর হয়ে উঠুক, অন্তরে দৃঢ়তর হয়ে উঠুক আমাদের বিশ্বাস।

১৪ই আগস্ট

## সাধু মাক্সিমিলিয়ান মারীয়া কলবে, পুরোহিত ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, অমলোদ্ভবা কুমারীর প্রতি ভক্তিতে উদ্দীপ্ত সাক্ষ্যমর সাধু মাক্সিমিলিয়ান মারীয়াকে তুমি আত্মাদের কল্যাণ-আগ্রহে ও প্রতিবেশীর প্রতি ভালবাসায় পূর্ণ করেছিলে। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আমাদের অন্তরে এমন প্রেরণা জাগিয়ে তোল, আমরা যেন তোমার গৌরবার্থে মানব-সেবায় অক্লান্তভাবে নিজেদের বিলিয়ে দিয়ে মৃত্যু পর্যন্তই তোমার পুত্রের অনুরূপ হয়ে উঠতে পারি।

১৫ই আগস্ট

## ধন্যা কুমারী মারীয়ার স্বর্গোন্নয়ন

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২। মহাপর্ব

### সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি তোমার পুত্রের জননী অমলোদ্ভবা কুমারী মারীয়াকে দেহে ও আত্মায় স্বর্গীয় গৌরবে উন্নীত করেছ। আশীর্বাদ কর : ঊর্ধ্বলোকের বিষয়ে মন নিয়ত নিবদ্ধ রেখে আমরা যেন তাঁর গৌরবের সহভাগী হতে পারি।

## ১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ৮৫৪।

### বাণী পাঠ রো ৮:৩০

আগে থেকে যাদের ঈশ্বর নিরূপণ করেছিলেন, তাদের আহ্বানও করেছেন; এবং যাদের আহ্বান করেছেন, তাদের ধর্মময় বলেও সাব্যস্ত করেছেন; এবং যাদের ধর্মময় বলে সাব্যস্ত করেছেন, তাদের গৌরবান্বিতও করেছেন।

### শ্লোক

℣ মারীয়া স্বর্গে উন্নীতা হলেন, * স্বর্গদূতেরা আনন্দিত।
℟ মারীয়া স্বর্গে উন্নীতা হলেন, * স্বর্গদূতেরা আনন্দিত।
℣ পরমেশ্বরের মহিমাকীর্তন ক'রে
℟ স্বর্গদূতেরা আনন্দিত।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ মারীয়া স্বর্গে উন্নীতা হলেন, * স্বর্গদূতেরা আনন্দিত।

### কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : যুগে যুগে * সকলে আমাকে সুখী বলবে,
কারণ আমার জন্য মহা মহা কাজ করেছেন সেই শক্তিমান। আল্লেলুইয়া।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, ধন্যা কুমারী মারীয়ার নিম্নাবস্থার দিকে মুখ তুলে চেয়ে তুমি তাঁকে তোমার একমাত্র পুত্রের জননী হবার অনুগ্রহে উন্নীত করেছ এবং আজ সর্বোচ্চ গৌরব দানে তাঁকে মুকুটভূষিত করেছ। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: তোমার মুক্তি-রহস্য দ্বারা যাদের ত্রাণ করেছ, এই আমাদেরও তোমার সান্নিধ্যে উন্নীত কর।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো:** যাঁরই জননী আজ স্বর্গে উন্নীতা হলেন,
এসো, সেই রাজাধিরাজ খ্রীষ্টের চরণে প্রণিপাত করি। **সাম ৯৫**

## জাগরণী

স্তোত্র: সাধারণ ব্যবস্থার স্তোত্র, পৃঃ ৯৫৪, কিংবা:

১। ঈশ্বরমাতা স্বর্গোন্নীতা:
সুন্দরী চন্দ্রেরই মত,
সূর্যের মত দীপ্তিময়ী,
উষার মত গৌরবময়ী।

২। দীন দাসী স্বর্গলোকে
দূতদের উর্ধ্বে গ্রহণ করেন
আপন পুত্রদত্ত আসন:
তিনি এখন স্বর্গের ভূষণ।

৩। গর্ভে ধারণ ক'রে যাঁকে
জাবপাত্রেই রেখেছিলেন,
তাঁকে তিনি রাজাবেশে
দেখেন পিতার দক্ষিণ পাশে।

৪। ধন্যা মাতা, তব পুণ্যে
খ্রীষ্টের যেন লাভি দয়া:
দেহধারণ করলেন যিনি,
কৃপা বর্ষণ করুন তিনি।

৫। ত্রিত্বের কৃপায় তুমি হলে
মোদের মাতা, মোদের রানী;
তবে গাইব সমস্বরে,
ধন্য ত্রিত্ব যুগযুগ ধরে। (সাধু পিতর দামিয়ান † ১০৭২)

### ১ম পর্ব

১ম ধুয়ো: খ্রীষ্ট * স্বর্গে আরোহণ ক'রে
আপন কুমারী জননীর জন্য চিরকালীন স্থান ব্যবস্থা করলেন। সাম ২৪

২য় ধুয়ো: প্রভু * তাঁকে বেছে নিলেন, তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন;
আপন কুটিরেই তাঁকে আসন দিলেন। সাম ৪৬

৩য় ধুয়ো: প্রভু * গৌরবময় করলেন তোমার নাম,
মানবজাতি তোমার প্রশংসাগানে রত থাকবে চিরকাল। সাম ৮৭

℣ জীবনময় ঈশ্বরের জন্য
℟ আনন্দচিৎকারে ফেটে পড়ে আমার হৃদয়, আমার দেহ।

### ২য় পর্ব

১ম ধুয়ো: প্রভা * ও মহিমা তোমারই!
সাফল্যমণ্ডিতা হয়ে রাজপ্রাসাদে প্রবেশ কর। সাম ৪৫

২য় ধুয়ো: হে মারীয়া, তুমি ধন্যা! * তোমার মধ্য দিয়েই জগতে এল পরিত্রাণ।
এখন তুমি প্রভুর সামনে গৌরবমণ্ডিতা হয়ে আনন্দিতা। সাম ৪৮

৩য় ধুয়ো: তুমি আজ * স্বর্গদূতদের মধ্যে গৌরবান্বিতা;
তুমিই আমাদের জন্য স্বর্গের দ্বার আবার দিয়েছ খুলে। সাম ৮৫

℣ কনে আমার, লেবানন থেকে এসো,
℟ এসো, মুকুটভূষিতা হবে তুমি।

## ৩য় পর্ব

ধুয়ো : মৃত্যুকে জয় ক’রে * ঈশ্বরজননী সশরীরে ও আত্মায়
স্বর্গের শাশ্বত গৌরবে উন্নীতা হলেন। আল্লেলুইয়া।

℣ হে মারীয়া, তুমি সুখী! তুমি যে বিশ্বাস করেছিলে;
℟ তোমাতেই সিদ্ধিলাভ করল প্রভুর প্রতিশ্রুতি।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** লুক ১১:২৭-২৮।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। স্বর্গোন্নীতা ঈশ্বরমাতা
সূর্যের কিরণ তব বসন,
তব মুকুট তারকিত,
চন্দ্র তব পাদপীঠ।

২। পাপ ও মৃত্যু ক’রে জয়
তুমি খ্রীষ্টের পাশে আসীন,
স্বর্গবাসী মর্তপ্রাণী
সবে বলে : প্রণাম রানী!

৩। ওগো সান্ত্বনাদায়িনী,
ভক্তবৃন্দের কর রক্ষা;
মৃত্যু-ছায়ায় বসা যারা,
খ্রীষ্টের আলো দেখবে তারা।

৪। মোরা দুর্বল, দীন, দুঃখী,
মোদের হয়ে কর যাচনা;
তুমি যে সকলের আশা,
পূর্ণমুক্তি-পথের দিশা।

৫। ত্রিত্বের কৃপায় তুমি হলে
মোদের মাতা, মোদের রানী;
তবে গাইব সমস্বরে :
ধন্য ত্রিত্ব যুগযুগ ধরে। (ভিক্তর জেনোভেসি † ১৯৬৭)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।
১ম ধুয়ো : মারীয়া * স্বর্গে উন্নীতা হলেন।
স্বর্গদূতেরা আনন্দের সঙ্গে পরমেশ্বরের মহিমাকীর্তন করেন।
২য় ধুয়ো : কুমারী মারীয়া * সেই স্বর্গধামে উন্নীতা হলেন,
যেখানে রাজাধিরাজ তারকাখচিত সিংহাসনে সমাসীন।
৩য় ধুয়ো : হে স্বর্গোন্নীতা মারীয়া, * তোমার পবিত্রতার সুবাসে আকর্ষিত হয়ে
আমরা তোমার কাছে আসি।
৪র্থ ধুয়ো : হে কন্যা, * তুমি প্রভুর আশিসে ধন্যা :
তোমার মধ্য দিয়েই আমরা পেয়েছি জীবন-ফল।
৫ম ধুয়ো : ধন্যা ঈশ্বরজননী * স্বর্গধামে স্বর্গবাহিনীর ঊর্ধ্বে উন্নীতা হলেন।
তাঁর মাথায় বারোটি তারার মুকুট।

**বাণী পাঠ** **ইসা ৬১:১০**

প্রভুতে আমি মহাপুলকে পুলকিত, আমার পরমেশ্বরে আমার প্রাণ আনন্দে মেতে ওঠে, কারণ তিনি আমায় ত্রাণবসন পরিয়েছেন, ধর্মময়তার উত্তরীয়ে জড়িয়েছেন, হ্যাঁ, তেমন এক কনের মত যে রত্ন-অলঙ্কারে অলঙ্কৃতা।

**শ্লোক**
℣ আজ কুমারী মারীয়া * স্বর্গে উন্নীতা হলেন।
℟ আজ কুমারী মারীয়া * স্বর্গে উন্নীতা হলেন।

℟ তিনি খ্রীষ্টের সঙ্গে বিজয়িনী চিরকাল।
℣ স্বর্গে উন্নীতা হলেন।
℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℣ আজ কুমারী মারীয়া * স্বর্গে উন্নীতা হলেন।

**জাখারিয়ার গীতিকা**
ধুয়ো : আহা, সিয়োন কন্যা! * তুমি তো আকাশে উষারই মত উদীয়মান,
তুমি চন্দ্রেরই মত সুন্দরী, সূর্যেরই মত উজ্জ্বল।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : হে স্বর্গোন্নীতা মারীয়া * তোমার পবিত্রতার সুবাসে আকর্ষিত হয়ে
আমরা তোমার কাছে আসি।

**বাণী পাঠ** **যুদিথ ১৩:২২,২৩খ**

আপন পরাক্রমে প্রভু তোমাকে আশিসধন্য করেছেন; তোমার মধ্য দিয়েই তিনি আমাদের শত্রুদের ধ্বংস করেছেন। পৃথিবীর বুকে যত নারীর চেয়ে, পরাৎপর পরমেশ্বরের সম্মুখে, হে কন্যা, তুমিই ধন্যা।

℟ মারীয়া স্বর্গে উন্নীতা হলেন, স্বর্গদূতেরা আনন্দিত,
℣ তাঁরা পরমেশ্বরের মহিমাকীর্তন করেন।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : হে সিয়োন কন্যা, * তুমি উজ্জ্বল, তুমি সুন্দরতমা;
তুমি যুদ্ধাস্ত্রে সজ্জিত সেনাবাহিনীর মত ভয়ঙ্কর।

**বাণী পাঠ** **প্রত্যা ১২:১**

স্বর্গে এক মহাচিহ্ন দেখা গেল: এক নারী, সূর্য যাঁর বসন, চন্দ্র যাঁর পদতলে, যাঁর মাথায় বারোটা তারার মুকুট।

℟ প্রভুর বিনম্র দাসী
℣ আজ স্বর্গধামে স্বর্গবাহিনীর ঊর্ধ্বে উন্নীতা হলেন।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : ধন্যা ঈশ্বরজননী * স্বর্গবাহিনীর ঊর্ধ্বে উন্নীতা হলেন।
তাঁর মাথায় বারোটি তারার মুকুট।

**বাণী পাঠ** **২ করি ৫:১**

আমরা তো জানি, আমাদের পার্থিব দেহ-আবাসের তাঁবু যখন গুটিয়ে নেওয়া হবে, তখন আমরা ঈশ্বরের কাছ থেকে একটা আবাস পাব—এমন আবাস যা কারও হাতে তৈরী নয় বরং চিরস্থায়ী, যা স্বর্গলোকেই অবস্থিত।

℟ কুমারী মারীয়া সেই স্বর্গধামে উন্নীতা হলেন,
℣ যেখানে রাজাধিরাজ তারকাখচিত সিংহাসনে সমাসীন।

## ২য় সন্ধ্যারতি

১ম ধুয়ো : বুদ্ধিমতী কুমারী, * উষার মত দীপ্তিময়ী হয়ে কোথায় আরোহণ করছ?
সিয়োন কন্যা, তুমি চন্দ্রেরই মত সুন্দরী, সূর্যেরই মত উজ্জ্বল। সাম ১১০
২য় ধুয়ো : তুমি যে আজ * স্বর্গদূতদের মাঝে জয়মালায় ভূষিতা,
সেই তোমারই মধ্য দিয়ে আমাদের জন্য খোলা হল স্বর্গের দ্বার। সাম ১১৩

৩য় ধুয়ো : ধন্যা ঈশ্বরজননী * স্বর্গধামে স্বর্গবাহিনীর ঊর্ধ্বে উন্নীতা হলেন।
তাঁর মাথায় বারোটি তারার মুকুট। সাম ১২২
৪র্থ ধুয়ো : যুগে যুগে * সকলে আমাকে সুখী বলবে,
কারণ আমার জন্য মহা মহা কাজ করেছেন সেই শক্তিমান। আল্লেলুইয়া। সাম ১২৭
৫ম ধুয়ো : এসো, আমার প্রিয়তমা ; * এসো, কপোতী আমার ;
গ্রহণ কর সেই মুকুট, যা প্রভু তোমার জন্য প্রস্তুত করেছেন চিরকালের মত। গীতিকা এফে

**বাণী পাঠ** **১ করি ১৫:২২-২৩**

আদমে যেমন সকলে মৃত্যুভোগ করে, খ্রীষ্টেই তেমনি সকলে সঞ্জীবিত হবে—অবশ্য যার যেমন স্থান, সেই অনুসারে : সকলের আগে সেই খ্রীষ্ট, প্রথমফসল যিনি, তারপর, খ্রীষ্টের পুনরাগমনের সময়ে, তারা, যারা তাঁরই।

**শ্লোক**

℣ মারীয়া স্বর্গে উন্নীতা হলেন, * স্বর্গদূতেরা আনন্দিত।
℟ মারীয়া স্বর্গে উন্নীতা হলেন, * স্বর্গদূতেরা আনন্দিত।
℣ পরমেশ্বরের মহিমাকীর্তন ক'রে
℟ স্বর্গদূতেরা আনন্দিত।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ মারীয়া স্বর্গে উন্নীতা হলেন, * স্বর্গদূতেরা আনন্দিত।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আজ * কুমারী মারীয়া স্বর্গে উন্নীতা হলেন।
আনন্দ কর, তিনি যে খ্রীষ্টের সঙ্গে রাজত্ব করেন চিরকাল।

## সমাপনী অনুষ্ঠান

স্তোত্র : প্রণাম, স্বর্গধামের রানী।

১৬ই আগস্ট

### হাঙ্গেরীর সাধু স্তেফান

সাধারণ ব্যবস্থা : সাধু, পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: সাধু স্তেফান ইহলোকে রাজপদে যেমন তোমার মণ্ডলী-বিস্তারে আত্মনিয়োগ করেছিলেন, তিনি তেমনি যেন স্বর্গলোক থেকে তাকে নিত্যই রক্ষা করেন।

১৯শে আগস্ট

### সাধু বার্নার্ড দ্য তলমেই, মঠাধ্যক্ষ

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার আশীর্বাদে মঠাধ্যক্ষ সাধু বার্নার্ড তোমার মণ্ডলীকে নতুন এক সন্ন্যাস-সঙ্ঘ স্থাপনে অলঙ্কৃত করেছিলেন। অনুনয় করি তোমায় : তাঁর আদর্শ ও সহায়তায় ভর করে আমরা যেন সেই ধনসম্পদ লাভ করতে পারি, যা তুমি তোমার বিশ্বাসীদের জন্য সঞ্চিত করে রেখেছ।

একই দিন ১৯শে আগস্ট

### সাধু যোহন ইউডিস, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু, পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পুরোহিত সাধু যোহনকে খ্রীষ্টের সন্ধানাতীত ঐশ্বর্যের কথা প্রচার করার জন্য মনোনীত করেছিলে। আশীর্বাদ কর : তাঁর জীবনাদর্শ ও শিক্ষায় উদ্বুদ্ধ হয়ে আমরা যেন তোমাকে আরও গভীরতর ভাবে

জানতে পেরে সুসমাচারের আলো অনুসারে বিশ্বস্তভাবে জীবনযাপন করতে পারি।

২০শে আগস্ট

## সাধু বার্নার্ড, মঠাধ্যক্ষ ও মন্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০ অথবা মন্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি মঠাধ্যক্ষ সাধু বার্নার্ডকে তোমার গৃহের প্রতি সর্বগ্রাহী আগুনে উদ্দীপ্ত করে তোমার মন্ডলীতে জ্বলন্ত প্রদীপ-শিখা রূপে অধিষ্ঠিত করেছ। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : একই উদ্দীপনা উদ্দীপ্ত হয়ে আমরা যেন সর্বদাই আলোর সন্তানের মত চলতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : ঐশবাণীর আলোতে উদ্ভাসিত হয়ে
বার্নার্ড সমগ্র মন্ডলীর উপর বিকিরণ করেন বিশ্বাস ও প্রজ্ঞার কিরণ।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : উদ্বুদ্ধ গুরু, * বরের বন্ধু, নিত্যকুমারীর প্রশংসার গায়ক সেই বার্নার্ড
আপন সন্ন্যাসীদের কাছে ছিলেন স্নেহময় পিতা।

২১শে আগস্ট

## পোপ সাধু দশম পিউস

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, খ্রীষ্টবিশ্বাস রক্ষা করার জন্য এবং সমস্তই এক মাথায়, সেই খ্রীষ্টে, সম্মিলিত করার জন্য তুমি পোপ সাধু পিউসকে স্বর্গীয় প্রজ্ঞা ও প্রৈরিতিক দৃঢ়তায় পরিপূর্ণ করেছিলে। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : তাঁর শিক্ষা ও আদর্শ অনুসরণ ক'রে আমরা যেন শাশ্বত পুরস্কার লাভ করতে পারি।

২২শে আগস্ট

## বিশ্বরানী ধন্যা কুমারী মারীয়া

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি তোমার পুত্রের জননীকে আমাদের মাতা ও রানী মর্যাদায় ভূষিত করেছ। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : তাঁর সহায়তা লাভে আমরা যেন স্বর্গীয় রাজ্যে তোমার সন্তানদের কাছে প্রতিশ্রুত গৌরব লাভ করতে পারি।

আহ্বান সঙ্গীত

ধুয়ো : যিনি আপন জননীকে গৌরবমুকুটে ভূষিতা করেছেন,
এসো, সেই খ্রীষ্ট প্রভুর চরণে প্রণিপাত করি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : হে সম্মানিতা বিশ্বরানী, * হে নিত্যকুমারী মারীয়া,
তুমি জগৎত্রাতা খ্রীষ্ট প্রভুর জন্ম দিলে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : ধন্যা কুমারী মারীয়া, * তুমি প্রভুর বাণী বিশ্বাস করেছিলে :
এখন তুমি খ্রীষ্টের সঙ্গে রাজত্ব কর চিরকাল ধরে।

সমাপনী অনুষ্ঠানের স্তোত্র : প্রণাম, স্বর্গধামের রানী।

২৩শে আগস্ট

## লিমার সাধ্বী রোজী

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার অনুগ্রহে সাধ্বী রোজী তোমার প্রেমাগ্নিতে উদ্দীপ্তা হয়ে সংসার ত্যাগ ক'রে ও কঠোর ত্যাগ-

তপস্যার জীবন পালন ক'রে শুধু তোমারই চিন্তায় নিমগ্না থাকতেন। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: আমরাও যেন এ পৃথিবীতে জীবনের পথে এগিয়ে চলে স্বর্গলোকে তোমার অমৃতধারায় আমাদের তৃষ্ণা মেটাতে পারি।

২৪শে আগষ্ট

## সাধু বার্থলমেয়, প্রেরিতদূত

সাধারণ ব্যবস্থা: প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, প্রেরিতদূত সাধু বার্থলমেয় সরল অন্তরে তোমার পুত্রের সঙ্গে যে বিশ্বাসের বন্ধনে নিজেকে আবদ্ধ করেছিলেন, আমাদের অন্তরেও তুমি সেই বিশ্বাস দৃঢ় করে তোল, এবং তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: তোমার মণ্ডলী যেন সর্বজাতির মানুষের জন্য তোমার পরিত্রাণের সাক্রামেন্ত হতে পারে।

২৫শে আগষ্ট

## সাধু লুইস

সাধারণ ব্যবস্থা: সাধু, পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু লুইসকে পার্থিব রাজ্যভারের সমস্ত চিন্তা থেকে স্বর্গরাজ্যেরই গৌরবে স্থানান্তরিত করেছিলে।তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: ইহলোকে দায়িত্বশীলতার সঙ্গে নিজ নিজ কর্তব্য পালনের মধ্য দিয়ে আমরা যেন তোমার শাশ্বত রাজ্যের অন্বেষণ করি।

একই দিন ২৫শে আগষ্ট

## সাধু যোসেফ কালাসাঞ্জ, পুরোহিত

সাধারণ ব্যবস্থা: সাধু (শিক্ষাব্রতী), পৃঃ ১০৩১ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পুরোহিত সাধু যোসেফের অন্তর এমন ধৈর্য ও দয়া-মমতা দানে ভূষিত করেছিলে যে, তিনি বালক-বালিকাদের শিক্ষাদান ও চরিত্রগঠনের উদ্দেশ্যে জীবন উৎসর্গ করেছিলেন। আশীর্বাদ কর: তাঁর প্রজ্ঞাপূর্ণ নির্দেশবাণীর জন্য যাঁকে আমরা শ্রদ্ধা করি, যেন তাঁরই আদর্শে সত্য-প্রতিষ্ঠার জন্য প্রাণপণে সচেষ্ট থাকি।

২৭শে আগষ্ট

## সাধ্বী মণিকা

সাধারণ ব্যবস্থা: সাধ্বী, পৃঃ ১০৪৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, যারা কাঁদে, তুমি তাদের সান্ত্বনাদাতা! সাধ্বী মণিকার অশ্রুজলের প্রার্থনা গ্রহণ করে তুমি করুণাবিষ্ট হয়ে তাঁর পুত্র আগস্তিনের মনপরিবর্তন ঘটিয়েই তাতে সাড়া দিয়েছিলে। এঁদের মিলিত প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: নিজেদের পাপ ঘৃণা ক'রে আমরা যেন তোমার অনুগ্রহ ও ক্ষমার পাত্র হতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: হে ঈশ্বর, * তুমি তো একটি মাতার কান্না তুচ্ছ কর না;
তুমি বরং তাঁর অবিরত প্রার্থনা শোন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: বিশ্বাসে * ও সদাচরণে নিষ্ঠাবতী মণিকা খ্রীষ্টে সঞ্জীবিত হয়ে
আপন জীবনে পরমেশ্বরের প্রশংসা করেছিলেন।

২৮শে আগষ্ট

## সাধু আগস্তিন, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, অনুনয় করি: তোমার মণ্ডলীতে আবার জাগিয়ে তোল সেই প্রেরণা, যে প্রেরণা তুমি বিশপ সাধু আগস্তিনের অন্তরে সঞ্চার করেছিলে, আমরাও যেন একই প্রেরণায় পরিপূর্ণ হয়ে প্রকৃত প্রজ্ঞার একমাত্র উৎস সেই তোমারই জন্য তৃষিত হই ও স্বর্গীয় ভালবাসার উৎস সেই তোমারই অন্বেষণ করি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: হে প্রভু, * তুমি তোমারই জন্য আমাদের গড়েছ,
তাই তোমার প্রশংসা করার জন্য তুমি তো আমাদের প্রেরণা দান কর;
আমাদের হৃদয় যতক্ষণ না তোমাতেই বিশ্রাম পায়,
ততক্ষণ সেই হৃদয় অস্থির।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: হে সৌন্দর্য, * এত প্রাচীন ও এত নবীন,
তোমাকে আমি বিলম্বে ভালবেসেছি!
তুমি ডাকলে, চিৎকার করেই ডাকলে—
আমার বধিরতাকে চূর্ণবিচূর্ণ করলে।

২৯শে আগস্ট

## দীক্ষাগুরু সাধু যোহনের সাক্ষ্যমরণ

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি চেয়েছিলে, জন্ম ও মৃত্যুর মধ্য দিয়ে দীক্ষাগুরু সাধু যোহন হবেন তোমার পুত্রের অগ্রদূত। আশীর্বাদ কর: তিনি যেমন সত্য ও ন্যায়ের পক্ষেই সাক্ষ্যমরণ বরণ করেছিলেন, তেমনি আমরাও যেন তোমার সত্যবাণী স্বীকারের জন্য বীরপুরুষের মত সংগ্রামরত থাকতে পারি।

**আহ্বান সঙ্গীত**

ধুয়ো: সাক্ষ্যমরণে যোহন যাঁরই অগ্রগামী হলেন,
এসো, ঈশ্বরের মেষশাবক সেই খ্রীষ্টের চরণে প্রণিপাত করি।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। ধন্য, দীক্ষাগুরু যোহন,
তুমি শুচিতার আদর্শ,
তুমি শহীদ, তুমি নবী,
তুমি তপস্বী।

২। তব মহাপুণ্যের গুণে
মোদের অন্তর কর কোমল,
মোদের পথ সমতল কর,
হে পথপ্রদর্শক।

৩। তবেই মহান বিশ্বত্রাতা
মোদের হৃদি পুণ্য দে'খে
ক'রে কৃপা, মোদের মাঝে
করবেন আগমন।

৪। পিতা, পুত্র, পবিত্রাত্মা,
এক অভিন্ন ঈশ্বরত্ব,
যুগযুগব্যাপী গাইব মোরা:
ধন্য ত্রিত্ব হে।

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।(পরিসেবক পল † ৭৯৯)

১ম ধুয়ো: প্রভুর হাত আমার উপর: * তিনি আমার মুখ স্পর্শ করলেন,
আমাকে নবী করলেন সর্বজাতির জন্য।

২য় ধুয়ো: হেরোদ * যোহনকে ধার্মিক ও পবিত্র মানুষ জেনে
তাঁকে ভয় করতেন।

৩য় ধুয়ো : যোহনের কথা শুনে * হেরোদ খুবই উদ্বিগ্ন হতেন,
তবু তাঁর কথা শুনতে ভালবাসতেন।
৪র্থ ধুয়ো : হেরোদ-প্রেরিত * একজন সৈন্য
কারাবাসে যোহনের শিরশ্ছেদ করল।
৫ম ধুয়ো : তাঁর শিষ্যেরা এসে * তাঁর দেহটি নিয়ে গিয়ে
একটা সমাধিমন্দিরে রাখল।

**বাণী পাঠ** **ইসা ৪৯:১খ-২**

প্রভু মাতৃগর্ভ থেকে আমাকে ডেকেছেন, মাতৃবক্ষ থেকে তিনি উল্লেখ করেছেন আমার নাম। তিনি আমার মুখ তীক্ষ্ণ খড়্গোরই মত করলেন, আপন হাতের ছায়ায় আমাকে লুকিয়ে রাখলেন, আমাকে ধারালো একটা তীর করলেন, আপন তূণেই আমাকে আবৃত করলেন।

**শ্লোক**

℣ তোমরা যোহনের কাছে গিয়েছ ; * তিনি সত্যের বিষয়ে সাক্ষ্য দিলেন।
℟ তোমরা যোহনের কাছে গিয়েছ ; * তিনি সত্যের বিষয়ে সাক্ষ্য দিলেন।
℣ তিনি ছিলেন এক জ্বলন্ত ও দীপ্তিমান প্রদীপ।
℟ তিনি সত্যের বিষয়ে সাক্ষ্য দিলেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ তোমরা যোহনের কাছে গিয়েছ ; * তিনি সত্যের বিষয়ে সাক্ষ্য দিলেন।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : বরের বন্ধু * বরের কণ্ঠস্বরে খুবই আনন্দ পায় :
তাই আমার আনন্দ এখন পরিপূর্ণ।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো : প্রভুর হাত আমার উপর : * তিনি আমার মুখ স্পর্শ করলেন,
আমাকে নবী করলেন সর্বজাতির জন্য। সাম ১১০
২য় ধুয়ো : হেরোদ * যোহনকে ধার্মিক ও পবিত্র মানুষ জেনে
তাঁকে ভয় করতেন। সাম ১১২
৩য় ধুয়ো : যোহনের কথা শুনে * হেরোদ খুবই উদ্বিগ্ন হতেন,
তবু তাঁর কথা শুনতে ভালবাসতেন। সাম ১১৩
৪র্থ ধুয়ো : হেরোদ-প্রেরিত একজন সৈন্য
কারাবাসে যোহনের শিরশ্ছেদ করল। সাম ১১৬খ
৫ম ধুয়ো : তাঁর শিষ্যেরা এসে * তাঁর দেহটি নিয়ে গিয়ে
একটা সমাধিমন্দিরে রাখল। গীতিকা প্রত্যা ৪

**বাণী পাঠ** **শিষ্য ১৩:২৩-২৫**

দাউদের বংশ থেকে ঈশ্বর প্রতিশ্রুতি-মত ইস্রায়েলের ত্রাণকর্তা সেই যীশুর উদ্ভব ঘটিয়েছেন, যাঁর আগমনের আগে যোহন গোটা ইস্রায়েল জাতির কাছে মনপরিবর্তনের দীক্ষাস্নান প্রচার করেছিলেন। জীবনযাত্রার শেষ পর্যায়ে যোহন একথা বলছিলেন : তোমরা আমাকে যাকে ভাব, আমি সে নই। দেখ, আমার পরে এমনই একজন আসছেন, যাঁর জুতোর বাঁধন খুলবার যোগ্য আমি নই।

**শ্লোক**

℣ বরের বন্ধু আনন্দে মেতে ওঠে * বরের কণ্ঠস্বর শুনে।
℟ বরের বন্ধু আনন্দে মেতে ওঠে * বরের কণ্ঠস্বর শুনে।

℣ আমার আনন্দ এখন পরিপূর্ণ,

℟ বরের কণ্ঠস্বর শুনে।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ বরের বন্ধু আনন্দে মেতে ওঠে * বরের কণ্ঠস্বর শুনে।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আমি খ্রীষ্ট নই ; * তবে আমি তাঁর অগ্রদূত হয়ে প্রেরিত হয়েছি।
তাঁকে উত্তরোত্তর বড় হতে হবে আর আমাকে উত্তরোত্তর ছোট হতে হবে।

## সেপ্টেম্বর

৩রা সেপ্টেম্বর

### মহাপ্রাণ সাধু গ্রেগরি, পোপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, করুণাময়ই তোমার পরিচালনা, প্রেমময়ই তোমার শাসন : অনুনয় করি : তোমার মণ্ডলীতে যাঁদের হাতে তুমি পরিচালনা ও শাসন ভার ন্যস্ত করেছ, সাধু গ্রেগরির প্রার্থনার পুণ্যফলে সেই সকল বিশপের অন্তরে তোমার প্রজ্ঞার আত্মাকে সঞ্চার কর, পবিত্রতার পথে মেষগুলির অগ্রগতি যেন হয়ে ওঠে পালকদের চিরকালীন আনন্দ।

## জাগরণী

৩য় পর্বের ধুয়ো : আমি * তোমাকে ইস্রায়েলকুলের পক্ষে প্রহরীরূপে নিযুক্ত করলাম ;
আমার মুখের একটা বাণী শুনলেই
তুমি আমার পক্ষ থেকে তোমার ভাইদের সতর্ক কর।

℣ আমার মুখের একটা বাণী শুনলেই

℟ তুমি আমার পক্ষ থেকে তোমার ভাইদের সতর্ক কর।

# প্রভাতী বন্দনা

## স্তোত্র

১। ওগো মহাপ্রাণ গ্রেগরি,
সূর্যের মত তুমি কর
মোদের অন্তর আলোকিত,
কর তমস বিতাড়িত।

২। তব ওষ্ঠ বেয়ে ঝরে
মধুর মত মধুর বাণী;
তব শিক্ষা ক'রে শ্রবণ
অন্তর শান্তি করে গ্রহণ।

৩। দিব্য শাস্ত্রের নিগূঢ়তত্ত্ব
তুমি পার সরল করতে;
তুমি স্বয়ং সত্যের শিষ্য,
তব শিক্ষায় মুগ্ধ বিশ্ব।

৪। রোমের আসন ক'রে গ্রহণ
তুমি ছিলে সবার পিতা;
শেখাও মোদের তোমার মত
যত অবস্থায় থাকতে নত।

৫। হে বিখ্যাত বিশ্বগুরু,
হে মণ্ডলীর উজ্জ্বল তারা,
মোরা যেন তোমার মত
শাস্ত্র ধ্যানে থাকি রত।

৬। স্বর্গমর্তের যিনি স্রষ্টা,
বিশ্বের গতি যাঁরই হাতে,
সেই মহেশ্বর হোন বন্দিত,
বিশ্বজুড়ে হোন কীর্তিত।

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।(সাধু পিতর দামিয়ান † ১০৭২)

১ম ধুয়ো: ধন্য গ্রেগরি * পিতরের ধর্মাসনে উন্নীত হয়ে
জাগ্রত প্রহরী হওয়ায় নিজের 'গ্রেগরি' নাম করেছিলেন অর্থপূর্ণ।

২য় ধুয়ো: ধন্য গ্রেগরি * পবিত্র শাস্ত্রের শ্রেষ্ঠ ব্যাখ্যাতা ছিলেন।

৩য় ধুয়ো: গ্রেগরির ধারণা: * সাধু বেনেডিক্টের নিয়ম উত্তম নিয়ম।

৪র্থ ধুয়ো: প্রভুর দাস-দাসী, * প্রভুকে বল ধন্য,
ঈশ্বরের দাসানুদাস গ্রেগরি স্বর্গে উন্নীত হলেন।

৫ম ধুয়ো: গ্রেগরি * ছিলেন সন্ন্যাসীদের আদর্শ,
রোম নগরীর পিতা, জগতের আনন্দ।

### জাখারিয়ার গীতিকা

ধুয়ো: পালকীয় জীবনের আদর্শ * ধন্য গ্রেগরি
পালকীয় কাজের জন্য উত্তম নিয়ম লিখে রেখে গেলেন।

# পূর্বাহ্ণ, মধ্যাহ্ন ও অপরাহ্ণ প্রহর

ধুয়ো: প্রভাতী বন্দনার ২য়, ৩য় ও ৫ম ধুয়ো।

# সন্ধ্যারতি

## স্তোত্র

১। খ্রীষ্টনাম প্রচারের জন্য
একদিন তুমি তৎপর ছিলে;
খ্রীষ্টবিশ্বাস কর রক্ষা
মোদের অন্তরে।

২। যত ঐশ্বর্য তুচ্ছ ক'রে
খ্রীষ্টের করলে অনুসরণ;
খ্রীষ্টভক্তের তুমি হলে
দাসানুদাস হে।

৩। স্বয়ং মহাযাজক খ্রীষ্ট
তব বিনম্রতা দে'খে
তোমায় রাখলেন উঁচুপদে:
মণ্ডলীর পালক।

৪। তব জ্ঞান কত না উদার,
তব শিক্ষা আজও যেন
আলোরূপেই পরিব্যাপ্ত:
তুমি মহাপ্রাণ।

৫। পিতা, পুত্র, পবিত্রাত্মা,
এক অভিন্ন ঈশ্বরত্ব,
যুগযুগব্যাপী গাইব মোরা :
ধন্য ত্রিত্ব হে। (কাসিনোর সঙ্গীতমালা)

১ম ধুয়ো : ধন্য গ্রেগরি * পিতরের ধর্মাসনে উন্নীত হয়ে
জাগ্রত প্রহরী হওয়ায় নিজের 'গ্রেগরি' নাম করেছিলেন অর্থপূর্ণ। সাম ১১০
২য় ধুয়ো : ধন্য গ্রেগরি * পবিত্র শাস্ত্রের শ্রেষ্ঠ ব্যাখ্যাতা ছিলেন। সাম ১১২
৩য় ধুয়ো : গ্রেগরির ধারণা : * সাধু বেনেডিক্টের নিয়ম উত্তম নিয়ম। সাম ১১৩
৪র্থ ধুয়ো : প্রভুর দাস-দাসী, * প্রভুকে বল ধন্য,
ঈশ্বরের দাসানুদাস গ্রেগরি স্বর্গে উন্নীত হলেন। সাম ১৩২
৫ম ধুয়ো : গ্রেগরি * ছিলেন সন্ন্যাসীদের আদর্শ,
রোম নগরীর পিতা, জগতের আনন্দ। গীতিকা প্রত্যা ১৫

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : গ্রেগরি * প্রচার করতেন খ্রীষ্টের বাণী,
সেই বাণী ছিল তাঁর নিজের জীবনের সম্বল।

৮ই সেপ্টেম্বর

## ধন্যা কুমারী মারীয়ার জন্মতিথি

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, অনুনয় করি : তোমার সেবকদের উপর স্বর্গীয় অনুগ্রহের ঐশ্বর্য বর্ষণ কর। ধন্যা কুমারীর পুত্রের জন্ম যাদের পরিত্রাণের উদয়, সেই কুমারীর জন্মতিথিতে তারা যেন পূর্ণতর শান্তি ভোগ করে।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো :** এসো, কুমারী মারীয়ার জন্মপর্ব উদ্‌যাপন করি ;
এসো, তাঁর সন্তান খ্রীষ্টের চরণে প্রণিপাত করি। **সাম ৯৫**

## জাগরণী

### ৩য় পর্ব

ধুয়ো : আজই * দাউদকুলে কুমারী মারীয়া জন্ম নিলেন,
তাঁর মধ্য দিয়ে বিশ্বাসীরা পেল বিশ্বপরিত্রাণের দর্শন।

℣ সুখী তারা,
℟ যারা ঈশ্বরের বাণী শোনে ও পালন করে।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** লুক ১:৩৯-৪৭।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। স্বর্গমর্তের ওগো রানী,
দীপ্তিময়ী সাগরের তারা,

৩। তব উজ্জ্বল জন্মতিথি
মোরা অদ্য করি পালন :

উচ্চতমা সুকুমারী,
পুণ্যবতী ওগো নারী,

২। ওগো যেসের মূলকাণ্ড,
তব গর্ভে জন্ম নিলেন
প্রতীক্ষিত সেই যে পল্লব :
মানবেশ্বর খ্রীষ্ট-বল্লভ।

তব বিনম্রতার ফলে
মুক্তি এল মোদের ঘরে।

৪। তোমার দ্বারা মর্তের মানুষ
হল স্বর্গেরও বাসিন্দা,
এল বিশ্বে পরম শান্তি,
প্রকাশ পেল দিব্য কান্তি।

৫। ত্রিত্বের কৃপায় তুমি হলে
মণ্ডলীর পুণ্যময়ী মাতা ;
তবে গাইব সমস্বরে,
ধন্য ত্রিত্ব যুগযুগ ধরে। (১০ম শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : আব্রাহামের বংশে, * যুদা-গোষ্ঠীতে, দাউদকুলে
আজ গৌরবময়ী কুমারী মারীয়া জন্ম নিলেন।

২য় ধুয়ো : আজ * ধন্যা কুমারী মারীয়ার জন্মপর্ব,
যাঁর পবিত্র জীবন মণ্ডলীকে আলোকিত করে।

৩য় ধুয়ো : আজ * রাজবংশে জন্মগ্রহণ ক'রে মারীয়া দিব্য আলোতে আলোকিতা।
তিনি আমাদের হয়ে খ্রীষ্ট প্রভুর কাছে প্রার্থনা করুন।

৪র্থ ধুয়ো : গৌরবমণ্ডিতা * ঈশ্বরজননী ধন্যা মারীয়ার এই জন্মদিবসে,
এসো, মনে প্রাণে খ্রীষ্টের মহিমাকীর্তন করি।

৫ম ধুয়ো : এসো, * আনন্দের সঙ্গে ধন্যা মারীয়ার জন্মপর্ব উদ্‌যাপন করি।
তিনি আমাদের হয়ে প্রভু যীশু খ্রীষ্টের কাছে প্রার্থনা করুন।

**বাণী পাঠ** **ইসা ১১:১-৩**

যেসের মূলকাণ্ড থেকে এক পল্লব উৎপন্ন হবেন; তার শিকড় থেকে এক নবাঙ্কুর অঙ্কুরিত হবেন। প্রভুর আত্মা—প্রজ্ঞা ও সুবুদ্ধির আত্মা, সুমন্ত্রণা ও পরাক্রমের আত্মা, সুবিবেচনা ও প্রভুভয়ের আত্মা তাঁর উপর অধিষ্ঠান করবে। তিনি প্রভুভয়ে প্রীত হবেন।

**শ্লোক**

℣ প্রভু তাঁকে বেছে নিলেন ; * তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন।
℟ প্রভু তাঁকে বেছে নিলেন ; * তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন।
℣ আপন কুটিরেই তাঁকে আসন দিলেন ;
℟ তাঁকে আদি থেকেই মনোনীত করলেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু তাঁকে বেছে নিলেন ; * তাঁকে আদি থেকেই মনোনীতা করলেন।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : হে ঈশ্বরজননী কুমারী মারীয়া,
তোমার জন্ম সারা বিশ্বের কাছে আনন্দের কথা প্রচার করল :
তোমার গর্ভ থেকে উদিত হলেন ন্যায়ের সূর্য আমাদের পরমেশ্বর সেই খ্রীষ্ট,
যিনি দণ্ডাজ্ঞা থেকে আমাদের মুক্ত ক'রে আশিসধন্য করলেন,
যিনি মৃত্যুকে জয় ক'রে আমাদের দিলেন অনন্ত জীবন।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: আজ * ধন্যা কুমারী মারীয়ার জন্মপর্ব,
যাঁর পবিত্র জীবন মণ্ডলীকে আলোকিত করে।

**বাণী পাঠ** **পরম গীত ৬:১০**

ইনি কে, যিনি উষারই মত উদীয়মান, চন্দ্রেরই মত সুন্দরী, সূর্যেরই মত উজ্জ্বল, যুদ্ধাস্ত্রে সজ্জিত সেনাবাহিনীর মত ভয়ঙ্কর?

℟ সুখী তারা,
℣ যারা ঈশ্বরের বাণী শোনে ও পালন করে।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: আজ * রাজবংশে জন্মগ্রহণ ক'রে মারীয়া দিব্য আলোতে আলোকিতা।
তিনি আমাদের হয়ে খ্রীষ্ট প্রভুর কাছে প্রার্থনা করুন।

**বাণী পাঠ** **যুদিথ ১৩:২৪,২৫**

ধন্য প্রভু, যিনি স্বর্গমর্তের স্রষ্টা। তিনি আজ তোমার নাম এত মহিমান্বিত করেছেন যে মানবের ওষ্ঠে তোমার প্রশংসাবাদ নিত্য ধ্বনিত থাকবে: তারা চিরকালের মত প্রভুর পরাক্রমের কথা স্মরণ করবে।

℟ ধন্য কুমারী মারীয়ার গর্ভ,
℣ যে গর্ভ সনাতন পিতার পুত্রকে বরণ করল।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: এসো, * আনন্দের সঙ্গে ধন্যা মারীয়ার জন্মপর্ব উদ্‌যাপন করি।
তিনি আমাদের হয়ে প্রভু যীশু খ্রীষ্টের কাছে প্রার্থনা করুন।

**বাণী পাঠ** **প্রত্যা ২১:৩খ**

দেখ, মানুষদের মাঝে ঈশ্বরের তাঁবু। তিনি তাদের মাঝে তাঁবু খাটাবেন, তারা হবে তাঁর আপন জনগণ, আর তিনি হবেন তাদের-সঙ্গে-ঈশ্বর।

℟ নারীকুলে তুমি ধন্যা,
℣ এবং ধন্য তোমার গর্ভফল।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো: আব্রাহামের বংশে, * যুদা-গোষ্ঠীতে, দাউদকুলে
আজ গৌরবময়ী কুমারী মারীয়া জন্ম নিলেন। সাম ১১০
২য় ধুয়ো: আজ * ধন্যা কুমারী মারীয়ার জন্মপর্ব,
যাঁর পবিত্র জীবন মণ্ডলীকে আলোকিত করে। সাম ১১৩
৩য় ধুয়ো: আজ * রাজবংশে জন্মগ্রহণ ক'রে মারীয়া দিব্য আলোতে আলোকিতা।
তিনি আমাদের হয়ে খ্রীষ্ট প্রভুর কাছে প্রার্থনা করুন। সাম ১২২
৪র্থ ধুয়ো: গৌরবমণ্ডিতা * ঈশ্বরজননী ধন্যা মারীয়ার এই জন্মদিবসে,
এসো, মনে প্রাণে খ্রীষ্টের মহিমাকীর্তন করি। সাম ১২৭
৫ম ধুয়ো: এসো, * আনন্দের সঙ্গে ধন্যা মারীয়ার জন্মপর্ব উদ্‌যাপন করি।
তিনি আমাদের হয়ে প্রভু যীশু খ্রীষ্টের কাছে প্রার্থনা করুন। গীতিকা এফে

**বাণী পাঠ** **রো ৯:৪-৫**

তারা ইস্রায়েলীয়; সেই দত্তকপুত্রত্ব, সেই গৌরব, সেই বিভিন্ন সন্ধি, সেই বিধান, সেই উপাসনা-রীতি এবং যত প্রতিশ্রুতি, সব তাদেরই, তারাই কুলপতিদের বংশধর, মানবস্বরূপের দিক দিয়ে তাদেরই মধ্য থেকে আগত সেই খ্রীষ্ট, যিনি সবার উপরে, ধন্য পরমেশ্বর, যুগে যুগান্তরে, আমেন।

**শ্লোক**

℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা! * প্রভু তোমার সঙ্গে আছেন।
℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা! * প্রভু তোমার সঙ্গে আছেন।
℣ নারীকুলে তুমি ধন্যা, এবং ধন্য তোমার গর্ভফল।
℟ প্রভু তোমার সঙ্গে আছেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আনন্দিতা হও, হে অনুগৃহীতা! * প্রভু তোমার সঙ্গে আছেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: এসো, * ধন্যা মারীয়ার শুভ জন্মের কথা স্মরণ করি:
তিনি কুমারীত্ব অক্ষুণ্ন রেখে ঈশ্বরজননী হবার মর্যাদা লাভ করলেন।

৯ই সেপ্টেম্বর

## সাধু পিতর ক্লাভের, পুরোহিত

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (সেবাব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু পিতরকে অত্যাচারিত ও অবহেলিত মানুষের সেবক করে তুলে তাদের সাহায্যদানের জন্য তাঁকে ভালবাসা ও ধৈর্যে বলবান করেছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর, আমরাও যেন খ্রীষ্ট প্রভুর অন্বেষণ করতে করতে আমাদের প্রতিবেশীকে কাজে-কর্মে ও সত্যের আশ্রয়ে ভালবাসতে পারি।

১২ই সেপ্টেম্বর

## 'মারীয়া' পবিত্রতম নাম

সাধারণ ব্যবস্থা: ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: যারা আনন্দের সঙ্গে ধন্যা কুমারী মারীয়ার গৌরবময় নাম স্মরণ করে, তারা সকলে যেন তাঁর সহায়তায় তোমার দয়ার মঙ্গলদানে পূর্ণ হতে পারে।

১৩ই সেপ্টেম্বর

## সাধু যোহন খ্রীসোস্তম, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমিই তোমার শরণাগতদের শক্তি! তুমিই বিশপ সাধু যোহন খ্রীসোস্তমকে হৃদয়গ্রাহী ভাষায় ও নির্যাতনের দিনে অপরূপ মনোবলে উজ্জ্বল করে তুলেছিলে। আশীর্বাদ কর: তাঁর শিক্ষায় উদ্বুদ্ধ হয়ে আমরা যেন তাঁর অপরাজেয় সহিষ্ণুতার আদর্শে বলীয়ান হয়ে উঠি।

১৪ই সেপ্টেম্বর

## পবিত্র ক্রুশের বিজয়োৎসব

পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি চেয়েছিলে, তোমার একমাত্র পুত্র মানবপরিত্রাণের জন্য ক্রুশমৃত্যু বরণ করবেন। তাই আশীর্বাদ

কর : ইহলোকে আমরা যারা তাঁর মর্মসত্য জানতে পেরেছি, যেন স্বর্গলোকে তাঁর মুক্তিকর্মের পুণ্যফল ভোগ করতে পারি।

## ১ম সন্ধ্যারতি

১ম সন্ধ্যারতি তখনই পালিত হবে, যখন পর্বটি রবিবার দিনে পড়ে। নিম্নের অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ৮৭৩।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে পবিত্র ক্রুশ ! * তুমিই মাত্র যোগ্য হলে
স্বর্গীয় রাজা প্রভুকে বহন করতে। আল্লেলুইয়া।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো :** খ্রীষ্টরাজ আমাদের জন্য ক্রুশে উত্তোলিত হয়েছিলেন ;
এসো, প্রণিপাত করি। **সাম ৯৫**

## জাগরণী

### স্তোত্র

১। পবিত্র ক্রুশ, প্রণাম !
জগতের গৌরব, প্রণাম !
মানুষের আশা, প্রণাম !
মোদের আনন্দ, প্রণাম !
ত্রাণেরই চিহ্ন, প্রণাম !
বিপদে রক্ষা, প্রণাম !

২। ক্রুশেই মোদের জীবন ;
ক্রুশেতেই বিশ্বের মুক্তি ;
ক্রুশেতেই সবার আশা ;
তোমাকে পূজি সবে ;
তোমারই করি স্তবগান ;
তোমাতেই মানবত্রাণ।

৩। শ্রীযীশুর ক্রুশ দ্বারা
গৌরব, মহিমা, সম্মান
পিতাকে করি অর্পণ,
সমস্তুতি-বন্দনাতে
পবিত্র আত্মার জয় হোক
যুগে যুগান্তে। আমেন। (হেরিবের্তুস † ১০৪২)

### ১ম পর্ব

১ম ধুয়ো : পবিত্র ক্রুশ * সকল রাজা দ্বারা সম্মানিত !
ক্রুশটি সেই রাজদন্ড যা দ্বারা জয়লাভ করলেন পরিত্রাতা। আল্লেলুইয়া। সাম ২
২য় ধুয়ো : ক্রুশবিদ্ধ প্রভুর পবিত্র নাম
স্বর্গলোকের ঊর্ধ্বেও সঙ্কীর্তিত। আল্লেলুইয়া। সাম ৮
৩য় ধুয়ো : ক্রুশবৃক্ষ গৌরবমন্ডিত, * খ্রীষ্টবিশ্বাস বিশ্বজুড়ে বিস্তারিত,
ক্রুশটি সকলের দ্বারা সম্মানিত। আল্লেলুইয়া। সাম ৯৬

℣ ক্রুশচিহ্ন যখন আকাশে দেখা দেবে,
℟ প্রভু তখন আসবেন জগৎকে বিচার করতে।

### ২য় পর্ব

১ম ধুয়ো : রাজা * ঊর্ধ্বলোকে বিজয়মন্ডিত,
বিজয়ী ক্রুশচিহ্ন বিশ্বজুড়ে খ্রীষ্টভক্ত দ্বারা চিরকাল পূজিত। সাম ২১

২য় ধুয়ো : হে আমার ঈশ্বর প্রভু, * তোমার যষ্টি, তোমার পাচনি
আমাকে সান্ত্বনা দেয়। আল্লেলুইয়া। সাম ২৩
৩য় ধুয়ো : হে খ্রীষ্ট, * আমরা তোমাকে পূজা করি : ধন্য তুমি ধন্য!
তুমি যে তোমার ক্রুশ দ্বারা জগতের মুক্তি সাধন করেছ। সাম ৯৭

℣ আমাকে যখন ভূলোক থেকে উত্তোলন করা হবে,
℟ তখন সকলকে নিজের কাছে আকর্ষণ করব।

## ৩য় পর্ব

ধুয়ো : হে গৌরবময় ক্রুশ, * হে পূজনীয় ক্রুশ,
হে অমূল্য কাষ্ঠ, হে অপরূপ প্রতীক-চিহ্ন!
তোমার দ্বারাই শয়তান হল পরাজিত,
খ্রীষ্টের রক্তেই জগৎ পেল মুক্তিমূল্য। আল্লেলুইয়া।

**ধন্য পরমেশ্বর!** **গীতিকা ১ বংশ ২৯:১০-১৩**

ধন্য তুমি, প্রভু, আমাদের পিতা ইস্রায়েলের পরমেশ্বর,
অনাদিকাল থেকে চিরকাল ধরে।
তোমারই তো প্রভু, মহত্ত্ব, পরাক্রম, মহিমা, সম্মান ও প্রভা,
কারণ স্বর্গমর্তে যা কিছু আছে, সবই তো তোমার।

তোমারই তো প্রভু, রাজ-অধিকার,
সবকিছুর উপরে তুমি মাথারূপে উত্তোলিত;
ঐশ্বর্য ও গৌরব তোমা থেকেই আসে,
সবকিছুর উপরে তুমি তো শাসনকর্তা।

তোমার হাতেই প্রতাপ ও পরাক্রম,
তোমার হাতেই সবকিছু মহান ও বলবান করে তোলা।
এখন, হে আমাদের পরমেশ্বর, আমরা তোমাকে জানাই ধন্যবাদ,
তোমার মহিমময় নামের করি প্রশংসাবাদ।

**বিমুক্ত জনগণের আনন্দ** **গীতিকা ইসা ১২:১-৬**

প্রভু, আমি তোমাকে জানাই ধন্যবাদ,
আমার উপর তুমি ক্রুদ্ধ ছিলে,
তোমার ক্রোধ কিন্তু প্রশমিত হয়েছে,
আর তুমি সান্ত্বনা দিয়েছ আমায়।

সত্যি, ঈশ্বরই আমার পরিত্রাণ,
আমি ভরসা রাখব, ভীত হব না;
কারণ প্রভুই আমার শক্তি, আমার স্তবগান,
তিনি হলেন আমার পরিত্রাণ।

তোমরা আনন্দের সঙ্গে জল তুলে আনবে
পরিত্রাণের উৎসধারা থেকে;
সেদিন তোমরা বলবে,
'প্রভুর স্তুতিবাদ কর, কর তাঁর নাম;

জাতিসকলের মাঝে তাঁর কর্মকীর্তির কথা জ্ঞাত কর,
ঘোষণা কর : তাঁর নাম মহীয়ান।

প্রভুর স্তবগান কর, তিনি যে সাধন করেছেন মহিমময় কাজ,
সারা পৃথিবী জুড়ে একথা জ্ঞাত হোক।

সানন্দে চিৎকার কর, জাগাও হর্ষধ্বনি, সিয়োন অধিবাসী,
কারণ তোমাদের মধ্যে মহানই ইস্রায়েলের সেই পবিত্রজন।'

**নব যেরুসালেমের আবির্ভাব** **গীতিকা ইসা ৬১:১০–৬২:৫**

প্রভুতে আমি মহাপুলকে পুলকিত,
আমার পরমেশ্বরে আমার প্রাণ আনন্দে মেতে ওঠে,
কারণ তিনি আমায় ত্রাণবসন পরিয়েছেন, ধর্মময়তার উত্তরীয়ে জড়িয়েছেন, †
হ্যাঁ, তেমন এক বরের মত যে যাজকেরই মত শিরোভূষণে ভূষিত,
তেমন এক কনের মত যে রত্ন-অলঙ্কারে অলঙ্কৃতা।

কেননা মাটি যেমন উৎপন্ন করে নতুন নতুন অঙ্কুর,
উদ্যান যেমন অঙ্কুরিত করে নতুন নতুন বীজ,
প্রভু পরমেশ্বর তেমনি সকল দেশের সামনে
অঙ্কুরিত করবেন ধর্মময়তা ও প্রশংসাবাদ।

সিয়োনের খাতিরে আমি নীরব থাকব না,
যেরুসালেমের খাতিরে আমি শান্ত থাকব না,
যতক্ষণ না তার ধর্মময়তা উদিত হয় জাজ্বল্যমান তারার মত,
মশালের মতই না জ্বলে ওঠে তার পরিত্রাণ।

তখন দেশগুলি তোমার ধর্মময়তা দেখতে পাবে,
সকল রাজা দেখতে পাবে তোমার গৌরব,
তোমায় এক নতুন নামে ডাকা হবে,
যে নাম প্রভুর নিজের মুখই মঞ্জুর করবে।

তুমি হবে প্রভুর হাতে যেন কান্তির মুকুট,
তোমার পরমেশ্বরের করতলে রাজকিরীট যেন।
কেউ তোমায় আর 'পরিত্যক্তা' বলে ডাকবে না,
তোমার দেশকেও কেউ আর 'ধ্বংসিতা' বলবে না;

বরং তোমায় ডাকা হবে 'আমার প্রীতি',
আর তোমার দেশকে 'বিবাহিতা',
কারণ প্রভু তোমাতে প্রীত হবেন
আর তোমার দেশের বিবাহ হবে।

সত্যি, যুবক যেমন কুমারী কন্যাকে বিবাহ করে,
তোমার নির্মাতা তেমনি তোমায় বিবাহ করবেন;
বর যেমন কনেকে নিয়ে পুলকিত হয়,
তোমার পরমেশ্বর তেমনি তোমাকে নিয়ে পুলকিত হবেন।

ধুয়ো : হে গৌরবময় ক্রুশ, হে পূজনীয় ক্রুশ,
হে অমূল্য কাষ্ঠ, হে অপরূপ প্রতীক-চিহ্ন!
তোমার দ্বারাই শয়তান হল পরাজিত,
খ্রীষ্টের রক্তেই জগৎ পেল মুক্তিমূল্য। আল্লেলুইয়া।

℣ মোশী যেমন মরুপ্রান্তরে সেই সাপ উত্তোলন করেছিলেন,
℟ মানবপুত্রকেও তেমনি উত্তোলিত হতে হবে।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** যোহন ১২:৩১-৩৬ক।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। বিশ্বজুড়ে কতই উজ্জ্বল
কতই অপরূপ ক্রুশ-বৃক্ষ!
যাতে খ্রীষ্ট হলেন বিদ্ধ,
তাতেই মানবমুক্তি সিদ্ধ।

২। দেখ, রক্তেই সিক্ত হয়ে
কেমন উর্বর হল বৃক্ষ :
বৃক্ষের ফল জীবনদানকারী,
চিরন্তন সুখই-সঞ্চারী।

৩। ওগো খ্রীষ্ট দয়াল রাজা,
ত্রাণের বৃক্ষ দ্বারা তুমি
রক্ষা কর মোদের অন্তর,
গাইব তব স্তব নিরন্তর।

৪। যীশুর ক্রুশের বিজয় দ্বারা
করলেন যিনি মোদের মুক্ত,
হোন সেই পিতা সঙ্কীর্তিত,
পবিত্রাত্মাও হোন বন্দিত। (১০ম শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।
১ম ধুয়ো : এই দেখ, প্রভুর ক্রুশ! * তাঁর শত্রুরা পালিয়ে যায়।
যুদা-গোষ্ঠীর সিংহ সেই দাউদকুলের মূল শিকড়ের হল জয়লাভ। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : যিনি * পরাস্ত করেছেন পাতালের শক্তি,
তিনি ক্রুশযন্ত্রণা করেছিলেন ভোগ।
এখন তিনি পরাক্রমে বিভূষিত,
এখন তিনি দিব্য গৌরবে পুনরুত্থিত।
৩য় ধুয়ো : আহা, * কত উজ্জ্বল
সেই পবিত্র ক্রুশ!
যিনি আপন রক্তে মুছে দিলেন আমাদের অপরাধ,
সেই প্রভু সেই ক্রুশেই হয়েছিলেন বিদ্ধ।
৪র্থ ধুয়ো : ক্রুশ * সদাই বিজয়ী,
ক্রুশ সদাই উজ্জ্বল,
ক্রুশ রাজত্ব করে, ক্রুশ যত অমঙ্গল ধ্বংস করে,
সেই ক্রুশ দ্বারাই বিশ্ব ফিরে পায় পরিত্রাণ। আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : হে মুক্তিদাতা খ্রীষ্ট,
মৃত্যু বরণ করে তুমি মৃত্যু করেছ ধ্বংস,
পুনরুত্থান করে আমাদের ফিরিয়ে দিয়েছ জীবন;
তোমার ক্রুশ দ্বারা আমাদের কর পরিত্রাণ!

**বাণী পাঠ** **হিব্রু ২:৯খ-১০**

যীশু মৃত্যুযন্ত্রণা ভোগ করেছেন বলে এখন গৌরব ও মহিমার মুকুটে পরিবৃত, যেন ঈশ্বরের অনুগ্রহে তিনি সকল মানুষের মঙ্গলের জন্যই মৃত্যুকে আস্বাদ করেন। যাঁর উদ্দেশে ও যাঁর দ্বারা সমস্ত কিছুই অস্তিত্ব পেয়ে আছে, সেই ঈশ্বর তাঁর বহু সন্তানকে যখন গৌরবে আনতে চাইলেন, তাঁর পক্ষে তখন এটা অবশ্যই সমীচীন ছিল যে,

তিনি তাদের পরিত্রাণের সেই অগ্রনায়ককে দুঃখকষ্ট ভোগের মধ্য দিয়ে তাঁর সিদ্ধতায় চালিত করবেন।

**শ্লোক**

℟ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি: * ধন্য, তুমি ধন্য।

℣ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি: * ধন্য, তুমি ধন্য।

℟ তোমার ক্রুশ দ্বারা তুমি জগতের মুক্তি সাধন করেছ।

℣ ধন্য, তুমি ধন্য।

℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℣ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি: * ধন্য, তুমি ধন্য।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: হে প্রভু, * আমরা তোমার ক্রুশ আরাধনা করি,
তোমার পুনরুত্থানের গুণকীর্তন করি:
এ জীবন-বৃক্ষ থেকেই বিশ্বের উপর আনন্দ বর্ষিত হল।

**মিনতি নিবেদন**

যিনি ক্রুশকে বিশ্বপরিত্রাণের প্রতীক করেছেন, আসুন, সেই খ্রীষ্ট প্রভুর গৌরবকীর্তন করে মিনতি জানাই:

*হে প্রভু, তোমার ক্রুশ দ্বারা আমাদের ত্রাণ কর।*

-হে ঈশ্বরপুত্র, প্রাক্তন সন্ধির মানুষ প্রান্তরে উত্তোলিত সেই সাপের দিকে তাকালে সুস্থতা লাভ করত। তোমার ক্রুশের পুণ্যে গর্ব ও অশুচিতার দংশন থেকে আমাদের বাঁচাও।

-হে মানবসন্তান, যখন তুমি ক্রুশের উপরে উত্তোলিত হয়েছিলে, তখন প্রাক্তন সন্ধির সেই প্রতীক পূর্ণতা লাভ করেছিল। তোমার যন্ত্রণাভোগের পুণ্যে তোমার গৌরবে আমাদের উন্নীত কর।

-হে ঈশ্বরের অদ্বিতীয় পুত্র, তোমার ভক্তদের পরিত্রাণের জন্য তুমি নিজেকে বলিরূপে উৎসর্গ করেছিলে। যারা সেই ক্রুশে আশা রাখে, তুমি তাদের অনন্ত জীবন দান কর।

-হে বিশ্ববিচারক, তুমি আমাদের দণ্ডাদেশের জন্য নয়, জগতের পরিত্রাণের জন্যই দেহধারণ করেছিলে, মৃত্যুবরণও করেছিলে। পাপের বন্ধন থেকে আমাদের মুক্ত কর।

-হে পরিত্রাণকারী ঐশবাণী, তুমি বলেছিলে, যখন মাটি থেকে আমাকে উত্তোলন করা হবে, তখন আমি সবকিছু আমার বুকে টেনে নেব। আমাদের সকলকে তোমার নিজের গৌরবে উন্নীত কর।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: এই দেখ, প্রভুর ক্রুশ! * তাঁর শত্রুরা পালিয়ে যায়।
যুদা-গোষ্ঠীর সিংহ সেই দাউদকুলের মূল শিকড়ের হল জয়লাভ। আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **হিব্রু ৫:৭-৯**

সেই খ্রীষ্ট তাঁর পার্থিব জীবনকালে, একটা তীব্র আর্তনাদে ও চোখের জলে তাঁরই কাছে প্রার্থনা ও মিনতি উৎসর্গ ক'রে যিনি তাঁকে মৃত্যু থেকে ত্রাণ করতে সক্ষম, ও তাঁর এই ভক্তি-সম্ভ্রমের জন্য সাড়া পেয়ে, পুত্র হয়েও নিজের দুঃখকষ্ট থেকে বাধ্যতা শিখেছিলেন, এবং নিজ সিদ্ধতায় চালিত হয়ে তিনি, তাঁর প্রতি যারা বাধ্য, তাদের সকলেরই অনন্ত পরিত্রাণের কারণ হয়ে উঠলেন।

℟ হে খ্রীষ্ট, আমরা তোমাকে পূজা করি: ধন্য, তুমি ধন্য।

℣ তোমার ক্রুশ দ্বারা তুমি জগতের মুক্তি সাধন করেছ।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : আহা, * কত উজ্জ্বল
সেই পবিত্র ক্রুশ!
যিনি আপন রক্তে মুছে দিলেন আমাদের অপরাধ,
সেই প্রভু সেই ক্রুশেই হয়েছিলেন বিদ্ধ।

**বাণী পাঠ** **এফে ১:৭-৮**

খ্রীষ্টেই আমরা তাঁর রক্ত দ্বারা লাভ করি মুক্তি, লাভ করি পাপমোচন, ঈশ্বরের সেই অনুগ্রহের ঐশ্বর্য অনুসারে, যে অনুগ্রহ তিনি পূর্ণ প্রজ্ঞা ও ধীশক্তিতে আমাদের উপরে অপর্যাপ্ত মাত্রায় বর্ষণ করেছেন।

℣ সমগ্র পৃথিবী তোমার চরণে প্রণিপাত করুক,
℟ তোমার উদ্দেশে স্তবগান করুক, করুক তোমার নামের স্তবগান।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : ক্রুশ * সদাই বিজয়ী,
ক্রুশ সদাই উজ্জ্বল,
ক্রুশ রাজত্ব করে, ক্রুশ যত অমঙ্গল ধ্বংস করে,
সেই ক্রুশ দ্বারাই বিশ্ব ফিরে পায় পরিত্রাণ। আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **১ পি ১:১৮-১৯**

তোমরা তো জান, তোমাদের সেই পিতৃপরম্পরাগত অসার জীবনধারণের হাত থেকে তোমরা রুপো বা সোনার মত ক্ষয়শীল কিছুর মূল্যে নয়, বরং নিষ্কলঙ্ক ও নির্দোষ মেষশাবক-স্বরূপ সেই খ্রীষ্টেরই মূল্যবান রক্তমূল্যে মুক্ত হয়েছ।

℣ ক্রুশচিহ্ন যখন আকাশে দেখা দেবে,
℟ প্রভু তখন আসবেন জগৎকে বিচার করতে।

## (২য়) সন্ধ্যারতি

### স্তোত্র

১। রাজার পতাকা ওড়ে আকাশে,
ক্রুশ-রহস্যেরই উদ্ভাস হে—
ক্রুশে যাঁর দেহ বিদ্ধ হইছে
তিনি দেহেরই স্রষ্টা হে।

২। বর্শার আঘাতে যিনি বিদীর্ণ
যেন মোদের পাপ মোছে হে,
তাঁরই বুক হতে হল নিঃসৃত
দেখ! জল এবং রক্ত হে।

৩। ধন্য সেই ক্রুশটি! অলঙ্কৃত যে
হল রাজারই রক্তে হে;
ধন্য সেই ক্রুশটি! সেই পবিত্রতম
দেহ ধরল যে তুলে হে।

৪। ধন্য সেই বৃক্ষ! বাহু যার ধরল
বিশ্বজগতের মুক্তিপণ;
ধন্য সেই বৃক্ষ! কেড়ে যে নিল
পাতালের প্রত্যাশিত লুট।

৫। প্রণাম বেদি হে! তোমা দ্বারা যে
কিনল মৃত্যুকে জীবন হে;
প্রণাম বলি হে! তোমার মৃত্যুতেই
বিশ্ব লাভ করল জীবন হে।

৬। প্রণাম ক্রুশ, একক আশা যে তুমি!
খ্রীষ্টের যন্ত্রণা কালে হে,
তুমি ধার্মিকদের কৃপা দান কর,
কর পাপীদের ক্ষমা হে।

৭। বিশ্বের পরিত্রাণ-উৎস, হে ত্রিত্ব,
পূজি তোমাকে সবে হে;

ক্রুশবিজয় দান যাদের করেছ,
তাদের পুরস্কার দিও হে। (ভেনান্তিউস ফর্তুনাতুস † ৬০৯)

১ম ধুয়ো : এই দেখ, প্রভুর ক্রুশ! * তাঁর শত্রুরা পালিয়ে যায়।
যুদা-গোষ্ঠীর সিংহ সেই দাউদকুলের মূল শিকড়ের হল জয়লাভ। সাম ১১০

২য় ধুয়ো : যিনি * পরাস্ত করেছেন পাতালের শক্তি,
তিনি ক্রুশযন্ত্রণা করেছিলেন ভোগ।
এখন তিনি দিব্য পরাক্রমে বিভূষিত,
এখন তিনি গৌরবে পুনরুত্থিত। সাম ১১১

৩য় ধুয়ো : আহা, * কত উজ্জ্বল
সেই পবিত্র ক্রুশ!
যিনি আপন রক্তে মুছে দিলেন আমাদের অপরাধ,
সেই প্রভু সেই ক্রুশেই হয়েছিলেন বিদ্ধ। সাম ১১২

৪র্থ ধুয়ো : ক্রুশ * সদাই বিজয়ী,
ক্রুশ সদাই উজ্জ্বল,
ক্রুশ রাজত্ব করে, ক্রুশ যত অমঙ্গল ধ্বংস করে,
সেই ক্রুশ দ্বারাই বিশ্ব ফিরে পায় পরিত্রাণ। আল্লেলুইয়া। সাম ১১৩

৫ম ধুয়ো : হে মুক্তিদাতা খ্রীষ্ট,
মৃত্যু বরণ করে তুমি মৃত্যু করেছ ধ্বংস,
পুনরুত্থান করে আমাদের ফিরিয়ে দিয়েছ জীবন;
তোমার ক্রুশ দ্বারা আমাদের কর পরিত্রাণ! গীতিকা—১ম সন্ধ্যাঃ ফিলি
২য় সন্ধ্যাঃ প্রত্যা ৪

**বাণী পাঠ** **১ করি ১:২৩-২৪**

আমরা এমন ক্রুশবিদ্ধ খ্রীষ্টকে প্রচার করি, যিনি ইহুদীদের পক্ষে স্খলনের কারণ ও বিজাতীয়দের কাছে মূর্খতার নামান্তর; কিন্তু আহূত যারা—তারা ইহুদী হোক বা গ্রীক হোক—তাদের কাছে আমরা এমন খ্রীষ্টকে প্রচার করি, যিনি ঈশ্বরের পরাক্রম ও ঈশ্বরের প্রজ্ঞা।

**শ্লোক**

℣ হে গৌরবময় ক্রুশ, * তোমার উপরে বিদ্ধ হয়ে জয়লাভ করলেন প্রভু।
℟ হে গৌরবময় ক্রুশ, * তোমার উপরে বিদ্ধ হয়ে জয়লাভ করলেন প্রভু।
℣ আপন রক্তেই তিনি আমাদের ক্ষতস্থান মুছে দিলেন;
℟ তোমার উপরে বিদ্ধ হয়ে জয়লাভ করলেন প্রভু।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে গৌরবময় ক্রুশ, * তোমার উপরে বিদ্ধ হয়ে জয়লাভ করলেন প্রভু।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে পবিত্র ক্রুশ! * তুমি তো বিজয় ও পরিত্রাণেরই প্রতীক।
স্বর্গীয় বিজয় লাভ করতে আমাদের চালিত কর।

**মিনতি নিবেদন**

যিনি আপন ক্রুশ দ্বারা আমাদের মুক্তি সাধন করেছেন, আসুন, ভক্তিভরে সেই ত্রাণকর্তা খ্রীষ্টকে অনুনয় করি :

*হে প্রভু, তোমার যন্ত্রণাভোগের পুণ্যে তোমার রাজ্যে আমাদের গ্রহণ কর।*

-নিজেকে নমিত করে তুমি আমাদের মানবদশা আপন করে গ্রহণ করেছিলে। তোমার সাহায্যে তোমার মণ্ডলী যেন বিনম্রতা ও আত্মবলিদানের পথে তোমার অনুসরণ করতে পারে।

-তুমি ক্রুশমৃত্যু পর্যন্তই বাধ্যতা দেখিয়েছিলে। তোমার মত বাধ্য হতে আমাদের সহায়তা কর।

-তোমার ক্রুশমৃত্যুর ফলে পিতা ঈশ্বর তোমাকে উন্নীত করেছেন এবং তোমাকে দিয়েছেন সেই নাম, সকল নামের শ্রেষ্ঠ যে নাম। কৃপা কর, তোমার শিষ্য আমরা যেন তোমার পুনরাগমনের দিন পর্যন্ত নিষ্ঠার সঙ্গে তোমার প্রতি বিশ্বস্ত থাকতে পারি।

-তোমার নামে স্বর্গমর্তের যত জীব হাঁটু পাত করে। আশীর্বাদ কর, মানুষ যেন তোমার জোয়াল স্বীকার ক'রে শান্তি ও পরিত্রাণ পেতে পারে।

-হে ক্রুশবিদ্ধ ও পুনরুত্থিত খ্রীষ্ট, সকলে তোমাকে পিতা ঈশ্বরের ডান পাশে সমাসীন প্রভু বলে স্বীকার করে। তোমার শান্তিরাজ্যে আমাদের পরলোকগত সকল ভাইবোনকে গ্রহণ কর।

১৫ই সেপ্টেম্বর

## শোকার্ত জননী মারীয়া

সাধারণ ব্যবস্থা: ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি চেয়েছিলে: ক্রুশে উত্তোলিত তোমার পুত্রের পাশে সহবেদনশীল তাঁর জননীও উপস্থিত থাকবেন। আশীর্বাদ কর: তোমার মণ্ডলী যেন ধন্যা মাতার সঙ্গে খ্রীষ্টের যন্ত্রণাভোগের সহভাগী হয়ে তাঁর পুনরুত্থানের অংশী হতে পারে।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো:** খ্রীষ্ট মাকে আপন যন্ত্রণাভোগের সহভাগিনী করেছিলেন;
এসো, প্রণিপাত করি।

## জাগরণী

### স্তোত্র

১। শোকে অশ্রুসিক্তা মাতা
ছিলেন পুত্রের ক্রুশের ধারে;
নিষ্ঠুর খড়্গ করল বিদ্ধ
সেই দুঃখিনীর প্রাণ।

২। আহা, কত দুঃখব্যথা
সহ্য করল মাতৃবক্ষ;
'মম পুত্রের—দেখ সবে—
কেমন নিপীড়ন।'

৩। খ্রীষ্টের মাতার তেমন শোকে
চোখের জল কেবা রোধ করবে?
আহা, পুত্রের সঙ্গে মাতার
সহযন্ত্রণা।

৪। মাতার নিজের চোখের সামনে
পুত্র কশাঘাতে ক্ষত;
ক্রুশে বিদ্ধ হয়ে যীশু
নিশ্বাস করলেন ত্যাগ।

৫। খ্রীষ্ট, মাতার পুণ্যে যেন
মৃত্যুক্ষণে থাকি অটল;
মৃত্যুর পরে লাভি যেন
স্বর্গের মহিমা। (যাকোব দে বেনেদেত্তি † ১৩০৬)

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। প্রেমের উৎস মাতা, কর
আমায় তব দুঃখের অংশী;
মম হৃদে জ্বলে যেন
খ্রীষ্টের প্রতি প্রেম।

২। মাতা! মম অন্তর যেন
বহন করে খ্রীষ্টের ক্ষত,
তব পুত্রের হতে পারে
ব্যথার অংশীদার।

৩। মম ইচ্ছা: তোমার মত
হব খ্রীষ্টের সহব্যথী;
ক্রুশের তলায় তোমার সঙ্গে
ফেলব চোখের জল।

৪। খ্রীষ্ট! মাতার পুণ্যে যেন
মৃত্যুক্ষণে থাকি অটল;
মৃত্যুর পরে লাভি যেন
স্বর্গের মহিমা।

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।(যাকোব দে বেনেদেত্তি † ১৩০৬)

১ম ধুয়ো: এসো, * নব সন্ধির সাধক সেই খ্রীষ্টের সঙ্গে
জীবনময় ঈশ্বরের নগরীতে করি প্রবেশ।

২য় ধুয়ো: তোমরা, * যারা খ্রীষ্টের দুঃখযন্ত্রণার সহভাগী,
তোমরা আনন্দিত হও।

৩য় ধুয়ো: খ্রীষ্টের রক্তে * ঈশ্বর নিজের সঙ্গে
সবকিছু পুনর্মিলিত করেছেন।

৪র্থ ধুয়ো: হে আমাদের শান্তি খ্রীষ্ট, * তোমার যন্ত্রণাভোগ দ্বারা
তুমি আমাদের পুনর্মিলিত করেছ পিতার সঙ্গে।

৫ম ধুয়ো: খ্রীষ্টেরই রক্তে * সাধিত আমাদের মুক্তি।

**বাণী পাঠ** **কল ১:২৪-২৫**

তোমাদের জন্য আমি যে দুঃখকষ্ট ভোগ করছি, তাতে আমি আনন্দিত, এবং যে দুঃখযন্ত্রণার অংশ খ্রীষ্টের এখনও অপূর্ণাঙ্গ রয়েছে, তা আমার নিজের মাংসে পূরণ করছি তাঁর দেহের জন্য, যে দেহ স্বয়ং মন্ডলী। তোমাদের পক্ষে ঈশ্বর থেকে যে দায়িত্ব আমাকে দেওয়া হয়েছে, সেই অনুসারে আমি সেই মন্ডলীর সেবক হয়েছি যেন ঈশ্বরের বাণীকে পূর্ণ করতে পারি।

**শ্লোক**

℣ আমাদের ত্রাণের জন্য প্রার্থনা কর, * হে কুমারী মারীয়া।
℟ আমাদের ত্রাণের জন্য প্রার্থনা কর, * হে কুমারী মারীয়া।
℣ খ্রীষ্টের যন্ত্রণাভোগের পুণ্যে,
℟ হে কুমারী মারীয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আমাদের ত্রাণের জন্য প্রার্থনা কর, * হে কুমারী মারীয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: হে শোকার্ত মাতা,
তোমাকে কত দুঃখক্লেশ ভোগ করতে হল।
এখন তুমি কিন্তু তোমার পুত্রের পাশে
বিশ্বরানীরূপে গৌরবময় আসনে সমাসীন।

## পূর্বাহ্ণ, মধ্যাহ্ন ও অপরাহ্ণ প্রহর

ধন্যা কুমারী মারীয়ার সাধারণ ব্যবস্থা, পৃঃ ৯৫৯ …।

## সন্ধ্যারতি

### স্তোত্র

১। হে কুমারী, তব স্নেহে
আমার দিকে চেয়ে দেখ :
আমি যেন বহন করি
খ্রীষ্টের যন্ত্রণা।

২। খ্রীষ্টের ক্ষত মমও ক্ষত,
এটি, মাতা, মম ইচ্ছা।
বিচারমঞ্চে আমায় তুমি
কর গো রক্ষা।

৩। খ্রীষ্ট! মাতার পুণ্যে যেন
মৃত্যুক্ষণে থাকি অটল ;
মৃত্যুর পরে লাভি যেন
স্বর্গের মহিমা। (যাকোব দে বেনেদেত্তি † ১৩০৬)

১ম ধুয়ো : এসো, * নব সন্ধির সাধক সেই খ্রীষ্টের সঙ্গে
জীবনময় ঈশ্বরের নগরীতে করি প্রবেশ। সাম ১১০

২য় ধুয়ো : তোমরা, * যারা খ্রীষ্টের দুঃখযন্ত্রণার সহভাগী,
তোমরা আনন্দিত হও। সাম ১১৩

৩য় ধুয়ো : খ্রীষ্টের রক্তে * ঈশ্বর নিজের সঙ্গে
সবকিছু পুনর্মিলিত করেছেন। সাম ১২২

৪র্থ ধুয়ো : হে আমাদের শান্তি খ্রীষ্ট, * তোমার যন্ত্রণাভোগ দ্বারা
তুমি আমাদের পুনর্মিলিত করেছ পিতার সঙ্গে। সাম ১২৭

৫ম ধুয়ো : খ্রীষ্টেরই রক্তে * সাধিত আমাদের মুক্তি। গীতিকা এফে

**বাণী পাঠ** **২ তি ২:১০-১২ক**

ঈশ্বরের মনোনীতদের জন্য আমি সবকিছুই সহ্য করি যেন তারাও চিরস্থায়ী গৌরবের সঙ্গে খ্রীষ্টযীশুতে আশ্রিত পরিত্রাণও লাভ করে। একথা বিশ্বাস্য যে, আমরা যদি তাঁর সঙ্গে মরি, তবে জীবিতও থাকব তাঁর সঙ্গে ; যদি কষ্ট সহ্য করি, তবে রাজত্বও করব তাঁর সঙ্গে।

**শ্লোক**

প্র ধন্যা মারীয়া দাঁড়িয়ে ছিলেন * পুত্রের ক্রুশের ধারে।
উ ধন্যা মারীয়া দাঁড়িয়ে ছিলেন * পুত্রের ক্রুশের ধারে।
প্র তিনি সাক্ষ্যমরদের মর্যাদায় ভূষিতা হলেন
উ পুত্রের ক্রুশের ধারে।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ ধন্যা মারীয়া দাঁড়িয়ে ছিলেন * পুত্রের ক্রুশের ধারে।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : যীশু * মাকে বললেন, নারী, ওই দেখ, তোমার ছেলে ;
তারপর শিষ্যটিকে বললেন, ওই দেখ, তোমার মা।

১৬ই সেপ্টেম্বর

## পোপ সাধু কর্নেলিউস ও বিশপ সাধু সিপ্রিয়ান, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার জনগণের কাছে তুমি সাধু কর্নেলিউস ও সিপ্রিয়ানকে যত্নশীল বিশপ ও নির্ভীক সাক্ষ্যমর

রূপে অর্পণ করেছ। তাঁদের মিলিত প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: বিশ্বাস ও ধর্মনিষ্ঠায় বলীয়ান হয়ে উঠে আমরা যেন মণ্ডলীর ঐক্যসাধনে নিত্য সচেষ্ট থাকতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: ধন্য সেই মৃত্যু * যা রক্তমূল্যেই অনন্ত জীবনকে কিনে নিল।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: হে আমাদের মাতা মণ্ডলী, * সাক্ষ্যমরদের রক্তই তোমার ভূষণ।

১৭ই সেপ্টেম্বর

## সাধ্বী ইল্ডেগার্ড, চিরকুমারী

সাধারণ ব্যবস্থা: চিরকুমারী, পৃঃ ১০২১।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি সাধ্বী ইল্ডেগার্ডের অন্তর এমন অপূর্ব ভক্তি দানে উদ্দীপিত করেছিলে যে, তিনি তোমার জ্যোতির্ময় ঐশস্বরূপ ধ্যানে অবিরত ধ্যানমগ্না ছিলেন। তাঁর প্রার্থনার ফলে আমরাও যেন তাঁরই মত তোমার মঙ্গলময়তা ধ্যানে অবিরত ধ্যানমগ্ন থাকতে পারি এবং সন্ন্যাসজীবন সাধনায় অবিচল থাকতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: খ্রীষ্টের কনে ইল্ডেগার্ডের আলোতে * মণ্ডলী হল উদ্ভাসিত;
তাঁর ধর্মশিক্ষার জ্যোতিতে খ্রীষ্টভক্ত পেল পরিত্রাণ।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: হে ধন্যা সন্ন্যাসিনী,
তুমি ঐশপ্রজ্ঞার আবাস হতে যোগ্য হলে।

একই দিন ১৭ই সেপ্টেম্বর

## সাধু রবার্ট বেলার্মিন, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, খ্রীষ্টমণ্ডলীর প্রকৃত ধর্মবিশ্বাস সমর্থনের জন্য তুমি সাধু রবার্টকে অপূর্ব বুদ্ধি ও গুণাবলি দানে ভূষিত করেছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: সেই বিশ্বাস এখনও অক্ষুণ্ণই দেখে তোমার জনগণ যেন আনন্দিত হতে পারে।

১৯শে সেপ্টেম্বর

## সাধু জানুয়ারিউস, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, আশীর্বাদ কর: আমরা যারা আজ তোমার অনুগ্রহে সাক্ষ্যমর জানুয়ারিউসের স্মৃতি পালন করি, যেন তাঁর সাহচর্য লাভে চিরকালীন আনন্দে আনন্দিত হতে পারি।

২০শে সেপ্টেম্বর

## সাধু আন্দ্রিয় কিম তায়েগং, পুরোহিত, পল চং হাসাং ও তাঁদের সঙ্গীরা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি বিশ্বজুড়েই তোমার খ্রীষ্টভক্তদের সংখ্যা বৃদ্ধি করে থাক, এবং সাক্ষ্যমর সাধু আন্দ্রিয় কিম তায়েগং ও তাঁর সঙ্গীদের রক্ত-সিঞ্চনে কাথলিক বিশ্বাস-ক্ষেত্র ফলশালী করে তুলেছ। তাঁদের মিলিত প্রার্থনায়

প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: আমরা যেন তাঁদের সহায়তা লাভে রক্ষা পেতে পারি, ও তাঁদের জীবনাদর্শ দ্বারা নিয়তই উপকৃত হতে পারি।

২১শে সেপ্টেম্বর

## সাধু মথি, প্রেরিতদূত ও সুসমাচার-রচয়িতা

সাধারণ ব্যবস্থা: প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

### সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি অনির্বচনীয় দয়া দেখিয়ে কর-আদায়কারী সাধু মথিকে প্রেরিতদূত রূপে মনোনীত করতে প্রসন্ন হয়েছিলে। আশীর্বাদ কর: তাঁর আদর্শ ও নিত্য প্রার্থনায় উদ্দীপিত হয়ে আমরা যেন তোমার অনুসরণ করে তোমাকে দৃঢ়তর ভাবে আঁকড়িয়ে ধরে থাকি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: শুল্কঘরে বসা মথিকে দে'খে
যীশু তাঁকে বললেন, আমার অনুসরণ কর।
আর তিনি উঠে তাঁর অনুসরণ করলেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: আমি * বলিদান নয়, দয়াই চাই।
ধার্মিককে নয়, পাপীকেই আহ্বান জানাতে এসেছি।

২৩শে সেপ্টেম্বর

## পিয়েত্রেল্চিনার সাধু পিউস, পুরোহিত

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি সাধু পিউসকে তোমার পুত্রের ক্রুশের অংশী হওয়ার বিশেষ অনুগ্রহ দান করেছ ও তাঁর সেবাকর্মের মধ্য দিয়ে তোমার কৃপার আশ্চর্য কর্মকীর্তি পুনঃসাধন করেছ। আশীর্বাদ কর, তাঁর প্রার্থনার পুণ্যফলে আমরাও যেন খ্রীষ্টের যন্ত্রণাভোগে অনুক্ষণ যুক্ত থেকে পুনরুত্থানের গৌরবে সানন্দেই উপনীত হতে পারি।

২৫শে সেপ্টেম্বর

## সাধু যোসেফ বেনেডিক্ট দুসমে, বিশপ

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

### সমাপন প্রার্থনা

হে করুণাময় পিতা ঈশ্বর, তোমার আশীর্বাদে বিশপ যোসেফ বেনেডিক্ট তোমার প্রেমাগ্নিতে উদ্দীপিত হয়ে সন্ন্যাসজীবনের আদর্শ, গরিবদের দরদী সেবক ও দুঃখক্লিষ্টদের সান্ত্বনাদাতা হয়ে উঠেছিলেন। আশীর্বাদ কর: আমরাও যেন সবকিছুর ঊর্ধ্বে তোমারই অন্বেষণ করি, এবং একাগ্র অন্তরে ও আনন্দিত মনে ভাইবোনদের সেবা করে তোমাকেই ভক্তি ও সেবা করতে পারি।

২৬শে সেপ্টেম্বর

## সাধু কসমাস ও দামিয়ান, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

### সমাপন প্রার্থনা

হে প্রভু, সাধু কসমাস ও দামিয়ানের স্মৃতি শ্রদ্ধার সঙ্গে রক্ষা করে আমাদের ওষ্ঠে জেগে উঠুক তোমার বন্দনাগান: তুমিই তো অনির্বচনীয় দয়া দেখিয়ে তাঁদের দিয়েছ অমর গৌরব, আমাদের উপর বর্ষণ করেছ অমেয়

আশীর্বাদ।

২৭শে সেপ্টেম্বর

## সাধু ভিনসেণ্ট দ্য পল, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (সেবাব্রতী), পৃঃ ১০৩১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু ভিনসেণ্টকে গরিবদের সেবা ও পুরোহিতদের গঠনের উদ্দেশ্যে প্রৈরিতিক গুণাবলিতে ভূষিক করেছিলে। আশীর্বাদ কর : আমরা যেন একই উদ্দীপনায় উদ্দীপিত হয়ে উঠে তিনি যা ভালবাসতেন, তাই ভালবাসতে পারি ; তিনি যা শেখাতেন, তাই কাজে প্রতিফলিত করতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : অনাথের পিতা, * অবহেলিতের অবলম্বন ভিনসেণ্টের জীবনে
স্বয়ং ঈশ্বরের মমতা প্রকাশ পায়।

২৮শে সেপ্টেম্বর

## সাধু ভেন্সেস্লাস, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার প্রেরণা গুণেই সাক্ষ্যমর সাধু ভেন্সেস্লাস তাঁর পার্থিব রাজ্যের চেয়ে স্বর্গরাজ্যকেই প্রাধান্য দিয়েছিলেন। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : আত্মত্যাগ ক'রে আমরা যেন মনে প্রাণে তোমাকেই আঁকড়িয়ে থাকতে পারি।

একই দিন ২৮শে সেপ্টেম্বর

## সাধু লরেন্স রুইজ ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু ঈশ্বর, ধর্মময়তার জন্য নির্যাতিত যারা, তোমার রাজ্যে তারা সুখী। তাই মিনতি জানাই, আমাদের দান কর সেই নিষ্ঠতা, যা সাক্ষ্যমর সাধু লরেন্স রুইজ ও তাঁর সঙ্গীরা তোমার ও প্রতিবেশীর সেবা করায় দেখিয়েছিলেন।

২৯শে সেপ্টেম্বর

## মহাদূত মিখায়েল ও স্বর্গদূতবৃন্দ

পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি অপূর্বভাবে স্বর্গদূতের ও মানষের উপর ভিন্ন ভিন্ন দায়িত্বভার আরোপ করে থাক। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : স্বর্গলোকে যাঁরা তোমার নিত্য সেবায় রত, তাঁরা যেন ইহলোকে আমাদের অবিরতই রক্ষা করেন।

আহ্বান সঙ্গীত

**ধুয়ো :** তাঁর আপন স্বর্গদূতদের সঙ্গে,
এসো, প্রভুর চরণে প্রণিপাত করি। **সাম ৯৫**

## জাগরণী

### স্তোত্র

১। ওগো খ্রীষ্ট, মিখায়েল দূত
যেন মোদের ঘরে এসে
মন্দ ক'রে বিদূরিত
করেন শান্তি দান।

২। শক্তিশালী গাব্রিয়েল দূত
শয়তানকে করুন ধ্বংসন।
মোদের হৃদে তব বাণী
করুন ধ্বনিত।

৩। চিকিৎসক রাফায়েল দূতকে
স্বর্গ থেকে কর প্রেরণ :
তিনি দেহ ও আত্মা করুন
সুস্থ সবল হে।

৪। খ্রীষ্ট, তুমি দূতদের ভূষণ!
মোদের যাচনা কর গ্রহণ ;
দূতদের সঙ্গে গাইব তবে :
ধন্য ত্রিত্ব হে। (১০ম শতাব্দী)

### ১ম পর্ব

১ম ধুয়ো : হে স্বর্গদূতদের প্রভু, * তোমার মাহাত্ম্য
আকাশমণ্ডলের ঊর্ধ্বে সঙ্কীর্তিত। সাম ৮
২য় ধুয়ো : সাগর * আলোড়িত হল, পৃথিবী কম্পান্বিত হল :
স্বর্গ থেকে নেমে আসছিলেন মিখায়েল মহাদূত। সাম ১৫
৩য় ধুয়ো : ঊর্ধ্বলোকে * সকল দূত তোমার প্রশংসাগান করে বলেন :
হে পরমেশ্বর, তুমি প্রশংসার যোগ্য। সাম ২৪
℣ এক স্বর্গদূত মন্দিরের বেদির পাশে এসে দাঁড়ালেন,
℟ তাঁর হাতে একটা সোনার ধূপদানি।

### ২য় পর্ব

১ম ধুয়ো : যাঁকে * আমি দর্শনে দেখেছিলাম,
সেই গাব্রিয়েল দূত আমাকে স্পর্শ করে উদ্বুদ্ধ করে তুললেন।সাম ৯৬
২য় ধুয়ো : আমি রাফায়েল দূত, * আমি সর্বদাই ঈশ্বরের সাক্ষাতে ;
তোমরা তাঁকে ধন্য বল, বর্ণনা কর তাঁর সকল আশ্চর্য কাজ।সাম ৯৮
৩য় ধুয়ো : গাব্রিয়েল দূত
জাখারিয়াকে দর্শন দিয়ে বললেন,
তোমার স্ত্রী এলিজাবেথ তোমার ঘরে একটি পুত্রসন্তান প্রসব করবে।
তুমি তাঁর নাম রাখবে যোহন। সাম ৯৯
℣ স্বর্গদূতদের সামনে আমি করি তোমার স্তবগান, ঈশ্বর আমার ;
℟ তোমার পবিত্র মন্দির পানে করি প্রণিপাত, করি তোমার নামের স্তুতি।

### ৩য় পর্ব

ধুয়ো : তোমরা * সিয়োন পর্বত,
জীবনময় ঈশ্বরের নগরী, সেই স্বর্গীয় যেরুসালেম
এবং অসংখ্য দূতবাহিনীর উৎসব-সমাবেশের হয়েছ সম্মুখীন।

**সর্বযুগের রাজার স্তুতিগান** **গীতিকা তোবিত ১৩:২-১০ক**

ধন্য পরমেশ্বর, তিনি নিত্য জীবনময়, তাঁর রাজ্য যুগযুগস্থায়ী;
কারণ তিনি শাস্তি দেন, আবার ক্ষমা করেন;
পৃথিবীর গভীরতম পাতালে নামিয়ে দেন, †
মহাধ্বংসস্তূপ থেকে তুলে আনেন;
তাঁর হাত এড়াতে পারে, তেমন কিছুই নেই।

বিজাতীয়দের সামনে তাঁর স্তুতিগান কর, ইস্রায়েল সন্তানসকল, †
কারণ ওদের মধ্যে তোমাদের ছড়িয়ে দিয়ে
তিনি এইখানে তাঁর মহত্ত্ব প্রকাশ করলেন;
সকল প্রাণীর সামনে তাঁর বন্দনা কর, †
তিনিই আমাদের প্রভু, আমাদের ঈশ্বর,
তিনিই আমাদের পিতা, চিরকালীন ঈশ্বর।

তোমাদের অন্যায়ের জন্য শাস্তি দিয়ে
তিনি আবার তোমাদের সকলকে দয়া করবেন।
যাদের মাঝে তোমরা ছড়িয়ে পড়েছিলে,
সেই সকল জাতির মধ্য থেকে তিনি তোমাদের সংগ্রহ করবেন।

তোমাদের সমস্ত হৃদয় দিয়ে, তোমাদের সমস্ত প্রাণ দিয়ে তাঁর দিকে ফিরে
সত্যের সাধক হও তাঁর সামনে;
তবেই তিনি তোমাদের দিকে ফিরে চাইবেন,
তোমাদের কাছ থেকে লুকিয়ে রাখবেন না তাঁর আপন শ্রীমুখ।

এখন ভেবে দেখ তিনি কেমন ব্যবহার করেছেন তোমাদের প্রতি,
মুক্তকণ্ঠে তাঁকে জানাও ধন্যবাদ;
ধর্মময়তার প্রভুকে বল ধন্য,
সর্বযুগের রাজার বন্দনা কর।

এই নির্বাসনের দেশে আমি তাঁর স্তুতিগান করি,
তাঁর শক্তি ও মহত্ত্বের কথা এক পাপিষ্ঠ জাতির কাছে জ্ঞাত করি।
ফিরে এসো, পাপীরা, যা ন্যায় তাই কর তাঁর সামনে,
কে জানে! তিনি প্রসন্ন হয়ে তোমাদের দয়া করবেন।

আমি পরমেশ্বরের বন্দনা করি,
আমার প্রাণ স্বর্গের রাজায় মেতে ওঠে।
সকলেই তাঁর মহত্ত্বের কথা বলুক,
যেরুসালেমে করুক তাঁর স্তুতিবাদ।

**নতুন যেরুসালেম** **গীতিকা তোবিত ১৩:১০-১৩**

হে পবিত্র নগরী যেরুসালেম, †
তোমার সন্তানদের কাজের জন্যই তিনি তোমাকে শাস্তি দিলেন,
কিন্তু ধার্মিকদের সন্তানদের তিনি আবার দয়া করবেন।
যোগ্যরূপে প্রভুকে জানাও ধন্যবাদ,
সর্বযুগের রাজাকে বল ধন্য,

তবে তোমার মধ্যে আনন্দের সঙ্গে তাঁর তাঁবু পুনর্নির্মিত হবে,

তোমার মধ্যেই তিনি সকল নির্বাসিতকে আনন্দিত করবেন,
তোমার মধ্যেই তিনি সকল অত্যাচারিতকে ভালবাসবেন
যুগে যুগে চিরকাল।

পৃথিবীর সকল প্রান্তে হবে উজ্জ্বল আলোর উদ্ভাস,
দূর থেকে বহু দেশ আসবে তোমার কাছে,
পৃথিবীর সকল প্রান্তের অধিবাসী পবিত্র নামের কাছে আসবে,
হাতে ক'রে স্বর্গের রাজার জন্য উপহার।

যুগের পর যুগ সকলে তোমার মধ্যে নিজেদের আনন্দ-ফুর্তি ব্যক্ত করবে,
এবং মনোনীত নগরীর নাম বিরাজ করবে যুগে যুগে চিরকাল।

**স্বর্গীয় যেরুসালেম** **গীতিকা তোবিত ১৩:১৫,১৬গ-১৭ক,১৭থ-১৮**

তবে উল্লাস কর!
ধার্মিকদের সন্তানদের বিষয়ে মেতে ওঠ,
কারণ তোমার কাছে একত্রিত হয়ে
সকলে সর্বযুগের রাজাকে বলবে ধন্য।

আহা তাদের কী সুখ, যারা তোমাকে ভালবাসে,
যারা তোমার শান্তিতে আনন্দিত!
প্রাণ আমার, মহান রাজা সেই প্রভুকে বল ধন্য,
কারণ যেরুসালেম তাঁর চিরকালীন আবাসরূপেই পুনর্নির্মিত হবে।

নীলকান্তমণি ও মরকতমণিতেই পুনর্নির্মিত হবে তার তোরণদ্বার,
রত্ন-মণিতেই তার সমস্ত প্রাচীর।
যেরুসালেমের যত রাস্তা-ঘাটে
ফিরোজা পাথর ও ওফিরের পাথর পাতা হবে।

যেরুসালেমের তোরণদ্বারে আনন্দের সঙ্গীত ধ্বনিত হবে,
তার সকল বাড়ি-ঘর গেয়ে উঠবে, আল্লেলুইয়া! ধন্য ইস্রায়েলের পরমেশ্বর;
তারাও ধন্য, যারা তাঁর পবিত্র নাম ধন্য করবে যুগে যুগে চিরকাল।
*ত্রিত্বের গৌরব হোক চিরকালের মত। আমেন।*

ধুয়ো: তোমরা সিয়োন পর্বত,
জীবনময় ঈশ্বরের নগরী, সেই স্বর্গীয় যেরুসালেম
এবং অসংখ্য দূতবাহিনীর উৎসব-সমাবেশের হয়েছ সম্মুখীন।

℣ হে মহাশক্তিধর, যারা তাঁর বাণীর স্বর শোনামাত্র তাঁর আদেশ মেনে চল,
℟ তাঁর সেই সকল দূত প্রভুকে বল ধন্য।

**স্তোত্র:** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা:** লুক ১:২৬-৩৮।
**স্তোত্র:** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

স্তোত্র: জাগরণীর স্তোত্র ব্যবহারযোগ্য, পৃঃ ৮৮১।

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : হে মিখায়েল মহাদূত,
আমি তোমাকে মানবের সহায়তায় নিযুক্ত করেছি।
২য় ধুয়ো : এক স্বর্গদূত * মন্দিরের বেদির পাশে এসে দাঁড়ালেন,
তাঁর হাতে একটা সোনার ধূপদানি।
৩য় ধুয়ো : তোমার জন্যই * আপন দূতদের প্রভু আজ্ঞা দিলেন,
তাঁরা যেন পদে পদে তোমায় রক্ষা করেন।
৪র্থ ধুয়ো : হে প্রভুর দূতবাহিনী, * তোমরা চিরকাল বল : প্রভু ধন্য।
৫ম ধুয়ো : উর্ধ্বলোকে * দূতবাহিনী সমস্বরে গেয়ে চলেন,
হে প্রভু, তোমার উদ্দেশে গান করা সমীচীন।

**বাণী পাঠ** **আদি ২৮:১২-১৩ক**

যাকোব স্বপ্ন দেখলেন, একটা সিঁড়ি, যার এক মাথা পৃথিবীতে স্থাপিত আর এক মাথা স্বর্গ স্পর্শ করে। আর দেখ, তা বেয়ে পরমেশ্বরের দূতেরা ওঠা-নামা করছেন। আর দেখ, প্রভু তাঁর সামনেই দাঁড়িয়ে আছেন; তিনি বললেন, 'আমি প্রভু, তোমার পিতা আব্রাহামের পরমেশ্বর ও ইসায়াকের পরমেশ্বর।

**শ্লোক**

℣ এক স্বর্গদূত এসে দাঁড়ালেন * মন্দিরের বেদির পাশে।
℟ এক স্বর্গদূত এসে দাঁড়ালেন * মন্দিরের বেদির পাশে।
℣ তাঁর হাতে একটা সোনার ধূপদানি,
℟ মন্দিরের বেদির পাশে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ এক স্বর্গদূত এসে দাঁড়ালেন * মন্দিরের বেদির পাশে।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : তোমরা দেখতে পাবে, * স্বর্গলোক উন্মুক্ত;
এবং ঈশ্বরের দূতেরা মানবপুত্রের উপরে উঠে যাচ্ছেন ও নেমে আসছেন।

**মিনতি নিবেদন**

যিনি অসংখ্য দূতবাহিনী দ্বারা পূজিত, আসুন, স্বর্গদূতদের কণ্ঠে কণ্ঠ মিলিয়ে আমরাও সেই প্রভুর মহিমাকীর্তন করি :

*হে প্রভু, দূত ও মহাদূতদের সঙ্গে আমরা তোমার প্রশংসাবাদ করি।*

-হে ঈশ্বর, তুমি স্বর্গদূতদের আজ্ঞা দিয়েছ, তাঁরা যেন পদে পদে আমাদের রক্ষা করেন। যত সঙ্কট ও প্রলোভন থেকে আমাদের নিরাপদে রাখ।

-তুমি তো স্বর্গদূতদের কাছে তোমার শ্রীমুখের গৌরব প্রকাশ কর। আশীর্বাদ কর, আমরা যেন সর্বদা তোমার উপস্থিতির আলোতে জীবন যাপন করতে পারি।

-তুমি একদিন তোমার সন্তানদের স্বর্গদূতদের সাদৃশ্যে গড়ে তুলবে। আমাদের দেহমন শুচিশুভ্র করে তোল।

-তোমার জনগণের সাহায্যে তোমার মহাদূত মিখায়েলকে প্রেরণ কর। তিনি শয়তানের আক্রমণ থেকে আমাদের রক্ষা করুন।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : হে মিখায়েল মহাদূত,
আমি তোমাকে মানবের সহায়তায় নিযুক্ত করেছি।

**বাণী পাঠ** **প্রত্যা ৫:১১-১২**

আমি সিংহাসন ও প্রাণীদের ও প্রবীণদের চারপাশে বহু স্বর্গদূতের কণ্ঠস্বর শুনতে পেলাম। সংখ্যায় তাঁরা ছিলেন লক্ষ লক্ষ, কোটি কোটি; তাঁরা উদাত্ত কণ্ঠে বলছিলেন, 'যাঁকে বধ করা হয়েছিল, সেই মেষশাবক পরাক্রম ও ঐশ্বর্য, প্রজ্ঞা ও শক্তি, সম্মান, গৌরব ও "ধন্য" স্তুতিবাদ গ্রহণের যোগ্য!'

℣ স্বর্গদূতের হাত থেকে

℟ ধূপধুনোর ধোঁয়া উর্ধ্বে ঈশ্বরের কাছে যেতে লাগল।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: এক স্বর্গদূত * মন্দিরের বেদির পাশে এসে দাঁড়ালেন,
তাঁর হাতে একটা সোনার ধূপদানি।

**বাণী পাঠ** **প্রত্যা ১:১-২**

যীশুখ্রীষ্টের ঐশপ্রকাশ, যা স্বয়ং ঈশ্বর তাঁকে দান করেছেন, তিনি যেন, যা শীঘ্র অবশ্যই ঘটবার কথা, তা তাঁর আপন দাসদের কাছে ব্যক্ত করেন। এবং তাঁর দাস যোহনকে এই সমস্ত জানাবার জন্য তিনি নিজের দূত প্রেরণ করলেন, আর যোহন ঈশ্বরের বাণী ও যীশুখ্রীষ্টের সাক্ষ্য সম্বন্ধে যা দেখেছিলেন, সেই সমস্ত বিষয়ে সাক্ষ্য দিলেন।

℣ প্রভুর বাণীর স্বর শোনামাত্রই তাঁর আদেশ মেনে চল যাঁরা,

℟ তাঁর সেই সকল দূত, প্রভুকে বল ধন্য।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: হে প্রভুর দূতবাহিনী, * তোমরা চিরকাল বল: প্রভু ধন্য।

**বাণী পাঠ** **প্রত্যা ১২:৭-৮**

তখন স্বর্গলোকে একটা যুদ্ধ বেধে গেল; মিখায়েল ও তাঁর দূতবাহিনী নাগদানবকে আক্রমণ করলেন। নাগদানবটাও তার নিজের দূতবাহিনীকে নিয়ে যুদ্ধ করল, কিন্তু জিততে পারল না; এমনকি স্বর্গে তাদের জন্য কোন স্থান আর রইল না।

℣ স্বর্গদূতদের সামনে আমি করি তোমার স্তবগান, ঈশ্বর আমার;

℟ তোমার পবিত্র মন্দির পানে করি প্রণিপাত, করি তোমার নামের স্তুতি।

## সন্ধ্যারতি

স্তোত্র: জাগরণীর স্তোত্র ব্যবহারযোগ্য, পৃঃ ৮৮১।

১ম ধুয়ো: যখন মহাদূত মিখায়েল
সেই নাগ্‌দানবটার সঙ্গে যুদ্ধ করছিলেন,
তখন স্বর্গলোকে বহুলোকের এ কণ্ঠস্বর ধ্বনিত হল,
আমাদের ঈশ্বরের জয়, আল্লেলুইয়া। সাম ১১০

২য় ধুয়ো: গাব্রিয়েল দূত * মারীয়াকে বললেন, আনন্দিতা হও, হে অনুগৃহীতা!
প্রভু তোমার সঙ্গে আছেন; নারীকুলে তুমি ধন্যা। সাম ১১১

৩য় ধুয়ো: এসো, * সেই প্রভুর প্রশংসা করি, যাঁর প্রশংসা করেন স্বর্গদূত,
যাঁর উদ্দেশে খেরুব ও সেরাফদূত বলে চলেন, পবিত্র, পবিত্র, পবিত্র। সাম ১১২

৪র্থ ধুয়ো: স্বর্গদূতদের সামনে * আমি করি তোমার স্তবগান,
ঈশ্বর আমার। সাম ১৩৮

৫ম ধুয়ো: ঈশ্বরের সিংহাসনের সামনে * আমি বলীকৃত মেষশাবককে দেখলাম,
বহু স্বর্গদূতদের কণ্ঠস্বরও শুনতে পেলাম। গীতিকা কল

**বাণী পাঠ** **প্রত্যা ১:৪খ-৫**

যিনি আছেন, যিনি ছিলেন, যিনি আসছেন, তাঁর কাছ থেকে, তাঁর সিংহাসনের সম্মুখীন সপ্ত আত্মার কাছ থেকে এবং বিশ্বস্ত সাক্ষ্যদাতা যিনি, মৃতদের মধ্য থেকে প্রথমজাত ও পৃথিবীর রাজাদের অধিরাজ সেই যীশুখ্রীষ্টের কাছ থেকে অনুগ্রহ ও শান্তি তোমাদের উপর বর্ষিত হোক! যিনি আমাদের ভালবাসেন, যিনি নিজের রক্তে আমাদের পাপ থেকে আমাদের মুক্ত করেছেন।

**শ্লোক**

℟ ধূপধুনোর ধোঁয়া উর্ধ্বে * ঈশ্বরের কাছে যেতে লাগল।
℟ ধূপধুনোর ধোঁয়া উর্ধ্বে * ঈশ্বরের কাছে যেতে লাগল।
℣ স্বর্গদূতের হাত থেকে
℟ পরমেশ্বরের কাছে যেতে লাগল।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ ধূপধুনোর ধোঁয়া উর্ধ্বে * ঈশ্বরের কাছে যেতে লাগল।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : দূত ও মহাদূত, * স্বর্গবাহিনী ও শক্তিবৃন্দ,
উর্ধ্বলোক থেকে তোমরা প্রভুর প্রশংসা কর। আল্লেলুইয়া।

**মিনতি নিবেদন**

আসুন, পিতা ঈশ্বরকে অনুনয় করি, আমরা যেন স্বর্গদূতদের মত তাঁর বাণীর স্বর শোনামাত্রই তাঁর আদেশ মেনে চলতে পারি :

*হে স্বর্গদূতদের রাজা, আমাদের প্রার্থনা শোন।*

-হে প্রভু, স্বর্গদূতদের হাত থেকে আমাদের প্রার্থনা গ্রহণ কর। তা সুগন্ধি ধূপের মত তোমার কাছে গ্রহণীয় হোক।

-আমাদের স্তুতিযজ্ঞ গ্রহণ কর। স্বর্গদূতেরা আমাদের এই অর্ঘ্য তোমার চরণে নিবেদন করুন।

-আশীর্বাদ কর, আমরাও যেন উর্ধ্বলোকে তোমার গৌরবগান করতে পারি এবং ইহলোকে তোমার প্রীতিভাজনদের কাছে শান্তির বার্তা প্রচার করতে পারি।

-কৃপা কর, জীবন শেষে স্বর্গদূতেরা যেন তোমার শাশ্বত আবাসে, সাধুসাধ্বীর আনন্দপূর্ণ সমাবেশে আমাদের চালিত করেন।

-তোমার মহা অগ্রদূত মিখায়েল মৃত সকলকে অনির্বাণ জ্যোতির্লোকে নিয়ে চলুন।

৩০শে সেপ্টেম্বর

## সাধু যেরোম, পুরোহিত ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পুরোহিত সাধু যেরোমের অন্তরে পবিত্র শাস্ত্রবাণীর প্রতি মধুর ও জীবন্ত ভক্তি সঞ্চার করেছিলে। আশীর্বাদ কর : তোমার জনগণ যেন বাণী দ্বারা উত্তরোত্তর পরিপুষ্ট হয়ে ওঠে ও তারই মধ্যে খুঁজে পায় জীবনের উৎস।

# অক্টোবর

১লা অক্টোবর

## বালক যীশু-ভক্তা সাধ্বী তেরেজা, চিরকুমারী ও মণ্ডলীর আচার্যা

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি নির্ধারণ করেছ, নম্রচিত্ত ও শিশুর মত যারা তারাই হবে তোমার রাজ্যের অধিকারী। আশীর্বাদ কর: সাধ্বী তেরেজার সেই সরলতার পথে ভরসার সঙ্গে এগিয়ে চলে আমরা যেন তাঁর প্রার্থনার পুণ্যফলে স্বচক্ষেই তোমার সনাতন গৌরবের দর্শন পেতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : তোমরা * যদি শিশুদের মত না হও,
স্বর্গরাজ্যে ঢুকতে পারবে না।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : আনন্দ কর,
তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

২রা অক্টোবর

## পবিত্র রক্ষীদূতবৃন্দ

স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার অপূর্ব মঙ্গলবিধানে তুমি প্রসন্নতার সঙ্গে তোমার পবিত্র স্বর্গদূতদের আমাদের রক্ষায় প্রেরণ করে থাক। আশীর্বাদ কর, আমরা যেন তাঁদের নিত্য সহায়তায় রক্ষা পেয়ে একদিন তাঁদের চিরন্তন সাহচর্য লাভে আনন্দ করতে পারি।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো :** স্বর্গদূতেরা যাঁকে সেবা করেন,
এসো, সেই প্রভুর চরণে প্রণিপাত করি।

## জাগরণী

স্তোত্র : প্রভাতী বন্দনার স্তোত্র ব্যবহারযোগ্য।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। আহা, মহান বিশ্বকর্মা
তুমি যা আদিতে গড়লে,
—তোমার কাছে মোদের ভিক্ষা—
সেই সবকিছু কর রক্ষা।

২। যাচনা করি তব দয়া,
মোদের কণ্ঠ শোন তুমি ;
যত তমস হোক বঞ্চিত,
হৃদে জ্যোতি হোক সঞ্চিত।

৪। তাঁরা নিত্য কাছে থাকুন,
অন্তর মন উদ্বুদ্ধ করুন ;
পাছে মোরা কোনও কালে
শয়তানের পড়ি জালে।

৫। চরম শত্রুর আক্রমণে
দাঁড়ান তাঁরা মোদের পাশে,
রক্ষা করুন মোদের শান্তি,
তবে পাব দিব্য কান্তি।

৩। রক্ষীদূতদের তুমি দিলে
মোদের উপকারের জন্য :
তাঁরা থাকুন মোদের ঘরে,
করুন রক্ষা যুগযুগ ধরে।

৬। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমি পুত্র ও আত্মার সঙ্গে
নিত্য বিরাজমান রাজেশ্বর,
চিরকালীন জীবনেশ্বর।

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে। (১৫শ শতাব্দী)

১ম ধুয়ো : তোমার জন্যই * আপন দূতদের প্রভু আজ্ঞা দিলেন,
তাঁরা যেন পদে পদে তোমায় রক্ষা করেন।

২য় ধুয়ো : এসো, * সেই প্রভুর প্রশংসা করি, যাঁর প্রশংসা করেন স্বর্গদূত,
যাঁর উদ্দেশে খেরুব ও সেরাফদূত বলে চলেন : পবিত্র, পবিত্র, পবিত্র।

৩য় ধুয়ো : স্বর্গদূতেরা অনুক্ষণ * আমার স্বর্গস্থ পিতার শ্রীমুখের দর্শন পান।

৪র্থ ধুয়ো : ধন্য পরমেশ্বর!
তিনি আপন দূত পাঠিয়ে আপন ভক্তদের মুক্ত করলেন।

৫ম ধুয়ো : প্রভুর প্রশংসা কর, * তাঁর সকল দূত,
তাঁর প্রশংসা কর, তাঁর সকল বাহিনী।

**বাণী পাঠ** **যাত্রা ২৩:২০-২২**

দেখ, আমি তোমার সামনে এক দূত প্রেরণ করছি, তিনি যেন পথে তোমাকে রক্ষা করেন ও তোমাকে নিয়ে যান সেই স্থানে যা আমি প্রস্তুত করেছি। তাঁর উপস্থিতি সম্ভ্রম কর, তাঁর প্রতি বাধ্য হও; তাঁর প্রতি বিরুদ্ধাচরণ করো না; কেননা তিনি তোমাদের অন্যায় ক্ষমা করবেন না, কারণ তাঁর অন্তরে বিরাজ করে আমার নাম। কিন্তু তুমি যদি তাঁর প্রতি বাধ্য হও, এবং আমি যা কিছু বলি তুমি সেইমত কর, তবে আমি হব তোমার শত্রুদের শত্রু, তোমার বিপক্ষদের বিপক্ষ।

**শ্লোক**

℟ স্বর্গদূতদের সামনে * আমি করি তোমার স্তবগান, ঈশ্বর আমার।
℣ স্বর্গদূতদের সামনে * আমি করি তোমার স্তবগান, ঈশ্বর আমার।
℟ আমি করি তোমার নামের স্তুতি,
℣ আমি করি তোমার স্তবগান, ঈশ্বর আমার।
℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℣ স্বর্গদূতদের সামনে * আমি করি তোমার স্তবগান, ঈশ্বর আমার।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : হে রক্ষীদূতবৃন্দ, * সংগ্রামে আমাদের রক্ষা কর,
আমরা যেন শেষ বিচারে দন্ডিত না হই।

**মিনতি নিবেদন**

যিনি অসংখ্য দূতবাহিনী দ্বারা পূজিত, আসুন, স্বর্গদূতদের কণ্ঠে কণ্ঠ মিলিয়ে আমরাও সেই প্রভুর মহিমাকীর্তন করি :

*হে প্রভু, দূত ও মহাদূতদের সঙ্গে আমরা তোমার প্রশংসাবাদ করি।*

-হে ঈশ্বর, তুমি স্বর্গদূতদের আজ্ঞা দিয়েছ, তাঁরা যেন পদে পদে আমাদের রক্ষা করেন। যত সঙ্কট ও প্রলোভন থেকে আমাদের নিরাপদে রাখ।

-তুমি তো স্বর্গদূতদের কাছে তোমার শ্রীমুখের গৌরব প্রকাশ কর। আশীর্বাদ কর, আমরা যেন সর্বদা তোমার উপস্থিতির আলোতে জীবন যাপন করতে পারি।

-তুমি একদিন তোমার সন্তানদের স্বর্গদূতদের সাদৃশ্যে গড়ে তুলবে। আমাদের দেহমন শুচিশুভ্র করে তোল।

-তোমার জনগণের সাহায্যে তোমার মহাদূত মিখায়েলকে প্রেরণ কর। তিনি শয়তানের আক্রমণ থেকে আমাদের রক্ষা করুন।

## পূর্বাহ্ন প্রহর

ধুয়ো : তোমার জন্যই * আপন দূতদের প্রভু আজ্ঞা দিলেন,
তাঁরা যেন পদে পদে তোমায় রক্ষা করেন।

**বাণী পাঠ** **শিষ্য ৫:১৭-২০**

মহাযাজক ও তাঁর সমর্থনকারীরা, অর্থাৎ সাদুকি সম্প্রদায়ের লোকেরা উঠলেন; ঈর্ষায় পরিপূর্ণ হয়ে তাঁরা প্রেরিতদূতদের গ্রেপ্তার করে হাজতখানায় আটকে রাখলেন। কিন্তু রাতের বেলায় প্রভুর দূত কারাগারের দরজাগুলো খুলে দিলেন, ও সকলকে বাইরে চালিত করে বললেন, 'যাও, মন্দিরে দাঁড়িয়ে লোকদের কাছে এই জীবন-সংক্রান্ত সমস্ত কথা প্রচার কর।'

℣ স্বর্গদূতদের সামনে আমি করি তোমার স্তবগান, ঈশ্বর আমার;
℟ তোমার পবিত্র মন্দির পানে করি প্রণিপাত, করি তোমার নামের স্তুতি।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : এসো, * সেই প্রভুর প্রশংসা করি, যাঁর প্রশংসা করেন স্বর্গদূত,
যাঁর উদ্দেশে খেরুব ও সেরাফদূত বলে চলেন: পবিত্র, পবিত্র, পবিত্র।

**বাণী পাঠ** **শিষ্য ১২:৭**

হঠাৎ প্রভুর এক দূত এসে দাঁড়ালেন, আর কারাকক্ষটা আলোয় ভরে উঠল। দূত পিতরের কাঁধে নাড়া দিয়ে তাঁকে জাগিয়ে বললেন, 'শীঘ্রই ওঠ!' আর পিতরের হাত থেকে শেকল খসে পড়ল।

℣ তাঁর আপন দূত পাঠিয়ে
℟ প্রভু হেরোদের হাত থেকে আমাকে উদ্ধার করলেন।

## অপরাহ্ন প্রহর

ধুয়ো : ধন্য পরমেশ্বর!
তিনি আপন দূত পাঠিয়ে আপন ভক্তদের মুক্ত করলেন।

**বাণী পাঠ** **শিষ্য ১০:৩-৫**

একদিন বেলা তিনটের দিকে তিনি দর্শনযোগে স্পষ্ট দেখতে পেলেন, ঈশ্বরের দূত তাঁর কাছে এগিয়ে এসে বলছেন, 'কর্নেলিউস।' তাঁর দিকে তাকিয়ে ভয়ে অভিভূত হয়ে তিনি বললেন, 'প্রভু, এ কী?' দূত তাঁকে বললেন, 'তোমার প্রার্থনা ও তোমার অর্থদান সবই স্মৃতিচিহ্ন রূপে ঊর্ধ্বে ঈশ্বরের চরণে পৌঁছেছে। তুমি এখন যাফায় কয়েকজন লোক পাঠিয়ে সিমোন নামে একজনকে—যে পিতর বলেও পরিচিত—এখানে ডাকিয়ে আন।'

℣ ভক্তদের প্রার্থনা ধূপধুনোর ধোঁয়ার মত
℟ স্বর্গদূতের হাত থেকে ঊর্ধ্বে ঈশ্বরের কাছে যেতে লাগল।

## সন্ধ্যারতি

স্তোত্র : প্রভাতী বন্দনার স্তোত্র ব্যবহারযোগ্য।

১ম ধুয়ো : তোমার জন্যই * আপন দূতদের প্রভু আজ্ঞা দিলেন,
তাঁরা যেন পদে পদে তোমায় রক্ষা করেন। সাম ১১০

২য় ধুয়ো : এসো, * সেই প্রভুর প্রশংসা করি, যাঁর প্রশংসা করেন স্বর্গদূত,
যাঁর উদ্দেশে খেরুব ও সেরাফদূত বলে চলেন : পবিত্র, পবিত্র, পবিত্র।

সাম ১১১

৩য় ধুয়ো : স্বর্গদূতেরা অনুক্ষণ,
আমার স্বর্গস্থ পিতার শ্রীমুখের দর্শন পান। সাম ১১২

৪র্থ ধুয়ো : ধন্য পরমেশ্বর!
তিনি আপন দূত পাঠিয়ে আপন ভক্তদের মুক্ত করলেন। সাম ১৩৮

৫ম ধুয়ো : প্রভুর প্রশংসা কর, * তাঁর সকল দূত,
তাঁর প্রশংসা কর, তাঁর সকল বাহিনী। গীতিকা প্রত্যা ১১

**বাণী পাঠ** **প্রত্যা ৮:৩-৪**

এক স্বর্গদূত বেদির পাশে এসে দাঁড়ালেন, তাঁর হাতে একটা সোনার ধূপদানি ছিল; এবং তাঁকে প্রচুর ধূপধুনো দেওয়া হল, তিনি যেন সিংহাসনের সামনে বসানো সেই সোনার বেদির উপরে তা নিবেদন করেন সকল পবিত্রজনদের প্রার্থনার সঙ্গে। তাই স্বর্গদূতের হাত থেকে পবিত্রজনদের প্রার্থনার সঙ্গে ধূপধুনোর ধোঁয়া ঊর্ধ্বে ঈশ্বরের কাছে যেতে লাগল।

**শ্লোক**

*প্র* তোমার জন্যই আপন দূতদের * প্রভু আজ্ঞা দিলেন।
*উ* তোমার জন্যই আপন দূতদের * প্রভু আজ্ঞা দিলেন।
*প্র* তাঁরা যেন পদে পদে তোমায় রক্ষা করেন,
*উ* প্রভু আজ্ঞা দিলেন।
*প্র* পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
*উ* তোমার জন্যই আপন দূতদের * প্রভু আজ্ঞা দিলেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : এসো, * সেই প্রভুর প্রশংসা করি,
যাঁর উদ্দেশে খেরুব ও সেরাফদূত বলে চলেন, পবিত্র, পবিত্র, পবিত্র।

**মিনতি নিবেদন**

আপন মঙ্গলবিধানে যিনি আমাদের রক্ষণাবেক্ষণে স্বর্গদূত নিযুক্ত করেছেন তাঁরা যেন পদে পদে আমাদের রক্ষা করেন, আসুন, এই সন্ধ্যাকালীন উপাসনালগ্নে সেই বিধাতা ঈশ্বরের প্রশংসাবাদ করে বলি :

*হে স্বর্গদূতদের রাজা, আমাদের প্রার্থনা শোন।*

-তুমি তো স্বর্গদূতদের মাধ্যমে তোমার আশ্চর্য কীর্তিকলাপের কথা আমাদের কাছে প্রকাশ কর। তাঁদের সাহায্যে আমরাও যেন কথায় ও কাজে তোমার মাহাত্ম্য প্রচার করতে পারি।

-হে পরাৎপর, স্বর্গদূতেরা তোমার প্রশংসা নিত্য ধ্বনিত করে থাকেন। বিশ্বমানবজাতি যেন তোমার মণ্ডলীর অবিরত প্রশংসাগানে যোগ দিতে পারে।

-তুমি স্বর্গদূতদের আজ্ঞা দিয়েছ, তাঁরা যেন তোমার ভক্তদের পদে পদে রক্ষা করেন। তাঁদের রক্ষণাবেক্ষণে যেন যাত্রী ও প্রবাসী সকল মানুষ নিজ নিজ গৃহে নিরাপদে পৌঁছতে পারে।

-তোমার মঙ্গলবিধানে স্বর্গদূতেরা হলেন শান্তির বার্তার বাহক। তাঁদের সহায়তায় সেই শান্তি যেন সারা বিশ্বে বিরাজ করে।

-তুমি যখন বিশ্ববিচারের জন্য সকল মানুষকে একত্রিত করতে দূত পাঠাবে, তখন তোমার সকল সন্তান যেন মনোনীতদের স্বর্গসভায় স্থান পেতে পারে।

৪ঠা অক্টোবর

## আসিসির সাধু ফ্রান্সিস

সাধারণ ব্যবস্থা : সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু ফ্রান্সিসকে দরিদ্রতা ও বিনম্রতায় যীশুর অনুরূপ হতে দিয়েছিলে। আশীর্বাদ কর : তাঁর আদর্শ-পথে এগিয়ে চলে আমরা যেন তোমার পুত্রের অনুসরণ করতে পারি এবং আনন্দময় ভ্রাতৃপ্রেম দ্বারা তোমার সঙ্গে মিলিত হতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : ধনহীন বিনম্র ফ্রান্সিস * এখন ধনবান হয়ে স্বর্গে প্রবেশ করছেন।
তিনি স্বর্গীয় আনন্দগানের সুরে সমাদৃত।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : প্রভু যীশু খ্রীষ্টের ক্রুশ, * এই তো আমার গর্ব :
আমার নিজের দেহে বহন করছি তাঁর প্রেমের চিহ্ন।

৬ই অক্টোবর

## সাধু ব্রুনো, নির্জনবাসী

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু ব্রুনোকে নির্জনতায় তোমার সেবা করতে আহ্বান করেছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর : এ সংসারের চাঞ্চল্যের মধ্যে আমরা যেন নিয়তই তোমার দিকে চোখ নিবদ্ধ রাখি।

৭ই অক্টোবর

## জপমালা রানী ধন্যা মারীয়া

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, আমাদের অন্তরে তোমার অনুগ্রহ সঞ্চার কর, আমরা যারা দূত-সংবাদ দ্বারা তোমার পুত্র খ্রীষ্টের দেহধারণের কথা জেনেছি, ধন্যা কুমারী মারীয়ার প্রার্থনার পুণ্যফলে যেন সেই খ্রীষ্টের যন্ত্রণাভোগ ও ক্রুশমৃত্যু গুণে পুনরুত্থানের গৌরবে উপনীত হতে পারি।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : হে নিত্যকুমারী জননী, * আনন্দ কর :
খ্রীষ্ট মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : পরমেশ্বর * ঊর্ধ্বে চলছেন জয়ধ্বনির মধ্যে,
প্রভু ঊর্ধ্বে চলছেন তূর্যনিনাদের মধ্যে। আল্লেলুইয়া।
৩য় ধুয়ো : সমস্ত পৃথিবী * প্রভুর আত্মায় পরিপূর্ণ হল। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো : মারীয়া * স্বর্গে উন্নীতা হলেন।
স্বর্গদূতেরা আনন্দের সঙ্গে বলে ওঠেন, প্রভু ধন্য। আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : কুমারী মারীয়া * স্বর্গবাহিনীর ঊর্ধ্বেও উন্নীতা হলেন।
তাঁর মাথায় বারোটি তারার মুকুট। আল্লেলুইয়া।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : হে ধন্যা মাতা,
হে পবিত্রতমা কুমারী, হে গৌরবময়ী বিশ্বরানী :
আমরা যারা তোমার পর্ব উদ্‌যাপন করছি,
যেন তোমার মাতৃসহায়তা লাভ করি।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো : প্রভুর দূত * মারীয়াকে সংবাদ দিলেন,
আর তিনি পবিত্র আত্মার প্রভাবে গর্ভস্থা হলেন। আল্লেলুইয়া। সাম ১১০
২য় ধুয়ো : আনন্দিতা হও, হে অনুগৃহীতা ! * প্রভু তোমার সঙ্গে আছেন,
নারীকুলে তুমি ধন্যা। সাম ১১৩
৩য় ধুয়ো : ধন্যা জননী * পুত্রের ক্রুশের ধারে দাঁড়িয়ে ছিলেন। সাম ১২২
৪র্থ ধুয়ো : যীশু মাকে বললেন : * ওই দেখ, এ তোমার ছেলে ;
যোহনকে বললেন : ওই দেখ, এ তোমার মা। সাম ১২৭
৫ম ধুয়ো : হে নিত্যকুমারী জননী, * আনন্দ কর :
খ্রীষ্ট মৃতদের মধ্য থেকে পুনরুত্থান করেছেন। আল্লেলুইয়া। গীতিকা এফে

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : মারীয়া, * এসব কিছু গেঁথে রেখে হৃদয়গভীরে করতেন ধ্যান।

৯ই অক্টোবর

## বিশপ সাধু ডেনিস ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু ডেনিস ও তাঁর সঙ্গীদের সর্বজাতির কাছে তোমার গৌরবের কথা প্রচার করতে পাঠিয়েছিলে ও তোমার শক্তিদানে নির্যাতনের দিনে তাঁদের নিষ্ঠাবান করেছিলে। আশীর্বাদ কর : তাঁদের অনুকরণে আমরাও যেন জগতের সাফল্য তুচ্ছ করি ও তার বিরোধিতায় বিচলিত না হই।

একই দিন ৯ই অক্টোবর

## সাধু যোহন লেওনার্দি, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (সেবাব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে সমস্ত মঙ্গলদান বিতরণকারী পরমেশ্বর, সর্বজাতির কাছে সুসমাচারের কথা প্রচার করার জন্য তুমি পুরোহিত সাধু যোহনকে মনোনীত করেছিলে। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর : সত্য ধর্মবিশ্বাস যেন সর্বস্থানে সর্বকালে বিস্তার লাভ করে।

১১ই অক্টোবর

## পোপ সাধু ত্রয়োবিংশ জন

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, পোপ সাধু জনের মধ্য দিয়ে তুমি উত্তম পালক খ্রীষ্টের জীবন্ত আদর্শ সারা পৃথিবী জুড়ে উজ্জ্বল করে তুলেছ। অনুনয় করি : তোমার আশীর্বাদে আমরা যেন তাঁর প্রার্থনার ফলে বদান্যতার সঙ্গে খ্রীষ্টীয় ভালবাসা সানন্দে ছড়াতে পারি।

১৪ই অক্টোবর

## পোপ সাধু প্রথম কালিস্তুস, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি পোপ সাধু কালিস্তুসকে মনোনীত করেছিলে যিনি মণ্ডলীর সেবা করলেন ও মৃতভক্তদের প্রতি ভক্তিপূর্ণ শ্রদ্ধা দেখালেন। অনুনয় করি : বিশ্বাসের খাতিরে তিনি যে সাক্ষ্যমরণ বরণ করলেন, তার গুণে আমাদের বলবান করে তোল, ক্ষয়শক্তির হাত থেকে রেহাই পেয়ে আমরা যেন অক্ষয় উত্তরাধিকার লাভের যোগ্য হতে পারি।

১৫ই অক্টোবর

## আভিলার সাধ্বী তেরেজা, চিরকুমারী ও মণ্ডলীর আচার্যা

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সাধ্বী তেরেজাকে তুমি তোমার পবিত্র আত্মার এমন উদ্দীপনায় উদ্দীপিত করেছিলে, তিনি যেন মণ্ডলীর কাছে পরম সিদ্ধতার পথ দেখাতে পারেন। আশীর্বাদ কর : আমরা যেন তাঁর স্বর্গীয় শিক্ষা গ্রহণে পরিপুষ্ট হই ও প্রকৃত পবিত্রতা লাভের বাসনায় জ্বলে উঠি।

১৬ই অক্টোবর

## সাধ্বী হেডুইগ, ধর্মব্রতিনী

সাধারণ ব্যবস্থা : সাধ্বী (ধর্মব্রতিনী), পৃঃ ১০৪৩।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, সাধ্বী হেডুইগের জীবনাচরণে আমরা নম্রতার এক অপূর্ব আদর্শ পেয়েছি। আশীর্বাদ কর : তাঁর প্রার্থনার পুণ্যফলে আমরা যেন স্বর্গীয় সহায়তা লাভ করতে পারি।

একই দিন ১৬ই অক্টোবর

## সাধ্বী মার্গারেট মেরী আলাকক, চিরকুমারী

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, সাধ্বী মার্গারেট মেরীকে তুমি যে প্রেরণায় উদ্দীপিত করেছিলে, আমাদের উপরেও সেই স্বর্গীয় প্রেরণা বর্ষণ কর, আমরা যেন খ্রীষ্টের জ্ঞানাতীত ভালবাসা জানতে পারি ও তোমার সমস্ত পূর্ণতায় পরিপূর্ণ হতে পারি।

১৭ই অক্টোবর

## আন্তিওখিয়ার সাধু ইগ্নাসিউস, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি সাক্ষ্যমরদের সাক্ষ্যদানে তোমার মণ্ডলীর পবিত্র দেহ অলঙ্কৃত করে থাক। আশীর্বাদ কর : আমরা আজ যাঁর স্মরণদিবস পালন করি, সেই সাধু ইগ্নাসিউসের গৌরবময় মৃত্যুযন্ত্রণা যেমন তাঁকে চিরন্তন বিভায় বিভূষিত করেছিল, তেমনি তা যেন আমাদের জন্য অশেষ সহায়তা অর্জন করে।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : আমি তাঁরই অন্বেষণ করছি, * যিনি আমাদের জন্য মরেছেন ;
আমি তাঁকেই চাই, যিনি আমাদের জন্য পুনরুত্থান করেছেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আমি তো চাই সেই ঈশ্বরের রুটি, * যা দাউদ-বংশীয় যীশুখ্রীষ্টের মাংস ;
পানীয়রূপে আমি চাই তাঁর সেই রক্ত, যা অক্ষয় ভালবাসা।

## সাধু লুক, সুসমাচার-রচয়িতা

সাধারণ ব্যবস্থা : প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে প্রভু ঈশ্বর, তুমি সাধু লুককে মনোনীত করেছিলে, তিনি যেন আপন প্রচারে ও রচনাবলিতে দীনদরিদ্রের প্রতি তোমার ভালবাসার রহস্য প্রকাশ করেন। আশীর্বাদ কর : তোমার নামে গৌরববোধ করে যারা, তারা যেন একমন একপ্রাণ হয়ে নিষ্ঠাবান থাকে, সকল জাতিও যেন দেখতে পায় তোমার পরিত্রাণ।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো :** যিনি সুসমাচারের মধ্য দিয়ে কথা বলেন,
এসো, সেই প্রভুর চরণে প্রণিপাত করি। **সাম ৯৫**

## জাগরণী

### ৩য় পর্ব

ধুয়ো : আনন্দ কর, * উল্লাস কর তোমরা,
তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

℣ ঐশবাণী শুনে বিজাতীয়রা আনন্দিত হয়ে উঠল,
℟ তারা প্রভুর বাণীর মহিমাকীর্তন করল।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** মার্ক ৩:১৩-১৯।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : নবীদের * সমস্ত বাণী
খ্রীষ্টের শুভসংবাদে পূর্ণতা লাভ করল।
২য় ধুয়ো : সত্যের প্রতি বিশ্বাসের মাধ্যমে
ঈশ্বর আমাদের প্রভু যীশুখ্রীষ্টের গৌরবলাভের উদ্দেশ্যে
আমাদের সুসমাচারের মাধ্যমে
তোমাদের আহ্বানও করেছেন।
৩য় ধুয়ো : অনেকেই * তাঁর জ্ঞানের প্রশংসা করবে ;
তিনি কখনও বিস্মৃত হবেন না।
৪র্থ ধুয়ো : স্বর্গরাজ্যেই * পুণ্যজনদের আবাস ;
তাঁদের শান্তি চিরস্থায়ী।
৫ম ধুয়ো : ধার্মিকেরা * ঈশ্বরের সম্মুখে
সূর্যের মত দীপ্তিমান হয়ে উঠবে।

**বাণী পাঠ** **১ করি ১৫:১-২ক,৩-৪**

ভাই, আমি যে সুসমাচার তোমাদের কাছে প্রচার করেছি, যা তোমরা গ্রহণ করে নিয়েছ, যার উপর সুস্থির হয়ে দাঁড়িয়ে আছ, যা দ্বারা পরিত্রাণও পাচ্ছ, তারই কথা আমি তোমাদের মনে করিয়ে দিতে চাই। তোমাদের কাছে আমি সর্বপ্রথমে তা-ই সম্প্রদান করেছি, যা আমার নিজেরই কাছে সম্প্রদান করা হয়েছিল, তথা : খ্রীষ্ট আমাদের পাপের জন্য, শাস্ত্র অনুযায়ী, মৃত্যুবরণ করলেন, তাঁকে সমাধি দেওয়া হল ; এবং শাস্ত্র অনুযায়ী তিনি তৃতীয় দিনে পুনরুত্থিত হলেন।

**শ্লোক**

℣ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, * তাঁর পরাক্রম।

℟ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, * তাঁর পরাক্রম।

℣ সেই সব আশ্চর্য কাজ যা তিনি সাধন করলেন,

℟ তাঁর পরাক্রম।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, * তাঁর পরাক্রম।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: তুমি * আমাদের সম্প্রদান করেছ সেই খ্রীষ্টেরই শুভসংবাদ,
যিনি ঊর্ধ্ব থেকে উদীয়মান জ্যোতি।

**মিনতি নিবেদন**

যিনি সুসমাচারের মাধ্যমে অনন্ত জীবন এবং অমরত্বের কথা প্রকাশ করেছেন, আসুন, সেই মৃত্যুঞ্জয়ী খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি:

*হে প্রভু, আমাদের বিশ্বাস দৃঢ় করে তোল।*

-তুমি তো সুসমাচারের আলোতে জগৎকে আলোকিত কর। সাহায্য কর, আমরা যেন তোমার শিক্ষা বিশ্বস্তভাবে পালন করতে পারি।

-তুমি প্রেরিতদূতদের আজ্ঞা দিয়েছিলে, তাঁরা যেন জগতের সর্বত্র গিয়ে সুসমাচার প্রচার করেন। তোমার মণ্ডলীতে বাণীপ্রচারের উদ্দীপনা অনুক্ষণ জাগিয়ে তোল।

-তুমি তোমার বাণী সম্প্রদান করার দায়িত্ব মণ্ডলীর হাতে তুলে দিয়েছিলে। আশীর্বাদ কর, আমরা যেন প্রৈরিতিক পরম্পরা রক্ষা করি।

-তুমি চেয়েছ, স্বর্গরাজ্য হবে মানবজাতির পরিত্রাণের জন্য খামিরেরই মত। আজও আমাদের মধ্যে তোমার প্রথম শিষ্যদের সেই উজ্জ্বল প্রৈরিতিক প্রেরণা জাগিয়ে রেখ।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: নবীদের সমস্ত বাণী
খ্রীষ্টের শুভসংবাদে পূর্ণতা লাভ করল।

**বাণী পাঠ** **রো ১:১৬-১৭**

সুসমাচার নিয়ে আমি লজ্জা বোধ করি না, কারণ প্রথমে ইহুদী এবং তারপরে গ্রীক—যে কেউ বিশ্বাস করে, তার পরিত্রাণের জন্য এ সুসমাচার হল স্বয়ং ঈশ্বরের পরাক্রম, কারণ সুসমাচারেই প্রকাশিত আছে ঈশ্বরের ধর্মময়তা যা বিশ্বাসমূলক ও বিশ্বাসজনক, যেমনটি লেখা আছে: 'বিশ্বাসগুণে যে ধার্মিক, সে বাঁচবে।'

℣ সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়ে তাঁদের কণ্ঠ,

℟ বিশ্বের প্রান্তসীমায় তাঁদের বচন।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: স্বর্গরাজ্যেই * পুণ্যজনদের আবাস;
তাঁদের শান্তি চিরস্থায়ী।

**বাণী পাঠ** **১ থে ২:২খ-৪**

আমরা আমাদের ঈশ্বরেই সাহস পেয়ে বহু বাধাবিপত্তি সত্ত্বেও তোমাদের কাছে ঈশ্বরের সুসমাচার প্রচার করেছিলাম। আমাদের আবেদন ভ্রান্তি বা অসৎ উদ্দেশ্য-প্রণোদিত নয়, ছলনায় আশ্রিতও নয়। কিন্তু ঈশ্বর নিজেই আমাদের যোগ্য বলে বিচার-বিবেচনা করে যেমন আমাদের উপর সুসমাচার প্রচারের ভার দিয়েছেন, তেমনি আমরা প্রচার করি; মানুষকে নয়, যিনি আমাদের হৃদয় যাচাই করেন, সেই ঈশ্বরকেই বরং সন্তুষ্ট করার জন্য

আমরা প্রচার করি।

℟ তাঁরা প্রভুর নির্দেশগুলি,

℣ ও তাঁর বিধান মেনে চলতেন।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : ধার্মিকেরা ঈশ্বরের সামনে

সূর্যের মত দীপ্তিমান হয়ে উঠবে।

**বাণী পাঠ** **২ তি ১:৮খ-৯**

ঈশ্বরের পরাক্রমের উপরে নির্ভর ক'রে আমার সঙ্গে তুমিও সুসমাচারের জন্য দুঃখকষ্ট বরণ কর। তিনি আমাদের পরিত্রাণ করেছেন এবং পবিত্র আহ্বানে আহ্বানও করেছেন—আমাদের কোন সৎকর্ম দেখে নয়, বরং তাঁর সঙ্কল্প ও তাঁর সেই অনুগ্রহ অনুসারে, যে অনুগ্রহ অনাদিকাল থেকেই খ্রীষ্টযীশুতে আমাদের দেওয়া হয়েছিল।

℟ প্রভু একথা বলছেন, আনন্দ কর, উল্লাস কর তোমরা,

℣ তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো : ঈশ্বরের অনুগ্রহদান অনুসারে

আমাকে সুসমাচারের সেবাকর্মী করে তোলা হয়েছে। সাম ১১০

২য় ধুয়ো : সুসমাচারের জন্য * আমি সবই করি,

যেন তার সহভাগী হতে পারি। সাম ১১৩

৩য় ধুয়ো : বিজাতীয়দের কাছে * খ্রীষ্টের সন্ধানাতীত ঐশ্বর্যের কথা প্রচার করার অনুগ্রহ

আমাকে দেওয়া হয়েছে। সাম ১১৬খ

৪র্থ ধুয়ো : প্রেরিতদূতেরা * মহাশক্তিতে উদ্দীপিত হয়ে

প্রভু যীশুর পুনরুত্থানের বিষয়ে সাক্ষ্য দিতেন। সাম ১২৬

৫ম ধুয়ো : তাঁর হৃদয়ে * প্রজ্ঞা বসবাস করে,

তাঁর ওষ্ঠে সদ্বিবেচনা বিরাজিত। গীতিকা এফে

**বাণী পাঠ** **কল ১:৩-৬**

তোমাদের জন্য যখন আমরা প্রার্থনা করি, তখন আমাদের প্রভু যীশুখ্রীষ্টের পিতা ঈশ্বরকে অবিরত ধন্যবাদ জানাই, কারণ আমরা শুনেছি খ্রীষ্টযীশুর প্রতি তোমাদের বিশ্বাস ও সকল পবিত্রজনের প্রতি তোমাদের ভালবাসার কথা, কেননা এর মূল হল তোমাদের জন্য স্বর্গে সঞ্চিত সেই প্রত্যাশা যার কথা তোমরা তখনই শুনেছিলে, যখন সুসমাচারের সত্যের বাণী তোমাদের কাছে এসে পৌঁছেছিল—সেই যে সুসমাচার সারা জগতেও ফলশালী হয়ে উঠছে ও বৃদ্ধিলাভ করছে।

**শ্লোক**

℟ বিজাতিদের মাঝে বর্ণনা কর * প্রভুর গৌরব।

℣ বিজাতিদের মাঝে বর্ণনা কর * প্রভুর গৌরব।

℟ সর্বজাতির মাঝে তাঁর সমস্ত আশ্চর্য কাজ;

℣ প্রভুর গৌরব।

℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℣ বিজাতিদের মাঝে বর্ণনা কর * প্রভুর গৌরব।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে সাধু লুক, * তুমি খ্রীষ্টের ভালবাসার প্রচারক;

তুমি মণ্ডলীর প্রশংসার পাত্র।

**মিনতি নিবেদন**

যিনি সুসমাচার প্রচারের মাধ্যমে আমাদের অন্তরে খ্রীষ্টবিশ্বাস সঞ্চার করেছেন, আসুন, সেই পরম পিতার প্রশংসাবাদ করে বলি :

*হে প্রভু, তোমার মণ্ডলীকে সত্যে সুস্থির কর।*

-হে জীবনেশ্বর, তুমি যে মৃতদের মধ্য থেকে মণ্ডলীর শীর্ষপতি সেই খ্রীষ্টকে পুনরুত্থিত করেছ, সুসমাচার-জনিত নবজীবনের সাক্ষী হতে আমাদের সহায়তা কর।

-তুমি তোমার পুত্রকে দীনদরিদ্রদের কাছে শুভসংবাদ প্রচার করতে পাঠিয়েছিলে। আমাদের অন্তর বিনম্র কর, আমরা যেন সুসমাচারের আনন্দদায়ী বাণী উপলব্ধি করতে পারি।

-তোমার প্রেরিত মসীহ সেই খ্রীষ্ট ঐশবাণীর বীজ বপন করেছিলেন। সকল বাণীপ্রচারকের কাজ আশীর্বাদ কর, যেন তাঁদের কষ্ট প্রচুর ফসলে ফলশালী হতে পারে।

-তুমি খ্রীষ্টে জগৎকে তোমার সঙ্গে পুনর্মিলিত করেছ। পুনর্মিলন-সাক্রামেন্তের সেবকদের অন্তর করুণা ও পবিত্রতায় ভূষিত কর।

-কৃপা দান কর, আমরা যেন তোমার পুত্রের পুনরুত্থান ও গৌরবলাভের কথায় দৃঢ় বিশ্বাস স্থাপন করতে পারি। আমাদের পরলোকগত ভাইবোনদের গৌরবময় ঐশজীবনে পুনরুত্থিত করে তোল।

১৯শে অক্টোবর

## সাধু যোহন দ্য ব্রেবাফ, ইসায়াক যোগ, পুরোহিত ও তাঁদের সঙ্গীরা, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সাধু যোহন, ইসায়াক ও তাঁদের সঙ্গীদের বাণীপ্রচার ও রক্তদানের মধ্য দিয়ে তুমি শাশ্বত রাজ্যের সুখময় আশা প্রকাশ করতে প্রীত হয়েছিলে। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : তাঁদের প্রার্থনার পুণ্যফলে খ্রীষ্টভক্তদের বিশ্বাস যেন দিনে দিনে দৃঢ়তা অর্জন করে।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : পরিত্রাণের * পানপাত্র তুলে ধরে
আমি করব প্রভুর নাম।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : পরিত্রাণের * পানপাত্র তুলে ধরে
আমি ধন্যবাদ বলি উৎসর্গ করব।

একই দিন ১৯শে অক্টোবর

## ক্রুশভক্ত সাধু পল, পুরোহিত

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, পুরোহিত সাধু পল ক্রুশকে একান্তই ভালবাসলেন। তাঁর প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর : তাঁর আদর্শে উত্তরোত্তর উদ্দীপিত হয়ে আমরা যেন মনের দৃঢ়তায় আমাদের দৈনন্দিন ক্রুশ আলিঙ্গন করি।

২২শে অক্টোবর

## পোপ সাধু দ্বিতীয় জন-পল

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

দয়ায় ধনবান হে পরমেশ্বর, তুমি পোপ সাধু জন-পলকে বিশ্বপালক পদে তোমার নিখিল মণ্ডলীর পরিচালনায় নিযুক্ত করেছিলে। অনুনয় করি: তোমার আশীর্বাদে আমরা যেন তাঁর নির্দেশবাণীতে উদ্বুদ্ধ হয়ে উঠে মানবের একমাত্র মুক্তিসাধক সেই খ্রীষ্টের পরিত্রাণদায়ী অনুগ্রহ গ্রহণের জন্য আমাদের অন্তর ভরসাভরে উন্মুক্ত করি।

২৩শে অক্টোবর

## কাপেস্ত্রানোর সাধু যোহন, পুরোহিত

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সঙ্কটের দিনে খ্রীষ্টবিশ্বাসী জনগণকে আশ্বাস দেবার জন্যই তুমি সাধু যোহনের উদ্ভব ঘটিয়েছিলে। আশীর্বাদ কর: আমরা যেন তোমার নিত্য সহায়তায় রক্ষা পাই, তোমার মণ্ডলীও যেন চিরস্থায়ী শান্তি লাভে স্বস্তি পায়।

২৪শে অক্টোবর

## সাধু আন্তনি-মেরী ক্লারেৎ, বিশপ

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সর্বজাতির মাঝে খ্রীষ্টবিশ্বাস প্রচারের জন্য তুমি বিশপ সাধু আন্তনি-মেরীকে অপূর্ব ভ্রাতৃপ্রেম ও সহিষ্ণুতা দানে উদ্দীপিত করেছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: যা যা তোমার, তারই অন্বেষণ ক'রে আমরা যেন খ্রীষ্টের জন্য বহু বহু মানুষকে জয় করার জন্য মনে প্রাণে আত্মনিয়োজিত থাকি।

২৮শে অক্টোবর

## সাধু সিমোন ও যুদা, প্রেরিতদূত

সাধারণ ব্যবস্থা: প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি চেয়েছিলে, তোমার প্রেরিতদূতদের বাণীপ্রচারের ফলেই আমরা তোমার নাম জানতে পারব। সাধু সিমোন ও যুদার মিলিত প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর: তোমার প্রতি বিশ্বাসী মানুষের সংখ্যা বৃদ্ধি পেলে যেন পরিপূর্ণ হয়ে ওঠে খ্রীষ্টমণ্ডলীর ক্রোড়।

১লা নভেম্বর

## নিখিল সাধুসাধ্বী

মহাপর্ব

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি এক-ই ধর্মানুষ্ঠানে তোমার নিখিল সাধুসাধ্বীর গুণকীর্তন করার সুযোগ আমাদের দিয়েছ। অনুনয় করি: যখন শত শত স্বর্গীয় ভাইবোন তোমার কাছে আমাদের হয়ে প্রার্থনা নিবেদন করেন, তখন তুমি আমাদের উপর তোমার প্রসন্নতা শত ধারায় বর্ষণ করায় আমাদের আকাঙ্ক্ষা পূরণ কর।

## ১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ৯০৮।

**বাণী পাঠ** **হিব্রু ১২:২২-২৪**

তোমরা এগিয়ে গিয়ে যার সম্মুখীন হয়েছ, তা হল সেই সিয়োন পর্বত, জীবনময় ঈশ্বরের সেই নগরী, সেই স্বর্গীয় যেরুসালেম, লক্ষ লক্ষ দূতবাহিনীর সেই উৎসব-সমাবেশ, স্বর্গীয় তালিকাভুক্ত সেই প্রথমজাতদের মণ্ডলী, সকলের বিচারকর্তা স্বয়ং ঈশ্বর, সিদ্ধতায় উন্নীত ধার্মিকদের আত্মা, নবীন এক সন্ধির সেই মধ্যস্থ স্বয়ং যীশু এবং সিঞ্চনের সেই রক্ত, যা আবেলের রক্তের চেয়ে মহত্তর বাণী ঘোষণা করে থাকে।

**শ্লোক**

*প্র* ধার্মিকজন সকলে উল্লসিত * ঈশ্বরের সামনে।
*উ* ধার্মিকজন সকলে উল্লসিত * ঈশ্বরের সামনে।
*প্র* তাঁরা মহা আনন্দে আনন্দিত
*উ* ঈশ্বরের সামনে।
*প্র* পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
*উ* ধার্মিকজন সকলে উল্লসিত * ঈশ্বরের সামনে।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: দূত, * মহাদূত, খেরুব ও সেরাফদূত ও স্বর্গীয় শক্তিবৃন্দ;
কুলপতি ও নবীসকল; প্রেরিতদূত, সাক্ষ্যমর, পালক ও আচার্য সকল;
চিরকুমারী, সন্ন্যাসী ও নিখিল সাধুসাধ্বী
তোমার গৌরবগান করেন, হে পরম ত্রিত্ব একেশ্বর।

**আহ্বান সঙ্গীত** **সাম ৯৫**

**ধুয়ো:** সাধুসাধ্বীর সমাবেশ ঈশ্বরের গুণকীর্তন করে;
এসো, আমরাও প্রণিপাত করি।

বিকল্প

**ধুয়ো:** যিনি নিখিল সাধুসাধ্বীর গৌরব,
এসো, রাজাধিরাজ সেই প্রভুর চরণে প্রণিপাত করি।

# জাগরণী

## স্তোত্র

১। ওগো খ্রীষ্ট, স্বর্গের ভূষণ,
ওগো সাধুসাধ্বীর জীবন,
গ্রহণ কর মোদের অর্ঘ্য,
মোদের স্তুতিবাদ।

২। স্বর্গদূতগণ সমস্বরে
তব স্তুতিগানে রত;
নিখিল সাধুসাধ্বী করেন
তব উৎকীর্তন।

৩। তব মাতা ও সাধুসাধ্বী
মোদের হয়ে করেন যাচনা:
পাপ মোদের কর ক্ষমা,
কর আশীর্বাদ।

৪। মঞ্জুর কর, মোরা যেন
অদ্য তব স্তুতি ক'রে
একদিন স্বর্গে গাইতে পারি
'ধন্য ত্রিত্ব হে।' (১০ম শতাব্দী)

## ১ম পর্ব

১ম ধুয়ো: হে প্রভু, * কী মহিমময় তোমার নাম!
তুমি তোমার নিখিল সাধুসাধ্বীকে পরিয়েছ গৌরব ও সম্মানের মুকুট,
তাঁদের দিয়েছ তোমার হাতের কারুকার্যের শাসনভার। সাম ৮

২য় ধুয়ো: হে প্রভু, * যাদের সকল কাজ ধর্মময়, তারাই তোমার তাঁবুতে আতিথ্য পাবে,
তোমার পবিত্র পর্বতে বসবাস করবে। সাম ১৫

৩য় ধুয়ো: হে প্রভু, * তুমি তোমার সাধুসাধ্বীকে জানিয়ে দিলে জীবনের পথ,
তোমার সম্মুখেই আনন্দের পূর্ণতা। সাম ১৬

℣ প্রভুতে আনন্দ কর, মেতে ওঠ, ধার্মিকজন সকল,
℟ সানন্দে চিৎকার কর তোমরা সবাই, সরলহৃদয় যারা।

## ২য় পর্ব

১ম ধুয়ো: এই তো * প্রভুর সেই অনুসন্ধানী বংশের মানুষ,
যাকোবের ঈশ্বরের শ্রীমুখ-অন্বেষী যারা। সাম ২৪

২য় ধুয়ো: প্রভুতে আনন্দ কর, * মেতে ওঠ, ধার্মিকজন সকল। সাম ৩২

৩য় ধুয়ো: হে সেনাবাহিনীর প্রভু,
সুখী তারা, যারা তোমাতেই ভরসা রাখে;
যাদের আচরণ নিখুঁত, তাদের তুমি মঙ্গল থেকে বঞ্চিত কর না;
তারা তোমার প্রশংসা নিত্য করে থাকে। সাম ৮৪

℣ প্রভুর সম্মুখে ধার্মিকজন সকল উল্লসিত;
℟ তারা মহা আনন্দে আনন্দিত।

## ৩য় পর্ব

ধুয়ো: প্রভুর মনোনীতজন যারা, * তোমরা সকলে বল: প্রভু ধন্য।
কর তাঁর নামের স্তুতিগান।

**সর্বযুগের রাজার স্তুতিগান** **গীতিকা তোবিত ১৩:২-১০ক**

ধন্য পরমেশ্বর, তিনি নিত্য জীবনময়, তাঁর রাজ্য যুগযুগস্থায়ী;
কারণ তিনি শাস্তি দেন, আবার ক্ষমা করেন;
পৃথিবীর গভীরতম পাতালে নামিয়ে দেন, †
মহাধ্বংসস্তূপ থেকে তুলে আনেন;
তাঁর হাত এড়াতে পারে, তেমন কিছুই নেই।

বিজাতীয়দের সামনে তাঁর স্তুতিগান কর, ইস্রায়েল সন্তানসকল, †
কারণ ওদের মধ্যে তোমাদের ছড়িয়ে দিয়ে
তিনি এইখানে তাঁর মহত্ত্ব প্রকাশ করলেন ;
সকল প্রাণীর সামনে তাঁর বন্দনা কর, †
তিনিই আমাদের প্রভু, আমাদের ঈশ্বর,
তিনিই আমাদের পিতা, চিরকালীন ঈশ্বর।

তোমাদের অন্যায়ের জন্য শাস্তি দিয়ে
তিনি আবার তোমাদের সকলকে দয়া করবেন।
যাদের মাঝে তোমরা ছড়িয়ে পড়েছিলে,
সেই সকল জাতির মধ্য থেকে তিনি তোমাদের সংগ্রহ করবেন।

তোমাদের সমস্ত হৃদয় দিয়ে, তোমাদের সমস্ত প্রাণ দিয়ে তাঁর দিকে ফিরে
সত্যের সাধক হও তাঁর সামনে ;
তবেই তিনি তোমাদের দিকে ফিরে চাইবেন,
তোমাদের কাছ থেকে লুকিয়ে রাখবেন না তাঁর আপন শ্রীমুখ।

এখন ভেবে দেখ তিনি কেমন ব্যবহার করেছেন তোমাদের প্রতি,
মুক্তকণ্ঠে তাঁকে জানাও ধন্যবাদ ;
ধর্মময়তার প্রভুকে বল ধন্য,
সর্বযুগের রাজার বন্দনা কর।

এই নির্বাসনের দেশে আমি তাঁর স্তুতিগান করি,
তাঁর শক্তি ও মহত্ত্বের কথা এক পাপিষ্ঠ জাতির কাছে জ্ঞাত করি।
ফিরে এসো, পাপীরা, যা ন্যায় তাই কর তাঁর সামনে,
কে জানে! তিনি প্রসন্ন হয়ে তোমাদের দয়া করবেন।

আমি পরমেশ্বরের বন্দনা করি,
আমার প্রাণ স্বর্গের রাজায় মেতে ওঠে।
সকলেই তাঁর মহত্ত্বের কথা বলুক,
যেরুসালেমে করুক তাঁর স্তুতিবাদ।

**নতুন যেরুসালেম** **গীতিকা তোবিত ১৩:১০-১৩**

হে পবিত্র নগরী যেরুসালেম, †
তোমার সন্তানদের কাজের জন্যই তিনি তোমাকে শাস্তি দিলেন,
কিন্তু ধার্মিকদের সন্তানদের তিনি আবার দয়া করবেন।
যোগ্যরূপে প্রভুকে জানাও ধন্যবাদ,
সর্বযুগের রাজাকে বল ধন্য,

তবে তোমার মধ্যে আনন্দের সঙ্গে তাঁর তাঁবু পুনর্নির্মিত হবে,
তোমার মধ্যেই তিনি সকল নির্বাসিতকে আনন্দিত করবেন,
তোমার মধ্যেই তিনি সকল অত্যাচারিতকে ভালবাসবেন
যুগে যুগে চিরকাল।

পৃথিবীর সকল প্রান্তে হবে উজ্জ্বল আলোর উদ্ভাস,
দূর থেকে বহু দেশ আসবে তোমার কাছে,
পৃথিবীর সকল প্রান্তের অধিবাসী পবিত্র নামের কাছে আসবে,

হাতে ক'রে স্বর্গের রাজার জন্য উপহার।

যুগের পর যুগ সকলে তোমার মধ্যে নিজেদের আনন্দ-ফুর্তি ব্যক্ত করবে,
এবং মনোনীত নগরীর নাম বিরাজ করবে যুগে যুগে চিরকাল।

**স্বর্গীয় যেরুসালেম** **গীতিকা তোবিত ১৩:১৫,১৬গ-১৭ক,১৭খ-১৮**

তবে উল্লাস কর!
ধার্মিকদের সন্তানদের বিষয়ে মেতে ওঠ,
কারণ তোমার কাছে একত্রিত হয়ে
সকলে সর্বযুগের রাজাকে বলবে ধন্য।

আহা তাদের কী সুখ, যারা তোমাকে ভালবাসে,
যারা তোমার শান্তিতে আনন্দিত!
প্রাণ আমার, মহান রাজা সেই প্রভুকে বল ধন্য,
কারণ যেরুসালেম তাঁর চিরকালীন আবাসরূপেই পুনর্নির্মিত হবে।

নীলকান্তমণি ও মরকতমণিতেই পুনর্নির্মিত হবে তার তোরণদ্বার,
রত্ন-মণিতেই তার সমস্ত প্রাচীর।
যেরুসালেমের যত রাস্তা-ঘাটে
পদ্মরাগমণি ও ওফিরের মণি পাতা হবে।

যেরুসালেমের তোরণদ্বারে আনন্দের সঙ্গীত ধ্বনিত হবে,
তার সকল বাড়ি-ঘর গেয়ে উঠবে, আল্লেলুইয়া! ধন্য ইস্রায়েলের পরমেশ্বর;
তারাও ধন্য, যারা তাঁর পবিত্র নাম ধন্য করবে যুগে যুগে চিরকাল।
*ত্রিত্বের গৌরব হোক চিরকালের মত। আমেন।*

ধুয়ো : প্রভুর মনোনীতজন যারা, তোমরা সকলে বল : প্রভু ধন্য।
কর তাঁর নামের স্তুতিগান।

℣ প্রভুর দিকে চেয়ে দেখ, তোমরা উজ্জ্বল হয়ে উঠবে;
℟ লজ্জায় ঢেকে যাবে না কো তোমাদের মুখ।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** মথি ৫:১৩-১৬।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। জগৎত্রাতা, ওগো যীশু,
শোন মোদের কাতর কণ্ঠ :
মোরা ক্লেশে জর্জরিত,
কর মোদের উদ্দীপিত।

২। মোদের মঙ্গল করুন যাচনা
স্বর্গের যত দূতবাহিনী,
কুলপতি, সকল নবী,
প্রাচীন সন্ধির সাধুসাধ্বী।

৪। সাক্ষ্যমরদের পুণ্যে যেন
হয়ে ওঠে নির্মল অন্তর;
হোন সকল চিরকুমারী
মোদের নিত্য মঙ্গলকারী।

৫। সন্ন্যাসজীবন ক'রে যাপন
যাঁরা এখন স্বর্গবাসী,
তাঁদের পুণ্যে হয়ে প্রীত,
মোদের কর পবিত্রিত।

৩। পাপের ক্ষমা লাভি যেন
দীক্ষাগুরু করুন ভিক্ষা ;
প্রেরিতশিষ্যদের মিনতি
শোন তুমি, দিয়ো শকতি।

৬। পিতা ও পবিত্রাত্মার সঙ্গে,
ওগো খ্রীষ্ট, তুমি পূজ্য ;
করে সাধুসাধ্বীর অন্তর
তব বন্দনা নিরন্তর। (১০ম শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : আমি * লক্ষ করলাম, প্রতিটি জাতির বিরাট এক জনতা
যা গণনা করা কারও পক্ষে সম্ভব ছিল না।
তারা সকলে সিংহাসনের সাক্ষাতে
ও মেষশাবকের সাক্ষাতে দাঁড়িয়ে ছিল।

২য় ধুয়ো : সিংহাসনের চারপাশে * উপস্থিত সকল স্বর্গদূত
সিংহাসনের সম্মুখে প্রণিপাত ক'রে ঈশ্বরকে পূজা করতেন।

৩য় ধুয়ো : হে প্রভু, * তোমার আপন রক্তদানে তুমি আমাদের করেছ মুক্ত ;
আমাদের করে তুলেছ আমাদের ঈশ্বরের জন্য রাজ্য।

৪র্থ ধুয়ো : প্রভুর * মনোনীতজন যারা,
তোমরা সকলে বল : প্রভু ধন্য।

৫ম ধুয়ো : ঈশ্বরের * সেই সকল বন্ধু,
তাঁর সেই নিখিল সাধুসাধ্বী প্রশংসিত হোন।

**বাণী পাঠ** **এফে ১:১৭-১৮**

ভ্রাতৃগণ, আমাদের প্রভু যীশুখ্রীষ্টের ঈশ্বর, সেই গৌরবের পিতা, তাঁকে গভীরতর ভাবে জানবার জন্য তোমাদের প্রজ্ঞা ও ঐশরহস্য-উপলব্ধির আত্মা দান করুন। তিনি তোমাদের অন্তর্দৃষ্টি আলোকিত করে তুলুন যেন তোমরা উপলব্ধি করতে পার তাঁর আহ্বানের প্রত্যাশা কী, পবিত্রজনদের মাঝে তাঁর উত্তরাধিকারের গৌরব-ঐশ্বর্য কী।

**শ্লোক**

℣ প্রভুতে আনন্দ কর, * মেতে ওঠ, ধার্মিকজন সকল।
℟ প্রভুতে আনন্দ কর, * মেতে ওঠ, ধার্মিকজন সকল।
℣ সানন্দে চিৎকার কর তোমরা সবাই, সরলহৃদয় যারা।
℟ মেতে ওঠ, ধার্মিকজন সকল।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভুতে আনন্দ কর, * মেতে ওঠ, ধার্মিকজন সকল।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : ধার্মিকেরা * তাদের পিতার রাজ্যে
সূর্যেরই মত উজ্জ্বল হয়ে উঠবে। আল্লেলুইয়া।

**মিনতি নিবেদন**

যিনি সর্বপুণ্যগুণের উৎস, যিনি নিজেই পুণ্যজনদের পুরস্কার, আসুন, আমাদের সেই পরম পিতাকে ডাকি :

*নিখিল সাধুসাধ্বীর পুণ্যে আমাদের প্রার্থনা শোন।*

-সর্বপবিত্রতার উৎস হে ঈশ্বর, তুমি তো সাধুসাধ্বীর জীবনে তোমার বৈচিত্রময় অনুগ্রহের কীর্তি প্রকাশ কর। আশীর্বাদ কর, আমরা যেন তাঁদের মধ্যে তোমার পরাক্রম ও প্রেমের চিহ্ন সবসময় দেখতে পারি।

-তুমি তো সাধুসাধ্বীর জীবনে তোমার মণ্ডলীর কাছে তোমার পুত্রের ছবি ও প্রতিবিম্ব দান কর। সাহায্য কর, তাঁদের আদর্শে আমরা যেন তোমার সঙ্গে আরও গভীরতর ভাবে এক হতে পারি।

-তুমি তো সাধুসাধ্বীর মধ্য দিয়ে স্বর্গীয় যেরুসালেমের আকাঙ্ক্ষা আমাদের অন্তরে সঞ্চার কর। কৃপা কর, আমরা যেন তাঁদের পদাঙ্ক অনুসরণ ক'রে দ্রুত পদে ও নির্বিঘ্নে তোমার কাছে আসতে পারি।

-তোমার মঙ্গলবিধানেই আমরা প্রভুর ভোজে এবং মণ্ডলীর উপাসনা-কর্মের মধ্য দিয়ে নিখিল সাধুসাধ্বীর স্বর্গীয় প্রশংসাগানে যোগদান করতে পারি। আমাদের মন উদ্বুদ্ধ করে তোল, আমরা যেন তাঁদের সঙ্গে তোমার স্বর্গীয় প্রশংসাগানের অংশী হবার যোগ্য হয়ে উঠি।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: সিংহাসনের চারপাশে * উপস্থিত সকল স্বর্গদূত
সিংহাসনের সম্মুখে প্রণিপাত ক'রে পরমেশ্বরকে পূজা করতেন।

**বাণী পাঠ** **ইসা ৬৫:১৮-১৯**

আমি যা সৃষ্টি করতে যাচ্ছি, তার জন্য তোমরা সকলে চিরকাল উল্লাস করবে, পুলকে মেতে উঠবে; কেননা দেখ, আমি যেরুসালেমকে পুলক-ভূমি, ও তার জনগণকে উল্লাস-ভূমি হবার জন্যই সৃষ্টি করতে যাচ্ছি। আমি যেরুসালেমকে নিয়ে পুলকে মেতে উঠব, আমার জনগণকে নিয়ে উল্লাস করব। তার মধ্যে আর শোনা যাবে না কান্নার সুর বা হাহাকার।

℣ আনন্দ কর, ধার্মিকজন সকল,
℟ স্বর্গে তোমাদের পুরস্কার মহান।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: হে প্রভু, * তোমার আপন রক্তদানে তুমি আমাদের করেছ মুক্ত;
আমাদের করে তুলেছ আমাদের ঈশ্বরের জন্য রাজ্য।

**বাণী পাঠ** **১ পি ১:১৫-১৬**

যিনি তোমাদের আহ্বান করেন, সেই পবিত্রজনের আদর্শ অনুসারে তোমরাও তোমাদের জীবনাচরণে পবিত্র হও। কারণ লেখা আছে: 'তোমরা পবিত্র হও, কারণ আমি নিজে পবিত্র।'

℣ প্রভুতে আনন্দ কর, ধার্মিকজন সকল,
℟ কর তাঁর অবিস্মরণীয় পবিত্রতার স্তুতিগান।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: প্রভুর * মনোনীতজন যারা,
তোমরা সকলে বল: প্রভু ধন্য।

**বাণী পাঠ** **প্রত্যা ২১:১০-১১; ২২:৩খ-৪**

সেই স্বর্গদূত আমাকে আত্মায় নিয়ে গেলেন উচ্চ একটা মহাপর্বতের উপর, এবং আমাকে দেখালেন, স্বর্গ থেকে, ঈশ্বর থেকেই ঈশ্বরের গৌরবে মণ্ডিতা হয়ে নেমে আসছে সেই পবিত্র নগরী যেরুসালেম। তার প্রভা যেন বহুমূল্য কোন রত্নেরই মত, যেন স্ফটিক-স্বচ্ছ কোন সূর্যকান্ত মণিরই মত! তার মধ্যে থাকবে ঈশ্বর ও মেষশাবকের সিংহাসন, এবং তাঁর দাস সকল তাঁর উপাসনা করবে; তারা তাঁর শ্রীমুখ দর্শন করবে, তাদের কপালে লেখা থাকবে তাঁর নাম।

℣ ধার্মিকেরাই করবে তোমার নামের স্তুতি,
℟ ন্যায়নিষ্ঠরাই আসন পাবে তোমার সামনে।

## ২য় সন্ধ্যারতি

### স্তোত্র

১। ওগো খ্রীষ্ট, মুক্তিদাতা,
তব মাতা মোদের হয়ে
যাচনা করেন অবিরত :
কৃপা কর গো নিয়ত।

২। তোমরাও সকল দূতবাহিনী,
স্বর্গধাম যাঁদের বসতি,
হও তোমরা মোদের রক্ষী,
হব মোরা খ্রীষ্টের সাক্ষী।

৩। বিচারকর্তার নবীসকল,
প্রভুর যত প্রেরিতশিষ্য,
যাচনা কর প্রভু-পদে,
রাখ মোদের নিরাপদে।

৪। প্রভুর সকল নির্ভীক শহীদ,
গণপালক, মহাচার্য,
মোদের হয়ে কর ভিক্ষা,
পাব মোরা আন্তর দীক্ষা।

৫। হে সন্ন্যাসী-সন্ন্যাসিনী,
—পুণ্যসভার যাঁরা ভূষণ—
মর্তে দিয়ো দেখতে শান্তি,
দেখব একদিন স্বর্গের কান্তি।

৬। পিতা ও পুত্র ও পবিত্রাত্মা,
পরম ত্রিত্ব, এক মহেশ্বর ;
তব জয় মোদের গানে,
চিরস্তুতি সর্বস্থানে।

(এলিসাখার - ১০ম শতাব্দী)

১ম ধুয়ো : আমি * লক্ষ করলাম, প্রতিটি জাতির বিরাট এক জনতা
যা গণনা করা কারও পক্ষে সম্ভব ছিল না।
তারা সকলে সিংহাসনের সাক্ষাতে
ও মেষশাবকের সাক্ষাতে দাঁড়িয়ে ছিল। সাম ১১০
২য় ধুয়ো : সিংহাসনের চারপাশে * উপস্থিত সকল স্বর্গদূত
সিংহাসনের সম্মুখে প্রণিপাত ক'রে ঈশ্বরকে পূজা করতেন। সাম ১১১
৩য় ধুয়ো : হে প্রভু, * তোমার আপন রক্তদানে তুমি আমাদের করেছ মুক্ত ;
আমাদের করে তুলেছ আমাদের ঈশ্বরের জন্য রাজ্য। সাম ১১২
৪র্থ ধুয়ো : প্রভুর * মনোনীতজন যারা,
তোমরা সকলে বল : প্রভু ধন্য। সাম ১১৩
৫ম ধুয়ো : ঈশ্বরের * সেই সকল বন্ধু,
তাঁর সেই নিখিল সাধুসাধ্বী প্রশংসিত হোন। গীতিকা—১ম সন্ধ্যাঃ প্রত্যা ১৯
২য় সন্ধ্যাঃ প্রত্যা ৪

**বাণী পাঠ** **২ করি ৬:১৬খ ;৭:১**

আমরাই তো জীবনময় ঈশ্বরের মন্দির। ঈশ্বর নিজেই তো বলেছেন, আমি তাদের মাঝখানে আমার আপন আবাস স্থাপন করব, তাদের মধ্যে গমনাগমন করব। আমি হব তাদের আপন পরমেশ্বর আর তারা হবে আমার আপন জনগণ। প্রিয়তমেরা, তেমন প্রতিশ্রুতি পেয়ে, এসো, দেহ ও আত্মার যত কালিমা থেকে নিজেদের পরিশুদ্ধ করি, প্রভুভয়ের সঙ্গে আমাদের পবিত্রীকরণের পূর্ণতা সাধনা করি।

**শ্লোক**

℣ নিখিল সাধুসাধ্বী, * প্রভুতে মেতে ওঠ।
℟ নিখিল সাধুসাধ্বী, * প্রভুতে মেতে ওঠ।
℣ ঈশ্বর তোমাদের বেছে নিলেন আপন উত্তরাধিকার রূপে।
℟ প্রভুতে মেতে ওঠ।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ নিখিল সাধুসাধ্বী, * প্রভুতে মেতে ওঠ।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: আহা, * কতই না মহিমময় সেই রাজ্য,
যেখানে নিখিল সাধুসাধ্বী খ্রীষ্টের সঙ্গে আনন্দ করেন।
সাদা পোশাকে পরিবৃত হয়ে
তাঁরা মেষশাবকের অনুসরণ করেন অনুক্ষণ।

**মিনতি নিবেদন**

যিনি নিজেই সাধুসাধ্বীর গৌরবমুকুট, আসুন, ভক্তিভরে সেই ঈশ্বরের প্রশংসাবাদ করে বলি:

*হে প্রভু, সাধুসাধ্বীর প্রার্থনা শোন।*

-তুমি তোমার পুত্র খ্রীষ্টে তোমার জনমণ্ডলীকে প্রেরিতদূতদের ভিত্তির উপরে গড়ে তুলেছ। আমরা যেন প্রৈরিতিক শিক্ষার প্রতি বিশ্বস্ত থাকতে পারি।

-তোমার শক্তিগুণে সাক্ষ্যমরেরা রক্তদান পর্যন্তই খ্রীষ্টের পক্ষে দাঁড়াতে পেরেছিলেন। তোমার অনুগ্রহে সকল খ্রীষ্টভক্ত যেন সুসমাচারের নির্ভীক সাক্ষী হতে পারে।

-তোমার অনুপ্রেরণায় অনুপ্রাণিত হয়ে অসংখ্য চিরকুমারী খ্রীষ্টের বিশেষ আহ্বানে সাড়া দিয়েছিলেন। এখনও সেই অনুপ্রেরণা দান কর, মণ্ডলীর মধ্যে যেন চিরকুমারীত্বে নিহিত স্বর্গের পূর্বলক্ষণ কখনও ম্লান না হয়।

-তুমি তো সাধুসাধ্বীর জীবনাচরণে তোমার নিজের মঙ্গলময়তা ও সহায়তা প্রকাশ কর। তাঁদের শ্রদ্ধা জানিয়ে আমরা যেন তোমার সান্নিধ্য উপলব্ধি করতে পারি।

-ধন্যা কুমারী মারীয়া, সাধু যোসেফ ও নিখিল সাধুসাধ্বীর সঙ্গে শাশ্বত আনন্দ উপভোগ করতে আমাদের মৃত ভাইবোনদের স্বর্গে গ্রহণ কর। তাঁদের প্রার্থনার পুণ্যফলে আমরাও যেন একদিন তোমার স্বর্গীয় আবাসে স্থান পেতে পারি।

২রা নভেম্বর

## পরলোকগত ভক্তবৃন্দের স্মরণ

সাধারণ ব্যবস্থা: মৃতভক্তদের প্রাহরিক উপাসনার ব্যবস্থা, পৃঃ ১০৫৩।
রবিবার দিনে রবিবারেরই ব্যবস্থা পালনীয়।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, প্রসন্ন হয়ে আমাদের মিনতি কান পেতে শোন: মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত তোমার পুত্রের প্রতি আমাদের বিশ্বাস যেমন আজ গভীরতর হয়, তেমনি তোমার পরলোকগত সন্তানদের পুনরুত্থান লাভের আশাও যেন আমাদের অন্তরে দৃঢ়তর হয়ে ওঠে।

৩রা নভেম্বর

## সাধু মার্টিন দ্য পরেস, ধর্মব্রতী

সাধারণ ব্যবস্থা: সাধু (ধর্মব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধু মার্টিনকে নম্রতার পথ ধরে স্বর্গীয় গৌরবে চালিত করেছ। আশীর্বাদ কর: এ জীবনকালে তাঁর উজ্জ্বল আদর্শ অনুসরণ ক'রে আমরা যেন স্বর্গধামে তাঁর সঙ্গে গৌরব লাভের যোগ্য হতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: ধন্য পরমেশ্বর! * তিনি সর্বজাতির পরিত্রাণ প্রস্তুত করেছেন:
অন্ধকার থেকে জ্যোতির্লোকেই তিনি তাদের আহ্বান করেন।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: প্রভু কতই না মঙ্গলময়! * তিনি তাঁর বিশ্বস্ত সেবক মার্টিনকে
পরিতৃপ্ত করেছেন স্বর্গীয় মঙ্গলদানে।

৪ঠা নভেম্বর

## সাধু চার্লস বরমেয়ো, বিশপ

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, অনুনয় করি : বিশপ সাধু চার্লসকে তুমি যে প্রেরণায় পূর্ণ করেছিলে, সেই প্রেরণা তোমার জনগণের মধ্যেও রক্ষা কর, যেন তোমার মণ্ডলী নিত্য নবায়িত হয় ও খ্রীষ্টের সাদৃশ্যের অনুরূপ হয়ে উঠে জগতের কাছে খ্রীষ্টের প্রকৃত রূপ দেখাতে পারে।

৯ই নভেম্বর

## লাতেরান মহাগির্জার উৎসর্গদিবস

সাধারণ ব্যবস্থা : গির্জা উৎসর্গীকরণ, পৃঃ ৯৪২। পর্ব

১০ই নভেম্বর

## মহাপ্রাণ সাধু লিও, পোপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার যে মণ্ডলী প্রৈরিতিক শৈলের উপরে দৃঢ়প্রতিষ্ঠিত, তুমি তো পাতালের শক্তিকে তাকে পরাভূত করতে দাও না। আশীর্বাদ কর : পোপ সাধু লিওর প্রার্থনার পুণ্যফলে তোমার মণ্ডলী যেন তোমার সত্যে স্থিতমূল থেকে তোমার নিত্য শান্তি লাভে সুরক্ষিত হয়।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : খ্রীষ্টের বাণীতে * দৃঢ়প্রতিষ্ঠিত হয়ে
পিতর দৃঢ়তার সঙ্গে খ্রীষ্টমণ্ডলীকে সুচালিত করেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : বিশ্বমণ্ডলী জুড়ে * পিতর প্রতিদিন ঘোষণা করে চলেন :
তুমি খ্রীষ্ট, জীবনময় পরমেশ্বরের পুত্র।

১১ই নভেম্বর

## তুরের সাধু মার্টিন, বিশপ

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, বিশপ সাধু মার্টিনের জীবন ও মৃত্যুর মধ্য দিয়ে তুমি ঘটিয়েছ তোমার মহিমার এক উজ্জ্বল প্রকাশ। অনুনয় করি : আমাদের অন্তরে তোমার অনুগ্রহের আশ্চর্য কীর্তি পুনঃসাধন কর, যেন জীবন বা মৃত্যু কোন কিছুই তোমার ভালবাসা থেকে আমাদের বিচ্ছিন্ন করতে না পারে।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো :** সাধু মার্টিনের পর্বদিনে,
এসো, প্রভুর প্রশংসাগান করি। **সাম ৯৫**

## জাগরণী

### ১ম পর্ব

১ম ধুয়ো : আমাকে বস্ত্রহীন দে'খে, * মার্টিন দীক্ষাপ্রার্থী-মাত্র হয়েও,
আপন আলোয়ানের একটি অংশ ছিঁড়ে আমার গায়ে জড়িয়ে দিল। সাম ২
২য় ধুয়ো : মার্টিন * পরম ত্রিত্বে বিশ্বাস রেখে
লাভ করলেন দীক্ষাস্নানের অনুগ্রহ। সাম ৫

৩য় ধুয়ো :  কোন অস্ত্রের উপর নয়, * ক্রুশ-চিহ্নের উপরেই নির্ভর ক'রে
আমি শত্রুদের সামনে নির্ভয়ে এগিয়ে যাব।  সাম ৮

℣ আমি নিজেই আমার পালের সন্ধান করব,
℟ তার নিজের দেশভূমিতে তাকে ফিরিয়ে আনব।

### ২য় পর্ব

১ম ধুয়ো :  হে ঈশ্বরের যাজক মার্টিন,
তোমার জন্য স্বর্গ ও আমার পিতার রাজ্য উন্মুক্ত।  সাম ২১
২য় ধুয়ো :  মার্টিনের মৃতদেহ * সমাধিমন্দিরে দেওয়া হচ্ছে,
এমন সময় স্বর্গীয় গানের সুর ধ্বনিত হল।  সাম ৯৬
৩য় ধুয়ো :  হে ঈশ্বরের যাজক মার্টিন, * হে উত্তম পালক,
আমাদের হয়ে প্রভুর চরণে প্রার্থনা কর।  সাম ৯৭

℣ প্রভু তাকে আপন যাজক বলে মনোনীত করলেন,
℟ সে যেন তাঁর কাছে ধন্যবাদ-বলি উৎসর্গ করে।

### ৩য় পর্ব

ধুয়ো :  ভক্তি, * দয়া ও প্রেমে তুমি সত্যি অতুল্য ; ধন্য, তুমি ধন্য !
প্রভুর মঙ্গলদানেই তুমি সদা ছিলে পরিপূর্ণ।

℣ আমার মুখের একটা বাণী শুনলেই
℟ তুমি আমার পক্ষ থেকে তোমার ভাইদের সতর্ক কর।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। মহাপ্রাণ মার্টিনের কীর্তি
এসো, সবে করি স্মরণ ;
স্বর্গমর্ত মুখরিত,
মোদের অন্তর আনন্দিত।

২। তিনি ছিলেন নম্র, শুচি,
যাপন করলেন পুণ্য জীবন ;
মর্তে স্থাপন করলেন শান্তি,
এখন তিনিই স্বর্গের কান্তি।

৩। স্বর্গ হতে অদ্য তিনি
মোদের অশ্রুজল দেন মুছে,
বিশ্বে দয়া করেন প্রকাশ,
মঙ্গল যত করেন বিকাশ।

৪। তবে এসো, সমস্বরে
প্রভুর সেবকের প্রশংসি ;
মোদের জীবন পুণ্য করতে
তাঁর প্রচেষ্টা সদাই বর্তে।

৫। স্বর্গমর্তের যিনি স্রষ্টা,
বিশ্বের গতি যাঁরই হাতে,
সেই মহেশ্বর হোন বন্দিত,
বিশ্বজুড়ে হোন কীর্তিত।  (৮ম শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো :  শিষ্যেরা * মার্টিনকে বললেন :
আহা, পিতা, কেন আমাদের ত্যাগ করে চলে যাচ্ছ?
দেখ, আমরা কতই না অবসন্ন,
কার হাতেই বা তুমি আমাদের ফেলে রেখে চলে যাবে?

২য় ধুয়ো : প্রভু, * তোমার জনগণের পক্ষে
আমার উপস্থিতির এখনও প্রয়োজন হলে,
এ পরিশ্রমও আমি অস্বীকার করব না :
তোমারই ইচ্ছা পূর্ণ হোক।
৩য় ধুয়ো : আহা, কী মহাপুরুষ !
তিনি পরিশ্রমে অপরাজিত, মৃত্যুর সামনেও অপরাজেয় !
তিনি মৃত্যুকে ভয় করেননি, জীবনকেও অস্বীকার করেননি।
৪র্থ ধুয়ো : চোখ ও দু'হাত * স্বর্গের দিকে উত্তোলিত রেখে
তিনি ভক্তিপূর্ণ প্রার্থনা থেকে কখনও বিরত হননি। আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : মার্টিন * আনন্দের মধ্যে আরোহণ করছেন আব্রাহামের দিকে।
দরিদ্র ও বিনম্র মার্টিন ধনবান হয়ে উঠে প্রবেশ করছেন স্বর্গধামে।
স্বর্গীয় সভা স্তুতিবন্দনা গানে
তাঁকে গ্রহণ করছে।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : হে ধন্য মহাপুরুষ ! * তোমার প্রাণ স্বর্গ লাভ করল :
দূত-মহাদূত আনন্দিত, সাধুরা সকলেই করেন তোমার স্তুতিগান,
চিরকুমারীর দল গেয়ে ওঠেন :
আমাদের সঙ্গে থাক চিরকাল !

## পূর্বাহ্ন, মধ্যাহ্ন ও অপরাহ্ন প্রহর

ধুয়ো : প্রভাতী বন্দনার ২য়, ৩য় ও ৪র্থ ধুয়ো।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো : শিষ্যেরা * মার্টিনকে বললেন :
আহা, পিতা, কেন আমাদের ত্যাগ করে চলে যাচ্ছ?
দেখ, আমরা কতই না অবসন্ন,
কার হাতেই বা তুমি আমাদের ফেলে রেখে চলে যাবে? সাম ১১০
২য় ধুয়ো : প্রভু, * তোমার জনগণের পক্ষে
আমার উপস্থিতির এখনও প্রয়োজন হলে,
এ পরিশ্রমও আমি অস্বীকার করব না :
তোমারই ইচ্ছা পূর্ণ হোক। সাম ১১২
৩য় ধুয়ো : আহা, কী মহাপুরুষ !
তিনি পরিশ্রমে অপরাজিত, মৃত্যুর সামনেও অপরাজেয় !
তিনি মৃত্যুকে ভয় করেননি, জীবনকেও অস্বীকার করেননি। সাম ১১৩
৪র্থ ধুয়ো : চোখ ও দু'হাত * স্বর্গের দিকে উত্তোলিত রেখে
তিনি ভক্তিপূর্ণ প্রার্থনা থেকে কখনও বিরত হননি। আল্লেলুইয়া। সাম ১৩২
৫ম ধুয়ো : মার্টিন * আনন্দের মধ্যে আরোহণ করছেন আব্রাহামের দিকে।
দরিদ্র ও বিনম্র মার্টিন ধনবান হয়ে উঠে প্রবেশ করছেন স্বর্গধামে।
স্বর্গীয় সভা স্তুতিবন্দনা গানে
তাঁকে গ্রহণ করছে। গীতিকা প্রত্যা ১৫

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: হে ধন্য বিশপ মার্টিন! * তুমি সমস্ত শক্তি দিয়ে খ্রীষ্ট রাজাকে ভালবাসলে,
ভয় করনি জগতের শাসন।
হে পুণ্যাত্মা, নির্যাতকের খড়্গা যদিও তোমাকে আঘাত করেনি,
তবু তুমি লাভ করেছ সাক্ষ্যমরদের মালা।

১২ই নভেম্বর

## স্তুদিওর সাধু থেওদরস, মঠাধ্যক্ষ

সাধারণ ব্যবস্থা: সন্ন্যাসী, পৃঃ ১০১০।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি আব্বা থেওদরসের অন্তরে এমন প্রেরণা জাগিয়েছিলে যে, তিনি ঐক্যবদ্ধ জীবনের পদ্ধতি ও আদর্শ উজ্জ্বলতর করতে পেরেছিলেন। অনুনয় করি তোমায়: তাঁর আদর্শ ও সহায়তার উপর নির্ভর করে আমরা যেন সহনশীলতার মধ্য দিয়ে খ্রীষ্টের যন্ত্রণাভোগের সহভাগী হয়ে তাঁর রাজ্যের অংশীদার হতে পারি।

একই দিন ১২ই নভেম্বর

## সাধু যোসাফাৎ, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়ে বিশপ সাধু যোসাফাৎ মেষগুলির জন্য নিজের প্রাণ বিসর্জন দিয়েছিলেন। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে তুমি তোমার মন্ডলীর মধ্যে পবিত্র আত্মার সেই প্রেরণা জাগিয়ে তোল, আমরাও যেন একই আত্মা দ্বারা অনুপ্রাণিত হয়ে ভাইবোনদের জন্য প্রাণ বিসর্জন দিতে দ্বিধাগ্রস্ত না হই।

১৩ই নভেম্বর

## নিখিল সাধু সন্ন্যাসী

সাধারণ ব্যবস্থা: সন্ন্যাসী, পৃঃ ১০১০। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমারই অনুগ্রহে সাধু সন্ন্যাসীবৃন্দ দীন ও নম্র খ্রীষ্টকে আজীবন অনুসরণ করেছিলেন। আশীর্বাদ কর: তাঁদের সহায়তায় আমরাও যেন খ্রীষ্টকে নিষ্ঠার সঙ্গে অনুসরণ করতে পারি এবং যে পবিত্রতার আদর্শ তাঁরা আমাদের সামনে রেখে গেছেন, আমরা যেন নিজেদের জীবনে তা বাস্তবায়িত করে তুলতে পারি।

# প্রভাতী বন্দনা

**বাণী পাঠ** **কল ৩:১৫-১৬**

খ্রীষ্টের শান্তি তোমাদের হৃদয়ে রাজত্ব করুক; কেননা এই উদ্দেশ্যেই তোমরা একদেহে আহূত হয়েছ। তোমরা সর্বদাই কৃতজ্ঞ হয়ে থেকো। খ্রীষ্টের বাণী তার পূর্ণ ঐশ্বর্য নিয়ে তোমাদের অন্তরে বসবাস করুক; তোমরা পূর্ণ প্রজ্ঞায় পরস্পরকে শিক্ষা ও চেতনা দান কর; কৃতজ্ঞচিত্তে ও মনপ্রাণ দিয়ে ঈশ্বরের উদ্দেশে সামসঙ্গীত, স্তুতিগান ও ঐশপ্রেরণাজনিত বন্দনাগান গেয়ে চল।

**শ্লোক**

℣ সুখী তারা, যারা বাস করে * তোমার গৃহে, প্রভু।
℟ সুখী তারা, যারা বাস করে * তোমার গৃহে, প্রভু।
℣ তারা তোমার প্রশংসা নিত্য করে থাকে,
℟ তোমার গৃহে, প্রভু।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ সুখী তারা, যারা বাস করে * তোমার গৃহে, প্রভু।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: তোমরা * সবকিছু ত্যাগ করে যারা আমার অনুগামী হয়েছ,
তোমরা তার শতগুণ পাবে, ও উত্তরাধিকাররূপে অনন্ত জীবন পাবে।

## পূর্বাহ্ণ প্রহর

**বাণী পাঠ** **১ পি ৩:১০-১১**

জীবনই যার অভিলাষ, মঙ্গল দেখতে চায় ব'লে দীর্ঘায়ু যার আকাঙ্ক্ষা, সে কুকর্ম থেকে নিজের জিহ্বা ও ছলনার কথা থেকে নিজের ওষ্ঠ মুক্ত রাখুক, পাপ থেকে সরে গিয়ে সৎকর্ম করুক, শান্তির অন্বেষণ ক'রে করুক অনুসরণ।

℣ তোমার কথামত আমায় ধারণ করে রাখ, তবেই জীবন পাব;
℟ আমার আশায় আমাকে নিরাশ হতে দিয়ো না।

## মধ্যাহ্ন প্রহর

**বাণী পাঠ** **১ যোহন ২:১৫,১৭**

জগৎ বা জগতের কোন কিছুই তোমরা ভালবেসো না! কেউ যদি জগৎকে ভালবাসে, তাহলে পিতার ভালবাসা তার অন্তরে নেই। জগৎ নিজেই তো লোপ পেতে চলেছে, তার লালসাও তাই, কিন্তু ঈশ্বরের ইচ্ছা যে পালন করে, সে চিরকালস্থায়ী।

℣ আমি কতই না ভালবাসি তোমার বিধান,
℟ সেই তো আমার সারাদিনের ধ্যান।

## অপরাহ্ণ প্রহর

**বাণী পাঠ** **কল ৩:২-৪**

তোমরা ঊর্ধ্বলোকেরই বিষয়গুলো ভাব, মর্তলোকের বিষয়গুলো নয়। কেননা তোমাদের তো মৃত্যুই হয়েছে, আর তোমাদের জীবন খ্রীষ্টের সঙ্গে ঈশ্বরে নিহিত হয়ে আছে। কিন্তু খ্রীষ্ট যখন আবির্ভূত হবেন—তিনিই তো তোমাদের জীবন—তখন তোমরাও তাঁর সঙ্গে গৌরবে আবির্ভূত হবে।

℣ তোমার সামনে আমরা তো বিদেশী,
℟ আমাদের সকল পিতৃপুরুষদের মত প্রবাসী।

## সন্ধ্যারতি

**বাণী পাঠ** **১ পি ৩:৮,৯খ**

তোমরা সকলে হয়ে ওঠ একপ্রাণ, সমব্যথী, ভ্রাতৃপ্রেমী, করুণাময়, নম্রচিত্ত। কেননা তোমরা তা করতেই আহূত হয়েছ, যেন উত্তরাধিকার রূপে লাভ করতে পার আশীর্বাদ।

**শ্লোক**

℣ প্রভুতে আনন্দ কর, * মেতে ওঠ, ধার্মিকজন সকল।
℟ প্রভুতে আনন্দ কর, * মেতে ওঠ, ধার্মিকজন সকল।
℣ সানন্দে চিৎকার কর তোমরা সবাই, সরলহৃদয় যারা।
℟ মেতে ওঠ, ধার্মিকজন সকল।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভুতে আনন্দ কর, * মেতে ওঠ, ধার্মিকজন সকল।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : খ্রীষ্টের পদাঙ্ক * যাঁরা অনুসরণ করলেন,
সেই পুণ্যজনেরা এখন স্বর্গে আনন্দিত :
খ্রীষ্টপ্রেমের জন্য রক্ত দিলেন,
খ্রীষ্টের সঙ্গে উল্লাস করবেন চিরকাল।

১৪ই নভেম্বর

## পরলোকগত সন্ন্যাসীদের স্মরণ

সাধারণ ব্যবস্থা : মৃতভক্তদের প্রাহরিক উপাসনার ব্যবস্থা, পৃঃ ১০৫৩।

**সমাপন প্রার্থনা**

হে পিতা, আমাদের সকল ধর্মভ্রাতাকে তোমার সাধুসাধ্বীদের স্বর্গীয় সভায় গ্রহণ কর। খ্রীষ্টের প্রতি আসক্ত হয়ে নিখুঁত ভালবাসার পথে চলেছিলেন বলে তাঁরা যেন গৌরবধামে তাঁর শাশ্বত আনন্দের সহভাগী হতে পারেন।

১৫ই নভেম্বর

## মহাপ্রাণ সাধু আলবার্ট, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, তোমার প্রেরণায় বিশপ সাধু আলবার্ট ঐশবিশ্বাসের সঙ্গে মানবিক জ্ঞানের সমন্বয় সাধন করতে পেরেছিলেন : তাই তিনি মহাপ্রাণ বলে চিরস্মরণীয়। আশীর্বাদ কর : তাঁর আদর্শ-শিক্ষা আকড়ে ধরে আমরা যেন মানবীয় জ্ঞানের সাহায্যে তোমাকে গভীরতর ভাবে জানতে ও ভালবাসতে পারি।

১৬ই নভেম্বর

## সাধ্বী গারট্রুড, চিরকুমারী

সাধারণ ব্যবস্থা : চিরকুমারী, পৃঃ ১০২১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, আশীর্বাদ কর : চিরকুমারী সাধ্বী গারট্রুডের হৃদয় তুমি যেমন তোমার আনন্দময় আবাস করে তুলেছিলে, তেমনি তাঁর প্রার্থনার পুণ্যফলে আমাদের হৃদয়ের অন্ধকার আলোতে উদ্ভাসিত কর, আমরা যেন আনন্দের সঙ্গে অনুভব করতে পারি, তুমি সত্যিই আমাদের অন্তরে সক্রিয়ভাবে উপস্থিত।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। ওগো গারট্রুড, তুমি ছিলে
পরমপিতার প্রেমের পাত্রী ;
মোরা অদ্য তব স্তুতি
সমস্বরে গেয়ে উঠি।

২। পরমাত্মা তোমায় করলেন
পুণ্যের মুক্তা-অলঙ্কৃতা ;
তুমি ছিলে শিশু যখন,
খ্রীষ্টের হলে কনে তখন।

৩। সন্ন্যাসজীবন ক'রে গ্রহণ
তুমি ছিলে নিত্য মুখর :
খ্রীষ্ট-পতির বাণীর স্মৃতি
ছিল কনের আন্তর প্রীতি।

৪। এখন তুমি স্বর্গধামে
খ্রীষ্টের সঙ্গে চিরযুক্তা ;
মোরা অদ্য তোমায় যাচি :
জ্যোতির্লোকে যেন পৌঁছি।

৫। স্বর্গমর্তের যিনি স্রষ্টা,
বিশ্বের গতি যাঁরই হাতে,

সেই মহেশ্বর হোন বন্দিত,
বিশ্বজুড়ে হোন কীর্তিত। (২০শ শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : আনন্দ কর, * কর উল্লাস, সিয়োন কন্যা! আমি যে তোমার কাছে আসছি!
আমি তোমার অন্তঃস্থলে বসবাস করব।

২য় ধুয়ো : হে পুণ্যাত্মা গারট্রুড, * তুমি যোগ্য হলে সেই প্রজ্ঞারই আসন হতে,
মানবসন্তানদের মধ্যে থাকাই যার প্রীতি।

৩য় ধুয়ো : আমার প্রভু যীশুখ্রীষ্ট
সাতটি আঙটি দিয়ে আবদ্ধ করলেন আমার প্রাণ,
কনে-মুকুটে ভূষিত করলেন আমার মাথা।

৪র্থ ধুয়ো : গারট্রুডের জিহ্বা * ছিল যেন স্বর্গের চাবিকাঠি :
তাঁর প্রার্থনা মত স্বর্গের দ্বার উন্মুক্ত ও বন্ধ হয়।

৫ম ধুয়ো : খ্রীষ্টপ্রেমে * গারট্রুডের কী অন্তর্জ্বালা!
বিশ্বস্তা দাসী ও মনোনীতা কনে গারট্রুড
আপন প্রভুর অন্তরে প্রবেশ ক'রে আনন্দলোকে রাজত্ব করছেন।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : হে খ্রীষ্টের জ্যোতির্মন্ডিতা কনে! * তুমি নবীদের আত্মিক প্রজ্ঞায় উদ্ভাসিতা,
প্রৈরিতিক প্রেরণায় অনুপ্রাণিতা,
চিরকুমারীদের বিজয়মালায় বিভূষিতা,
দিব্য প্রেমের আগুন দ্বারা উদ্দীপিতা।

## সন্ধ্যারতি

স্তোত্র : প্রভাতী বন্দনার স্তোত্র ব্যবহারযোগ্য, পৃঃ ৯১৬।

১ম ধুয়ো : প্রভু একথা বলছেন :
তোমরা আমাকে গারট্রুডের হৃদয়মন্দিরেই খুঁজে পাবে ;
সেই পুণ্যাত্মায় আমার প্রীতি। সাম ১১০

২য় ধুয়ো : খ্রীষ্টের * পবিত্রতমা কনে
আপন জীবনস্বামীর সঙ্গে একাত্মা ছিলেন। সাম ১১৩

৩য় ধুয়ো : আহা গারট্রুড, * তুমি কত না সুন্দরী, কতই না পুণ্যবতী!
ঈশ্বর তোমার অন্তর করলেন তাঁর আপন আনন্দ-নিকেতন। সাম ১২২

৪র্থ ধুয়ো : বন্ধু * বন্ধুর সঙ্গে যেইভাবে কথা বলে,
খ্রীষ্ট তেমনি প্রিয়তমা গারট্রুডের সঙ্গে মুখোমুখি কথা বলতেন।
সাম ১২৭

৫ম ধুয়ো : প্রিয়তমা কনের আত্মা * দেহের বন্দিদশা থেকে মুক্তি পেয়ে
স্বর্গীয় বর খ্রীষ্টের সঙ্গে মিলিত হল চিরকাল ধরে। গীতিকা এফে

**বাণী পাঠ** **প্রত্যা ১৯:৬খ-৭**

আমাদের সর্বশক্তিমান ঈশ্বর সেই প্রভু রাজ্যভার গ্রহণ করেছেন। এসো, আনন্দ করি, করি উল্লাস, করি তাঁর গৌরবগান। কারণ মেষশাবকের বিবাহের দিন এসে গেছে। তাঁর কনে নিজেকে সজ্জিতা করেছে।

**শ্লোক**

℣ নিখিল সাধুসাধ্বী, * প্রভুতে মেতে ওঠ।

উ: নিখিল সাধুসাধ্বী, * প্রভুতে মেতে ওঠ।
প্র: ঈশ্বর তোমাদের বেছে নিলেন আপন উত্তরাধিকার রূপে।
উ: প্রভুতে মেতে ওঠ।
প্র: পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ: নিখিল সাধুসাধ্বী, * প্রভুতে মেতে ওঠ।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো: তখন দেখা গেল: * স্বর্গপ্রাণীরা মর্তে নেমে এসে
সুললিত কণ্ঠে গারট্রুডকে আমন্ত্রণ করছেন স্বর্গীয় আনন্দলোকে:
এসো, এসো, মেষশাবকের কনে,
তোমার জন্য সঞ্চিত রয়েছে স্বর্গীয় পুরস্কার। আল্লেলুইয়া।

১৭ই নভেম্বর

## স্কটল্যান্ডের সাধ্বী মার্গারেট

সাধারণ ব্যবস্থা: সাধ্বী (সেবাব্রতিনী), পৃঃ ১০৪৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাধ্বী মার্গারেটকে দীনদরিদ্রদের প্রতি তাঁর অপূর্ব দয়া-মমতার জন্য আদর্শবান করে তুলেছ। আশীর্বাদ কর: তাঁর প্রার্থনা ও আদর্শের উপর নির্ভর ক'রে আমরা যেন মানবজাতির মাঝে তোমার মঙ্গলময়তার ছবি প্রকাশ করতে পারি।

একই দিন ১৭ই নভেম্বর

## হাঙ্গেরীর সাধ্বী এলিজাবেথ, ধর্মব্রতিনী

সাধারণ ব্যবস্থা: সাধ্বী (সেবাব্রতিনী), পৃঃ ১০৪৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার অনুগ্রহে সাধ্বী এলিজাবেথ দীনদরিদ্রদের মধ্যে খ্রীষ্টকেই দেখছিলেন, তাঁকেই শ্রদ্ধা করছিলেন। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: আমরা যেন নিঃস্ব দুঃখপীড়িত মানুষকে অক্লান্ত ভালবাসায় সেবা করতে পারি।

১৮ই নভেম্বর

## সাধু পিতর ও পল মহাগির্জার উৎসর্গদিবস

সাধারণ ব্যবস্থা: গির্জা উৎসর্গীকরণ, পৃঃ ৯৪২।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, প্রেরিতদূতগণের দ্বারা তোমার মন্ডলীকে সুরক্ষিত করে রাখ: যাঁদের প্রচারের ফলে তোমার মন্ডলী খ্রীষ্টবিশ্বাসের বীজ গ্রহণ করেছিল, তাঁদের সহায়তার ফলে সে যেন যুগান্ত পর্যন্ত তোমার শত অনুগ্রহ লাভে ধন্য হতে পারে।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: হে প্রভু, * প্রেরিতদূতদের প্রধান পিতর ও সর্বজাতির ধর্মগুরু পল
আমাদের শিখিয়ে দিলেন তোমার বিধান।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: ভক্তরা * শান্তিতে ঘুমিয়ে আছেন;
তাঁদের নাম বিরাজ করে চিরকাল।

১৯শে নভেম্বর

## সাধ্বী মেখ্‌তিল্ডা, চিরকুমারী

সাধারণ ব্যবস্থা: সন্ন্যাসী, পৃঃ ১০১০ অথবা চিরকুমারী, পৃঃ ১০২১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, চিরকুমারী সাধ্বী মেখ্‌তিল্ডার অন্তর তুমি করে তুলেছিলে তোমার আনন্দ-নিকেতন। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আমাদের অন্ধকারময় অন্তর আলোকিত কর, আমরা যেন সানন্দে অনুভব করতে পারি : তুমি আমাদের অন্তরে সদা সক্রিয়, নিত্য বিরাজিত।

২১শে নভেম্বর

## মন্দিরে বালিকা মারীয়াকে উপস্থাপন

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, পবিত্রতমা কুমারী মারীয়ার গৌরবময় স্মরণদিবস শ্রদ্ধার সঙ্গে পালন ক'রে আমরা তোমাকে অনুনয় করি : তাঁর প্রার্থনার পুণ্যফলে আমরাও যেন তোমার অনুগ্রহের পূর্ণতা লাভে ধন্য হতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : হে মারীয়া, * তুমি সুখী ; তুমি যে বিশ্বাস করেছিলে ;
তোমাতেই সিদ্ধিলাভ করল প্রভুর প্রতিশ্রুতি।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে পবিত্রা ঈশ্বরজননী,
হে নিত্যকুমারী,
হে প্রভুর মন্দির, হে পবিত্র আত্মার পবিত্রধাম !
প্রভু যীশু খ্রীষ্ট তোমাতেই হলেন প্রীত। আল্লেলুইয়া।

২২শে নভেম্বর

## সাধ্বী সেসিলিয়া, চিরকুমারী ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা চিরকুমারী, পৃঃ ১০২১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, প্রতি বছর তুমি সাধ্বী সেসিলিয়ার স্মরণদিবসে আমাদের আনন্দিত করে তোল। আশীর্বাদ কর : তোমার দাসীর সম্পর্কে যা ভক্তির সঙ্গে সম্প্রদান করা হয়েছে, আমরা যেন তা অনুকরণীয় আদর্শ বলে গ্রহণ করি, এবং তোমার পুত্র খ্রীষ্ট তাঁর সেবকদের মধ্যে যে আশ্চর্য কর্মকীর্তি সাধন করেছেন, তা যেন সকলের কাছে প্রচার করতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : ভোরবেলায় * সেসিলিয়া বলে উঠলেন,
ওহে খ্রীষ্টের সৈন্যসকল !
অন্ধকারের কাজকর্ম ফেলে দিয়ে
আলোর রণসজ্জা গ্রহণ কর।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : কুমারী সেসিলিয়া * হৃদয়মন্দিরে নিত্যই বহন করতেন খ্রীষ্টের সুসমাচার।
তিনি ঈশ্বরের সঙ্গে সংলাপ করতেন নিশিদিন।

২৩শে নভেম্বর

## পোপ সাধু প্রথম ক্লেমেণ্ট, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তোমার সাধুসাধ্বীদের মহাকীর্তিতে তুমিই কীর্তনীয়! তোমার মণ্ডলী আজ আনন্দের সঙ্গে তোমার পুত্রের পুরোহিত ও সাক্ষ্যমর সেই সাধু ক্লেমেণ্টেরই গৌরবময় স্মৃতিবার্ষিকী পালন করে, যিনি যে মহারহস্য উদ্‌যাপন করতেন, নিজের রক্তদানেই তার বিষয়ে সাক্ষ্য দিয়েছিলেন ; এবং কথায় যা প্রচার

করতেন, আদর্শ জীবনাচরণেই তা সার্থক করে তুলেছিলেন।

একই দিন ২৩শে নভেম্বর

**সাধু কলম্বান, মঠাধ্যক্ষ**

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা সন্ন্যাসী, পৃঃ ১০১০।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সাধু কলম্বানকে তুমি বাণীপ্রচার-সেবাকর্মের, আবার সন্ন্যাসজীবনেরও এক অপূর্ব আদর্শ করে তুলেছিলেন। আশীর্বাদ কর : তাঁর প্রার্থনার পুণ্যফলে ও তাঁর অনুকরণে আমরাও যেন সবকিছুর ঊর্ধ্বে তোমারই অন্বেষণ করি ও তোমার বিশ্বাসী জনগণের সংখ্যা বৃদ্ধি করার জন্য সচেষ্ট থাকি।

২৪শে নভেম্বর

**সাধু আন্দ্রিয় দুং লাক, পুরোহিত ও তাঁর সঙ্গীরা, সাক্ষ্যমর**

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সমস্ত পিতৃত্বের একমাত্র উৎস ; তোমার প্রেরণায় বলীয়ান হয়ে সাধু আন্দ্রিয় ও তাঁর সাক্ষ্যমর সঙ্গীরা রক্তদান পর্যন্তই তোমার পুত্রের ক্রুশের প্রতি বিশ্বস্ততা দেখাতে পেরেছিলেন। তাঁদের প্রার্থনার পুণ্যফলে আশীর্বাদ কর : ভাইবোনদের মাঝে তোমার প্রেমের কথা প্রচার ক'রে আমরা যেন দেখাতে পারি যে, নামে ও কর্মে আমরা তোমার সন্তান।

২৫শে নভেম্বর

**আলেকজান্দ্রিয়ার সাধ্বী কাথারিনা, চিরকুমারী ও সাক্ষ্যমর**

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা চিরকুমারী, পৃঃ ১০২১।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তোমার জনগণকে তুমি চিরকুমারী ও অপরাজিতা সাক্ষ্যমর সাধ্বী কাথারিনাকে দান করেছ। আশীর্বাদ কর, তাঁর প্রার্থনার পুণ্যফলে আমরা যেন বিশ্বাস ও নিষ্ঠতায় বলবান হয়ে উঠে মণ্ডলীর ঐক্যের উদ্দেশ্যে সর্বদাই সক্রিয় সহযোগিতা দান করতে পারি।

২৬শে নভেম্বর

**সাধু সিলভেস্তার, মঠাধ্যক্ষ**

সাধারণ ব্যবস্থা : সন্ন্যাসী, পৃঃ ১০১০।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, মঠাধ্যক্ষ সিলভেস্তারকে তুমি প্রৈরিতিক সেবার, আবার সন্ন্যাসজীবনেরও এক অপূর্ব আদর্শ করে তুলেছিলেন। আশীর্বাদ কর : আমরা যেন উন্মুক্ত অন্তরে তোমার নিত্য অন্বেষণ করি, এবং মণ্ডলীর নম্র সেবায় স্বর্গধামের পথে দ্রুতপদে এগিয়ে চলি।

৩০শে নভেম্বর

**সাধু আন্দ্রিয়, প্রেরিতদূত**

সাধারণ ব্যবস্থা : প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে মহিমময় প্রভু, বিনীত কণ্ঠে মিনতি জানাই : প্রেরিতদূত সাধু আন্দ্রিয় যেমন তোমার আদিমণ্ডলীর জন্য ছিলেন প্রচারক ও পালক, তেমনি এখনও যেন তোমার কাছে হন আমাদের মঙ্গলের নিত্য সমর্থক।

## জাগরণী

### ১ম পর্ব

১ম ধুয়ো : পিতর ও আন্দ্রিয়কে দে'খে * প্রভু তাঁদের আহ্বান করলেন। সাম ১৯

২য় ধুয়ো : তোমরা * আমার অনুসরণ কর!
আমি তোমাদের করে তুলব মানুষ-ধরা জেলে। সাম ৪৭
৩য় ধুয়ো : তাঁরা * জাল ফেলে রেখে
মুক্তিদাতা প্রভুর অনুসরণ করলেন। সাম ৬৪

℣ যা আমরা দেখেছি ও শুনেছি, তোমাদের কাছে তারই সংবাদ জানাচ্ছি,
℟ তোমরাও যেন আমাদের জীবনের সহভাগী হতে পার।

## ২য় পর্ব

১ম ধুয়ো : ক্রুশ দে'খে * আন্দ্রিয় আনন্দের সঙ্গে বলে উঠলেন :
হে আকাঙ্ক্ষিত ক্রুশ, আমি সর্বদাই তোমাকে ভালবেসেছি,
তোমাকে আলিঙ্গন করতে সর্বদা বাসনা করেছি। সাম ৭৫
২য় ধুয়ো : ক্রুশে * বিদ্ধ হয়েও
আন্দ্রিয় উপস্থিত সকলের কাছে যীশুর নাম প্রচার করতেন। সাম ৯৯
৩য় ধুয়ো : আন্দ্রিয় * জনতাকে অনুরোধ করছিলেন,
তারা যেন তাঁর যন্ত্রণাভোগ বন্ধ করে না দেয়। সাম ১০১

℣ তাঁরা বর্ণনা করলেন প্রভুর প্রশংসাবাদ, তাঁর পরাক্রম,
℟ সেই সব আশ্চর্য কাজ যা তিনি সাধন করলেন।

## ৩য় পর্ব

ধুয়ো : আনন্দ কর, * উল্লাস কর তোমরা,
তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

℣ আমি তাদের করে তুলব আমার ঈশ্বরের সেই মন্দিরে স্তম্ভেরই মত।
℟ সেগুলির উপর আমি লিখে রাখব আমার ঈশ্বর ও তাঁর নগরীর নাম।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** যোহন ১:৩৫-৪২।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।
১ম ধুয়ো : কেউ যদি আমার পিছনে আসতে ইচ্ছা করে, * সে নিজেকে অস্বীকার করুক,
এবং নিজের ক্রুশ তুলে নিয়ে আমার অনুসরণ করুক।
২য় ধুয়ো : হে অমূল্য ক্রুশ! * যিনি তোমাতে একদিন বিদ্ধ হয়েছিলেন,
আমার গুরু সেই খ্রীষ্টের শিষ্য এই আমাকে আজ গ্রহণ কর।
৩য় ধুয়ো : ধন্য আন্দ্রিয় * এভাবেই প্রার্থনা করছিলেন,
হে শাশ্বত গৌরবের প্রভু,
আমার যন্ত্রণাভোগের অর্ঘ্য গ্রহণ কর।
৪র্থ ধুয়ো : হে ধন্য আন্দ্রিয়, * হে খ্রীষ্টের সেবক, ঈশ্বরের যোগ্য প্রেরিতদূত,
তোমার ভাই পিতরের মত তুমিও সাক্ষ্যমরণ বরণ করলে।
৫ম ধুয়ো : প্রভু যীশুর ক্রুশ, * এই তো আমাদের গৌরব!

**জাখারিয়ার গীতিকা**
ধুয়ো : যে দু'জন * প্রথম যীশুর অনুসরণ করেছিলেন,
তাঁদের একজন ছিলেন সিমোন পিতরের ভাই আন্দ্রিয়।

## পূর্বাহ্ন, মধ্যাহ্ন ও অপরাহ্ন প্রহর

ধুয়ো : প্রভাতী বন্দনার ২য়, ৪র্থ ও ৫ম ধুয়ো।

## সন্ধ্যারতি

১ম ধুয়ো : কেউ যদি আমার পিছনে আসতে ইচ্ছা করে, * সে নিজেকে অস্বীকার করুক,
এবং নিজের ক্রুশ তুলে নিয়ে আমার অনুসরণ করুক। সাম ১১০
২য় ধুয়ো : হে অমূল্য ক্রুশ ! * যিনি তোমাতে একদিন বিদ্ধ হয়েছিলেন,
আমার গুরু সেই খ্রীষ্টের শিষ্য এই আমাকে আজ গ্রহণ কর। সাম ১১৩
৩য় ধুয়ো : ধন্য আন্দ্রিয় * এভাবেই প্রার্থনা করছিলেন,
হে শাশ্বত গৌরবের প্রভু,
আমার যন্ত্রণাভোগের অর্ঘ্য গ্রহণ কর। সাম ১১৬ খ
৪র্থ ধুয়ো : হে ধন্য আন্দ্রিয়, * হে খ্রীষ্টের সেবক, ঈশ্বরের যোগ্য প্রেরিতদূত,
তোমার ভাই পিতরের মত তুমিও সাক্ষ্যমরণ বরণ করলে। সাম ১২৬
৫ম ধুয়ো : প্রভু যীশুর ক্রুশ, * এই তো আমাদের গৌরব ! গীতিকা এফে

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : হে আন্দ্রিয়, * তুমি ধন্য !
তুমি যে খ্রীষ্টের সেবক,
পরমেশ্বরের প্রেরিতদূত,
পিতরের ভাই ও সাক্ষ্যমরণে তাঁর সহভাগী।

৩রা ডিসেম্বর

## সাধু ফ্রান্সিস জেভিয়ার, পুরোহিত

**[বাংলাদেশে, মিশন দেশসমূহের প্রতিপালক - ভারতীয় উপমহাদেশে পর্ব]**

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সাধু ফ্রান্সিসের প্রচারের মাধ্যমে তুমি বহু জাতির মানুষকে তোমার আপন জনগণের সঙ্গে যুক্ত করেছিলে। আশীর্বাদ কর: খ্রীষ্টবিশ্বাসীদের অন্তর তাঁর ধর্মাগ্রহের আদর্শে উদ্দীপিত হোক, নিত্য নতুন সন্তান লাভে মাতা মণ্ডলীও সর্বত্র আনন্দিত হোক।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: তোমরা * জগতের সর্বত্রই যাও;
সকল জাতিকে আমার শিষ্য কর;
পিতা ও পুত্র ও পবিত্র আত্মা-নামের উদ্দেশে
তাদের দীক্ষাস্নাত কর। আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: তোমরা * ফসলের প্রভুর কাছে মিনতি জানাও,
তিনি যেন নিজ শস্যখেতে কর্মী পাঠান।

৪ঠা ডিসেম্বর

## দামাস্কাসের সাধু যোহন, পুরোহিত ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, আশীর্বাদ কর: পুরোহিত সাধু যোহনের প্রার্থনার পুণ্যফলে আমরা যেন নিত্য সুরক্ষিত থাকি; যে সত্যবিশ্বাস তিনি অপূর্বভাবে শিখিয়ে গেছেন, তা সদাই হোক আমাদের আলো ও আমাদের শক্তি।

৫ই ডিসেম্বর

## সাধু সাবা, মঠাধ্যক্ষ

সাধারণ ব্যবস্থা: সন্ন্যাসী, পৃঃ ১০১০।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার আশীর্বাদে মঠাধ্যক্ষ সাধু সাবা সন্ন্যাসজীবনের উজ্জ্বল আদর্শ এবং নির্ভুল ধর্মবিশ্বাসের প্রচারক হয়ে উঠেছিলেন। অনুনয় করি তোমায়: আমরা যেন ভ্রাতৃপ্রেম বজায় রেখেই ধর্মসত্য অবলম্বন করি এবং চিরকালীন আনন্দে তোমার সেবা করতে পারি।

৬ই ডিসেম্বর

## সাধু নিকোলাস, বিশপ

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, আমরা বিনীত কণ্ঠে তোমার করুণা প্রার্থনা করি: বিশপ সাধু নিকোলাসের প্রার্থনায় প্রসন্ন হয়ে সমস্ত বিপদ থেকে আমাদের মুক্ত রাখ, আমরা যেন পরিত্রাণের পথে দ্রুতপদে এগিয়ে চলতে পারি।

৭ই ডিসেম্বর

## সাধু আম্ব্রোজ, বিশপ ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি বিশপ সাধু আম্ব্রোজকে কাথলিক ধর্মতত্ত্বের শিক্ষাগুরু ও প্রৈরিতিক সৎসাহসের আদর্শ করে তুলেছিলে। অনুনয় করি : তোমার মণ্ডলীতে তোমার মনের মত মানুষ জাগিয়ে তোল, যারা প্রজ্ঞা ও সৎসাহসের সঙ্গে তাকে পরিচালনা করবে।

৮ই ডিসেম্বর

## ধন্যা কুমারী মারীয়ার অমলোদ্ভব

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২। মহাপর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, কুমারী মারীয়ার অমলোদ্ভবের মধ্য দিয়ে তুমি তোমার পুত্রের জন্য উপযুক্ত আবাস প্রস্তুত করেছিলে। অনুনয় করি : তোমার পুত্রের ভাবী মৃত্যুর কথা আগে থেকে জেনে তুমি যখন সেই মৃত্যুর গুণে ধন্যা মারীয়াকে সর্বকলঙ্কমুক্তা করে রেখেছিলে, তখন তাঁর প্রার্থনার পুণ্যফলে আমাদেরও পরিশুদ্ধ করে তোমার কাছে পৌঁছবার অনুগ্রহ দান কর।

## ১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ৯২৮।

**বাণী পাঠ** **রো ৮:২৯ক,৩০**

হে ঈশ্বর, কুমারী মারীয়ার অমলোদ্ভবের মধ্য দিয়ে তুমি তোমার পুত্রের জন্য উপযুক্ত আবাস প্রস্তুত করেছিলে। অনুনয় করি : তোমার পুত্রের ভাবী মৃত্যুর কথা আগে থেকে জেনে তুমি যখন সেই মৃত্যুর গুণে ধন্যা মারীয়াকে সর্বকলঙ্কমুক্তা করে রেখেছিলে, তখন তাঁর প্রার্থনার পুণ্যফলে আমাদেরও পরিশুদ্ধ ক'রে তোমার কাছে পৌঁছবার অনুগ্রহ দান কর।

**শ্লোক**

℣ হে প্রভু, তুমি ধন্য, * তুমি যে আমাতে প্রীত।
℟ হে প্রভু, তুমি ধন্য, * তুমি যে আমাতে প্রীত।
℣ আমার শত্রু জয়োল্লাস করতে পারবে না আমার উপর,
℟ তুমি যে আমাতে প্রীত।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে প্রভু, তুমি ধন্য, * তুমি যে আমাতে প্রীত।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : যুগে যুগে * সকলে আমাকে সুখী বলবে,
কারণ আমার জন্য মহা মহা কাজ করেছেন সেই শক্তিমান। আল্লেলুইয়া।

**আহ্বান সঙ্গীত**

**ধুয়ো :** এসো, কুমারী মারীয়ার অমলোদ্ভব মহাপর্ব উদ্‌যাপন করি ;
এসো, তাঁর সন্তান খ্রীষ্ট প্রভুর চরণে প্রণিপাত করি। **সাম ৯৫**

## জাগরণী

### স্তোত্র

১। কুমারীত্বের স্বচ্ছ দর্পণ,
পুণ্যবতী ঈশ্বর-মাতা,
স্বর্গের দ্বার, জগতের আশা,
ওগো মাতা, প্রণাম, প্রণাম।

২। শুভ্র পুষ্প, উজ্জ্বল তারা,
যেসে-বংশের উর্বর বৃক্ষ,
শয়তানের 'পরে জয়ী,
ওগো মাতা, প্রণাম, প্রণাম।

৩। তোমার দ্বারা এলেন খ্রীষ্ট,
মোরা পেলাম জীবন, মুক্তি;
তবেই বিশ্ব বলে ওঠে:
ওগো রানী, প্রণাম, প্রণাম।

৪। সুকুমারীর যিনি সন্তান,
সেই শ্রীযীশু হোন কীর্তিত,
পিতা ও পবিত্রাত্মার সঙ্গে
তিনি সদা হোন পূজিত। (১৮শ শতাব্দী)

### ১ম পর্ব

১ম ধুয়ো: উদ্ভবলগ্ন থেকেই * মারীয়া হলেন প্রভুর আশীর্বাদের পাত্রী,
ত্রাণেশ্বর তাঁকে পুণ্য পবিত্র করে তুললেন। সাম ২৪

২য় ধুয়ো: মারীয়ার আবির্ভাবে * পরমেশ্বর তাঁর সহায়তা করলেন,
পরাৎপর প্রস্তুত করলেন নিজ পবিত্র আবাস। সাম ৪৬

৩য় ধুয়ো: হে পরমেশ্বরের নগর,
তোমার বিষয়ে বলা হয় কতই না গৌরবের কথা;
তিনি পবিত্র পর্বতশ্রেণীর চূড়ায়ই
স্থাপন করলেন তোমার ভিত। সাম ৮৭

℣ প্রভু পরমেশ্বর আমার কোমরে শক্তির বন্ধনী বাঁধলেন,
℟ তিনি নিখুঁত করলেন আমার চলার পথ।

### ২য় পর্ব

১ম ধুয়ো: অমলোদ্ভব-লগ্নে * মারীয়া প্রসাদে হলেন উচ্ছ্বসিতা;
আদমসন্তানদের মধ্যে তিনি ছিলেন সুন্দরতমা। সাম ৪৫

২য় ধুয়ো: সেই পবিত্র পর্বত, * সেই সুন্দর উঁচুস্থানই
সারা পৃথিবীর আনন্দের আধার। সাম ৪৮

৩য় ধুয়ো: মারীয়ার উদ্ভবলগ্নে * কৃপা ও সত্যের হল সম্মিলন,
ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। সাম ৮৫

℣ হে প্রভু, তুমি ধন্য, তুমি তো আমাতে প্রীত।
℟ আমার শত্রু জয়োল্লাস করতে পারবে না আমার উপর।

### ৩য় পর্ব

ধুয়ো: প্রণাম! * ঈশ্বরের প্রসাদে মুকুলিত স্বর্গীয় গোলাপফুল;
স্বর্ণ অলঙ্কারে সুসজ্জিতা কনে।
প্রণাম! তুমিই যে স্বর্গদূতদের চেয়ে
পরমেশ্বরের পুলক-প্রীতি।

℣ তোমার বন্দনা করব, প্রভু; তুমি তুলে নিয়েছ আমায়;
℟ আমার শত্রুদের দাওনি আমার উপর আনন্দ করতে।

**স্তোত্র:** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা:** মথি ১:১৮-২৩।
**স্তোত্র:** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : ধন্যা মারীয়া, * তুমি সুন্দরতমা :
আদিপাপের কালিমা তোমাতে নেই।

২য় ধুয়ো : তুষারেরই মত শুভ্র * তোমার বসন,
সূর্যেরই মত উজ্জ্বল তোমার শ্রীমুখ।

৩য় ধুয়ো : তুমি যেরুসালেমের গৌরব, * তুমি ইস্রায়েলের আনন্দ,
তুমি আমাদের জাতির সম্মান।

৪র্থ ধুয়ো : হে কুমারী মারীয়া, * পৃথিবীর বুকে যত নারীর চেয়ে,
পরাৎপর পরমেশ্বরের সম্মুখে তুমিই ধন্যা।

৫ম ধুয়ো : হে অমলোদ্ভবা কুমারী, * তোমার পবিত্রতার সুবাসে আকর্ষিত হয়ে
আমরা তোমার কাছে আসি।

**বাণী পাঠ** **ইসা ৪৩:১**

একথা বলছেন সেই প্রভু যিনি, হে যাকোব, তোমাকে সৃষ্টি করলেন, যিনি, হে ইস্রায়েল, তোমাকে গড়লেন : ভয় পেয়ো না, কারণ আমি তোমার মুক্তি সাধন করলাম ; নাম ধরেই তোমাকে ডাকলাম : তুমি তো আমারই।

**শ্লোক**

℣ প্রভু পরমেশ্বর * আমার কোমরে শক্তির বন্ধনী বাঁধলেন।
℟ প্রভু পরমেশ্বর * আমার কোমরে শক্তির বন্ধনী বাঁধলেন।
℣ তিনি নিখুঁত করলেন আমার চলার পথ ;
℟ আমার কোমরে শক্তির বন্ধনী বাঁধলেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু পরমেশ্বর * আমার কোমরে শক্তির বন্ধনী বাঁধলেন।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : প্রভু পরমেশ্বর * সাপকে বললেন, আমি তোমার ও নারীর মধ্যে,
তোমার বংশ ও তার বংশের মধ্যে পরস্পর শত্রুতা জাগিয়ে তুলব।
নারীটি তোমার মাথা পিষে মারবে। আল্লেলুইয়া।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : ধন্য পরমেশ্বর !
তিনি আমার মধ্য দিয়েই তাঁর দয়ার সঙ্কল্প পূর্ণ করলেন।

**বাণী পাঠ** **এফে ১:৪**

ঈশ্বর জগৎপত্তনের আগেই খ্রীস্টে আমাদের বেছে নিয়েছিলেন, আমরা যেন ভালবাসায় তাঁর সামনে পবিত্র ও অনিন্দ্য হয়ে উঠতে পারি।

℣ আজ অমলোদ্ভবা মারীয়া
℟ সেই আদিম সাপের মাথা পিষে মারলেন।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : প্রভু * তোমাতেই প্রীত হলেন ;
তোমার পরমেশ্বর তোমাকে নিয়ে পুলকিত হলেন।

**বাণী পাঠ** **এফে ১:১১-১২ক**

যিনি নিজের ইচ্ছা অনুসারেই সমস্ত কিছু সক্রিয়ভাবে ঘটিয়ে থাকেন, সেই ঈশ্বরের পরিকল্পনামত আমরা আগে থেকে খ্রীষ্টে নিরূপিত হয়েছিলাম, যেন আমাদের দ্বারা তাঁর গৌরবের প্রশংসা হয়।

℣ জীবনময় ঈশ্বরের জন্য

℟ আনন্দচিৎকারে ফেটে পড়ে আমার হৃদয়, আমার দেহ।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো : ঈশ্বর * ধর্মময়তায় আমাকে সৃষ্টি করলেন ;
আমার হাত ধরে তিনি আমাকে রক্ষা করলেন।

**বাণী পাঠ** **এফে ৫:২৫-২৭**

খ্রীষ্ট মণ্ডলীকে ভালবাসলেন ও তার জন্য নিজেকে সম্পূর্ণরূপেই দান করলেন জলপ্রক্ষালনে বচন দ্বারা পরিশুদ্ধ ক'রে তাকে পবিত্র করে তোলার জন্য, যেন নিজের সামনে গৌরবে বিভূষিতা এমন মণ্ডলীকে উপস্থিত করতে পারেন, যার কোন কলঙ্ক বা বলিরেখা বা অন্য ধরনের খুঁত নেই, বরং পবিত্র ও নিষ্কলঙ্কই এক মণ্ডলী।

℣ হে কুমারী মারীয়া, তোমার অমলোদ্ভব

℟ জগতের জন্য হল মহা আনন্দের বার্তা।

## ২য় সন্ধ্যারতি

১ম ধুয়ো : ধন্যা মারীয়া, * তুমি সুন্দরতমা :
আদিপাপের কালিমা তোমাতে নেই। সাম ১১০
২য় ধুয়ো : তুষারেরই মত শুভ্র * তোমার বসন,
সূর্যেরই মত উজ্জ্বল তোমার শ্রীমুখ। সাম ১১৩
৩য় ধুয়ো : তুমি যেরুসালেমের গৌরব, * তুমি ইস্রায়েলের আনন্দ,
তুমি আমাদের জাতির সম্মান। সাম ১২২
৪র্থ ধুয়ো : হে কুমারী মারীয়া, * পৃথিবীর বুকে যত নারীর চেয়ে,
পরাৎপর পরমেশ্বরের সম্মুখে তুমিই ধন্যা।সাম ১২৭
৫ম ধুয়ো : হে অমলোদ্ভবা কুমারী, * তোমার পবিত্রতার সুবাসে আকর্ষিত হয়ে
আমরা তোমার কাছে আসি। গীতিকা এফে

**বাণী পাঠ** **রো ৫:২০-২১**

যেখানে পাপ বৃদ্ধি পেল, সেখানে অনুগ্রহ অধিক উপচে পড়ল, যেন যেমন মৃত্যুর মধ্য দিয়ে পাপ রাজত্ব করেছিল, তেমনি অনন্ত জীবনের উদ্দেশে ধর্মময়তার মধ্য দিয়ে অনুগ্রহ রাজত্ব করতে পারে—আমাদের প্রভু যীশুখ্রীষ্ট দ্বারা।

**শ্লোক**

℣ হে প্রভু, তুমি ধন্য, * তুমি যে আমাতে প্রীত।

℟ হে প্রভু, তুমি ধন্য, * তুমি যে আমাতে প্রীত।

℣ আমার শত্রু জয়োল্লাস করতে পারবে না আমার উপর,

℟ তুমি যে আমাতে প্রীত।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ হে প্রভু, তুমি ধন্য, * তুমি যে আমাতে প্রীত।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আজ * যেসের মূলকাণ্ড থেকে উৎপন্ন হলেন সেই নতুন পল্লব,
আজ আদিপাপের কালিমা থেকে মুক্ত হয়ে মারীয়ার উদ্ভব হল,
আজ তিনি সেই আদিম সাপের মাথা
পিষে মারলেন। আল্লেলুইয়া।

৯ই ডিসেম্বর

## সাধু জন ডিয়েগো কুয়াউহৎলাতোয়াৎজিন

সাধারণ ব্যবস্থা : সাধু, পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, সাধু জন ডিয়েগোর মধ্য দিয়ে তুমি আমাদের কাছে তোমার জনগণের প্রতি পবিত্রতমা ধন্যা কুমারী মারীয়ার ভালবাসা প্রকাশ করেছ। আশীর্বাদ কর, গুয়াদালুপে তীর্থে আমাদের মাতা যে আদেশবাণী দিয়েছিলেন, তার প্রতি বাধ্য হয়ে আমরা যেন সাধু জন ডিয়েগোর প্রার্থনার পুণ্য ফলে তোমার ইচ্ছা পূরণের জন্য সদাই তৎপর থাকি।

১১ই ডিসেম্বর

## পোপ সাধু প্রথম দামাসুস

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, আশীর্বাদ কর : পোপ সাধু দামাসুস তোমার সাক্ষ্যমরদের প্রতি যে ভক্তিপূর্ণ শ্রদ্ধা দেখিয়ে গেছেন, আমরাও যেন তাঁদের অপরূপ কীর্তি একই শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি।

১২ই ডিসেম্বর

## গুয়াদালুপে তীর্থের ধন্যা কুমারী মারীয়া

সাধারণ ব্যবস্থা : ধন্যা কুমারী মারীয়া, পৃঃ ৯৫২।

**সমাপন প্রার্থনা**

হে দয়াবান পিতা ঈশ্বর, তুমি তোমার জনগণকে তোমার পুত্রের পবিত্রতমা মাতার বিশেষ সহায়তায় রেখেছ। আশীর্বাদ কর, যারা গুয়াদালুপে তীর্থের ধন্যা কুমারীকে ডাকে, তারা সকলে যেন উজ্জ্বলতর বিশ্বাসের সঙ্গে ন্যায় ও শান্তির পথে সর্বজাতির উন্নতিকল্পে আত্মনিয়োজিত থাকে।

১৩ই ডিসেম্বর

## সাধ্বী লুসী, চিরকুমারী ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা চিরকুমারী, পৃঃ ১০২১। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, চিরকুমারী সাক্ষ্যমর সাধ্বী লুসীর প্রার্থনার পুণ্যফলে আমাদের অন্তর নবীন ও উজ্জ্বল হয়ে উঠুক, যেন এ জীবনকালে তাঁর স্বর্গীয় জন্মতিথি পালন ক'রে একদিন তোমার সনাতন গৌরবের দর্শন পেতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : দীন দাসী আমি * সারাজীবন ধরে জীবনময় ঈশ্বরের কাছে
আমার সর্বস্ব উৎসর্গ করতে চেয়েছি;
এখন যে আমার নিজের বলে আর কিছু নেই,
নিজেকেই বলিরূপে উৎসর্গ করব।

কুমারী মারীয়ার গীতিকা
ধুয়ো: হে লুসী, * হে খ্রীষ্টের কনে,
সহিষ্ণুতার মধ্য দিয়ে তুমি লাভ করেছ নিজের প্রাণ:
সংসারকে তুচ্ছ ক'রে এখন তুমি স্বর্গীয় সভায় উজ্জ্বল আলোতে উদ্ভাসিতা:
নিজের রক্তের মধ্য দিয়ে শত্রুকে করেছ জয়!

১৪ই ডিসেম্বর

## ক্রুশভক্ত সাধু যোহন, পুরোহিত ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩। স্মরণ

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তোমার আশীর্বাদে পুরোহিত সাধু যোহন পবিত্র ক্রুশকে একান্তই ভালবেসে সিদ্ধ আত্মত্যাগের আদর্শ হয়ে উঠেছিলেন। আশীর্বাদ কর: তাঁর আদর্শ উত্তরোত্তর অনুসরণ ক'রে আমরা যেন একদিন তোমার সনাতন গৌরব দর্শন করতে পারি।

জাখারিয়ার গীতিকা
ধুয়ো: কেউ যদি আমার পিছনে আসতে ইচ্ছা করে, * সে নিজেকে অস্বীকার করুক,
এবং নিজের ক্রুশ তুলে নিয়ে আমার অনুসরণ করুক।

কুমারী মারীয়ার গীতিকা
ধুয়ো: প্রভু যীশুর ক্রুশ, * এই তো আমাদের গৌরব!

২১শে ডিসেম্বর

## সাধু পিতর কানিসিউস, পুরোহিত ও মণ্ডলীর আচার্য

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা মণ্ডলীর আচার্য, পৃঃ ১০০৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, কাথলিক ধর্মতত্ত্ব রক্ষার লক্ষ্যে তুমি পুরোহিত সাধু পিতরকে সৎসাহস ও জ্ঞান দানে অনুপ্রাণিত করেছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: সত্যের অন্বেষী সকল মানুষ যেন আনন্দের সঙ্গে তোমাকে, হে ঈশ্বর, খুঁজে পায়, এবং তোমার বিশ্বাসী জনগণ যেন সত্য বিশ্বাস স্বীকারে নিষ্ঠাবান থাকে।

জাখারিয়ার গীতিকা
ধুয়ো: যাঁরা * ঐশশিক্ষালাভে প্রীত ছিলেন,
তাঁরা গগনতলের মতই দীপ্তিমান হয়ে উঠবেন।
যাঁরা ধর্মশিক্ষাদানে রত ছিলেন,
তাঁরা তারকারাজির মতই জাজ্বল্যমান হবেন চিরকাল।

কুমারী মারীয়ার গীতিকা
ধুয়ো: হে মহাচার্য সাধু পিতর,
তুমি যে মণ্ডলীর পুণ্য জ্যোতি,
তুমি যে ঐশসত্যের করেছ অন্বেষণ,
আমাদের হয়ে খ্রীষ্ট প্রভুর চরণে প্রার্থনা কর।

২৩শে ডিসেম্বর

## কেন্তির সাধু যোহন, পুরোহিত

সাধারণ ব্যবস্থা: পালক, পৃঃ ৯৯৩ অথবা সাধু (সেবাব্রতী), পৃঃ ১০৩১।

**সমাপন প্রার্থনা**

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: আমরা যেন পুরোহিত সাধু যোহনের আদর্শে সাধুসাধ্বীদের প্রজ্ঞার পথে

উত্তরোত্তর এগিয়ে চলতে পারি এবং সকলের প্রতি দয়া-মমতা দেখিয়ে তোমার কাছে ক্ষমার পাত্র হতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : তোমরা যে আমার শিষ্য, * তা সকলে এতেই বুঝতে পারবে,
যদি পরস্পরের প্রতি তোমাদের ভালবাসা থাকে।

**কুমারী মারীয়ার গীতিকা**

ধুয়ো : আমার * ক্ষুদ্রতম ভাইদের একজনেরও প্রতি
তোমরা যা কিছু করেছ, তা আমারই প্রতি করেছ।
এসো, আমার পিতার আশীর্বাদের পাত্র যে তোমরা,
জগৎপত্তনের সময় থেকে যে রাজ্য তোমাদের জন্য প্রস্তুত করা হয়েছে,
তা উত্তরাধিকাররূপে গ্রহণ কর।

২৬শে ডিসেম্বর

## সাধু স্তেফান, প্রথম সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা : সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে প্রভু, আমরা আজ সাধু স্তেফানের স্বর্গীয় জন্মতিথি পালন করি, যিনি তাঁর নির্যাতকদেরও মঙ্গল প্রার্থনা করেছিলেন। আশীর্বাদ কর : আমরা যা শ্রদ্ধার সঙ্গে উদ্‌যাপন করি, সেই যজ্ঞানুষ্ঠানের মর্মসত্য যেন উপলব্ধি করি, যাতে আমরাও শত্রুদের ভালবাসতে পারি।

**আহ্বান সঙ্গীত**

ধুয়ো : যিনি স্তেফানকে গৌরবমুকুটে ভূষিত করেছেন,
এসো, সেই নবজাত খ্রীষ্ট প্রভুর চরণে প্রণিপাত করি। সাম ৯৫

## জাগরণী

### ১ম পর্ব

১ম ধুয়ো : তারা * স্তেফানকে বেছে নিলেন পরিসেবক হতে।
তিনি ছিলেন খ্রীষ্টবিশ্বাসে ও পবিত্র আত্মায় পরিপূর্ণ ব্যক্তি। সাম ১
২য় ধুয়ো : তিনি * যে প্রজ্ঞায় ও আত্মায় কথা বলছিলেন,
তা প্রতিরোধ করতে কেউই সক্ষম ছিল না। সাম ৪
৩য় ধুয়ো : পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়ে
স্তেফান স্বর্গের দিকে একদৃষ্টে তাকিয়ে ঈশ্বরের গৌরব দেখতে পেলেন,
এবং দেখতে পেলেন, পিতার ডান পাশে যীশু দাঁড়িয়ে আছেন। সাম ১৫
℣ এ পৃথিবীতে ওরা প্রায় নিঃশেষিত করে ফেলেছে আমায়,
℟ আমি কিন্তু পরিত্যাগ করিনি তোমার আদেশমালা।

### ২য় পর্ব

১ম ধুয়ো : খ্রীষ্টের শহীদ সাধু স্তেফানই
সাক্ষ্যমরদের তালিকায় প্রথম সাক্ষ্যমর। সাম ২
২য় ধুয়ো : আমাদের পরিত্রাতা * আমাদের জন্য মৃত্যুবরণ করলেন,
প্রতিদানে স্তেফান প্রথম তাঁর জন্য নিজেকে উৎসর্গ করলেন।সাম ১১

৩য় ধুয়ো : আজ প্রভু * এই মর্তে জন্ম নিলেন,
স্তেফান যেন স্বর্গেই জন্ম নিতে পারেন। সাম ২১

℟ প্রভুর দিকে চেয়ে দেখ, তোমরা উজ্জ্বল হয়ে উঠবে ;
℣ লজ্জায় ঢেকে যাবে না কো তোমাদের মুখ।

### ৩য় পর্ব

ধুয়ো : হায় যেরুসালেম, যেরুসালেম ! * তুমি যে নবীদের মেরে ফেল,
ও তোমার কাছে যারা প্রেরিত তাদের পাথর ছুড়ে মার !

℟ সঙ্কট, উদ্বেগ ধরেছে আমায়,
℣ তবু তোমার আজ্ঞাবলিই আমার সুখ।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** মথি ১০:২৮-৩৩।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।
১ম ধুয়ো : তারা * স্তেফানকে পাথর ছুড়ে মারছিল
আর তিনি প্রভুকে অনুনয় করে বলছিলেন :
এই পাপের জন্য তাদের দায়ী করো না।
২য় ধুয়ো : খরস্রোতের পাথর * তাঁর কাছে মধুর ছিল,
পুণ্যাত্মাদের প্রাণ তাঁকে ঘিরে থাকে।
৩য় ধুয়ো : হে আমার ঈশ্বর, * তোমাকে আঁকড়ে থাকে আমার প্রাণ,
তোমার জন্যই ওরা আমাকে পাথর ছুড়ে মারছে।
৪র্থ ধুয়ো : স্বর্গ উন্মুক্ত দে'খে * স্তেফান সেখানে প্রবেশ করলেন।
সুখী সেই মানুষ, যার সামনে স্বর্গ উন্মুক্ত হয়।
৫ম ধুয়ো : এই যে আমি দেখতে পাচ্ছি, * স্বর্গলোক এখন উন্মুক্ত,
ঈশ্বরের ডান পাশে দাঁড়িয়ে আছেন স্বয়ং যীশু।

**বাণী পাঠ** **শিষ্য ৬:২খ-৫ক**

প্রেরিতদূতেরা তখন একথা বললেন : 'খাদ্য-পরিবেশনে সেবার জন্য ঈশ্বরের বাণী অবহেলা করা আমাদের উচিত নয়। ভাই, তোমাদের মধ্য থেকে তোমরা এমন সাতজনকে দেখে নাও, যাদের সুনাম আছে, যারা ঐশআত্মা ও প্রজ্ঞায় পরিপূর্ণ ব্যক্তি। তাদেরই হাতে আমরা এই কাজের ভার তুলে দেব ; আর আমরা প্রার্থনা-সভায় ও বাণী-সেবায় নিবিষ্ট থাকব।' এই প্রস্তাব সমবেত সকলের কাছে গ্রহণযোগ্য হল।

**শ্লোক**

℟ প্রভুই আমার শক্তি, * তিনিই আমার স্তবগান।
℣ প্রভুই আমার শক্তি, * তিনিই আমার স্তবগান।
℟ তিনি হলেন আমার পরিত্রাণ।
℣ তিনিই আমার স্তবগান।
℟ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℣ প্রভুই আমার শক্তি, * তিনিই আমার স্তবগান।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : খ্রীস্টের সাক্ষ্যমর স্তেফানের জন্য * স্বর্গের দ্বার উন্মুক্ত হল ;
সাক্ষ্যমরদের তালিকায় তিনিই তো প্রথম সাক্ষ্যমর।
এখন তিনি স্বর্গে রয়েছেন
বিজয়মুকুটে ভূষিত হয়ে। আল্লেলুইয়া।

## পূর্বাহ্ন প্রহর

ধুয়ো : খরস্রোতের পাথর * তাঁর কাছে মধুর ছিল,
পুণ্যাত্মাদের প্রাণ তাঁকে ঘিরে থাকে।

**বাণী পাঠ** **১ পি ৫:১০-১১**

সকল অনুগ্রহ দানকারী ঈশ্বর, যিনি খ্রীস্টে আপন চিরন্তন গৌরবলাভের উদ্দেশে তোমাদের আহ্বান করেছেন, তিনি নিজেই এই ক্ষণস্থায়ী যন্ত্রণাভোগের পর তোমাদের পুনঃপ্রতিষ্ঠিত, সুস্থির, সবল ও স্থিতমূল করে তুলবেন। প্রতাপ তাঁরই, চিরদিন চিরকাল। আমেন।

℣ প্রভু তাকে পরিয়েছেন আনন্দ-বসন,
℟ কান্তির মুকুটেই তার মাথা করেছেন বিভূষিত।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : হে আমার ঈশ্বর, * তোমাকে আঁকড়ে থাকে আমার প্রাণ,
তোমার জন্যই ওরা আমাকে পাথর ছুড়ে মারছে।

**বাণী পাঠ** **যাকোব ১:১২**

সুখী সেই মানুষ, পরীক্ষার দিনে যে নিষ্ঠাবান থাকে; কারণ নিজের যোগ্যতা দেখানোর পর সে সেই জীবনমুকুট পাবে যা তাদেরই কাছে প্রতিশ্রুত যারা তাঁকে ভালবাসে।

℣ আমি প্রভুতেই ভরসা রাখি, ভীত হব না,
℟ নশ্বর মানুষ আমাকে কীবা করতে পারে?

## অপরাহ্ন প্রহর

ধুয়ো : স্বর্গ উন্মুক্ত দে'খে * স্তেফান সেখানে প্রবেশ করলেন।
সুখী সেই মানুষ, যার সামনে স্বর্গ উন্মুক্ত হয়।

**বাণী পাঠ** **প্রজ্ঞা ৩:১-২ক,৩খ**

ধার্মিকদের প্রাণ ঈশ্বরেরই হাতে, কোন যন্ত্রণা তাদের স্পর্শ করবে না। নির্বোধের দৃষ্টিতে দেখা দিয়েছিল তারা মৃত যেন, অথচ তারা শান্তিতেই বিরাজ করে।

℣ সানন্দে চিৎকার করতে করতেই তারা ফিরে আসে,
℟ সঙ্গে নিয়ে আসে ফসলের আটি।

## সন্ধ্যারতি

জন্মোৎসবকালে ২৬শে ডিসেম্বরের ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ১১৪।

২৭শে ডিসেম্বর

## সাধু যোহন, প্রেরিতদূত ও সুসমাচার-রচয়িতা

সাধারণ ব্যবস্থা : প্রেরিতদূত, পৃঃ ৯৬৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি প্রেরিতদূত সাধু যোহনের মধ্য দিয়ে তোমার বাণীর রহস্যাবৃত সত্য আমাদের জন্য উদ্ঘাটন করেছ। আশীর্বাদ কর: তিনি আমাদের কাছে যে বাণী উত্তমরূপে ধ্বনিত করেছেন, আমরা যেন গভীর ধ্যানের ফলে তা হৃদয়ঙ্গম করতে পারি।

## জাগরণী

### ১ম পর্ব

১ম ধুয়ো: জেবেদের ছেলে যাকোব * ও তাঁর ভাই যোহনকে দে'খে
যীশু তাঁদের আহ্বান করলেন।
তাঁরা তখনই নৌকা ও নিজেদের পিতাকে ফেলে রেখে
তাঁর অনুসরণ করলেন। সাম ১৯
২য় ধুয়ো: ইনিই * সেই শিষ্য,
যীশু যাঁকে ভালবাসতেন। সাম ৪৭
৩য় ধুয়ো: প্রভু * প্রেরিতদূত ও সুসমাচার-রচয়িতা চিরকুমার যোহনকে
মনোনীত করে সকলের চেয়ে তাঁকেই ভালবাসলেন। সাম ৬৪

℣ এই সমস্ত কথা সত্য, বিশ্বাসযোগ্য;
℟ আমি, যোহন, আমি নিজেই এই সবকিছু শুনেছি, দেখেছি।

### ২য় পর্ব

১ম ধুয়ো: ইনি * সেই যোহন,
যাঁরই হাতে যীশু আপন মাকে সঁপে দিয়েছিলেন। সাম ৭৫
২য় ধুয়ো: যাঁকে যীশু ভালবাসতেন, * সেই শিষ্য সমাধিস্থানে গিয়ে
ভিতরে ঢুকলেন: দেখলেন ও বিশ্বাস করলেন। সাম ৯৯
৩য় ধুয়ো: যাঁকে যীশু ভালবাসতেন, * সেই শিষ্য বলে উঠলেন,
উনি প্রভু! আল্লেলুইয়া। সাম ১০১

℣ যার কান আছে, সে শুনুক,
℟ ঐশআত্মা মণ্ডলীগুলিকে কী বলছেন।

### ৩য় পর্ব

ধুয়ো: প্রভু * তাঁকে চিরস্থায়ী খ্যাতি দিলেন;
উত্তরাধিকার রূপে তাঁকে দিলেন চিরস্থায়ী সুনাম।

℣ ইনি সেই শিষ্য, যিনি ঈশ্বরের বাণী
℟ এবং যীশুখ্রীষ্টের সাক্ষ্যবাণীর সপক্ষে দিয়েছেন সাক্ষ্য।

**স্তোত্র:** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা:** মথি ১৯:২৭-২৯।
**স্তোত্র:** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।
১ম ধুয়ো: কতই না সম্মাননীয় * সেই ধন্য শিষ্য যোহন,
যিনি শেষ ভোজের সময়ে প্রভুর বুকে মাথা সঁপে দিয়েছিলেন।

২য় ধুয়ো : ইনি সেই শিষ্য, * যিনি এবিষয়ে সাক্ষ্য দিলেন ;
আমরা জানি, যথার্থই তাঁর সাক্ষ্য।
৩য় ধুয়ো : প্রভু * প্রেরিতদূত ও সুসমাচার-রচয়িতা যোহনকে মনোনীত করলেন,
সকলের চেয়ে তাঁকেই ভালবাসলেন।
৪র্থ ধুয়ো : ইনি * সেই যোহন,
যাঁরই হাতে যীশু আপন মাকে সঁপে দিয়েছিলেন।
৫ম ধুয়ো : যাঁকে * যীশু ভালবাসতেন,
সেই শিষ্য পিতরকে বললেন, উনি প্রভু! আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **শিষ্য ৪:১৯-২০**

পিতর ও যোহন প্রতিবাদ করে বললেন, 'ঈশ্বরের কথার চেয়ে আপনাদেরই কথা শোনা ঈশ্বরের দৃষ্টিতে উচিত কিনা, তা আপনারা নিজেরা বিচার করুন ; কারণ আমরা যা নিজেরাই দেখেছি ও শুনেছি, তা না বলে থাকতে পারি না।'

**শ্লোক**

*প্র* তুমি তাঁদের করে তুলবে জনপ্রধান * সারা পৃথিবীর উপর।
*উ* তুমি তাঁদের করে তুলবে জনপ্রধান * সারা পৃথিবীর উপর।
*প্র* তাঁরা চিরস্মরণীয় করবেন তোমার নাম
*উ* সারা পৃথিবীর উপর।
*প্র* পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
*উ* তুমি তাঁদের করে তুলবে জনপ্রধান * সারা পৃথিবীর উপর।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো : ইনি * সেই ধন্য যোহন,
যিনি শেষ ভোজের সময়ে মাথা রেখেছিলেন প্রভুর বুকে।
ধন্য সেই প্রেরিতদূত,
যাঁর কাছে প্রকাশিত হল স্বর্গীয় মর্মসত্য।

**মিনতি নিবেদন**

নিজের জীবন্ত মন্দির হবার জন্য যিনি প্রেরিতদূতদের ভিত্তির উপরে আমাদের নির্মাণ করেন, আসুন, সেই পরম পিতার কাছে প্রার্থনা করি :

*হে প্রভু, তোমার জনমণ্ডলীর কথা স্মরণে রাখ।*

-তুমি চেয়েছিলে, প্রেরিতদূতেরাই হবেন তোমার পুনরুত্থিত পুত্রের প্রথম সাক্ষী। তোমার আশীর্বাদে আমরাও যেন তাঁর পুনরুত্থানের বিশ্বাসযোগ্য সাক্ষী হতে পারি।

-দীনদরিদ্রদের কাছে শুভসংবাদ প্রচার করতে তুমি তোমার পুত্রকে এ জগতে প্রেরণ করেছিলে। কৃপা কর, সেই পরিত্রাণদায়ী বাণী যেন বিশ্বের চারপ্রান্তে প্রচারিত হয়।

-তোমার ঐশবাণীর বীজ বুনতে তুমি তোমার পুত্রকে মানবজাতির মাঝে প্রেরণ করেছিলে। সহায়তা কর, তোমার শস্যখেতে কাজে রত যত বাণীপ্রচারক যেন প্রচুর ফসল সংগ্রহ করতে পারেন।

*হে প্রভু, তোমার জনমণ্ডলীর কথা স্মরণে রাখ।*

-জগৎ যেন তোমার সঙ্গে পুনর্মিলিত হয়, এজন্য তুমি তোমার পুত্রকে মানুষের ঘরে প্রেরণ করেছিলে। আশীর্বাদ কর, আমরা সকলেই যেন তোমার পুনর্মিলন ও শান্তি প্রতিষ্ঠা-কাজে ব্যস্ত থাকি।

-তোমার পুত্রকে তোমারই ডান পাশে উন্নীত ক'রে তুমি তাঁকে বিশ্বরাজারূপে নিযুক্ত করেছ। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার গৌরবধামে গ্রহণ কর।

## পূর্বাহ্ন প্রহর

ধুয়ো: কতই না সম্মাননীয় * সেই ধন্য শিষ্য যোহন,
যিনি শেষ ভোজের সময়ে মাথা রেখেছিলেন প্রভুর বুকে।

**বাণী পাঠ** **২ করি ৫:১৯-২০**

পুনর্মিলনের বাণী আমাদের হাতে তুলে দিয়েছেন। তাই আমরা খ্রীষ্টের পক্ষে বাণীদূত—ঠিক যেন স্বয়ং ঈশ্বরই আমাদের মধ্য দিয়ে আহ্বান জানাচ্ছেন। খ্রীষ্টের খাতিরে আমরা মিনতি করছি: ঈশ্বরের সঙ্গে নিজেদের পুনর্মিলিত হতে দাও।

℣ সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে পড়ে তাঁদের কণ্ঠ,
℟ বিশ্বের প্রান্তসীমায় তাঁদের বচন।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: ইনি সেই শিষ্য, * যিনি এবিষয়ে সাক্ষ্য দিলেন;
আমরা জানি, যথার্থই তাঁর সাক্ষ্য।

**বাণী পাঠ** **শিষ্য ৫:১২ক,১৪**

প্রেরিতদূতদের দ্বারা জনগণের মধ্যে বহু চিহ্ন ও অলৌকিক লক্ষণ দেখা দিত। দিনে দিনে উত্তরোত্তর বহু পুরুষ ও নারী বিশ্বাসী হয়ে প্রভুতে যুক্ত হত।

℣ তাঁরা প্রভুর নির্দেশগুলি
℟ ও তাঁর বিধান মেনে চলতেন।

## অপরাহ্ন প্রহর

ধুয়ো: যাঁকে * যীশু ভালবাসতেন,
সেই শিষ্য পিতরকে বললেন, উনি প্রভু! আল্লেলুইয়া।

**বাণী পাঠ** **শিষ্য ৫:৪১-৪২**

যীশুর নামের খাতিরে অপমান বরণের যোগ্য বিবেচিত হয়েছেন ব'লে তাঁরা আনন্দ করতে করতে মহাসভা থেকে বিদায় নিয়ে চলে গেলেন। প্রতিদিন তাঁরা মন্দিরে ও বাড়িতে বাড়িতে উপদেশ দিতেন এবং মসীহ যীশুর শুভসংবাদ প্রচার করতেন—একাজে তাঁরা কখনও ক্ষান্ত হতেন না।

℣ প্রভু একথা বলছেন, আনন্দ কর, উল্লাস কর তোমরা,
℟ তোমাদের নাম যে স্বর্গে লেখা আছে।

## সন্ধ্যারতি

জন্মোৎসবকালে ২৭শে ডিসেম্বরের ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ১১৫।

২৮শে ডিসেম্বর

## নিরপরাধী পবিত্র শিশুগণ, সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর (একাধিক), পৃঃ ৯৭৫। পর্ব

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, আজ এই পর্বদিনেই সেই নিরপরাধী শহীদেরা কথায় নয়, মরণেই তোমার গৌরব ঘোষণা করেছিলেন। আশীর্বাদ কর: তোমাতে যে বিশ্বাস আমরা ওষ্ঠে উচ্চারণ করি, তা যেন জীবনাচরণেও ব্যক্ত করতে পারি।

**আহ্বান সঙ্গীত**

ধুয়ো : আজ যিনি নিরপরাধী শিশুদের সাক্ষ্যমরণের মুকুটে ভূষিত করেছেন,
এসো, সেই নবজাত খ্রীষ্ট প্রভুর চরণে প্রণিপাত করি। সাম ৯৫

## জাগরণী

### স্তোত্র

১। এবার আসছেন রাজার রাজা
সেই দাউদের রাজ্য নিতে ;
কথা শুনে নিষ্ঠুর হেরোদ
রেগে উঠল : রাজ্য গেল !

২। রাজপ্রাসাদ কোলাহল-ভরা :
অস্ত্র তুলে যেয়ো তোমরা,
তোমরা যারা আমার ভক্ত,
চাই শিশুদেরই রক্ত।

৩। ওগো হেরোদ, হত্যাকাণ্ডে,
বল, তোমার কী লাভ হল ?
শহীদ হল সেই সব শিশু,
মুক্তি পেলেন রাজা যীশু।

৪। সুকুমারীর সন্তান, যীশু,
পিতা ও পবিত্রাত্মার সঙ্গে
তুমি সদা প্রশংসিত,
তুমি চিরকাল পূজিত। (প্রুদেন্তিউস † ৪০৫)

### ১ম পর্ব

℟ ঈশ্বর ও মেষশাবকের উদ্দেশে পবিত্রজন সবাই গাইছিলেন এক নতুন গান ;
℣ পৃথিবী জুড়েই ধ্বনিত তাঁদের কণ্ঠস্বর।

### ২য় পর্ব

℟ হে প্রভুর সাক্ষ্যমরবৃন্দ,
℣ চিরকাল বল : প্রভু ধন্য !

### ৩য় পর্ব

ধুয়ো : নিরপরাধী শিশুদের যন্ত্রণাভোগের ফলে * খ্রীষ্ট গৌরবান্বিত,
তাঁদের নির্যাতক সেই হেরোদ কিন্তু লজ্জিত।

℟ আমাদের প্রাণ প্রভুর প্রতীক্ষায় থাকে ;
℣ তিনিই আমাদের সহায়, আমাদের ঢাল।

**স্তোত্র :** তুমি ঈশ্বর, পৃঃ ১০৬২।
**সুসমাচার ঘোষণা :** মথি ১০:১৭-২২।
**স্তোত্র :** প্রশংসার যোগ্য, পৃঃ ১০৬৩।

## প্রভাতী বন্দনা

### স্তোত্র

১। ধন্য তোমরা, শহীদ-শিশু !
গোলাপপুষ্পের মতই যেন
জীবন-শুরুতেই সেই শত্রু
তোমাদের করেছে ছিন্ন।

২। তোমরাই খ্রীষ্টের প্রথম বলি,
হে মেষশিশু, তোমরা ধন্য !
বেদির তলায় তোমরা খেলছ
সরল ভাবে মুকুট নিয়ে।

৩। সুকুমারীর যিনি সন্তান,
সেই শ্রীযীশু হোন কীর্তিত,
পিতা ও পবিত্রাত্মার সঙ্গে
তিনি সদা হোন পূজিত। (প্রুদেন্তিউস † ৪০৫)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো: যোগ্য ব'লে * তারা শুভ্র বসনে আমার সঙ্গে চলবে;
আমি তাদের নাম জীবনগ্রন্থ থেকে মুছে ফেলব না।

২য় ধুয়ো: আমার পবিত্রজনদের * আমি একটি স্থান দেব আমার পিতার রাজ্যে।

৩য় ধুয়ো: ঈগলের মত * পুণ্যজনদের যৌবনও নিত্য নবীন হয়ে থাকবে;
প্রভুর নগরীতে তাঁরা ফুটে উঠবেন লিলিফুলেরই মত।

৪র্থ ধুয়ো: এদের স্বর্গদূতেরা * অনুক্ষণ দর্শন করেন আমার স্বর্গস্থ পিতার শ্রীমুখ।

৫ম ধুয়ো: ঈশ্বরের * যজ্ঞবেদির তলায়
সকল পুণ্যজন বলে থাকেন:
হে আমাদের ঈশ্বর,
আমাদের রক্তপাতের যোগ্য প্রতিফল দাও।

**বাণী পাঠ** **যেরে ৩১:১৫**

রামায় শোনা গেল এক সুর—বিলাপ ও তিক্ত কান্নার সুর। রাখেল নিজ সন্তানদের জন্য কাঁদছে; কোন সান্ত্বনা মানছে না, কারণ তারা আর নেই!

**শ্লোক**

℣ ধার্মিকজন যারা, * তারা জীবিত থাকবে চিরকাল।
℟ ধার্মিকজন যারা, * তারা জীবিত থাকবে চিরকাল।
℣ প্রভুরই কাছে রয়েছে তাদের পুরস্কার।
℟ তারা জীবিত থাকবে চিরকাল।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ ধার্মিকজন যারা, * তারা জীবিত থাকবে চিরকাল।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: নিরপরাধী শিশুদের * খ্রীষ্টের জন্য হত্যা করা হল।
ছোট বাচ্চাদের ধর্মহীন রাজার আদেশে বধ করা হল।
এখন নিষ্কলঙ্ক সেই মেষশিশুর অনুসরণ ক'রে
তারা অনুক্ষণ বলে চলে: প্রভু, তোমার গৌরব হোক!

**মিনতি নিবেদন**

যিনি নিষ্ঠুর স্বৈরশাসকদের দর্প নিরপরাধী শিশুদের শান্ত সেনাদল দ্বারা জয় করেছিলেন, আসুন, সেই খ্রীষ্ট প্রভুর প্রশংসাবাদ করে বলি:

*হে প্রভু, নির্মল সাক্ষ্যমরের সেনাদল তোমার প্রশংসাগান করে।*

-হে খ্রীষ্ট, তুমি একদিন নিরপরাধী সাক্ষ্যমরদের রক্তদানে স্বীকৃতি পেয়েছিলে; বর প্রদান কর আমরাও যেন যথাযোগ্য জীবনাচরণেই জগতের সামনে তোমার নাম স্বীকার করতে পারি।

-তুমি দুর্বল ও নিরুপায় শিশুদের দান করেছ বিজয়-মুকুট। সহায়তা কর, তোমার অশেষ অনুগ্রহের অস্ত্র হাতিয়ার করে আমরা যেন অমঙ্গলের অধীনে পতিত না হই।

-তুমি সেই নিরপরাধী শিশুদের রক্ত-দীক্ষাস্নানে পবিত্রিত করেছিলে; দয়া দেখিয়ে আমাদেরও পবিত্রিত কর।

-তুমি সেই নিরপরাধী শিশুদের তোমার রাজ্যের অগ্রিমাংশ বলে তোমার আগে আগে প্রেরণ করেছিলে; তোমার গৌরবময় ভোজ থেকে আমাদের বঞ্চিত হতে দিয়ো না।

-শিশু অবস্থা থেকে তুমি নির্যাতন ও নির্বাসনের পরিচয় পেয়েছিলে। শিশুদের উপর দৃষ্টি রাখ, প্রবাসী ও নির্বাসিতদের রক্ষা কর, নির্যাতিতদের সহায়তা দান কর।

## পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: আমার পবিত্রজনদের * আমি একটি স্থান দেব আমার পিতার রাজ্যে।

**বাণী পাঠ** **বিলাপ ১:১৬**

আমি কাঁদছি, আমার চোখ হয়েছে অশ্রুজলের নির্ঝর, আমার কাছ থেকে যে দূরেই রয়েছেন তিনি, যিনি সান্ত্বনা দেন, যিনি আমার প্রাণ সঞ্জীবিত করতে পারেন। আমার বালকেরা এতিম, কারণ শত্রু হয়েছে বিজয়ী।

℣ প্রভু তাদের পরিয়েছেন আনন্দ-বসন,

℟ কান্তির মুকুটেই তাদের মাথা করেছেন বিভূষিত।

## মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: ঈগলের মত * পুণ্যজনদের যৌবনও নিত্য নবীন হয়ে থাকবে;
প্রভুর নগরীতে তাঁরা ফুটে উঠবেন লিলিফুলেরই মত।

**বাণী পাঠ** **বিলাপ ২:১১**

আমার চোখ বিলাপে ক্রন্দনে ক্ষীণ হয়ে এল, আমার অন্তররাজি আলোড়িত; কারণ নগরীর রাস্তা-ঘাটে শিশু ও ছোট বাচ্চা সবাই মূর্ছিত হয়ে পড়ছে।

℣ ধার্মিকজন যারা, তারা জীবিত থাকবে চিরকাল।

℟ প্রভুরই কাছে রয়েছে তাদের পুরস্কার।

## অপরাহ্ণ প্রহর

ধুয়ো: ঈশ্বরের * যজ্ঞবেদির তলায়
সকল পবিত্রজন বলে থাকেন:
হে আমাদের ঈশ্বর,
আমাদের রক্তপাতের যোগ্য প্রতিফল দাও।

**বাণী পাঠ** **যেরে ৩১:১৬ক,১৭ত**

প্রভু একথা বলছেন: তোমার বিলাপ, তোমার চোখের জল সংযত রাখ, কারণ তোমার শ্রমের জন্য একটা মজুরি আছেই, তোমার ভবিষ্যতের একটা আশা আছেই।

℣ পুণ্যজনেরা গৌরবে মেতে ওঠে,

℟ ঈশ্বরের গৃহে তারা করে আনন্দগান।

## সন্ধ্যারতি

জন্মোৎসবকালে ২৮শে ডিসেম্বরের ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ১১৬।

২৯শে ডিসেম্বর

## সাধু টমাস বেকেট, বিশপ ও সাক্ষ্যমর

সাধারণ ব্যবস্থা: সাক্ষ্যমর, পৃঃ ৯৭৫ অথবা পালক, পৃঃ ৯৯৩।

**সমাপন প্রার্থনা**

হে ঈশ্বর, তুমি সাক্ষ্যমর সাধু টমাসকে ন্যায়নীতির খাতিরে সৎসাহসের সঙ্গে প্রাণ বিসর্জন দিতে যোগ্য করে তুলেছিলে। তাঁর প্রার্থনায় প্রসন্ন হয়ে আশীর্বাদ কর: ইহলোকে খ্রীষ্টের খাতিরে প্রাণ বিসর্জন দিয়ে আমরা যেন স্বর্গলোকে তা আবার ফিরে পেতে পারি।

**জাখারিয়ার গীতিকা**

ধুয়ো: এই জগতে * নিজের প্রাণকে যে ঘৃণা করে,
সে অনন্ত জীবনের উদ্দেশে তা রক্ষা করবে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : স্বর্গরাজ্যেই * পুণ্যজনদের আবাস,
তাদের শান্তি চিরস্থায়ী।

৩১শে ডিসেম্বর

## পোপ সাধু প্রথম সিলভেস্তার

সাধারণ ব্যবস্থা : পালক, পৃঃ ৯৯৩।

### সমাপন প্রার্থনা

হে প্রভু, পোপ সাধু সিলভেস্তারের প্রার্থনার উপর নির্ভরশীল যারা, তোমার সেই জনগণের সহায়তায় এসো : ইহলোকে তোমার পরিচালনায় জীবন কাটিয়ে আমরা যেন আনন্দের সঙ্গে চিরন্তন জীবন পেতে পারি।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : মণ্ডলীর প্রধান পালক যখন ছিলেন * তখন তিনি সংসারকে ভয় করেননি,
বরং অটল হয়ে স্বর্গের দিকে যাত্রা করলেন।